## কোষ ও এর গঠন

১। কোষ
২। কোষ প্রাচীর
৩। প্রটোপ্লাস্ট
৪। সাইটোপ্লাজমীয় অঙ্গানু
৫। নিউক্লিয়াস
৬। ক্রোমোসোম
৭। নিউক্লিক এসিড
৮। DNA
৯। RNA
১০। জিন
১১। জেনেটিক কোড

## কোষ

ল্যাটিন Cellula থেকে Cell শব্দের উৎপত্তি। যার অর্থ ক্ষুদ্র প্রকোষ্ঠ বা কুঠুরি।
সবচেয়ে বড় কোষ- উটপাখির ডিম (17 cm × 12.5cm)
তবে সবচেয়ে ক্ষুদ্র কোষ- *Mycoplasma gallisepticum (PPLO)*
এককোষী সর্বাপেক্ষা বড় উদ্ভিদ কোষ হলো *Acetabularia* নামক শৈবাল, যার দৈর্ঘ্য ৫-১০ সে.মি.।
মানুষের নিউরন কোষের দৈর্ঘ্য = 1.37 মিটার লম্বা

❒ **কোষের বৈশিষ্ট্য:**
১. কোষ Homeostaltic অবস্থা বজায় রাখতে পারে।
২. কোষ বিপাক প্রদর্শন করে।
৩. কাল পরিক্রমায় অভিযোজিত হতে পারে।

❒ **কোষের প্রকারভেদ:**
১। শারীরবৃত্তীয় কাজের ভিত্তিতে কোষ দুই প্রকার। যথা:
**ক. দেহ কোষ:** 2n (ডিপ্লয়েড)। উদাহরণ- মূল, কাণ্ড, পাতাকোষ, স্নায়ু কোষ, রক্ত কণিকা।
**খ. জনন কোষ বা গ্যামিট:** n (হ্যাপ্লয়েড)। উদাহরণ: শুক্রাণু ও ডিম্বানু।
২। নিউক্লিয়াসের গঠনের ভিত্তিতে কোষ দুই প্রকার। যথা:
**ক. আদিকেন্দ্রিক বা প্রাক কেন্দ্রিক বা আদি কোষ। উদাহরণ:** মাইকো প্লাজমা, ব্যাকটেরিয়া, BGA(Blue Green Algae)
**খ. প্রকৃত বা সুকেন্দ্রিক বা প্রকৃত কোষ। উদাহরণ:** শৈবাল, ছত্রাক, ব্রায়োফাইটা, টেরিডোফাইটা, আবৃতবীজি, নগ্নবীজি এবং সকল প্রাণী কোষ।

*আদি কোষ ও প্রকৃত কোষের তুলনা।

| বৈশিষ্ট্য | আদিকোষ | প্রকৃত কোষ |
|---|---|---|
| সাইটোস্কেলিটন | থাকে না | থাকে |
| নিউক্লিয়াস | অগঠিত | সুগঠিত |
| DNA | নন-হিস্টেন প্রোটিন যুক্ত | হিস্টোন প্রোটিন যুক্ত |
| রাইবোসোম | 70S | 80S |
| RNA পলিমারেজ | এক প্রকার | তিন প্রকার |
| অপেরন | থাকে | থাকে না |
| জিনের গঠন | ইন্ট্রনস নেই | ইন্ট্রনস আছে |
| কোষ বিভাজন | এ্যামাইটোসিস প্রক্রিয়ায় | মাইটোসিস ও মায়োসিস প্রক্রিয়ায় |
| শ্বসন | অবাত শ্বসন | সবাত শ্বসন |

| | | |
|---|---|---|
| পুষ্টি | শোষণ পদ্ধতিতে পুষ্টি ঘটে | শোষণ, আত্তিকরণ, সালোকসংশ্লেষণ পদ্ধতিতে পুষ্টি ঘটে |
| ট্রান্সলেশন | ট্রান্সক্রিপশনের সাথে সাথেই শুরু হয় | ট্রান্সক্রিপশনের পর বেশ বিলম্বে শুরু হয়। |

❒ **কোষ:** কোষের আকার 10μm ও ওজন 1ng.(nano gram)
অ্যান্টনি ভ্যান লিউয়েন হুক-১৬৭৪ সালে জীবিত কোষ আবিষ্কার করেন।
রবার্ট হুক- ১৬৬৫ সালে কোষ প্রাচীর আবিষ্কার করেন।
রবার্ট হুকের লেখা বই- মাইক্রোগ্রাফিয়া।
কোষবিদ্যার জনক- রবার্ট হুক এবং আধুনিক কোষ বিদ্যার জনক- Carl P. Swanson

❒ **কোষ তত্ত্ব:**
জ্যাকব স্লেইডেন ও থিওডোর সোয়ান।
**কোষতত্ত্বের বক্তব্য:**
১। কোষ হলো জীবের গঠনগত ও কার্যগত একক।
২। সব কোষের উদ্ভব ঘটে পূর্বতন কোষের বিভাজনের মাধ্যমে।
৩। বংশগতির একক হলো কোষ।
৪। কোষ হলো জীবনের মৌলিক একক।

❒ **একটি আদর্শ উদ্ভিদ কোষে থাকে:** জড় বস্তু ও প্রোটোপ্লাজম (সজীব বস্তু)।
প্রোটোপ্লাজমে তিন ধরনের অঙ্গানু থাকে। যথা:
কোষ ঝিল্লি, সাইটোপ্লাজম, নিউক্লিয়াস।

❒ **জড় বস্তু দুই ধরনের**। যথা: ১। কোষ প্রাচীর;
**২। কোষস্থ নির্জীব বস্তু:** তিন ধরনের পদার্থ পাওয়া যায়। যথা: ক. সঞ্চিত পদার্থ (কার্ব হাইড্রেট, প্রোটিন, লিপিড)
**খ. নিঃসৃত পদার্থ** (হরমোন, পিগমেন্ট, এনজাইম, নেক্টার)
**গ. বর্জ্য পদার্থ** ( রেজিন, ট্যানিন, গাম, ল্যাটেক্স, অ্যালাকলয়েড, জৈব এসিড, উদ্বায়ী তেল, খনিজ পদার্থ)।
প্রধান খনিজ ক্রিস্টাল হলো ক্যালসিয়াম অক্সালেট। যখন এরা সুচের মতো অবস্থান করে তখন র‍্যাফাইড বলে। এবং যখন আঙ্গুরের থোকার মতো অবস্থান করে তখন সিস্টোলিথ বলে।

## কোষ প্রাচীর

কোষপ্রাচীর উদ্ভিদ কোষের অনন্য বৈশিষ্ট্য এবং প্রাণী কোষে থাকে না।
কোষপ্রাচীর তিনটি স্তরে বিভক্ত।
**১। মধ্য পর্দা:** ফ্রাগমোপ্লাস্ট ও পেকটিন জাতীয় ভেসিকল্ মিলিতভাবে মধ্য পর্দা তৈরি করে।
**২। প্রাথমিক প্রাচীর:** সেলুলোজ, হেমি সেলুলোজ, গ্লাইকোপ্রোটিন থাকে।
**৩। সেকেন্ডারি প্রাচীর:** এরা ট্রাকিড, ফাইবার কোষে থাকে। সেকেন্ডারি প্রাচীর তিন স্তর বিশিষ্ট।
সেকেন্ডারি প্রাচীরে লিগনিন, সুবেরিন ও ওয়াক্স থাকে।
সাধারণত কোষ প্রাচীরের 40% সেলুলোজ, 20% হেমিসেলুলোজ, 30% পেকটিন ও 10% গ্লাইকোপ্রোটিন বিদ্যমান।

❒ **কূপ এলাকা:** এটি প্রাচীরের সবচেয়ে পাতলা এলাকা।
মধ্য পর্দাকে পিট মেমব্রেন বলে। মুখোমুখি অবস্থিত দুটি কূপকে পিট পেয়ার বলে।
*দুটি পাশাপাশি কেষের প্রাচীরের সূক্ষ্ম ছিদ্রপথে নলাকার সাইটোপ্লজমিক সংযোগ স্থাপিত হয় একে প্লাজমোডেসমাটা বলে।

❒ **কোষ প্রাচীরের গঠন:** উদ্ভিদ কোষ প্রাচীরের প্রধান উপাদান সেলুলোজ।
১০০০-৩০০০ সেলুলোজ অণু নিয়ে কোষ প্রাচীর গঠিত।
১০০টি সেলুলোজ চেইন মিলিত ভাবে একটি **ক্রিস্টাল মাইসেলি** (কোষ প্রাচীরের ক্ষুদ্রতম গাঠনিক একক) গঠন করে।

২০টি মাইসেলি মিলে ১টি মাইক্রোফাইব্রিল গঠন করে।
২৫০টি মাইক্রোফাইব্রিল মিলে ১টি ম্যাক্রোফাইব্রিল গঠন করে।

❒ **কোষ প্রাচীরের কাজ:**
i. কোষের সুনির্দিষ্ট **আকৃতি দান** করা।
ii. বাইরের আঘাত হতে ভেতরের সজীব বস্তুকে রক্ষা করা।
iii. প্রয়োজনীয় **শক্তি ও দৃঢ়তা প্রদান** করা।
iv. পানি ও খনিজ লবণ **শোষণ ও পরিবহনে** সহায়তা করা।
v. এক কোষকে অন্য কোষ হতে **পৃথক করা।**
vi. কোষ প্রাচীরের কূপ এলাকা (ছিদ্র পথ) দিয়ে প্রয়োজনীয় বস্তু কোষের ভেতরে বা বাইরে চলাচল করে থাকে।
vii. বহিঃ ও অন্তঃ উদ্দীপনায় পরিবহাকরূপে প্লাজমোডেসমাটা কাজ করে।

## প্রোটোপ্লাস্ট

প্রোটোপ্লাজম আবিষ্কার করেন- পার্কিনজে।
বিজ্ঞানি হাক্সলে এর মতে, প্রোটোপ্লাজম হলো জীবনের ভৌত ভিত্তি।
প্রোটোপ্লাজমে পানির পরিমাণ ৭০%-৯০%। পানিকে ফ্লুইড অব লাইফ বলা হয়।
প্রোটোপ্লাজমের জৈবিক বৈশিষ্ট্য জীবের বৈশিষ্ট্য।

❒ **প্রোটোপ্লাজমের ভৌত বৈশিষ্ট্য:**
১। প্রোটোপ্লাজম অর্ধস্বচ্ছ, বর্ণহীন, জেলি সদৃশ অর্ধতল আঠালো পদার্থ।
২। এটি দানাদার ও কলয়েডধর্মী।
৩। উত্তাপ, এসিড ও অ্যালকোহলের প্রভাবে প্রোটোপ্লাজম জমাট বাঁধে।

❒ **আবর্তন:** কোষ প্রাচীরযুক্ত প্রোটোপ্লাজমে জলস্রতের মতো যে চলন দেখা যায় তাকে আবর্তন বা সাইক্লোসিস বলে।
আবর্তন দুই ধরনের। যথা:
**ক. একমুখী আবর্তন:** পাতা ঝাঝির কোষস্থ প্রোটোপ্লাজমের চলন।
**খ. বহুমুখী আবর্তন:** Tradescantia এর কোষস্থ প্রোটোপ্লাজমের চলন।

## প্লাজমা মেমব্রেন বা কোষ ঝিল্লি

- কোষ ঝিল্লি দ্বি-স্তর বিশিষ্ট।
- কার্ল নাগেলি ও ক্র্যামার সর্বপ্রথম প্লাজমা মেমব্রেন নাম করণ করেন। অনেকে একে বায়োমেমব্রেন বলে।
- প্লাজমা মেমব্রেনের প্রতিটি ভাজকে মাইক্রোভিলাস বলে।
- মাইক্রোভিলাসকে বহুবচনে মাইক্রোভিলাই বলে।
- কোষ অভ্যন্তরের অধিক প্রবিষ্ঠ মাইক্রোভিলাসকে বলে পিনোসাইটিক ফসকা, যা প্রাণী কোষে ভালো দেখা যায়।

❒ **প্লাজমা মেমব্রেনের ভৌত গঠণ:**
- Danielli & Davson সর্বপ্রথম একটি সুনির্দিষ্ট মডেল প্রস্তাব করেন যেটি স্যান্ডউইস মডেল নামে পরিচিত। এছাড়াও আরো- ব্যানসন্স মডেল, Lenard & Singer's Model, Robertson এর Unit membrane hypothesis (Unit Membrane মানে একক পর্দা), Singer & Nicolson এর Fluid-mosaic model।

❒ **Fluid-Mosaic Model:** একে আইসবার্গ মডেল বলা হয়। কারণ Singer ও Nicolson সমুদ্রতলে ভাসমান হিমশৈল এর সাথে তুলনা করেছেন।

❒ **Fluid-Mosaic Model এর গাঠনিক উপাদান:**
**ক. ফসফোলিপিড বাইলেয়ার:**
**খ. মেমব্রেন প্রোটিন:**
**গ. গ্লাইকোক্যালিক্স:**
**ঘ. কলেস্টেরল:**

❒ **কোষ ঝিল্লিরি রাসায়নিক গঠণ:**
১। কোষ ঝিল্লি শুষ্ক ওজনের প্রায় ৭৫ ভাগ লিপিড।
২। পাঁচরকম ফসফোলিপিড শনাক্ত করা গেছে এর মধ্যে সবচেয়ে সরলটি হলো ফসফোটাইডিক এসিড এবং বাকি চারটি জটিল।
জটিল চারটির মধ্যে লেসিথিন প্রধান। ফসফোলিপিডের অর্ধেকের বেশি লেসিথিন।
৩। কোনো কোনো ক্ষেত্রে RNA (পেঁয়াজের কোষে) থাকতে পারে।

❒ **কোষ ঝিল্লির কাজ:**
i. বাইরের প্রতিকূল অবস্থা হতে অভ্যন্তরীণ বস্তুকে রক্ষা করে।
ii. কোষঝিল্লির মধ্যদিয়ে বস্তুর স্থানান্তর, ব্যাপন নিয়ন্ত্রণ ও সমন্বয় হয়।
iii. ভেতর থেকে বাইরে এবং বাইরে থেকে ভেতরে স্থানান্তর করে।
iv. বিভিন্ন রকম তথ্যের ভিত্তি (information source) হিসিবে কাজ করে।
x. এনজাইম ও এন্টিজেন ক্ষরণ করে।

❒ **কোষ ঝিল্লির বিভিন্ন অবস্থা:**
১। মাইক্রোভিলাই:
২। ডেসমসোম:
৩। ফ্যাগোসাইটিক ভেসিকল: (কঠিন পদার্থ)
৪। পিনোসাইটিক ভেসিকল: (তরল পদার্থ)

## সাইটোপ্লাজম ও অঙ্গাণু

মাতৃকা হলো সাইটোপ্লাজমের ভিত্তি পদার্থ।
**মাতৃকা:** অর্ধতরল, দানাদার, কলয়েডাল, অর্ধ-স্বচ্ছ তরল পদার্থ। একে হায়ালো প্লাজম বলা হয়। এ. এইচ. লার্ডি একে সাইটোসল বলেন।

❒ **সাইটোপ্লাজমের কাজ:**
i. কোষের অম্লত্ব ক্ষারত্ব নিয়ন্ত্রণ করে।
ii. পরিবেশের উত্তেজনায় সাড়া দেয়া
iii. পানি পরিশোষনে সহায়তা করা।
iv. রেচন প্রক্রিয়ায় সৃষ্ট বর্জ্য পদার্থ নিষ্কাশনে সহায়তা করা।
v. কতিপয় জৈবিক কাজ করা।
vi. বিভিন্ন ক্ষুদ্রাঙ্গ ধারণ করে।

❒ **সাইটোপ্লাজমের বিপাকীয় ভুমিকা:** সাইটোপ্লাজমে পানির পরিমাণ ৬৫%-৯৬%।
শ্বসনের প্রথম পর্যায় গ্লাইকোলাইসিস সংগঠিত হয় এখানে।

❒ **সাইটোপ্লাজমীয় অঙ্গানু:**

## ১. রাইবোসোম

এর কোনো আবরণী নেই।
১৯৫৫ সালে জর্জ প্যালেড রাইবোসোম আবিষ্কার করেন।
আদি কোষে রাইবোজম 70S = 50S + 30S
প্রকৃত কোষে রাইবোসেম 80S = 60S + 40S
S = Svedberg (ভেদবার্গ) Unit।

❒ **রইবোসোমের রাসায়নিক গঠন:**
১. রাইবোসোমের প্রধান উপাদান হচ্ছে- প্রোটিন ও RNA । এদেও অনুপাত ১ঃ১।
২. 70S রাইবোসোমে আছে 23S, 16S, 5S মানের তিনটি rRNA অনু এবং ৫২ প্রকারের প্রোটিন অনু।
৩। 80S রাইবোসোমে রয়েছে 28S, 18S, 5S মানের 4টি rRNA অনু এবং ৮০ প্রকারের প্রোটিন অনু। এছাড়া এতে ২-৩ ধরনের RNAase এনজাইম এবং অল্প পরিমানে ধাতব আয়ন, যেমন $Mg^{2+}$, $Ca^{2+}$, $Mn^{2+}$।

❒ **রাইবোসোমের কাজ:**

রাইবোসোমের প্রধান কাজ হলো প্রোটিন সংশ্লেষ করা। তাই রাইবোসোমকে কোষের প্রোটিন ফ্যাক্টরি বলে।

## ২. গলগি বডি

ক্যামিলো গলগি ১৮৯৮ সালে প্যাঁচা ও বিড়ালের স্নায়ুকোষে এটি দেখতে পান।

মসৃণ এন্ডোপ্লাজমিক রেটিকুলাম থেকে গলগি বডি তৈরি হয়। গলগি বডিকে ডিকটায়েসোম, ইডিয়োসোম বা লাইপোকন্ড্রিয়া নামেও অভিহিত করা হয়। গলগি বডিকে কোষের ট্রাফিক পুলিশ ও কার্বোহাইড্রেট ফ্যাক্টরি বলা হয়।

❒ **ভৌত গঠন:** এতে সিস্টার্নি(চ্যাপ্টা থলি), ভেসিকল (ছোট গহ্বর) ও ভ্যাকুয়াল(বড় গহ্বর) নিয়ে গঠিত।

❒ **রাসায়নিক গঠন:** ৬০% প্রোটিন ও ৪০% ফসফোলিপিড থাকে।

❒ **গলাগি বডির কাজ:**

১। লাইসোসোম ও ভিটামিন তৈরি করা।
২। অপ্রোটিন পদার্থের সংশ্লেষ।
৩। শুক্রাণু গঠনে সহায়তা করা।
৪। প্রোটিন ও ভিটামিন সি সঞ্চয় করা।

## ৩. লাইসোসোম

১৯৫৫ সালে ক্রিশ্চিয়ান দ্য দুবে এই অঙ্গানু আবিষ্কার করেন।

- RBC- তে লাইসোসোম থাকে না, WBC- তে থাকে।
- যেসব বস্তু লাইসোসোমের ঝিল্লিকে স্থিতি দান করে অর্থাৎ লাইসোসোম থেকে এনজাইম সমূহ বের হয়ে আসতে পারে না এদেরকে লাইসোসোম Stabilizer বলে।
- যেসব বস্তু লাইসোসোমের ঝিল্লি বিদীর্ণ হতে সহায়তা করে অর্থাৎ লাইসোসোম থেকে এনজাইম সমূহ বের হয়ে আসতে পারে এদেরকে লাইসোসোম Labilizer বলে।

❒ **ভৌত গঠন:** লাইসোসোমে এক স্তর বিশিষ্ট আবরণ থাকে।

❒ **রাসায়নিক গঠন:** এতে প্রায় ৪০-৫০ ধরনের এনজাইম থাকে।

❒ **লাইসোসোমের কাজ:**

১। এরা ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ধ্বংস করে।
২। তীব্র খাদ্য অভাবের সময় এর প্রাচীর ফেটে যায় এবং আবদ্ধকৃত এনজাইম বের হয়ে অন্যান্য অঙ্গনুগুলোকে নষ্ট করে দেয়। এই কাজকে বলে সগ্রাস বা অটোফ্যাগি বলে। এভাবে সমস্ত কোষ পরিপাক হয়ে যেতে পারে। একে বলা হয় অটোলাইসিস।
৩। এরা জীবদেহের অকেজো কোষসমূহকে অটোলাইসিস পদ্ধতিতে ধ্বংস করে বলে এদেরকে আত্মঘাতি থলিকা বা স্কোয়াড (Suicidal Squad) বলে।
৪। এরা ক্যান্সার সৃষ্টি করতে পারে।

## ৪. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম

কেইথ আর পোর্টার মুরগির ভ্রুণীয় কোষের সাইটোপ্লাজম থেকে এটি আবিষ্কার করেন।

- এন্ডোপ্লাজমিক রেটিকুলাম যকৃত, অগ্নাশয়, অন্তঃক্ষরা গ্রন্থিতে বেশি থাকে।
- এন্ডোপ্লাজমিক রেটিকুলাম দুই প্রকার। যথা:
  ১। মসৃণ ২। অমসৃণ

❒ **ভৌতগঠণ:** দ্বি-স্তর বিশিষ্ট আবরণী দ্বারা আবৃত। গঠনগতভাবে এন্ডোপ্লাজমিক রেটিকুলাম তিন প্রকার। যথা:

১। সিস্টার্নি ২। ভেসিকল ৩। টিউবিউল

❒ **রাসায়নিক গঠণ:** এতে ১৫ ধরনের এনজাইম থাকে।

❒ **এন্ডোপ্লাজমিক রেটিকুলাম এর কাজ:** রাইবোসোমে উৎপন্ন প্রোটিন পরিবহণে এটি প্রধান ভূমিকা রাখে।

## ৫. মাইটোকন্ড্রিয়া

একে পাওয়ার হাউস বা শক্তি ঘর বলা হয়। ক্রেবস চক্র, ইলেকট্রন ট্রান্সপোর্ট এই অঙ্গানুতে ঘটে।

কার্ল বেন্ডা ১৮৯৮ সালে মাইটোকন্ড্রিয়া আবিষ্কার করেন।

**সংখ্যা:** প্রতি কোষে ৩০০-৪০০টি মাইটোকন্ড্রিয়া থাকে তবে যকৃতে ১০০০ এর বেশি থাকে। Amoeba তে আরো বেশি থাকে।

কোষ আয়তনের প্রায় ২০% মাইটোকন্ড্রিয়া।

❒ **ভৌত গঠন:** এটি দ্বি-স্তর বিশিষ্ট আবরণী দ্বারা আবৃত।

১। আবরণী:
২। প্রকোষ্ঠ:
৩। ক্রিস্টি বা প্রবর্ধক:
৪। অক্সিসোম: বৃন্তযুক্ত গোলাকার দানা।
৫। বৃত্তাকার DNA ও রাইবোসোম: 70S রাইবোসোম আছে।

❒ **রাসায়নিক গঠন:** মাইটোকন্ড্রিয়ার শুষ্ক ওজনের প্রায় ৬৫% প্রোটিন। এখানে ভিটামিন E ও থাকে।

❒ **মাইটোকন্ড্রিয়ার কাজ:**

১। কোষের যাবতীয় কাজের জন্য শক্তি উৎপাদন ও নিয়ন্ত্রণ করা।
২। শ্বসনের জন্য প্রয়োজনীয় এনজাইম, কো-এনজাইম ধারন করা।
৩। এরা Ca, K পদার্থের সক্রিয় পরিবহণে সক্ষম।
৪। শুক্রাণু ও ডিম্বানু গঠনে অংশগ্রহণ করা।
৫। কোষের পূর্ব নির্ধারিত মৃত্যু Apotosis প্রক্রিয়ায় নিয়ন্ত্রণ করা।
৬। ক্যালসিয়াম আয়নের ঘনত্ব রক্ষা করা।

## ৬. প্লাস্টিড

সাইটোপ্লাজমের সর্ববৃহত ক্ষুদ্রাঙ্গ হলো প্লাস্টিড।

১৮৮৩ সালে শিম্পার এটি আবিষ্কার করেন।

- ছত্রাক, ব্যাকটেরিয়া, নীলাভ সবুজ শৈবাল এবং প্রাণী কোষে প্লাস্টিড নেই।

❒ **প্লাস্টিড তিন ধরনের। যথা:**

**ক. লিউকোপ্লাস্ট:** বর্ণহীন প্লাস্টিড। মূল, ভূ-নিম্নস্থ কাণ্ড প্রভৃতি যেসব অঙ্গে সূর্যের আলো পৌছায় না সেসব অঙ্গে লিউকোপ্লাস্ট অবস্থিত।

সঞ্চিত খাদ্যের প্রকৃতির উপর ভিত্তি করে লিউকোপ্লাস্ট তিন ধরনের। যথা:

**১। অ্যামাইলোপ্লাস্ট:** শর্করা জাতীয় খাদ্য সঞ্চয় করে।
**২। ইলাইওপ্লাস্ট:** স্নেহ জাতীয় খাদ্য সঞ্চয় করে।
৩। **অ্যালিউরোপ্লাস্ট:** প্রোটিন জাতীয় খাদ্য সঞ্চয় করে।

**খ. ক্রোমোপ্লাস্ট:** রঙিন প্লাস্টিডকে ক্রোমোপ্লাস্ট বলে। ক্যারোটিন (কমলা) ও জ্যান্থোফিল (হলুদ) পিগমেন্টের জন্য এরা রঙিন হয়।

এদের অবস্থান- ফুলের পাপড়ি, রঙিন ফল ও বীজ, গাজরের মূল।

এদের কাজ- কীট পতঙ্গকে আকৃষ্ট করে পরাগায়নে সাহায্য করা।

* ফুলের পাপড়ির বৈচিত্র্যপূর্ণ রং প্রধানত এ্যান্থোসায়ানিন, বিটাসায়ানিন জাতীয় রঞ্জকের উপর নির্ভরশীল।

কোষ রসের pH ক্ষারীয় হলে ফুলের রঙ নীল হয়।

কোষ রসের pH অম্লীয় হলে ফুলের রঙ লাল হয়।

কোষ রসের pH নিউট্রাল হলে ফুলের রঙ বেগুনি বা কালচে নীল হয়।

**গ. ক্লোরোপ্লাস্ট:** সবুজ বর্ণের প্লাস্টিডকে ক্লোরোপ্লাস্ট বলে।

শিম্পার এটি আবিষ্কার করেন।

ক্লোরোফিল A, ক্লোরোফিল B, ক্যারোটিন ও জ্যান্থোফিলের সমন্বয়ে ক্লোরোপ্লাস্ট গঠিত।

- ক্লোরোপ্লাস্টকে কোষের রান্না ঘর বা শর্করা জাতীয় খাদ্যের কারখানা বলে।

**এটি শক্তি রূপান্তরের অঙ্গানু।**

- **আকৃতি:** সাধারণত এর আকৃতি লেন্সের মতো হয়। আরো বিভিন্ন রকম হতে পারে। যেমন: পেয়ালাকৃতি (*Chlamydomonas*), সর্পিলাকার (*Spirogyra*), জালিকাকার (*Oedogonium*), তারকাকার (*Zygnema*), ফিতা বা আংটি আকৃতির/গার্ডলাকৃতির (*Ulothrix*), গোলাকার (*Pihophora*) ইত্যাদি।

❐ **শৈবালের ক্লোরোপ্লাস্টের বৈচিত্র্য বেশি**

❐ **ক্লোরোপ্লাস্টের ভৌত গঠন:**

১। আবরণী ঝিল্লি
২। স্ট্রোমা/ ম্যাট্রিক্স
৩। থাইলাকয়েড ও গ্রানাম: ক্লোরেপ্লাস্টে সাধারণত ৪০-৬০টি গ্রানা থাকে।
৪। স্ট্রোমা ল্যামেলি
৫। ফটোসিন্থেটিক ইউনিট ও এটিপি সিন্থেসিস
৬। DNA ও রাইবোসোম।

❐ **ক্লোরোপ্লাস্টের কাজ:**

প্রধান কাজ খাদ্য প্রস্তুত করা ও বংশানুক্রমে নিজেস্ব বৈশিষ্ট্যের সকীয়তা ধারণ করে রাখা। এছাড়াও ফটোরেসপিরেশন।

## ৭. সেন্ট্রিওল

শৈবাল, ছত্রাক, মস বর্গীয় উদ্ভিদ, ফার্ন বর্গীয় উদ্ভিদ, নগ্ন বীজি উদ্ভিদ ও প্রাণী কোষে সেন্ট্রিওল থাকে।
আদিকোষ, ডায়টম, ইস্ট ও আবৃত বীজি উদ্ভিদে এটি অনুপস্থিত।

- সেন্ট্রিওল জোড়ায় জোড়ায় অবস্থান করে।

❐ **সেন্ট্রিওলের কাজ:**

১। কোষ বিভাজনের সময় মাকুতন্তু গঠন করা।
২। কোষ বিভাজনে সহায্য করা।
৩। সিলিয়া ও ফ্ল্যাজেলাযুক্ত কোষে সিলিয়া ও ফ্ল্যাজেলা সৃষ্টি করা।
৪। শুক্রাণুর লেজ গঠন করা।

## ৮. কোষীয় কঙ্কাল

প্রোটিন নির্মিত তিন ধরনের সুত্রক নিয়ে কোষায় গহ্বর গঠিত। যথা:
১। মাইক্রো টিউবিউলস:
২। মাইক্রো ফিলামেন্ট: এক্টিন ও মায়োসিন প্রোটিন দিয়ে গঠিত।
৩। ইন্টারমিডিয়েট ফিলামেন্ট: চার ধরনের ইন্টারমিডিয়েট ফিলামেন্ট পাওয়া যায়। যথা: কেরাটিন, ল্যামিনিন, নিউরো ফিলামেন্ট ও ভাইমেন্টিন

## ৯. পার অক্সিসোম

কিডনি ও লিভার কোষে অধিক থাকে। এর মধ্যে ক্রিস্টাল বা দানাদার আকারে সঞ্চয়ী এনজাইম জমা থাকে। এর মধ্যে ক্যাটালেস প্রধান এনজাইম। $H_2O_2$ বিষতুল্য, তাই catalase এনজাইমেরে সাহায্যে $H_2O_2$ কে $H_2O$ এবং $O_2$ এ রূপান্তর করে কোষকে রক্ষা করে।

## ১০. গ্লাই অক্সিসোম

বীজের লিপিড সঞ্চয়ী কোষে এদের দেখা যায়। এরা স্নেহ পদার্থ বিকারে এনজাইম ধারন করে।

❐ **কাজ:**

প্রধানত চর্বি বা লিপিড বিপাক নিয়ন্ত্রণ করা। বীজের অঙ্কুরোদগম কালে লিপিডকে ভেঙে চিনিতে পরিণত করা।

## ১১. কোষ গহ্বর

যে পাতলা পর্দা কোষ গহ্বরকে বেষ্টন করে রাখে তাকে টনোপ্লাস্ট বলে।
কোষ গহ্বরের অভ্যন্তরীণ রোষকে কোষ রস বলে।
**কাজ:** এরা কোষের অভ্যন্তরে pH রক্ষা করে ও পানির চাপ রক্ষা করে।

## নিউক্লিয়াস

নিউক্লিয়াস কে কোষের মস্তিষ্ক বা প্রাণকেন্দ্র বা কেন্দ্রিকা বলা হয়। ল্যাটিন Nux থেকে Nucleus শব্দের উৎপত্তি।
নিউক্লিয়াস আবিষ্কার করেন রবার্ট ব্রাউন। কিন্তু অস্তিত্ব আবিষ্কার ফেলিস ফন্টানা।

- বহু নিউক্লিয়াস বিশিষ্ট উদ্ভিদ কোষকে সিনোসাইট বলা হয়। যেমন: Vaucheria, Botrydiun, Sphaeroplea ইত্যাদি শৈবাল ও পেনিসিলিয়াম জাতীয় ছত্রাক।
- স্পার্ম বা শুক্রাণুর ৯০%ই নিউক্লিয়াস।

❐ **নিউক্লিয়াসের কাজ:**

নিউক্লিয়াস কোষের সব ধরনের জৈবিক কাজ নিয়ন্ত্রণ করে।

❐ **একটি আদর্শ নিউক্লিয়াসের গঠন:**

চারটি অংশ নিয়ে একটি নিউক্লিয়াস গঠিত হয়। যথা:
১। নিউক্লিয়ার এনভেলপ: নিউক্লিয়াস দ্বি-স্তরী মেমব্রেন দ্বারা আবৃত।
২। নিউক্লিওপ্লাজম: একে ক্যারিওলিম্ফ বলে। এটি নিউক্লিয়াসের কার্যকলাপের মূল ক্ষেত্র হিসেবে কাজ করে।
৩। নিউক্লিওলাস: ক্রোমোসোমের যে স্থানে এটি লাগানো থাকে সে স্থানকে বলা হয়। স্যাট বা স্যাটেলাইট। এর কোনো ঝিল্লি আবিষ্কার হয়নি।
এর কাজ- বিভিন্ন প্রকার RNA, প্রোটিন সংশ্লেষণ করা এবং নিউক্লিওলাস নিউক্লিওটাইডের ভান্ডার হিসেবে কাজ করে।
৪। নিউক্লিয়ার রেটিকুলাম বা ক্রমাটিন তন্তু:

❐ **কাজ:** বংশগতির বৈশিষ্ট্যের ধারক ও বাহক হিসেবে কাজ করে। মিউটেশন, প্রকরণ সৃষ্টি ইত্যাদি কাজের মূখ্য ভূমিকা পালন করে।

## ক্রোমোসোম

ক্রোমোসোম অর্থ রঞ্জিত দেহ বা রঙ ধারনকারি দেহ।
কার্ল নাগেইলি সর্বপ্রথম উদ্ভিদকোষের নিউক্লিয়াসে ক্রোমোসোম দেখেন।
**সংখ্যা:** এদের সংখ্যা ২ থেকে ১৬০০ পর্যন্ত হতে পারে। ফার্ন বর্গীয় উদ্ভিদে সর্বোচ্চ ক্রোমোসোম ১২০০ পাওয়া গেছে এবং সর্বনিম্ন পুষ্পক উদ্ভিদে ৪।
প্রাণীতে সর্বনিম্ন ক্রোমোসোম সংখ্যা-২ (গোল ক্রিমি), এবং সর্বোচ্চ ১৬০০ (রেডিও লারিয়া জাতীয় প্রোটোজোয়া)।

| **উদ্ভিদ** | **ক্রমোসোম সংখ্যা** |
|---|---|
| ধান | ২৪ |
| ভুট্টা | ২০ |
| পেঁয়াজ | ১৬ |
| গোল আলু | ৪৮ |
| **প্রাণী** | **ক্রমোসোম সংখ্যা** |
| মানুষ | ৪৬ |
| গরু ও ছাগল | ৬০ |
| গিনিপিগ | ৬৪ |
| ফলের মাছি | ৮ |

❐ **আকৃতি:** মানব দেহের ক্রোমোসোমের গড় দৈর্ঘ্য 4-6μm

❐ **ক্রোমোসোমের ভৌত গঠন:**

১। ক্রোমাটিন
২। ক্রোমাটিড
৩। সেন্ট্রোমিয়ার
৪। কাইনেটোকোর
৫। ক্রোমোমিয়ার
৬। গৌণকুঞ্চণ: নিউক্লিওলাস পুর্নগঠন অঞ্চলও বলে।
৭। স্যাটেলাইট: ছোলার এক নং ক্রোমোসোম স্যাটেলাইট থাকে।
৮। টেলোমিয়ার: টেলোমারিজ এনজাইম মানুষের জরারোধে কাজ করে।

❐ **ক্রোমোসোমের প্রকারভেদ:**

**ক. সেন্ট্রোমিয়ার সংখ্যা অনুযায়ায় ৫ প্রকার। যথা:**
১। মনোসেন্ট্রিক
২। ডায়োসেন্ট্রিক

৩। পলিসেন্ট্রিক: কলা গাছে দেখা যায়।
৪। ডিফিউজড
৫। অ্যাসেন্ট্রিক

**খ. সেন্ট্রোমিয়ারের অবস্থান অনুযায়ী ক্রোমোসোম চার আকৃতির হয়। যথা:**

**i. মধ্যকেন্দ্রিক বা মেটাসেন্ট্রিক ক্রোমোসোম:** এটিকে ইংরেজি `V' আকৃতির মতো দেখা যায়।

**ii. উপ-মধ্যকেন্দ্রিক বা সাব-মেটাসেন্ট্রিক ক্রোমোসোম:** এটিকে ইংরেজি 'L' অক্ষরের মতো দেখা যায়।

**iii. উপ-প্রান্তকেন্দ্রিক বা অ্যাক্রোসেন্ট্রিক ক্রোমোসোম:** এটিকে অনেকটা ইংরেজি 'J' অক্ষরের মতো দেখায়।

**iv. প্রান্তকেন্দ্রিক বা টেলোসেন্ট্রিক ক্রোমোসোম:** অনেকটা ইংরেজি 'I' অক্ষরের মতো বা একটি দণ্ডের মতো দেখায়।

**(গ) দেহ গঠন ও লিঙ্গ নির্ধারণের বৈশিষ্ট্য অনুযায়ী ক্রমোসোম দুই ধরনের হয়। যথা:**

**i. অটোসোম (Autosome):** মানুষের অটোসম ২২ জোড়া।

**ii. সেক্স ক্রোমোসোম (Sex Chromosome):** সেক্স ক্রোমোসেম ১ জোড়া।

**ক্রোমোসোমের রাসায়নিক গঠন:** প্রধান রাসায়নিক উপাদন হলো নিউক্লিক এসিড ও প্রোটিন।

**নিউক্লিক এসিড:** এটি দুই ধরনের যথা:

**১. DNA: এর পুরো নাম Deoxyribo Nucleic Acid** এবং DNA হলো ক্রোমোসোমের স্থায়ী উপাদান। ক্রোমোসোমে DNA এর পরিমাণ শতকরা ৪৫ ভাগ। এটি দ্বি-সূত্র বিশিষ্ট। ক্রোমোসোমে DNA ও হিস্টোন প্রোটিনের অনুপাত ১ ঃ ১।

২. **RNA:** এর পুরো নাম Ribo Nucleic Acid. এটি ক্রোসোমের স্থায়ী উপাদান নয়। এটি এক সূত্র বিশিষ্ট।

❒ **প্রেটিন:** ক্রোমোসোমে প্রোটিনের পরিমাণ শতকারা ৫৫ ভাগ থাকে।

❒ **ক্রোমোসোমের কাজ:** ক্রোমোসোম বংশগতির ধারক বাহক তাই বংশ পরস্পরায় জীবের বৈশিষ্ট্য ধারণ করে বহন ও করে স্থানান্তর করে।

বংশগতির বাহক জিন জীবের ব্লুপ্রিন্ট হিসেবে কাজ করে।

**B- ক্রোমোসোম:** এরা ম্যান্ডেলিয়ান সূত্র অনুসরণ করে না। ভুট্টাতে এবং উলট চণ্ডাল উদ্ভিদে B- ক্রোমোসোম আছে।

## নিউক্লিক এসিড

DNA এর ৯০% থাকে ক্রোমোসোম।

RNA এর ৯০% থাকে সাইটোপ্লাজমে এবং বাকি দশ ভাগ নিউক্লিওলাসে।

**নিউক্লিক এসিডের মূল উপাদান ৩টি:**

পেন্টজ সুগার, নাইট্রোজেন ঘঠিত ক্ষারক, ফসফোরিক এসিড।

**পেন্টজ সুগার:** নিউক্লিক এসিড দুই ধরনের পেন্টজ সুগার পাওয়া যায়। যথা: রাইবোজ সুগার ও ডি-অক্সিরাইবো সুগার।

রাইবোজ সুগার ও ডি-অক্সিরাইবো সুগার এর পার্থক্য হলো ডি-অক্সিরাইবোজ সুগারে দুই নং কার্বনে অক্সিজেন অনুপস্থিত।

**নাইট্রোজেন ঘটিত ক্ষারক:** রিং এর উপর ভিত্তি করে ক্ষারক দুই প্রকার যথা-

**১। পিউরিন:** দুই রিং বিশিষ্ট ক্ষারককে বলা হয়- পিউরিন। পিউরিনে ক্ষারক থাকে এডিনিন (A) ও গুয়াননি (G)

**২। পাইরিমিডিন:** এক রিং বিশিষ্ট ক্ষারককে বলা হয়- পাইরিমিডিন বলা হয়। পাইরিমিডিনে ক্ষারক থাকে- থাইমিন (T), সাইটোসিন (C), ইউরাসিল (U)

* DNA- চারটি ক্ষারক নিয়ে গঠিত যথা: এডিনিন, গুয়ানিন, সাইটোসিন, থায়ামিন।

* RNA- চারটি ক্ষারক নিয়ে গঠিত যথা: এডিনিন, গুয়ানিন, সাইটোসিন, ইউরাসিল।

**নিউক্লিক এসিডের প্রকার:** দুই ভাগে ভাগ করা হয়েছে। যথা: DNA ও RNA।

## DNA

DNA জীবনের বা বংশগতির আনবিক ভিত্তি। একজন প্রাপ্ত বয়স্ক মানুষের দেহে ১০০ গ্রাম DNA থাকে।

DNA অনুতে সমপরিমাণ A ও T এবং সমপরিমাণ C ও G থাকার এই নীতিমালাাকে Chargaff's Rule বলে।

**Watson ও Crick এর DNA মডেল:**

১। **A** ও T যুক্ত হয় দুটি হাইড্রোজেন বন্ড দিয়ে এবং G ও C যুক্ত হয় তিনটি হাইড্রোজেন বন্ড দিয়ে।

২। DNA অনুর সূত্র দুটির প্রতিটি প্যাঁচ বা ঘূর্ণনের দৈর্ঘ্য 34 Å বা 3.4nm

৩। প্রতিটি প্যাঁচে হ্যালিক্স দুটির ব্যাস 20 Å বা 2nm।

৪। প্রতিটি ঘূর্ণনে মনোনিউক্লিওটাইডের সংখ্যা ১০ জোড়া।

৫। প্রতিটি প্যাঁচে হাইড্রেজেন বন্ড সংখ্যা ২৫টি।

৬। DNA- এর আনবিক ওজন $10^6$ থেকে $10^9$ এর মধ্যে।

**DNA- এর কাজ:** DNA- কে মাস্টার মলিকিউল বলা হয়। জীবের মিউটেশনের ভিত্তি হিসেবে কাজ করে।

### DNA অনুর রেপ্লিকেশন:
### (DNA→DNA)

DNA অনুর রেপ্লিকেশন হয় অর্ধ-সংরক্ষণশীল পদ্ধতিতে।

**DNA এর প্রুফ রিডিং:** DNA রেপ্লিকেশনের সময় মানুষে প্রতি ১০০০ জিনের মধ্যে একটি ভুল হতে পারে। এধরনের ভুলকে মিস-ম্যাচ বলে।

DNA এর ক্ষত হওয়ার কারণ- UV রাশ্মি, বিষাক্ত মৌল, কারসিনোজেনিক পদার্থ। মিস-ম্যাচের কারনে মানুষের কোলন ক্যান্সার হয়, চর্ম রোগ হয়, স্ক্রিন ক্যান্সারো হতে পারে।

*** রেপ্লিকেশনে ব্যবহৃত উপাদান**

| | |
|---|---|
| i. টপোআসেমারেজ | DNA অণুকে অতিমাত্রায় প্যাঁচানো অবস্থা থেকে মুক্ত কওে থাকে। |
| ii. DNA হেলিকেজ | রেপ্লিকেশন ফর্কে DNA ডাবল হেলক্সি প্যাঁচগুলো খুলে দেয়। |
| iii. DNA পলিমারেজ | নিউক্লিওটাইড অনু যুক্ত করে পরিপূরক স্ট্রান্ড শিকল গঠন করে থাকে। DNA প্রুফ রিডিং করে। |
| iv. সিঙ্গেল স্ট্র্যান্ড বাইন্ডিং প্রোটিন (SSBP) | DNA অণুর একক স্ট্র্যান্ডে সংযুক্ত হয় যাতে এরা পুনরায় দ্বি-তন্ত্রী অবস্থায় ফিরে না আসে। |
| v. লাইগেজ | ওকাজাকি খণ্ডকে পরিপূরক স্ট্র্যান্ডে যুক্ত করে। |
| vi. প্রাইমেজ | RNA প্রাইমারকে স্ট্র্যান্ডের প্রান্তে যুক্ত করে। |

## ট্রান্সক্রিপশন
### (DNA থেকে mRNA)

RNA পলিমারেজ এনজাইম দ্বারা DNA বেস সিকোয়েন্স কপি করে mRNA সংশ্লেষণ প্রক্রিয়ায় হলো ট্রান্সক্রিপশন।

- ট্রান্সক্রিপশন প্রক্রিয়া তিনটি ধাপে বিভক্ত। যথা:
  i. সূচনা ধাপ ii. বর্ধিতকরন ধাপ iii. সমাপ্তিকরণ ধাপ
- pre mRNA এবং কতগুলো small ribonucleoproteins মিলিত কমপ্লেক্সকে বলা হয় spliceosome।

- ক্যাপিং টেইলিং ও স্প্লাইসিং এই তিনটি প্রক্রিয়া শেষে প্রি-mRNA চূড়ান্ত mRNA তে পরিণত হয়।

❒ **রিজার্ভ ট্রান্সক্রিপশন: (mRNA-DNA)**

উদাহরণ: HIV, Corona virus এর PCR করতে ও শানাক্ত করতে।

❒ **ট্রান্সলেশন: (mRNA- প্রোটিন)**

- ট্রান্সলেশন প্রক্রিয়ার তিনটি ধাপ:

১। ট্রান্সলেশনের সূচনা

২। পলিপেপটাইড চেইন এর বৃদ্ধিকরণ

৩। সমাপ্তিকরণ: স্টপ কোডন UAA, UAG, UGA রাইবোসোম সাইটে পৌছালে ট্রান্সলেশনের সমাপ্তি ঘটে।

- স্ট্রেপটোমাইসিন ট্রান্সলেশনের সূচনা লগ্নে বিঘ্ন সৃষ্টি করে।
- **জীববিজ্ঞানের Central Dogma বা কেন্দ্রীয় প্রত্যয়:**
  ১। DNA থেকে RNA সৃষ্টি হয়।
  ২। RNA থেকে প্রোটিন সৃষ্টি হয়।
  ৩। প্রোটিন হলো সর্ববৃহৎ কর্মী অনু।

## RNA

RNA- ৫ প্রকার। যথা:

**১। ট্রান্সফার RNA বা tRNA:** প্রতিটি tRNA তে ৭৫-৯০টি নিউক্লিওটাইড অনু থাকে। কোষের প্রায় ১৫ ভাগ RNA হলো tRNA। প্রতিটি কোষে প্রায় ৩১-৪২ ধরনের tRNA থাকে।

**২। বার্তাবহ RNA বা mRNA:** কোষের প্রায় ৫-১০ ভাগ mRNA।

**৩। রাইবোসোমাল-RNA বা rRNA:** কোষের প্রায় ৮০-৯০ ভাগ rRNA। রাইবো নিউক্লিও প্রোটিন তৈরি করে।

**৪। বংশগতীয় RNA বা gRNA:** এর প্রধান কাজ প্রোটিন তৈরি করা। কিছু ভাইরাস দেহে বংশগতির উপাদান হিসেবে কাজ করে। যেমন TMV.

**৫। মাইনর RNA বা miRNA:** এটি এনজাইম হিসেবে কাজ করে।

## জিন

- বিজ্ঞানী হার গোবিন্দ খরনা কৃত্তিম জিন আবিষ্কার করেন।
  ** প্রোটিন হলো জীবনের ভাষা

❒ **বিভিন্ন একক:**

১। রেকন- রিকম্বিনেশনের একক।

২। মিউটন- জিন মিউটেশনের একক।

৩। রেপ্লিকন- রেপ্লিকেশনের একক।

৪। সিসট্রন- জিন কার্যের একক।

**প্রকার জিন:**

১। লিথাল জিন: যে জিনের বহিঃপ্রকামের কারণে জীবের মৃত্যু হয়।

২। আঙ্কোজিন: যে জিনের কারণে ক্যান্সার রোগ সৃষ্টি হয়।

৩। সেক্স- ক্রোমোসোম জিন: X,Y।

৪। সিউডো জিন: DNA এর যে অংশ নিষ্ক্রিয় থাকে।

- ক্রোমোসোমে বিদ্যমান সকল জিনের সমষ্টিকে জিনোম বলে মানব জিনের মাত্র ২ ভাগ জিন বৈশিষ্ট্য প্রকাশে অংশ নেয়।

❒ **একটি অপেরনের চারটি অংশ হলো:**

১। গাঠনিক জিন: যা এনজাইম সংশ্লেষণ করে।

২। প্রোমোটার বা উদ্দীপক জিন: RNAপলিমারেজ সংযুক্ত হয়।

৩। অপারেটর বা চালক জিন।

৪। রেগুলেটর বা নিয়ন্ত্রক জিন।

## জেনেটিক কোড

- তিনটি নিউক্লিওটাইড বা বেস নিয়ে গঠিত DNA সিকোয়েন্স হলো জেনেটিক কোড।
- জেনেটিক কোড বংশগতির বায়োলজিক্যাল ভিত্তি।
- তিনটি নাইট্রোজেন বেস নিয়ে একটি কোডন তৈরি হয়।
  ** স্টার্ট বা সূচনা কোডন AUG এবং স্টপ কোডন UAA, UAG, UGA.

## অধ্যায়: টিস্যু ও টিস্যুতন্ত্র

- একই উৎস থেকে সৃষ্ট, একই ধরনের কাজ সমান্নকারী সমধর্মী একটি অবিচ্ছিন্ন কোষগুচ্ছকে বলা হয় টিস্যু।
- **টিস্যুর প্রকারভেদ:** ২ প্রকার যথা: ১। ভাজক ২। স্থায়ী
- **ভাজক টিস্যু:** যে টিস্যু বিভাজিত হয়। অপর নাম মেরিস্টেম।
- **বৈশিষ্ট্য:**
  ১। কোষ জীবীত, সমব্যাসীয়, অপেক্ষাকৃত ছোট।
  ২। সর্বদায় বিভাজন ক্ষমতাসম্পন্ন।
  ৩। নিউক্লিয়াস অপেক্ষাকৃত বড় এবং দানাদার ঘন সাইটোপ্লাজম।
  ৪। কোষ গহ্বর থাকে না, আন্তঃকোষীয় ফাঁক থাকে না।
  ৫। বিপাকীয় হার বেশি, কোনো প্রকার সঞ্চিত খাদ্য, বর্জ্য পদার্থ থাকে না।
  ৬। প্লাস্টিডগুলো প্রোপ্লাস্টিড অবস্থায় থাকে।
- **কাজ:**
  i. শীষক ভাজক টিস্যুর বিভাজনে উদ্ভিদের দৈর্ঘ্য বৃদ্ধি পায়।
  ii. পার্শ্বীয় ভাজক টিস্যুর বিভাজনে উদ্ভিদের ব্যাস বৃদ্ধি পায়।
  iii. ভাজক টিস্যু হতে স্থায়ী টিস্যু সৃষ্টি হয়, ক্ষতস্থান পূরণ হয়।
- **শ্রেণিবিন্যাস:**
  **ক. প্রোমেরিস্টেম/প্রারম্ভিক ভাজক টিস্যু:** মূল/কাণ্ডের শীর্ষ দেশে একটি অঞ্চল যা থেকেই ১ম বৃদ্ধি শুরু হয়।
  **খ. প্রাইমারি ভাজক টিস্যু:** ভ্রুণ অবস্থায় উৎপত্তি।
  **গ. সেকেন্ডারি ভাজক টিস্যু:** স্থায়ী টিস্যু হতে পরবর্তী সময়ে উৎপন্ন হয়। কর্ক ক্যাম্বিয়াস, ইন্টার ফ্যাসিকুলার ক্যাম্বিয়াম।
- **অবস্থান অনুসারে:**
  **ক. শীর্ষক ভাজক টিস্যু:**
  **খ. নিবেশিত/ইন্টারক্যালরি :** ঘাস জাতীয় উদ্ভিদ, পাইন, হর্সটেইল এর পত্রমূল, মধ্যপর্বের গোড়ার পর্ব সন্ধিতে ও ফুলের বাটায় পাওয়া যায়।
  **গ. পার্শ্বীয়/ল্যাটেরাল ভাজক:** ইন্টারফেসিকুলার ক্যাম্বিয়াম, র্কক ক্যাম্বিয়াম।
- **কোষ বিভাজন অনুসারে:**
  **ক. মাস ভাজক টিস্যু:** কোষ বিভাজন সব তলে ঘটে, উদ্ভিদটির অঙ্গরি ঘনত্বে বৃদ্ধিপ্রাপ্ত হয়। বর্ধনশীল ভ্রুণ, রেণু থলি, এন্ডোস্পার্ম, মজ্জা, কর্টেক্স ইত্যাদি।
  **খ. রিব:** একটি তলে বিভাজিত হয়। বর্ধিঞ্চু মূল বা কাণ্ডের মজ্জা রশ্মি।
  **গ. প্লেট:** ২টি তলে বিভাজিত হয়, অঙ্গটির আয়তনে বৃদ্ধিপ্রাপ্ত হয়। পাতা, বর্ধিঞ্চু বহিঃত্বক।
- **কাজ অনুসারে:**
  **১। প্রোটোডার্ম:** ত্বক সৃষ্টি করে।
  **২। প্রোক্যাম্বিয়াম:** ক্যাম্বিয়াম, জাইলম ও ফ্লোয়েম। পরিবহণ টিস্যু সৃষ্টি করে।
  **৩। গ্রাউন্ড মেরিস্টেম:** শীর্ষক ভাজক টিস্যুর যে অংশ বার বার বিভাজিত হয়।

## স্থায়ী টিস্যু:

- যে টিস্যুর কোষগুরো বিভাজনে অক্ষম সে টিস্যু স্থায়ী টিস্যু।

**বৈশিষ্ট্য:**

- সাইটোপ্লাজম স্বাভাবিকের চেয়ে কম, নিউক্লিয়াস ছোট।
- ২ প্রকার কোষ থাকে: জীবীত, মৃত (প্রোটোপ্লাজম বিহীন)
- কোষ গহ্বর অপেক্ষাকৃত বড়।
- কোষপ্রাচীর বেশ পুরু ও কোষ প্রাচীরে নানা নকশা দেখা যায়।
- **কাজ:**

i. খাদ্য তৈরি, পানি ও খাদ্য পরিবহন।
ii. পানি ও খাদ্য সঞ্চয় ও দৃঢ়তা প্রদান।

- **শ্রেণিবিন্যাস:** তিন প্রকার:

**১। সরল টিস্যু:** সবগুলো কোষ আকার, আকৃতি, গঠন একই ধরনের।
৩টি ভাগ: i. প্যারেনকাইমা
ii. কোলেন কাইমা
iii. স্কেরেন কাইমা

**২। জটিল টিস্যু:** ২ প্রকার:
i. জাইলেম ii. ফ্লোয়েম→পরিবহনতন্ত্র

**৩। ক্ষরণকারী/নিঃস্রাবী:** তরল পদার্থ নিঃসৃত হয়। ২ প্রকার: i. তরুক্ষীর গ্রন্থি ii. গ্রন্থি টিস্যু

## টিস্যুতন্ত্র

টিস্যুতন্ত্র ৩ প্রকার। যথা:
১। এপিডর্মাল ২। গ্রাউন্ড টিস্যুতন্ত্র
৩। ভাস্কুলার টিস্যুতন্ত্র

❒ **এপিডার্মাল:** যে টিস্যুতন্ত্র উদ্ভিদ অঙ্গের বহিঃআবরণ সৃষ্টি করে তাকে এপিডার্মাল টিস্যু বলে।

- কাণ্ড ও পাতার ত্বক- এপিডার্মাস।
- মূলের আবরণ- এপিব্লেমা।

❒ **এপিডার্মাস:** একসারি প্যারেনকাইমা কোষ।

- **একাধিক সারি কোষ:** বট, অশ্বত্থ, পাকুর।
- তিনসারি কোষের ত্বক দেখা যায়- করবী।
- কিউটিন বা সুবেরিন পুরু স্তরকে- কিউটিকল বলে।
- শুধুমাত্র রক্ষী কোষ এ ক্লোরোপ্লাস্ট।
- কিউটিকল মূলের ত্বকে অনুপস্থিত কিন্তু কাণ্ড ও পাতায় বিদ্যমান।
- পাতায় লিগনিন জমা হয়-*Cycas, Pinus* ও ঘাস জাতীয় কিছু উদ্ভিদ।
- ফুলের পাপড়ি ও ফলত্বকে থাকে- অ্যান্থোসায়ানিন রঞ্জক।
- সরিষা গোত্রীয় উদ্ভিদের পত্রত্বকে মাইরোসিন এনজাইম নিঃসরণকারী মাইরোসিন কোষ থাকে।
- ঘাস ও নলখাগড়া কাণ্ডের ত্বকীয় কোষে কর্ক ও সিলিকা কোষ থাকে।
- বুলিফর্ম কোষ থাকে- গম, ভুট্টা, আখ (বুলিফর্ম- বৃহদাকৃতির কোষ)।
- এপিডার্মিসের কোষ হতে রোম বা ট্রাইকোম নাম বিভিন্ন প্রকার উপাঙ্গ উদ্গত হয়।
- মূলের বাহিরের ত্বক- এপিব্লেমা- এককোষী রোম উৎপন্ন- মূলরোম।

❒ **কাজ:**

- ছত্রাকের আক্রমণ হতে অভ্যন্তরীণ টিস্যুকে রক্ষা করে।
- বুলিফর্ম কোষ পানি সঞ্চয় করে এবং পাতার প্রসা রণ ও বিকাশে সহায়তা করে।
- **এপিডার্মাল উপবৃদ্ধি:** ত্বক হতে উদ্গত উপাঙ্গ

**i. রোম/ট্রাইকোষ:** এককোষী/বহুকোষী, সরল/গুচ্ছ হতে পারে যেসব উদ্ভিদের সেকেন্ডারি বৃদ্ধি ঘটে সেসব উদ্ভিদে পাওয়া যায়।

**ii. শল্ক:** পাতলা ঝিল্লি সদৃশ বিশ্লেষ ধরনের রোম। যা প্রস্বেদনের হার কমায়।

**iii. গ্রন্থিরোম/ কোলেটার্স:** বিশেষ ধরনের বহুকোষী ট্রাইকোষ কোলেটার্স এক ধরনের চকচকে আঠালো পদার্থ পূর্ণ।

**iv. থলি:** বিশেষ ধরনের এক প্রকার পানি ধারক এবং প্রশান্ত ট্রাইকোম। বরফ উদ্ভিদ নামে পরিচিত Mesembrayantheum Crystallium- এর ত্বককোষ স্ফীত থলির আকার ধারণ করে।

**গ. এপিডার্মল রন্ধ্র:** ২ প্রকার: i. পত্ররন্ধ্র ii. পানিরন্ধ্র

❒ **পত্ররন্ধ্র:**

- ২টি অর্ধচন্দ্রাকৃতির রক্ষীকোষ থাকে ।
- রক্ষীকোষে বড় নিউক্লিয়াস, বহু ক্লোরোপ্লাস্ট ও ঘন সাইটোপ্লাজম থাকে।
- উদ্ভদের বায়বীয় অংশের ত্বকে অবস্থিত ২টি রক্ষীকোষ বেষ্টিত ও নিয়ন্ত্রিত বিশেষ ছিদ্রকে স্টোমাটা বা পত্ররন্ধ্র বলে।
- স্টোমাটার নিচে বড় বায়ুকুঠুরী থাকে- সাব-স্টোমাল বায়ুকুঠুরি বা শ্বসকুঠুরি বলে।
- পাথরকুচি গোত্রের উদ্ভিদের রাত্রে পত্ররন্ধ্র খোলা ও দিনে বন্ধ থাকে।

**পত্ররন্ধ্রের প্রকারভেদ:**

১। **Diacytie:** ২টি সাবসিডিয়ারি কোষ সমকোণে অবস্থিত।
২। **Paracytie:** ২টি সাবসিডিয়ারি কোষ সমান্তরালে অবস্থিত।
৩। **Aniscytie:** ৩টি সাবসিডিয়ারি কোষ একটি ছোট।
৪। **Tetracytie:** ৪টি সাবসিডিয়ারি কোষ
৫। **Antinocytie:** অনেকগুলো রেডিয়েলি লম্বা কোষ অবস্থিত।
৬। **Anomoecytie:** কোষসমূহ সাধারণ কোষ হতে পৃথকযোগ্য নয়।

- প্রস্বেদন, সালোকসংশ্লেষণ, শ্বসন তিনটি কাজে পত্যক্ষ ও পরোক্ষভাবে স্টোমা অংশগ্রহণ করে।

❒ **পানিরন্ধ্র/হাইডোথোড:** বিশেষ ধরনের পানি নির্মোচন অঙ্গ, ঘাস, কচু, টমেটো পাওয়া যায়। মাটিতে প্রচুর পানি ও আবহাওয়া আদ্র থাকলে সাধারনত এমনটি ঘটে।

## গ্রাউন্ড টিস্যুতন্ত্র

- ত্বকীয় টিস্যু ও পরিবহণ টিস্যু ছাড়া অন্যান্য সকল টিস্যুকে একত্রে গ্রাউন্ড টিস্যুতন্ত্র বলে।
- অনেক সময় প্যারেনকাইমা, কোলেনকাইমা ও স্কেরেনকাইমা নিয়ে গঠিত হয়।
- পেরিব্লেম ভাজক টিস্যু হতে টিস্যুতন্ত্রের উৎপত্তি।
- অধঃত্বক স্কেরেনকাইমা টিস্যু দ্বারা গঠিত।
- ২ ভাগে ভাগ করা হয়: ক. বহিঃস্টিলীয় অঞ্চল
খ. অন্তঃস্টিলীয় অঞ্চল
- পেরিসাইকল স্তর তেকে ভাস্কুলার বান্ডল কেন্দ্র পর্যন্ত অংশকে স্টিলি বলে।

❒ **বহিঃস্টিলীয় অঞ্চল:**

**i. অধঃত্বক:** মূলে অধঃত্বক থাকে না।

**ii. কর্টেক্স:**

**iii. অন্তঃত্বক:** মূলে ও দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে বিদ্যমান মূলের অন্তঃত্বকীয় কোষের প্রথ ও পার্শ্বপ্রাচীর সুবেরিন ও লিগনিন যুক্ত হয়ে সরু ফিতার মতো যে বেষ্টনি সৃষ্টি করে তাকে ক্যাসপেরিয়াস স্ট্রিপ বলে।

- অন্তঃত্বকের পাতলা কোষপ্রাচীর- প্যাসেজ সেল বলে।
- অনেক সময় প্রচুর শ্বেতসার কণিকা বিদ্যমান থাকে এ স্তরকে শ্বেতসার আবরণ বলে। দ্বিবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে পাওয়া যায়।

❒ **অন্তঃস্টিলীয় অঞ্চল:**

**i. পেরিসাইকেল বা পরিচক্র:** মূলে পেরিসাইকল এক স্তরবিশিষ্ট।

- কুমড়া ও কুমারিকা কাণ্ডে এটি বহুস্তর বিশিষ্ট।
- স্কেরেনকাইমা শুধু ফ্লোয়েম এর মাথায় অবস্থান করলে একে হার্ড বাস্ট বা গুচ্ছটুপি বলে।

**ii. মজ্জা বা মেডুলা:** খাদ্য সঞ্চয় প্রধান কাজ।

**iii. মজ্জা রশ্মি:** পরিবহণ টিস্যু থেকে রশ্মির ন্যায় পেরিসাইকল পর্যন্ত বিস্তৃত রশ্মির ন্যায় অংশকে মজ্জা রশ্মি বলে।

- পানি ও খাদ্য পরিবহণ করা।
- পাতার গ্রাউন্ড টিস্যুকে মেসোফিল বলে।
- বিষমপৃষ্ঠ পাতায় মেসোলি প্যালিসেড ও স্পঞ্জী প্যারেনকাইমা টিস্যু নিয়ে গঠিত।

## ভাস্কুলার টিস্যুতন্ত্র/ফ্যাসিকুলার/পরিবহণ

- জাইলেম + ফ্লোয়েম = ↗
- দ্বিবীজপত্রী উদ্ভিদ কাণ্ডের জাইলেম ও ফ্লোয়েম টিস্যুর মাঝে অবস্থিত ভাজক টিস্যু হচ্ছে ক্যাম্বিয়াম।
- উদ্ভিদমূল এবং দ্বিবীজপত্রী উদ্ভিদকাণ্ডে ভাস্কুলার বান্ডলগুলো সাধারণত বৃত্তাকারে সাজানা থাকে।
- একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে এরা কর্টেক্সের মাঝে বিক্ষিপ্তবাবে অবস্থান করে।

❒ **জাইলেম টিস্যু:**

- ট্রাকিড, ভেসেল (ট্রাকিয়া), জাইলেম ফাইবার, জাইলেম প্যারেনকাইমা।
- সজীব উপদান- জাইলেম প্যারেনকাইমা।
- ফার্নবর্গীয়া ও নগ্নবীজী উদ্ভিদে জাইলেম টিস্যুতে ভেসেল থাকে না। ব্যতিক্রম: Gnetum.
- আবৃতবীজী উদ্ভিদে থাকলেও থাকে না-Winteracea, Tetrcentraceae, Trochodraceae গোত্রের উদ্ভিদে ভেসেল থাকে না।
- সরু গর্তযুক্ত ভেসেল কোষকে প্রোটোজাইলেম বলে।
- বড় গর্তযুক্ত ভেসেল কোষকে মেটাজাইলেম বলে।
- আবৃতবীজী উদ্ভিদের মূলে-
- মেটাজাইলেম স্টিলির কেন্দ্রের দিকে থাকে। প্রোটোজাইলেম স্টিলির পরিধির দিকে থাকে। এ দুটিকে একত্রে এন্ডার্ক বলে।
- কাণ্ডে এর বিপরীত- এক্সর্ক।
- পাতায় প্রোটোজাইলেম ও মেটাজাইলেম উভয় কেন্দ্রে ও পরিধির ২টি বিন্যস্ত থাকে, একে মেসার্ক বলে।

❒ **ফ্লোয়েম টিস্যু:**

- সীভনল, সঙ্গীকোষ, ফ্লোয়েম প্যারেনকাইমা এবং ফ্লোয়েম ফাইবার।
- সীভনলে নিউক্লিয়াস থাকে না (পরিণত)।
- নগ্নবীজী উদ্ভিদের ফ্লোয়েম টিস্যুতে সঙ্গীকোষ থাকে না।
- ফ্লোয়েম অবস্থিত ফাইবারকে বাস্ট ফাইবার বলে। পাটের আশ ব্লাস্ট ফাইবার।

❒ **ভাস্কুলার বান্ডেলের প্রকারভেদ:**

**১। সংযুক্ত:** ফ্লোয়েম ও জাইলেম একই ব্যাসার্ধের উপর গুচ্ছবাবে অবস্থান করে। ২ ভাগ i. সমপার্শ্বীয়

ii. সমদ্বিপার্শ্বীয়

- **সমপার্শ্বীয়:** ফ্লোয়েম ও জাইলেম পাশাপাশি অবস্থান করে।
  * পুষ্পক উদ্ভিদের কাণ্ডে দেখা যায়। ২ ভাগে ভাগ করা হয়:

**i. মুক্ত সমপার্শ্বীয়:** দ্বিবীজপত্রী উদ্ভিদ (কুমড়া জাতীয় উদ্ভিদের কাণ্ড ব্যতীত) ও নগ্নবীজী উদ্ভিদের কাণ্ডে।

**ii. বদ্ধ সমপার্শ্বীয়:** একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডে।

- **সমদ্বিপার্শ্বীয়:** জাইলে ও ফ্লোয়েম উপর-নিচ অবস্থান করে
  * সমদ্বিপার্শ্বীয় ভাস্কুরার বান্ডল সব সময় মুক্ত।
  * লাউ, কুমড়া, শশা উদ্ভিদের কাণ্ড।৫

**২। অরীয়:** যে ভাস্কুলার বান্ডেলে জাইলেমও ফ্লোয়েম ভিন্ন ভিন্ন বান্ডেলের সৃষ্টি হয় তাকে অরীয় ভাস্কুলার বান্ডল বলে।

- পুষ্পক উদ্ভিদের মূলে পাওয়া যায়।
- দ্বিবীজপত্রী উদ্ভিদের মূলে জাইলেম বা ফ্লোয়েম এর সংখ্যা পাঁচ এর কম (২-৪) একবজীপত্রী মূলে ফ্লোয়েম এর সংখ্যা ৬ এর অধিক।

**৩। কেন্দ্রিক:** যেকোনো একটি কেন্দ্রে থাকে।

- কেন্দ্রিক ভাস্কুলার বান্ডল সব সময় বদ্ধ হয়।
- ক্যাম্বিয়াম থাকে না।
- টেরিডোফাইটা এ ধরনের অধিক দেখা যায়।
- ২ ভাগে ভাগ করা হয়।

**ক. জাইলেম কেন্দ্রিক/হ্যাড্রোসেন্ট্রিক:** Pteris, Lycoposium, Selaginella

**খ. ফ্লোয়েম কেন্দ্রিক/লেপ্টোসেন্টিক:** Dracaena, Yucca

## একবীজপত্রী উদ্ভিদের মূলের অন্তঃগঠণ

**১. বহিঃস্টিলীয় অঞ্চল:**

ক. এপিব্লেমা বা মূলত্বক।

খ. কার্টেক্স: তরুণ মূলের সবচেয়ে বড় অংশ।

গ. এন্ডোডার্মিস।

**২. অন্তঃস্টিলীয় অঞ্চল:**

ক. পেরিসাইকাল বা পরিচক্র।

খ. ভাস্কুলার বান্ডল।

গ. মজ্জা রশ্মি বা সংযোজক টিস্যু।

ঘ. পিথ বা মজ্জা।

❒ **একবীজপত্রী উদ্ভিদ মূলের শনাক্তকারী বৈশিষ্ট্য:**

১। ত্বকে কিউটিকল অনুপস্থিত। এতে এককোষী মূলরোম থাকে।

২। অধঃত্বক অনুপস্থিত।

৩। কর্টেক্স-এ অধঃত্বক নাই, কেবল অন্তঃত্বক আছে।

৪। পরিচক্র একসারি কোষ দিয়ে গঠিত।

৫। ভাস্কুলার বান্ডল অরীয় এবং একান্তরভাবে সজ্জিত।

৬। মেটাজাইলেম কেন্দ্রের দিকে এবং প্রোটোজাইলেম পরিধির দিকে অবস্থিত।

৭। জাইলেম বা ফ্লোয়েম গুচ্ছের সংখ্যা ৬ এর অধিক। (দ্বিবীজপত্রী উদ্ভদমূলে এই সংখা সাধারণত -৪টি)।

৮। মজ্জা বৃহৎ।

## একবীজপত্রী উদ্ভিদের কাণ্ডের অন্তঃর্গঠন

**১। জাইলেম:** আকৃতি Y বা V আকৃতির।

**২। ফ্লোয়েম:** সীভনল ও সঙ্গীকোষ নিয়ে গঠিত। কোনো প্যারেনকাইমা নেই।

❒ **একবীজপত্রী উদ্ভিদ কাণ্ডের অন্তর্গঠনগত শনাক্তকারী বৈশিষ্ট্যসমূহ:**

১। সাধারণত কাণ্ডরোম অনুপস্থিত।

২। বহিঃত্বকে কিউটিকল উপস্থিত।

৩। অধঃত্বক আছে এবং সাধারণত স্কেরেনেকাইমা কোষ দিয়ে গঠিত।

৪। ভাস্কুলার বান্ডলগুলো গ্রাউন্ড টিস্যুতে বিক্ষিপ্তভাবে ছড়ানো।

৫। মেটাজাইলেম পরিধির দিকে এবং প্রোটোজাইলেম কেন্দ্রের দিকে অবস্থিত।

৬। ভাস্কুলার বান্ডল সংযুক্তম সমপার্শ্বীয় ও বন্ধ (জাইলেম ও ফ্লোয়েমের মাঝে ক্যাম্বিয়াম নেই) প্রকৃতির।

## অধ্যায়: উদ্ভিদ শারীরতত্ত্ব

Stephen Heles উদ্ভিদ শারীরতত্ত্বের জনক।

### খনিজ লবণ পরিশোষণ

- উদ্ভিদের মোট ১৭টি উপাদান অত্যাবশকীয়। এর মধ্যে H, C, O ছাড়া বাকি সবকটি উপাদান উদ্ভিদ মাটি থেকে শোষণ করে।
- সবচেয়ে দ্রুতগতিতে শোষিত হয়→ $K^+$ এবং $NO_3^-$ আয়ন।
- সবচেয়ে ধীর গতিতে শোষিত হয়→ $Ca^{2+}$ এবং $SO_4^{2-}$ আয়ন।
- $Mg^{2+}$ is necessary for ক্লোরোফিল এবং ক্লোরোফিল is necessary for সালোকসংশ্লেষণ।
- ফসফরাসের অভাবে উদ্ভিদের পাতা ও ফল ঝরে যায়।
- যে মৌলগুলো বেশি পরিমাণে লাগে সেগুলো ম্যাক্রো মৌল এবং যে মৌলগুলো কম পরিমাণে লাগে সেগুলো মাইক্রো মৌল।
- ম্যাক্রো মৌল ৯টি। যথা: Mg, K, C, H, O, P, S, N, Ca। বাকি ৮টি মাইক্রো মৌল।
- কিছু উপকারী মৌল:

  Si→ ঘাসের জন্য।

  সোডিয়াম→ $C_4$ উদ্ভিদের জন্য।

  আয়োডিন→ সামুদ্রিক শৈবালের জন্য।

  কোবাল্ট→ নাইট্রোজেন ফিক্সিং লিগিউম এর জন্য।

**আয়ন এক্সেচেঞ্জের ২টি মতবাদ আছে:**

**১। $CO_2$ এক্সচেঞ্জ মতবাদ:** উদ্ভিদমূল শ্বসন প্রক্রিয়ায় যে $CO_2$ সৃষ্টি করে কার্বনিক এসিড ($H_2CO_3$) তৈরি করে।

**২। কনট্যাক্ট এক্সচেঞ্জ মতবাদ**

❒ **উদ্ভিদের খনিজ লবণ পরিশোষণ প্রক্রিয়া:** দুইভাবে হয় যথা:

**১। সক্রিয় লবণ পরিশোষণ:** ঘনত্ব আনতির বিপরীতে ঘটে তাই বিপাকীয় শক্তির প্রয়োজন হয়। অধিকাংশ খনিজ লবণ এভাবেই শোষিত হয়। এই পরিশোষণের মতবাদগুলো হরো-

ক. সাইটোক্রোম পাম্প মতবাদ বা লুনডেগড় মবতবাদ- সাইটোক্রোম এখানে বাহক।

খ. প্রোটন অ্যানায়ন কো-ট্রান্সপোর্ট মতবাদ।

গ. লেসিথিন মতবাদ।

ঘ. আয়ন বাহক ধারণা।

**২। নিষ্ক্রিয় লবণ পরিশোষণ:** বিপাকীয় শক্তির প্রয়োজন নেই। মতবাদসমূহ:

ক. ব্যাপন মতবাদ।

খ. আয়ন বিনিময় মতবাদ: $H^+$ বাইরে যায় $K^+$ ভেতরে আসে এবং $OH^-$ বাইরে যায় $Cl^-$ ভেতরে আসে।

গ. ডোনান সম্যাবস্থা মতবাদ।

ঘ. ব্যাপক প্রবহামত্রা মতবাদ।

❒ **খনিজ লবণ পরিশোষণের প্রভাবক সমূহ:**

১। আয়নের ঘনত্ব। ২। তাপমাত্রা। ৩। আলো।

৪। প্রস্বেদন। ৫। অক্সিজেন। ৬। শ্বসনিক বস্তু।

৭। বৃদ্ধি অঞ্চল।

৮। আয়নিক পারস্পরিক ক্রিয়া: ক্যালসিয়াম ও ম্যাগনেশিয়াম আয়নের উপস্থিতি পটাশিয়াম আয়নের শোষণকে বাধাগ্রস্ত করে।

এই ৮টি বাড়লে খনিজ লবণ শোষণ বাড়ে।

❒ **প্রস্বেদন:**

- গ্যানং পটোমিটারের সাহায্যে এর হার নির্ণয় করা যায়।
- পানির ১% দেহে অবস্থান করে এবং ৯৯% পানি বাষ্পাকারে বের হয়ে যায়।
- বিজ্ঞানী কার্টিস প্রস্বেদনকে 'প্রয়োজনীয় অমঙ্গল' বলেছেন।
- প্রস্বেছদনকে তিনভাগে ভাগ করা হয়। যথা:

  **১। পত্ররন্ধ্রীয় প্রস্বেদন:** পত্ররন্ধ্রের মধ্য দিয়ে প্রস্বেদন। শতকরা ৯৫ থেকে ৯৮ ভাগ প্রস্বেদন এ প্রক্রিয়ায় হয়। পাতাই প্রস্বেদনের প্রধান অঙ্গ।

  **২। ত্বকীয় বা কিউটিকুলার প্রস্বেদন:** পত্রত্বকের কিউটিকলের মধ্য দিয়ে প্রস্বেদন। কিউটিন হলো স্নেহ জাতীয় পদার্থ। ২% থেকে ৫% প্রস্বেদন এভাবে হয়।

  **৩। লেন্টিকুলার প্রস্বেদন:** কাণ্ডের লেন্টিসেলের মধ্য দিয়ে প্রস্বেদন। দিবা-রাত্রি সমভাবে চলতে থাকে।

  ❒ **পত্ররন্ধ্র বা স্টোম্যাটা:** দুটি অর্ধচন্দ্রাকৃতির রক্ষীকোষ নিয়ে গঠিত পত্ররন্ধ্র। পত্ররন্ধ্র

  প্রতি ১ সেমি² এলাকায় ১,০০০-৬০,০০০ পত্ররন্ধ্র থাকতে পারে।
- অধিকাংশ উদ্ভিদেও পত্ররন্ধ্র সকাল ১০-১১ টা এবং বিকেল ২-৩টা পূর্ণ খোলা থাকে। অন্যান্য সময় আংশিক খোলা থাকে। রাতে বন্ধ থাকে। তবে পাথর কুচি দিনে বন্ধ ও রাতে খোলা থাকে।
- লুকায়িত পত্ররন্ধ্র প্রস্বেদনের হার হ্রাস করে।

❒ **পত্ররন্ধ্র খোলা ও বন্ধ হওয়ার বিভিন্ন মতবাদ সমূহ**

১। বিজ্ঞানী H. Von Mohl→ রক্ষীকোষের স্ফীতির পরিবর্তনই পত্ররন্ধ্র খোলা ও বন্ধ হওয়ার প্রধান কারণ।

২। বিজ্ঞানী E. F Loyed→ স্টার্চ শুগ্যার মতবাদ।

৩। বিজ্ঞানী Shayre→ pH মতবাদ।

৪। আধুনিক মতবাদ বা প্রোটন প্রবাহ মতবাদ।

*নীল আলো পত্ররন্ধ্র খোলা ত্বরান্বিত করে।

❒ **প্রস্বেদনের প্রভাবক সমূহ:** প্রস্বেদনের প্রভাবকসমূহকে দু'ভাগে ভাগ করা যায় যথা: বাহ্যিক প্রভাবকসমূহ এবং অভ্যন্তরীণ প্রভাবকসমূহ।

❒ **বাহ্যিক প্রভাবকসমূহ:**

১। আলো ২। তাপমাত্রা

৩। আপেক্ষিক আদ্রতা: আপেক্ষিক আদ্রতা বাড়লে প্রস্বেদন হ্রাস পায়।

৪। বায়ুপ্রবাহ

৫। আবহমণ্ডলের চাপ: বায়ুমণ্ডলের চাপ বাড়লে প্রস্বেদন হ্রাস পায়।

৬। মাটিস্থ পানি

❒ **অভ্যন্তরীন প্রভাবকসমূহ:**

১। মূল-বিটপ অনুপাত ২। পাতার আয়তন ও সংখ্যা

৩। পাতার গঠন

৪। মেসেফিল টিস্যুতে পানির পরিমাণ

৫। জীবনীশক্তি

### সালোকসংশ্লেষণ

$$6CO_2 + 12H_2O \xrightarrow[\text{ক্লোরোফিল}]{\text{সূর্যালোক}} C_6H_2O_6 + 6H_2O + 6O_2$$

- ফটোসিথোসিস অঙ্গানু- সবুজ পাতার ক্লোরোপ্লাস্ট।
- ফটোথিসিস এর স্থান- ক্লোরোপ্লাস্টের থাইলাকয়েড।
- রঞ্জক পদার্থ- ক্লোরোফিল, ক্যারোটিনয়েডস, ফাইকোবিলিন্স।
- জ্যান্থোফিল = হলুদ বর্ণ, ক্যারোটিন = কমলা বর্ণ।
- নীল রং এর রঞ্জক পদার্থ = ফাইকোসোয়ানিন।
- নীল রং এর রঞ্জক পদার্থ = ফইকোত্ররিথ্রিন।
- সালোকসংশ্লেষণের মূল পিগমেন্ট হলো ক্লোরোফিল-a।

- লাল আলোতে সালোকসংশ্লেষণ বেশি হয়।
- বায়োলজিতে সবচেয়ে শক্তিশালী $p680^+$ অক্সিডেন্ট।
- চক্রীয় ফটোফসফরাইলেশন: PS-II হতে আবার PS-II এ ফিরে আসে।
- অচক্রীয় ফটোফসফরাইলেশন: PS-II হতে PS-I এ যায়।
- সালোকসংশ্লেষণ প্রক্রিয়া দুইভাগে বভিক্ত। যথা:
  ১। আলোকনির্ভর ২। আলোক নিরপেক্ষ

❒ **আলোক নির্ভর অধ্যায়:** ATP ও NADPH + $H^+$ তৈরি হয়। এই অংশের জন্য আলো অপরিহার্য।

❒ **আলোক নিরপেক্ষ অধ্যায়:** কার্বন বিজারণ পদ্ধতি।

- ক্লোরোপ্লাস্টের স্ট্রোমাতে সংঘটিত হয়।
- কার্বোহাইড্রেট সৃষ্টির ৩টি স্বীকৃত পথ আছে। যথা:

১। ক্যালভিন চক্র ২। হ্যাচ ও স্ল্যাক চক্র
৩। CAM প্রক্রিয়া

**ক্যালভিন চক্র ও হ্যাচ-স্ল্যাক চক্রের মধ্যে পার্থক্য**

| পার্থক্যের বিষয় | ক্যালভিন চক্র | হ্যাচ ও স্ল্যাক চক্র |
|---|---|---|
| যে কোষে ঘটে | কেবল মেসোফিল কোষে হয়। | মেসোফিল ও বান্ডলসীথ কোষে হয়। |
| ফটোরেসপিরেশন | ঘটে | ঘটে না |
| প্রাথমিক $CO_2$ গ্রহীতা | RuBP (রাইবুলেজ ১-৫ বিসফসফেট) | PEP (ফসফোইনল পাইরুভিক অ্যাসিড) |
| $CO_2$ ফিকসিং এনজাইম | রুবিস্কো | PEP-কার্বোক্সিলেজ |
| প্রথম স্থায়ী দ্রব্য | ৩-ফসফোগ্লিসারিক অ্যাসিড [PGA] (৩-কার্বন) | অক্সালো অ্যাসিটিক অ্যাসিড [OAA] (৪-কার্বন) |
| $CO_2$ এর জন্য কার্বোক্সিলেজ এর দক্ষতা | মাধ্যম | উচ্চ |
| ক্লোরোপ্লাস্টের ধরন | একই রকম | ক্লোরোপ্লাস্টের ধরন দু'রকম: বান্ডলসীথ ক্লোরোপ্লাস্ট এবং মেসোফিল ক্লোরোপ্লাস্ট। |
| আদর্শ তাপমাত্রা | ১০° সে. থেকে ২৫° সে | ৩০°সে. থেকে ৪৫° সে. |
| $CO_2$ এর ঘনত্ব | বায়ুমণ্ডলে প্রতি মিলিয়নে কমপক্ষে 50ppm $CO_2$ থাকা প্রয়োজন | ০.১০ $CO_2$ থাকলেও চলে। |

**$C_3$ উদ্ভিদ ও $C_4$ উদ্ভিদের মধ্যে পার্থক্য**

| পার্থক্যের বিষয় | $C_3$ উদ্ভিদ | $C_4$ উদ্ভিদ |
|---|---|---|
| তাপমাত্রা | উচ্চ তাপমাত্রায় খাপখাইয়ে নিতে সক্ষম নয়দ | উচ্চতাপমাত্রায় খাপ খাইয়ে নিতে সক্ষম |
| ক্র্যাঞ্জ অ্যানাটমি | পাতার বান্ডলসীথকে ঘিরে মোসোফিল কোষের কোনো পৃথক স্তর থাকে না | পাতার বান্ডলসীথকে ঘিরে অরীয়ভাবে সজ্জিত মেসোফিল কোষর ঘন স্তর বিদ্যমান (ক্র্যাঞ্জ অ্যানাটমি) |
| ক্লোরোপ্লাস্টের প্রকার | গঠনগতভাবে ক্লোরোপ্লাস্ট একই রকম | গঠনতভাবে ক্লোরোপ্লাস্ট ২ রকম ক. গ্রানাযুক্ত মেসোফিল ক্লোরোপ্লাস্ট খ. গ্রানাবিহীন বান্ডলসীথ ক্লোরোপ্লাস্ট |
| $CO_2$ এর ঘনত্ব | সালোকসংশ্লেষণের জন্য বায়ুমণ্ডলে $CO_2$ এর ঘনত্ব কমপক্ষে ৫০ppm (parts per million) প্রয়োজন (৫০-১০০ppm) | সালোকসংশ্লেষণের জন্য বায়ুমণ্ডলে $CO_2$ এর ঘনত্ব কমপক্ষে ০.১০ ppm প্রয়োজন (০.১০-১০ ppm) |
| বিক্রিয়া | মেসোফিল কোষে আলোক বিক্রিয়া এবং ক্যালভিন চক্র সম্পন্ন হয় | মেসোফিল কোষে আলোক বিক্রিয়া এবং বান্ডলসীথ কোষে $CO_2$ সৃষ্টি ও ক্যালভিন চক্র সম্পন্ন হয় |
| উৎপত্তি | মনে করা হয় বেশির ভাগ $C_3$ উদ্ভিদ অপেক্ষাকৃত শীতপ্রধান অঞ্চলে উৎপত্তি লাভ করেছে | মনে করা হয় বেশির ভাগ $C_4$ উদ্ভিদ উষ্ণমণ্ডলে উৎপত্তি লাভ করেছে |
| সালোকসংশ্লেষণের হার | এসব উদ্ভিদের সালোক সংশ্লেষনের হার কম | এসব উদ্ভিদের সারোক সংশ্লেষণের হার বেশি |
| $O_2$ এর উপস্থিতি | স্বাভাবিক পরিমাণের চেয়ে 1% বেশি অক্সিজেনের উপস্থিতি সালোকসংশ্লেষণ বাধাপ্রাপ্ত হয় | অতিরিক্ত অক্সিজেনের উপস্থিতি সালোকসংশ্লেষণ বাধাপ্রাপ্ত হয় না |
| উদাহরণ | ধান, গম, বার্লি, আম, জাম, কাঁঠালসহ ৮৫% উদ্ভিদ | গিনি ঘাস, ইক্ষু, ভুট্টা, মুথা ঘাস ইত্যাদি |

❒ **শ্বসন:** শ্বসন দুই প্রকার। যথা- সবাত ও অবাত শ্বসন।

▶ **সবাত শ্বসন ৪টি ধাপে সম্পন্ন হয় যথা-**

**১। গ্লাইকোলাইসিস:** এই ধাপে সবাত ও অবাত উভয় শ্বসনেরই প্রথম ধাপ। গ্লাইকোলাইসিস বিক্রিয়া কোষের সাইটোপ্লাজমে ঘটে। এর সবকয়টি এনজাইম দ্রবণীয়।

**২। পাইরুভিক এসিডের অক্সিযেশন:** স্থান: মাইটোকন্ড্রিয়নের ম্যাট্রিক্স।

**৩। ক্রেবস চক্র বা সাইট্রিক এসিড চক্র (TCA):** স্থান: মাইটোকন্ড্রিয়নের ম্যাট্রিক্স। এই চক্রে শক্তি উৎপন্ন হয়। ATP হলো জৈব মুদ্রা।

**৪। ইলেকট্রন স্থানান্তর Chain:** স্থান: মাইটোকন্ড্রিয়াল মেমব্রেন। ETC তে কোনো ATP তৈরি হয় না।

সবাত শ্বসনে মোট 36টি অনু ATP তৈরি হয়। এর মধ্যে ক্রেবস চক্রে 24টি ATP ও গ্লাইকোলাইসিসে 6 অণু ATP (৪টির মধ্যে 2টি ATP খরচ হয়ে যায়)।

- অবাত শ্বসনে ১ অনু গ্লুকোজ হতে ২ অনু ল্যাকটিক এসিড উৎপন্ন হয়।

**বিভিন্ন শিল্পে অবাত শ্বসনের ব্যবহার**

- **মদ্য শিল্পে:** আঙ্গুরের রস থেকে ওয়াইন এবং আপেলের রস থেকে সিডার প্রস্তুত করা হয়।
- **অ্যালকোহল প্রস্তুতে**
- **দুধ শিল্পে:** দুধের সাথে Lactobacillus helveticus, Streptococcus lactis ব্যাকটেরিয়া মিশিয়ে ৩-৫ ঘণ্টার মধ্যে ৩৭-৩৮°C তাপমাত্রায় দই তৈরী করা হয়।
- **চর্মশিল্পে।**

**শ্বসনের হার**

- শ্বসরেন হার $= \dfrac{\text{নির্গত } CO_2 \text{ এর অণুর পরিমাণ}}{\text{গৃহীত } O_2 \text{ অণুর পরিমাণ}}$
- গ্লুকোজের শ্বসনিক হার = 1
- ম্যালিক অ্যাসিডের শ্বসনিক হার = 1.33
- অলিক অ্যাসিডের শ্বসনিক হার = 0.71

❒ **শ্বসন প্রক্রিয়ার প্রভাবকসমূহ:**

**(ক) বাহ্যিক প্রভাক:**

**১। তাপমাত্রা:** 20°-35°C তাপমাত্রায় শ্বসন প্রক্রিয়া ভালোভাবে চলে। 45°C এর উপরের তাপমাত্রায় উৎসেচকসমূহের বিক্রিয়ার হার তথা শ্বসনের হার কমে যায়।

২। অক্সিজেন ৩। পানি ৪। আলো
৫। কার্বন ডাই-অক্সাইডের-এর ঘনত্ব

**(খ) অভ্যন্তরীণ প্রভাবক সমূহ:**

১। জটিল খাদ্যদ্রব্য ২। উৎসেচক
৩। কোষের বয়স ৪। কোষস্থ অজৈব লবণ
৫। কোষ মধ্যস্থ পানি ৬। মাটিতে অজৈব লবণ

## অধ্যায়: নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদ

**টপিক**

- নগ্নবীজী উদ্ভিদ ও এর বৈশিষ্ট্য
- সাইকাস
- আবৃতবীজী ও এর বৈশিষ্ট্য
- Poceae এবং Malvaceae

## নগ্নবীজী উদ্ভিদ/ব্যক্তবীজী

- বীজ নগ্ন, গর্ভাশয় থাকে না, ফল উৎপন্ন হয় না।
- নগ্নবীজী উদ্ভিদ পজাতিসমূহ ৪টি বিভাগে অন্তর্ভুক্ত- Ginkgophyta, Cycadophyta, Gnetophyta, Coniferophyta
- Ginko biloba জীবন্ত ফসিল + সবচেয়ে প্রাচীনতম বীজযুক্ত উদ্ভিদ।
- Welwitschea উদ্ভিদের পুংকোন দেখতে ফুলের মতো।
- Sequoia Sempervirens কনিফার জাতীয় উদ্ভিদ যা পৃথিবীর সব চেয়ে উঁচু।
- ব্রিসল কোন পাইন→ পৃথিবীর সবচেয়ে প্রাচীন বৃক্ষ যা আমেরিকা নাভাডা ও ক্যালিফোর্নিয়ায় বিদ্যমান।
- Gnetum এর পাতা আবৃতবীজী উদ্ভিদের মতো।
- Ephedra উদ্ভিদের দ্বিনিষেক ঘটে। ইফেড্রিন- শ্বসকষ্টের ঔষধ।
- Leaf scare নগ্নবীজী উদ্ভিদের ভিন্নধর্মী বৈশিষ্ট্য।

❒ **নগ্নবীজী উদ্ভিদের বৈশিষ্ট্য:**

- উদ্ভিদের বহুকোষজীবী, স্পোরোফাইট অসমরেণুপ্রস্থ
- স্পোরোফিল সন্নিবেশিত হয়ে স্ট্রোবিলাস গঠন করে।
- পরাগরেণু সরাসরি ডিম্বকরেন্ধ্রে পতিত হয়।
- নগ্নবীজী উদ্ভিদে দ্বিনিষেক ঘটে না। ব্যতিক্রম: Ephedra শ্বাস হ্যাপ্লয়েড ও নিষেকের পূর্বে সৃষ্টি হয়।
- জাইলেম টিস্যুতে সত্যিকারে ভেসেল কোষ থাকে না (ব্যতিক্রম Gnetum) ফ্লোয়েম টিস্যুতে সঙ্গীকোষ থাকে না।
- সকলেই বায়ু পরাগী।
- জীবনচক্রে অসমআকৃতির জনুক্রম বিদ্যমান।
- সাধারণত আর্কিগোনিয়া সৃষ্টি হয়।

## Cycas

- Cycas উদ্ভিদ স্পোরোফাইট, দেহ, মূল কান্ড ও পাতায় বিভক্ত।
- কচি পাতার ভার্নেশন সারসিনেট (কুণ্ডলিত)
- পাতায় ট্রান্সফিউশন টিস্যু বিদ্যমান।
- গৌণ অস্থানিক কোরালয়েড মূল বিদ্যমান।
- হেটারোস্পেরিক
- বাতাসের মাধ্যমে পরাগায়ন ঘটে, শস্য হ্যাপ্লয়েড।
- পাতা পক্ষল যৌগিক।
- জীবাশ্ম বা লিভিং ফসিল।
- Cycas pectinata→ চট্টগ্রামে জন্মায়, সজি হিসেবে খাওয়া যায়।
- Cycas circinalis→ বার্লি, পীড়া ও চর্মরোগ ঔষধ।
- Cycas revoluta→ এর বীজ খাদ্য হিসেবে

❒ **পাতা:**

২ ধরনের যথা:

১। সবুজ বৃহদাকার পল্লবপত্র।

২। বাদামী বর্ণের ক্ষুদ্র শল্কপত্র।

- পর্ণপত্র ও রোমশ শল্কপত্র আছে
- পামফার্ন বলে
- র‍্যাকিস মোটা

❒ **মূল:**

- অস্থানিক মূল
- Nostoc, Anabana
- সায়ানেব্যাকটেরিয়ার জন্য কোরালের মূল হয়।
- শৈবাল স্তর থাকে।

❒ **জনন:** Cycas এর বংশবৃদ্ধি ২ ভাবে হয়।

⇒ অযৌন জনন: অঙ্গজ জনন প্রক্রিয়া।

⇒ যৌন জনন: পুংরেণু পত্র এর সরু বর্ধিত মাথাকে অ্যাপোফাইসিস বলে।

- পৃষ্ঠদেশে বহু স্পোরোজ্ঞিয়া তৈরি হয়।
- ২-৫টি স্পোরোজ্ঞিয়া একত্রে অবস্থান করে যাকে সোরাস বলে।
- স্ত্রী উদ্ভিদের মাথায় স্ত্রীরেণুপত্র তৈরি হয় (২-৪) জোড়া যা বাজারে সর্পমনি নামে বিক্রয় হয়।
- Cycas থেকে সাগুদানা তৈরি হয়। এর কাণ্ডের মজ্জা হতে মদ তৈরি হয়।

## আবৃতবীজী উদ্ভিদ/সপুষ্পক উদ্ভিদ

- পৃথিবীর সবচেয়ে ক্ষুদ্রাকার উদ্ভিদ: Wolfia microsecopia যা 0.1mm.
- বাংলাদেশের সবচেয়ে ক্ষুদ্রতম আবৃতবীজী-Wolffia arrhiza
- সর্বাধিক লম্বা উদ্ভিদ: বৈলাম, গর্জন, তেলগুর।

## আবৃতবীজী উদ্ভিদের বৈশিষ্ট্য

- উদ্ভিদ স্পোরোফাইট, পুষ্পক এবং ভাস্কুলার টিস্যু সমৃদ্ধ।
- শুক্রাণু ফ্লাজেলাবিহীন, পরাগরেণু গর্ভমুণ্ডে পতিত হয়।
- দ্বিনিষেক ঘটে, বীজ ১টি বা ২টি বীজপত্র থাকে।
- শুক্রানু সর্বত্র নিশ্চল এবং আর্কিগোনিয়াস অনুপস্থিত।
- ২টি শ্রেণিতে বিভক্ত:

  ১। দ্বিবীজপত্রী/ম্যাগনোলিয়া

  ২। লিলি শ্রেণি/ একবীজপত্রী
- আর্থার ক্রনকুইস্ট ৩৮০টি গোত্রের অন্তর্ভূক্ত করেছেন-

  দ্বিবীজপত্রী: ৩১৫

  একবীজপত্রী: ৬৫

**স্বভাব:**

**বীরুৎ:** Herb: ধান, গম, দূর্বাঘাস, সরিষা, আদা।

**উপগুল্ম:** কালকাসুন্দা, দাদমর্দন, বেগুন।

**গুল্ম:** রঙ্গন, জবা, গোলাপ।

**বৃক্ষ:** আম, জাম

**পরাশ্রয়ী:**

## মূল

**প্রধানমূল:** দ্বিবীজপত্রী ।

**অস্থানিকমূল:** কেয়া, বট, অশ্বত্থ, টেরিস।

**গুচ্ছমূল:** একবীজপত্রী।

**পরাশ্রীয়:** অর্কিডের।

**কণ্ডাল:** মিষ্টি আলু, সন্ধ্যামালতি।

## কাণ্ড

**১। ফাপা কাণ্ড:** ঘাস গোত্রের উদ্ভিদ

⇒ Cypcraceae গোত্রের উদ্ভিদ কাণ্ড তিন কোনা বিশিষ্ট।

⇒ Lamiceae গোত্রের উদ্ভিদ কাণ্ড চার কোনা বিশিষ্ট।

২। **রাইবোজমঃ** আদা, হলুদ।
৩। **টিউবারঃ** মিষ্টি আলু।
৪। **বাল্বঃ** রসুন, পেঁয়াজ।
৫। **রানারঃ** থানকুনি।

## পাতা

পাতার বোটাই পিটিওল→ বোটা থাকলে→ পিটিওলেট

বোটা না থাকলে→ সেসাইল

**ল্যামিনা বা পত্রফলক**
**স্টিপিউল বা উপপত্র**

- **সিম্পল লিফঃ** আম, জাম, কাঁঠাল।
- **কম্পাউন্ড লিফঃ** গোলাপ, নিম, লজ্জাবতী, সজিনা, কামেনী, নারিকেল।
- **অচূড়পক্ষলঃ** বাদর লাঠি।
- **সচূড়পক্ষলঃ** গোলাপ।
- **দ্বিপক্ষলঃ** কৃষ্ণচূড়া।
- **ত্রিপক্ষলঃ** সজিনা।

❒ **পত্রফলকের ভিনেশন**
**রেটিকুলেটঃ** দ্বিবীজপত্রী
**প্যারালালঃ** একবীজপত্রী
**পুষ্পবিন্যাসঃ** ২ প্রকার
১। রেসিমোসঃ
i. রেসিমঃ সরিষা
ii. স্পাইকঃ রজনীগন্ধা
iii. স্পাইকলেটঃ ধান, গম, ঘাস।
iv. সরল আম্বেলঃ ধানে
v. শিরমঞ্জুরীঃ সূর্যমুখী।
vi. অনুমঞ্জুরীঃ ধান।
vii. ক্যাপিচুলাম/ শিরমঞ্জুরীঃ গাঁদা, সূর্যমুখী।
২। সাইমোস বা নিয়ত পুষ্পবিন্যাসঃ জবা

❒ **Information:**
i. ক্যালিক্স = বৃতি
ii.করোলা = দলমণ্ডল
iii. পেটাল = পাপড়ি

## পুষ্পপত্র বিন্যাস

১। ভালভেট- জবা ফুলের বৃতি, আকন্দ, ববেলা
২। টইস্টেড বা পাকানো- জবা ফুলের দলমণ্ডল।
৩। ইমব্রিকেট- কৃষ্ণচূড়া, কালকাসুন্দা।
৪। কুইনসিয়াল- সরিষা

- উভলিঙ্গ পুষ্প-জবা।
- একলিঙ্গ পুষ্প- লাউ
- সম্পূর্ণ ফুল- জবা
- অসম্পূর্ণ ফুল- কুমড়া
- বহিপ্রতিসম পুষ্প- জবা, সরিষা

## অমরা বিন্যাস

১। অক্সাইল বা অক্ষীয়- জবা।
২। সুপারফিশিয়্যাল বা বহুপ্রান্তীয়- শাপলা, পদ্ম।
৩। বেসাল বা মূলীয়- সূর্যমুখী, ধান।

## ফল

▶ প্রকৃত ফলঃ আম, জাম, লিচু।
▶ অপ্রকৃত ফলঃ আপেল।
▶ যৌগিক ফলঃ কাঁঠাল।
▶ গুচ্ছিত ফলঃ আতা
▶ ক্যারিঅপসিসঃ ধান, গম।
▶ বেরিঃ কলা, টমেটো।

## একবীজপত্রী উদ্ভিদের গোত্র পরিচিতি

❒ **বৈশিষ্ট্যঃ**
১। বীজপত্র একটি থাকে।
২। অস্থানিক মূল বিদ্যমান।
৩। পাতার শিরবিন্যাস সমান্তরাল।
৪। পুষ্প ট্রাইমেরাস অর্থাৎ ৩ বা ৩ এর গুণিতক।
৫। বীজপত্রের অবস্থান শীর্ষক এবং ভ্রূণমুকুল পার্শ্বীয়।
৬। গৌণ বৃদ্ধি ঘটে না।

## Poaceae গোত্র

❒ **বৈশিষ্ট্যঃ**
১। পাতা লিগউলবিশিষ্ট।
২। পুষ্পবিন্যাস স্পাইকলেট।
৩। পরাগধানী সর্বমুখ।
৪। অমরাবিন্যাস মূলীয়।
৫। ফল ক্যারিঅপসিস।

❒ **Poaceae গোত্রের কয়েকটি উদ্ভিদঃ**
১। Bambusa bambos (বাঁশ): বাঁশ হলো ঘাস।
২। Oryza sativa (ধান):
৩। Saccharum officinarum (আখ, ইক্ষু)
৪। গম, ভুট্টা।

## দ্বিবীজপত্রী উদ্ভিদের গোত্র পরিচিতি

❒ **বৈশিষ্টঃ**
১। বীজপত্র দুটি থাকে।
২। প্রধান মূলতন্ত্র বিদ্যমান।
৩। পাতার শিরবিন্যাস জালিকাকার।
৪। পুষ্প টেট্রা পেন্টামেরাস অর্থাৎ ৪, ৫ বা এদের গুণিতক।
৫। বীজে বীজপত্রের অবস্থান পার্শ্বীয় এবং ভ্রূণমুকুল শীর্ষক।

## মালভেসি গোত্র

❒ **বৈশিষ্টঃ**
১। দলমন্ডল টুইস্টেড (পাকানো)।
২। পরাগধানী বৃক্কাকার।
৩। পরাগরেণু বৃহৎ এবং কন্টকিত।
৪। অমরাবিন্যাস অক্ষীয়।

❒ **Malvacea গোত্রের উদ্ভিদসমূহঃ**
১। জবাঃ অমাশয় ও অর্শরোগের ঔষধ। জবার রস চুল পড়া বন্ধ করে।
জবার বৈজ্ঞানিক নাম *Habisus rosa-sinesis*
২। ঢেড়শঃ শারীরীক দুর্বলতা সারে, বহুমুত্র রোগের ঔষধ।
৩। কার্পাস তুলা ৪। স্থল পদ্ম
৫। ইন্ডিয়ান টিউলিপ

## কোষ বিভাজন

- কোষের বিভাজনের প্রকারভেদ
- কোষ চক্র
- সাইটোসিসের পর্যায়
- মিয়োসিসের পর্যায়

## কোষ বিভাজনের প্রকারভেদ

- সামুদ্রিক স্যালমন্ডার (Triturus maculosa) কোষে প্রথম কোষ বিভাজন লক্ষ্য করেন Walter Flemming- ১৮৮২ সালে।
- মানুষের দেহ কোষ = 2n, শুক্রাণু বা ডিম্বানু = n
- কোষ বিভাজন ৩ প্রকার:
  - ⇒ অ্যামাইটোসিস/প্রত্যক্ষ্য কোষ বি.
  - ⇒ মাইটোসিস বা সমীকরনিক
  - ⇒ মায়োসিস বা হ্রাসমূলক
- অ্যামাইটোসিস: জটিল মাধ্যমিক পর্যায় নাই।
  ঘটে⟶ ইস্ট, প্রোটোজোয়া, এককোষী জীব।

## কোষ চক্র

- হাওয়ার্ড ও পেল্ক আবিষ্কারক
- যে চক্রে কোষ সৃষ্টি, বৃদ্ধি, বিভাজন = কোষ চক্র।
- প্রাপ্ত বয়স্ক ব্যক্তিতে কোষ থাকে $10^{14}$টি বা 100 ট্রিলিয়ন।
- পর্যায়/ধাপ ২টি- ⇒M- ফেজ/মাইটোসিস⟶ ৫/১০%
  ⇒ ইন্টারফেজ (৯০-৯৫)%
- কোষ চক্র নিয়ন্ত্রিত হয় ⇒ জেনেটিক প্রোগ্রাম দ্বারা
  ⇒ অভ্যন্তরীণ উদ্দীপনা প্রদান-cdk যোগ
  ⇒ হরমোন ও গ্রোথ ফ্যাক্টরি।
- Bone marrow তে- RBC বৃদ্ধির জন্য কিডনি erythroprotein তৈরি।

## ইন্টারফেজ

⇒ এই নিউক্লিয়াস⟶ বিপাকীয় নিউক্লিয়াস।

⇒ ৩টি উপপর্যায়ে ($G_1$, S, $G_2$) দশা।

⇒ $G_1$ দশা: ⟶ সাইক্লিন protein তৈরি করে।

→ cdk সাথে যুক্ত হয়ে গতি ত্বরান্বিত করে।

→ cdk ফসফরাইলেশন নিয়ন্ত্রণ করে।

→ কোষ আমৃত্যু $G_1$ দশায় থাকে।

**⇒ S দশা** (৩০-৩৫)% : → DNA সূত্রের রেপ্লিকেশন হয়।

**⇒ $G_2$ দশা:** ⟶মাইক্রোটিউবিউল⟶ স্পিন্ডল তন্তু তৈরি

→ সেন্ট্রোসোম⟶ 2 সেন্ট্রোসোম

→ ATP তৈরি + MPF দরকার

## M-phase

৪০। গ্রীন হাউজ গ্যাসে CFC এর শতকরা পরিমান কত? ঘ

A. ১৬% B. 6% C. 13% D. 14%

## CHAPTER - 2

১। 2, 4-ডাইমিথাইল হেক্সেন অণুতে মিথিলিন এর সংখ্যা -
A. 1 B. 2 C. 3 D. 4

২। কাইরাল কেন্দ্রবিশিষ্ট অ্যালকোহল কোনটি?
A. 2-মিথাইল-2-বিউটানল B. 2-মিথাইল-2-বিউটানল C. বিউটানল-2 D. 1, 3-ডাই মিথাইল-1-ক্লোরো বিউটানল-1

৩। আলোক সক্রিয় একে অপরের দর্পন প্রতিবিম্ব নয়, এরুপ যৌগকে কী বলে?
A. ডায়াস্টেরিওমার B. রেসিমিক মিশ্রন C. মেসো যৌগ D. এনানসিওমার

৪। $C_2H_6O$ দ্বারা সর্বাধিক কয়টি সমাণু লেখা সম্ভব?
A. 2 B. 3 C. 4 D. 5

৫। কোনটি সর্বাধিক স্থিতিশীল কার্বোনিয়াম আয়ন?
A. $^+CR_3$ B. $^+CHR_2$ C. $^+CH_2R$ D. $^+CH_3$

৬। বেনজিনকে ওজোনীকরণ করলে নিচের কোন যৌগটি পাওয়া যায়?
A. অক্সালিক এসিড B. গ্লাইঅক্সিম C. গ্লাইঅক্সাল D. গ্লাইসিন

৭। নাইট্রোবেনজিনে বেনজিন চক্রের কোন কার্বনে ইলেকট্রন ঘনত্ব বেশি?
A. ১ নং B. ২ নং C. ৩ নং D. ৪ নং

৮। $HC \equiv CH \xrightarrow[70^0 C]{Ni}$ A; A- তে কার্বন-কার্বন বন্ধন দৈর্ঘ্য কত?
A. 0.154 nm B. 0.139 nm C. 0.134 nm D. 0.121 nm

৯। কোনটিতে ক্লিমেনসেন বিজারণ ঘটেনি?
A. ইথ্যানাল থেকে ইথেন B. প্রোপানোন থেকে প্রোপেন C. বেনজালডিহাইড থেকে টলুইন D. ইথানোয়িক এসিড থেকে ইথানল

১০। জৈব রসায়নের মেরুদন্ড বলা হয় কোনটিতে?
A. কার্বনিল যৌগ B. হাইড্রোজেন C. বায়োঅণূ D. অ্যামাইনো এসিড

১১। কোন মূলকটির উপস্থিতির কারণে জৈব যৌগ অসম্পৃক্ত না হলেও অসম্পৃক্ততার বেয়ার পরীক্ষা প্রদর্শন করে থাকে -
A. – CN B. $-SO_3H$ C. – CHO D. – COOH

১২। $CH_3COOH$ সনাক্তকরণে নিচের কোনটি ব্যবহৃত হয়?
A. $Na_2CO_3$ B. $NaHCO_3$ C. $As_2O_3$ D. $MnO_2$

১৩। $1^0$, $2^0$ এবং $3^0$ অ্যামিনের মধ্যে পার্থক্য নিরূপনকারী বিকারক কোনটি?
A. $NaNO_2$ এবং গাঢ় HCl B. $NaNO_3$ এবং গাঢ় HCl C. $NaNO_3$ এবং লঘু HCl D. $NaNO_2$ এবং লঘু HCl

১৪। বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইডকে পানিসহ উত্তপ্ত করলে উৎপন্ন হয়-
A. নাইট্রোবেনজিনে B. ফেনল C. অ্যানিলিন D. ক্লোরোবেনজিন

১৫। ডেটলের বেনজিন চক্রে কত নম্বর কার্বনে Cl রয়েছে?
A. 2 B. 3 C. 4 D. 6

১৬। রেইনকোট তৈরিতে কোনটি ব্যবহৃত হয়?
A. টেফলন B. PVC C. পলিস্টারিন D. PPL

১৭। PVC উৎপাদনে কাঁচামাল কোনটি?
A. ইথেন B. ইথিন C. ইথাইন D. বেনজিন

১৮। নিম্নের কোন কার্যকরী মূলকটি প্যারাসিটামলের -
A. $- OCOCH_3$ B. $- NHCOCH_3$ C. $- COOCH_2CH_3$ D. $- SO_2 NH_3$

১৯। কোনটি সুষম চাক্রিক যৌগ?
A. ন্যাপথালিন B. ফিউরান C. পিরিডিন D. থায়োফিন

২০। ক্যাটেনেশন ধর্ম প্রদর্শন করে কোন মৌল?
A. ক্লোরিন B. নাইট্রোজেন C. কার্বন D. অক্সিজেন

২১। কোন পদ্ধতিতে কার্বন-শিকল হ্রাস করা যায়?
A. উর্টজ বিক্রিয়া B. ডিকার্বক্সিলেশন বিক্রিয়া C. উর্টজ-ফিটিগ বিক্রিয়া D. কার্বিল-অ্যামিন বিক্রিয়া

২২। কার্বিল-অ্যামিন বিক্রিয়া দ্বারা কোনটি সনাক্ত করা যায়?
A. গ্লিসারিন B. সেকেন্ডারি অ্যামিন C. টারশিয়ারি অ্যামিন D. ক্লোরোফরম

২৩। $FeCl_3$ দ্রবণের সাহায্যে কোনটি সনাক্ত করা যায়?
A. ফেনল B. এস্টার C. কিটোন D. অ্যালডিহাইড

২৪। নিচের কোন যৌগটি সিলভার দর্পণ পরীক্ষা দেয়?
A. প্রোপানোন B. প্রোপান্যাল C. প্রোপানল D. প্রোপাইন

২৫। DNA কী?
A. একটি পরমানু B. বৃহৎ পলিমার C. একটি অণু D. ন্যানো পার্টিকেল

২৬। ফরমালডিহাইড ফেনলের সাথে উৎপন্ন করে
A.ব্যাকেলাইট B. অ্যাটাকামাইট C. সেরুসাইট D. গ্যালেনা

২৭।গ্লোবিউলার প্রোটিনের গঠন কী ধরনের?
A. 1° B. 2° C. 3° D. কোনটিই নয়

২৮। কোন যৌগের কার্যকরীমূলক শনাক্তকরণের সহজ পদ্ধতি কোনটি?
A. UV B. IR C. MS D. MRI

২৯। শুষ্ক ইথারীয় দ্রবণে ধাতব সোডিয়াম সহ অ্যারাইল হ্যালাইড ও অ্যালকাইল। হ্যালাইড রিফ্লাক্স করলে অ্যালকাইল বেনজিন উৎপন্ন হয়। বিক্রিয়াটির নাম
A. ক্লেইজেন-স্মিড B. উর্টজ-ফিটিগ C. ইটার্ড D. কোব

৩০। কোন যৌগটি অ্যালডল বিক্রিয়া দিবে?
A. HCHO B. $C_6H_5CHO$ C. $H_3CCHO$ D. $(H_3C)_3CCHO$

৩১। চর্বি থেকে সাবান তৈরির ক্ষেত্রে কোন ধরনের বিক্রিয়া সংগঠিত হয়?
A. আর্দ্র বিশ্লেষণ B. পলিমারকরণ C. গাঁজন D. প্রতিস্থাপন E. বিয়োজন

৩২। জৈব যৌগে মৌল শনাক্তকরণ করার জন্য নিচের কোন পরীক্ষাটি করা হয়?
A. কার্বিল অ্যামিন পরীক্ষা B. লেসাইন পরীক্ষা C. অসম্পৃক্ততার পরীক্ষা D. বলয় পরীক্ষা

৩৩। ডায়াবেটিক সুগার নির্ণয়ে মূত্রে ফেলিং দ্রবণ যোগ করলে নিচের কোনটির লালচে অধক্ষেপ পড়ে?
A. $Fe_2O_3$ B. $Cu_2O$ C. $Cu(OH)_2$ D. $Fe(OH)_3$

৩৪। কার্বোনিল (>C= O) গ্রুপের উপস্থিতি পরীক্ষা করা হয়?
A. লুকাস বিকারক B. 2, 4-ডাইনাইট্রোফিনাইল হাইড্রোজিন
C. $HNO_3+H_2SO_4$ D. Ip+KOH এর সাহায্যে।

৩৫। কোনটি ইথার?
A. $R_2COOH$ B. $R_2CHOH$ C. $C_6H_5OCH_3$ D. $H_3COCl$

৩৬। ফেনলের জলীয় দ্রবণ?
A. নীল লিটমাস লাল করে B. লাল লিটমাস নীল করে C. কোন বর্ণ পরিবর্তন করে না D. কোনটিই নয়।

৩৭। গ্লুকোজ থেকে ইথানল তৈরীতে যে এনজাইম ব্যবহৃত হয় তার নাম-
A. ডায়াস্টেস B. জাইমেজ C. ম্যালটেস D. কোনটিই না

৩৮। কোনটি কিডনীকে অকেজো করে?
A. সায়ানোইউরিক এসিড B. ফলিক এসিড C. ল্যাকটিক এসিড D. এসকরবিক এসিড

৩৯। নিম্নোক্ত কোনটি সবচেয়ে বেশী অম্লীয়?

A. $CH_3$–COOH B. HCOOH C. $ClCH_2-COOH$ D. $CH_3COCH_3$

৪০। ন্যাফথালিনে $\pi$ ইলেকট্রন সংখ্যা কয়টি?

A. 2 B. 6 C. 10 D. 14

৪১। অ্যারোমেটিক বলয় সক্রিয়কারী মূলক কোনটি?

A. CHO B. COOH C. $NO_2$ D. $-NH_2$

৪২। গ্যামাক্সিন কি?

A. $C_6H_6Cl_6$ B. $CF_2Cl_2$ C. $COCl_2$ D. $C_4H_{10}O$

৪৩। সূর্যালেকের অনুপস্থিতিতে বেনজিন ও শুষ্ক অওঈও, এর মিশ্রণ উৎপন্ন করে।

A. ডাইক্লোরোবেনজিন B. ক্লোরোবেনজিন ও HCl গ্যাস C. ক্লোরোবেনজিন D. টেট্রাক্লোরোবেনজিন

৪৪। ফসজিন এর সংকেত কোনটি?

A. $CHI_3$ B. $CCl_4$ C. COCl D. $COCl_2$

৪৫। আয়োডোফরম বিক্রিয়া দেয় না-

A. $CH_3COCH_3$ B. HCHO C. $CH_3CHO$ D. $CH_3CH_2OH$

৪৬. $CCl_4-Br_2$ দ্রবণে (লালবর্ণ) কোন যৌগ যোগ করলে দ্রবণ ফ্যাকাশে বা বর্ণহীন হয়ে যায়?

A. প্রোপানল B.প্রোপিন-1 C. বেনজিন D. টারশিয়ারি বিউটেন E. এসিটিক এসিড

৪৭। পার অক্সাইডের উপস্থিতিতে প্রোপিনের সাথে ঐইৎ এর সংযোজন বিক্রিয়ার মূল উৎপাদ কোনটি?

A. 1-ব্রোমোপ্রোপেন B. 2-ব্রোমোপ্রোপেন C. উভয়ই D. কোনটিই নয়

৪৮। কক্ষ তাপমাত্রায় পানির সাথে ক্যালসিয়াম কার্বাইডের বিক্রিয়ার ফলে নিচের কোন যৌগটি উৎপন্ন হয়?

A. ইথিলিন B. মিথেন C. অ্যাসিটিলিন D. ইথেন

৪৯। নিম্নোক্ত বিক্রিয়ায় ঢ যৌগটির নাম কী?

$$CH\equiv CH \xrightarrow{20\%\ H_2SO_4/2\%\ HgSO_4, 60°C} X + H_2O$$

A. ইউরিয়া B. ইথেন C. ইথান্যাল D. ইথানল

৫০। অ্যালকোহলের সাথে গ্রিগনার্ড বিকারকের (RMgX) বিক্রিয়ায় উৎপন্ন হয়-

A. অ্যালকিন B. ইথার C. অ্যালকেন D. এসিড

## CHAPTER - 2 SOLVE

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1.B | 2.C | 3.A | 4.A | 5.A | 6.C | 7.C | 8.A | 9.D | 10.A |
| 11. C | 12.B | 13.D | 14.B | 15. C | 16.B | 17.C | 18.B | 19.A | 20.C |
| 21.B | 22.D | 23.A | 24.B | 25.B | 26. A | 27. C | 28. B | 29. B | 30. C |
| 31. A | 32. B | 33. B | 34. B | 35. C | 36.A | 37. B | 38.A | 39. C | 40. C |
| 41.D | 42. A | 43.B | 44.D | 45.B | 46.B | 47.A | 48.C | 49.C | 50.C |

## CHAPTER – 3+4

১। $A = \varepsilon cl$ সমীকরণে কোনটি সঠিক?

A. A= শোষণাংক B. $\varepsilon$ = দ্রবনের ঘনমাত্রা C. l = সেলের দৈর্ঘ্য D. c = শোষণ

২। $S_4O_6^{2-}$ আয়নে `S` এর জারণ মান কত?

A. +2 B. +2.5 C. +3 D. +3.5

৩। $SnCl_2 + 2HgCl_2 = SnCl_4 + 2HgCl$ বিক্রিয়ায় কোনটি জারিত হয়?

A. $Sn^{2+}$ B. $Hg^{2+}$ C. $Cl^-$ D. $Sn^{4+}$

৪। এসিড ক্ষার টাইট্রেশনে শেষ বিন্দুতে মিথাইল অরেঞ্জের বর্ণ পরিবর্তনের pH পরিসর কোনটি ?

A. 3 – 5 B. 6 – 8 C. 8 – 10 D. 10 – 12

৫। HPLC এর পূর্নরুপ কোনটি?

A. High Pressure Liquid Chromatography B. High Performance Liquid Chromatography

C. High Power Liquid Chromatography D. High Plant Liquid Chromatography

৬। প্রমান হাইড্রোজেন গ্যাস তড়িৎদ্বারে এসিড দ্রবণের ঘনমাত্রা কত?

A.1.0 M B. 0.1 M C. 0.01 M D. 0.001 M

৭। কোনটি রিচার্জযোগ্য?

A. লিথিয়াম ব্যাটারি B. LIB C. শুস্ক কোষ D. ক্ষারীয় ফুয়েল সেল

৮। $Zn (s) / Zn^{2+} (aq) || Cu^{2+} (aq) / Cu (s)$
কোষটির ক্যাথোডে সংঘটিত বিক্রিয়া কোনটি?
A. $Zn \rightarrow Zn^{2+} + 2e^-$ B. $Cu^{2+} + 2e^- \rightarrow Cu$ C. $Zn^{2+} + 2e^- \rightarrow Zn$ D. $Cu \rightarrow Cu^{2+} + 2e$

৯। কোনটি জারন বিজারণ অর্ধকোষ?
A. Pt, $Cl_2$/ $Cl^-$ B. Ag, AgCl(s) / $Cl^-$ C. Na-Hg/$Na^+$ D. Pt/$Fe^{2+}$, $Fe^{3+}$

১০। ফুয়েল সেলের ক্যাথোডে জারক হিসেবে কোন গ্যাস ব্যবহৃত হয়?
A. $H_2$ B. পানি গ্যাস C. $O_2$ D. $CO_2$

১১। $H_2SO_4$- এর মোলার দ্রবণের শতকরা মাত্রা কত?
A. 10% B. 9.8% C. 5.0% D. 98%

১২। $6.023\times10^{23}$ টি $CO_2$ অণুর NTP-তে আয়তন কত?
A. 22.4 L B. 2.24 L C. 0.224 L D. 22.4 $m^3$

১৩। কোনটি জারক ও বিজারক উভয় হিসাবে ক্রিয়া করতে পারে?
A. KI B. $H_2O_2$ C. $H_2C_2O_4$ D. $Na_2S_2O_3$

১৪। GC এর ক্ষেত্রে বাহক গ্যাস নয় কোনটি?
A. He B. $N_2$ C. $O_2$ D. $CO_2$

১৫। 0.1 M ঘনমাত্রার $Na_2CO_3$ এর একটি জলীয় দ্রবণের ঘনমাত্রাকে ppm এককে প্রকাশ করলে এর মান কত হবে?
A. 1.06 B. 10.6 C. $10.6\times10^4$ D. $1.06\times10^4$

১৬। গ্যাস ইলেকট্রোডে কোন ধাতু ব্যবহার করা হয়?
A. Hg বা Au B. Hg বা Pt C. Pt বা Au D. Pt বা V

১৭। তড়িৎবিশ্লেষণ কালে নিচের কোন আয়নটি আগে চার্জমুক্ত হয়?
A. $Br^-$ B. $NO_3^-$ C. – OH D. $Cl^-$

১৮। 1.0 মোল পানির তড়িৎ বিশ্লেষণ দ্বারা $O_2$ উৎপাদন করতে অম্লায়িত পানিতে কী পরিমান তড়িৎচার্জ প্রবাহিত করতে হয়?
A. 1.0 F B. 2.0 F C. 1.5 F D. 0.5 F

১৯। ইলেকট্রনীয় তড়িৎ পরিবাহী কোনটি?
A. $FeSO_4$ দ্রবণ B. NaCl (গলিত) C. Cu D. $H^+$(aq)

২০। যে তড়িৎদ্বারে জারণ ঘটে তাকে বলা হয় -
A. ক্যাথোড B. অ্যানোড C. এর কোনোটিই নয় D. ধনাত্মক তড়িৎদ্বার

২১। সবুজ ভিট্রিয়লের সঠিক সংকেত কোনটি?
A. Fe(II) সালফেট ও Fe(II) সালফাইড মিশ্রন
B. $CuSO_4$ এর সঙ্গে 5 অণু পানি
C. $CoSO_4$ এর সঙ্গে 7 অণু পানি
D. Fe(II) সালফেট এর সঙ্গে 7 অণু পানি

২২। ক্রোমাটোগ্রাফির ক্ষেত্রে কোনটি সঠিক?
A. একাধিক সচল দশা বর্তমান থাকতে পারে
B. স্থির দশা থাকার প্রয়োজন নেই
C. ২টি সচল দশা ও ৩টি স্থির দশা থাকতে হবে
D. কমপক্ষে ১টি সচল দশা ও ১টি স্থির দশা থাকতে হবে

২৩। কোনটিকে milk of lime বলে?
A. NaOH. CaO B. $Ca(OH)_2$ C. $CaCO_3$ D. CaO

২৪। বিশুদ্ধ পানির pH কত?
A. 8.5 B. 7.5 C. 7.0 D. 6.5

২৫। 0.6g পানিতে অণুর সংখ্যা কত?
A. $2.01 \times 10^{22}$ B. $3.01 \times 10^{22}$ C. $2.01 \times 10^{23}$ D. $6.02 \times 10^{23}$

২৬। গলিত লেড ক্রোমাইটের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ ঘটে নিম্নের কোনটি দ্বারা ?
A. মুক্ত ইলেকট্রন দ্বারা B. সঞ্চরণশীল আয়ন দ্বারা C. সঞ্চরণশীল পরমানু দ্বারা D. লেড পরমানু দ্বারা

২৭। $H_2SO_4$ এর জলীয় দ্রবণে 1.0 F তড়িৎচার্জ প্রবাহিত করলে NTP তে ক্যাথোডে কী পরিমান $H_2$ গ্যাস বিমুক্ত হয়?
A. 22.4 L B. 11.2 L C. 2.24 L D. 1.12 L

২৮। আপেক্ষিক পরিবাহীতার একক কোনটি?
A. ভোল্ট B. ওহম$^{-1}$ সেমি$^{-1}$ C. ওহম$^{-1}$ D. অ্যাম্পিয়ার

২৯। লেড সঞ্চয়ী কোষে ব্যবহৃত $H_2SO_4$ এর আপেক্ষিক গুরুত্ব কত?
A. 1.2 B. 1.5 C. 1.8 D. 1.88

৩০। কোনটিতে বিদ্যুৎ উৎপন্ন হয় না?
A. তড়িৎ বিশ্লেষণ কোষ B. লেড সঞ্চায়ক কোষ C. লিথিয়াম আয়ন ব্যাটারি D. গ্যালভানিক কোষ

৩১। বিয়ার-ল্যাম্বার্ট সূত্রের সাহায্যে নির্ণয় করা যায় -
i. জৈব যৌগের গঠন ii. স্বচ্ছ মাধ্যমের পুরুত্ব iii. রঙিন দ্রবণের ঘনমাত্রা
নিচের কোনটি সঠিক?
A. i, ii B. ii, iii C. i, iii D. i, ii, iii

৩২। পাকস্থলির কোন কোষ থেকে হাইড্রোক্লোরিক এসিড নিঃসৃত হয়?
A. পেপটিক কোষ B. মিউকাস কোষ C. জি-কোষ D. প্যারাইটাল কোষ

৩৩। একটি ডেসিমোলার দ্রবণের ঘনমাত্রা কত?
A. 0.1 M B. 0.5 M C. 0.001 M D. 1 M

৩৪। N এর সর্বোচ্চ জারন অবস্থা নিচের কোনটিতে?
A. $N_2O_5$ B. $[NH_4]^+$ C. $NO_2$ D. $NO_2^-$

৩৫। 500 mL ডেসিমোলার দ্রবণে কত গ্রাম $H_2SO_4$ থাকে?
A. 4.9 B. 14.4 C. 5.8 D. 6.9

৩৬। নিচের কোন ব্যাটারিটি হার্টের পেস মেকারে ব্যবহৃত হয়?
A. LIB B. PEM- আয়ন ব্যাটারি C. লিথিয়াম SVO ব্যাটারি D. ড্রাইসেল ব্যাটারি

৩৭। ড্রাইসেল (শুষ্ক কোষ) - এর e.m.f কত?
A. 1.1 V B. 1.2 V C. 1.5 V D. 1.8 V

৩৮। লবণ সেতুতে কোন লবণ ব্যবহৃত হয়?
A. KCl B. $NH_4Cl$ C. $NaNO_3$ D. NaCl

৩৯। যদি 5.0 A কারেন্ট 30 সেকেন্ড সময় ধরে চালনা করলে চার্জ কত হবে?
A. 60 কুলম্ব B. 95.52 কুলম্ব C. 120 কুলম্ব D. 150 কুলম্ব

৪০। `A` ও `B` অর্ধকোষদ্বয়ের প্রমান বিজারন বিভব যথাক্রমে +0.80 V ও 1.56 V হলে ঐ দুটি অর্ধকোষ দ্বারা গঠিত কোষের বিভব কত হবে?
A. + 0.76V B. – 0.76V C. + 2.26 V D. – 2.36V

৪১। নিচের কোনটি `gaseous oxidizing agent`?
A. $H_2SO_4$ B. $KMnO_4$ C. $O_3$ D. $H_2O_2$

৪২। একজন রোগীর রক্তে গ্লুকোজের পরিমাণ 190 mg/dl হলে, mmol/খ এককে এর মান কত?
A. 9.56 mmol/L B. 10.56 mmol/L C. 8.56 mmol/L D. 12.56 mmol/L

৪৩। কোনটি সত্য নয়?
A. লিটমাস অম্লীয় মাধ্যমে - লাল বর্ণ ধারণ করে
B. মিথাইল রেড অম্লীয় মাধ্যমে - লাল বর্ণ ধারণ করে
C. ফেনল রেড অম্লীয় মাধ্যমে - লাল বর্ণ ধারণ করে
D. থাইমল ব্লু অম্লীয় মাধ্যমে - লাল বর্ণ ধারণ করে

৪৪। নিচের কোনটিতে বেশি পরমানু আছে?
A. 1.10 g H atom B. 14.7 g Cr C. 2.0 g He D. 7.0 g N atom

৪৫। কোন বিক্রিয়াটি জারণ-বিজারণ নয়?
A. $2H_2O_2 \rightarrow 2H_2O + O_2$
B. $CO_2 + C \rightarrow 2CO$
C. $CaCO_3 \rightarrow CaO + CO_2$
D. $Fe_2O_3 + 3CO \rightarrow 2Fe + 3CO_2$

৪৬। নিচের কোন মৌলটি HCl এসিড থেকে H প্রতিস্থাপন করতে পারবে না?
A. Co B. Ni C. Cu D. Sn

৪৭। নিচের কোন মৌলটি তুঁতের দ্রবণ থেকে Cu কে অধঃক্ষিপ্ত করে?
A. Ag B. Fe C. Cl D. Pt

৪৮। $Cl^-$ , $I^-$ এর দ্রবণে তড়িৎ প্রবাহিত করলে অ্যানোডে কোনটি বিমুক্ত হয়?
A. $Cl_2$ B. $I_2$ C. $Cl_2$, $I_2$ D. কোনটিই নয়

৪৯। তামার পাত্রে নিচের কোন দ্রবণটি নিরাপদে রাখা যাবে?
A. $AgNO_3$ B. $FeSO_4$ C. HgSO4 (লঘু) D. $Cl_2$ (পানি)

৫০। ক্যালোমেল তড়িৎদ্বার কোনটি?
A. $Hg_1Hg_2$ $Cl_2$/ $Cl^-$ B. Ag, AgCl / $Cl^-$ C. Cd, $CdSO_4$/ $So_4^{2-}$ D. Hg, $Hg_2SO_4$/ $So_4^{2-}$

## CHAPTER – 3+4 SOLVE

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1. C | 2.B | 3.A | 4.A | 5.B | 6.A | 7.B | 8.B | 9.D | 10.C |
| 11.B | 12. A | 13.B | 14.C | 15.D | 16.C | 17.C | 18.B | 19.C | 20.B |
| 21. D | 22.D | 23.B | 24.C | 25.A | 26.B | 27.B | 28.B | 29.A | 30.A |
| 31. B | 32. D | 33.A | 34.A | 35.A | 36.A | 37.C | 38.A | 39.D | 40.A |
| 41.C | 42. B | 43. C | 44. A | 45.C | 46. C | 47.B | 48.B | 49.B | 50.A |

# প্রথম পত্র

## ২য় অধ্যায়: ভেক্টর

### ভেক্টর যাবতীয় টাইপ

১। ম্যাথ
২। থিওরি
৩। সূত্র/সমীকরণ
৪। বিভিন্ন প্রকার রাশি

### টাইপ: বিভিন্ন প্রকার রাশি

❒ ভেক্টর রাশি: ভরবেগ, বেগ, সরণ, বল, সকল প্রাবল্য, ওজন, ত্বরণ, মন্দন, সকল ভ্রামক (ব্যতিক্রম: শুধু জড়তার ভ্রামক স্কেলার রাশি), সান্দ্রতা গুনাংক, টর্ক, তড়িৎ ক্ষেত্র, পৃষ্ঠটান, মহাকর্ষীয় প্রাবল্য।
❒ অদিক/স্কেলার রাশি: দ্রুতি, কাজ, ক্ষমতা, শক্তি, তাপ, চাপ, সকল বিভব, বিদ্যুৎ প্রবাহ, চার্জ, স্থিতিস্থাপক গুণাংক, জড়তার ভ্রামক।

### টাইপ: সূত্র/সমীকরণ

➢ সামন্তরিকের দুইটি সন্নিহিত বাহু দেওয়া থাকলে ক্ষেত্রফল = $|\vec{A}\times\vec{B}|$
➢ সামান্তরিকের দুটি কর্ণ দেওয়া থাকলে ক্ষেত্রফল = $\frac{1}{2}|\vec{A}\times\vec{B}|$
➢ ত্রিভুজের দুটি বাহু দেওয়া থাকলে ক্ষেত্রফল = $\frac{1}{2}|\vec{A}\times\vec{B}|$
➢ টর্ক, $\vec{\tau}=\vec{r}\times\vec{F}$, রৈখিক বেগ, $\vec{v}=\vec{\omega}\times\vec{r}$
➢ কৌণিক ভরবেগ, $\vec{L}=\vec{r}\times\vec{P}$, কাজ $W=\vec{F}.\vec{S}$
➢ When $|\vec{A}+\vec{B}|=|\vec{A}-\vec{B}|$ than $\alpha=90$
➢ When $\vec{A}.\vec{B}=\vec{A}\times\vec{B}$ than $\alpha=45^0$
➢ $|\vec{A}.\vec{B}|^2+|\vec{A}\times\vec{B}|^2=A^2B^2$
➢ **বিশেষ ক্ষেত্রসমূহ:**

| $\alpha$ | স্কেলার গুণফল | ভেক্টর গুণফল |
|---|---|---|
| $0^0$ | $\vec{P}.\vec{Q}=PQ\cos0^0=PQ$ | $\vec{P}\times\vec{Q}=\hat{\eta}PQ\sin0^0=\vec{0}$ |
| $90^0$ | $\vec{P}.\vec{Q}=PQ\cos90^0=0$ | $\vec{P}\times\vec{Q}=\hat{\eta}PQ\sin90^0=\overrightarrow{PQ}$ |
| $180^0$ | $\vec{P}.\vec{Q}=PQ\cos180^0=-PQ$ | $\vec{P}\times\vec{Q}=\hat{\eta}PQ\sin180^0=\vec{0}$ |

➢ যদি $\vec{C}=\vec{A}\times\vec{B}$ এবং $\vec{D}=\vec{B}\times\vec{A}$ হয় তাহলে $\vec{C}$ এবং $\vec{D}$ এর মধ্যবর্তী কোণ হবে $180^0$।
➢ $\vec{A}=\hat{i}$ এবং $\vec{B}=\hat{j}\times\hat{k}$ হলে $\vec{A}$ ও $\vec{B}$ এর মধ্যবর্তী কোণ $90^0$। $|\vec{A}.\vec{B}|=|\vec{A}\times\vec{B}|$ হলে $\vec{A}$ ও $\vec{B}$ এর মধ্যবর্তী কোণ $45^0$। $\vec{F}$ ও $\vec{s}$ মধ্যবর্তী কোণ $\theta=90^0$ হলে কাজ শূন্য হয়।
➢ দুটি ভেক্টর পরস্পর $45^0$ কোণে ক্রিয়া করলে এদের স্কেলার ও ভেক্টর গুণফলের মান সমান হয়।
➢ ভেক্টরের বিনিময় সূত্র: $\vec{A}+\vec{B}=\vec{B}+\vec{A}$
➢ ভেক্টরের সংযোগ সূত্র: $(\vec{A}+\vec{B})+\vec{C}=\vec{A}+(\vec{B}+\vec{C})$
➢ ভেক্টর বন্টন সূত্র: $m(\vec{A}+\vec{B})=m\vec{A}+m\vec{B}$
[ভেক্টর যোগের বিনিময় বিধি মানে, কিন্তু গুণের বিনিময় বিধি মানে না]

### গুরুত্বপূর্ণ তথ্য

➪ ভেক্টরের লব্ধি ও উপাংশ:
➢ $\vec{R}=\vec{P}+\vec{Q}$
➢ $R=\sqrt{P^2+Q^2+2PQ\cos\alpha}$
➢ $\tan\theta=\frac{Q\cos\alpha}{P+Q\cos\alpha}\Rightarrow\theta=\tan^{-1}\frac{Q\sin\alpha}{P+Q\cos\alpha}$
➢ নির্দিষ্ট ভেক্টর R এর আনুভূমিক উপাংশ = $R\cos\alpha=x$ অক্ষ বরাবর উপাংশ। উল্লম্ব উপাংশ $=R\sin\alpha=y$ অক্ষ বরাবর উপাংশ
➢ $\vec{P}\times\vec{Q}=-\vec{Q}\times\vec{P}$
➢ $\theta$ কোণে লন রোলার F বলে ঠেললে/টানলে-
ঠেলার সময় $W_1=mg-F\sin\theta$
টানার সময় $W_2=mg+F\sin\theta$
$\Delta W=W_2-W_1=2F\sin\theta$
ক্রিকেট পিচ রোলার দিয়ে সমান করতে উল্লম্ব বরাবর নিচের দিকে বেশি বলের প্রয়োজন, ফলে রোলার ঠেলা তখন কার্যকর হয়।

### এই টাইপ থেকে হুবহু প্রশ্ন আসার সম্ভাবনা

১। **কোনটি সঠিক?**
উত্তর: $\overline{A}\times\overline{B}=-\overline{B}\times\overline{A}$

২। **দুটি ভেক্টর $\vec{A}$ এবং $\vec{B}$ যদি সমান্তরাল এবং বিপরীতমুখী হয় তাহলে-**
উত্তর: $\vec{A}.\vec{B}=-AB$

৩। **$\vec{P}$ এবং $\vec{Q}$ এই দুটি ভেক্টর সমান্তরাল হওয়ার শর্ত কোনটি?**
উত্তর: $\vec{P}\times\vec{Q}=0$

৪। **একটি ভেক্টর ক্ষেত্রে $\vec{A}$ অঘূর্ণনশীল হবে যদি?**
উত্তর: $\vec{\nabla}\times\vec{A}=0$

৫। **দুইটি ভেক্টর পরস্পর লম্ব হলে তাদের ভেক্টর গুণফলের মান- [BSMRSTU-H: 19-20]**
উত্তর: সর্বোচ্চ হয়।
ব্যাখ্যা: $\vec{A}\perp\vec{B}$ হলে $|\vec{A}\times\vec{B}|=AB\sin90^0=AB; \vec{A}\parallel\vec{B}$ হলে $|\vec{A}\times\vec{B}|=0$

৬। **B এর সাপেক্ষে A কণার আপেক্ষিক বেগের সঠিক সূত্র কোনটি? [RU-C, Netune-2, Set-1. 2021-22]**
উত্তর: $\vec{V}_R=\vec{V}_A-\vec{V}_B$

৭। **কোন ভেক্টরটি x-অক্ষের সাথে সমান্তরাল?[RU. Sinovac, Set-1, 20-21]**
উত্তর: $(\hat{i}\times\hat{j})\times\hat{j}$

৮। **$\vec{A}$ ও $\vec{B}$ ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হলে নিচের কোনটি সত্য হবে? [RU-C, Set-1. 19-20]**
উত্তর: $|\vec{A}+\vec{B}|=|\vec{A}-\vec{B}|$

৯। **$(\hat{k}\times\hat{j})+(\hat{j}\times\hat{k})=$ এর মান কত? [RU. 13-14]**
উত্তর: $\vec{0}$

১০। $\vec{A}\times\vec{B}=\vec{C}$ হলে $\vec{C}.\vec{A}$ কত? [RU. 12-13]

উত্তর: 0

১১। XZ তলে একটি বিন্দুর অবস্থান ভেক্টর কোনটি?

উত্তর: $\vec{r}=x\hat{i}+z\hat{k}$

১২। $\vec{A}+\vec{B}+\vec{C}=0$ ভেক্টরত্রয়ের সম্পর্কটিকে কোন চিত্রটি প্রকাশ করে? [RU-C, Shift-4, Set-1 (Venus-1): 2021-22]

উত্তর:




১৩। যদি কোন বস্তু x- দিকে $4ms^{-1}$ এবং y-দিকে $2ms^{-1}$ গতিতে চলে, তাহলে ভেক্টরের পরিপ্রেক্ষিতে বস্তুটির বেগ কত? [RU-C, Netpune-2, Set-1. 2021-22]

উত্তর: $(4i+2j)ms^{-1}$

১৪। যদি A = -B হয়, তবে $\vec{A}\times\vec{B}$ এর মান কত? [SylAU. 2014-15]

উত্তর: 0।

১৫। দু'টি ভেক্টর রাশি $\vec{a}$ ও $\vec{b}$ এর অন্তর্ভূক্ত কোণ $180^0$ হলে উহাদের ভেক্টর গুণফল হবে- [SylAU. 08-09]

উত্তর: 0

১৬। XZ সমতলে $3\hat{i}+5\hat{j}+4\hat{k}$ ভেক্টরের দৈর্ঘ্য কত একক?

উত্তর: 5

১৭। $\hat{i}-\hat{j}$ ও $\hat{j}-\hat{k}$ এদের মধ্যবর্তী কোণ-

উত্তর: $120^0$

১৮। নিচের কোনটি বন্টন সূত্র? [JU: 21-22]

উত্তর: $m(\vec{P}+\vec{Q})=m\vec{P}+m\vec{Q}$

১৯। যদি $\vec{A}\times\vec{B}=\vec{B}\times\vec{A}$ হয় তবে এদের মধ্যবর্তী কোণ? [JU-A: 22-23; 21-22]

উত্তর: $\pi$

২০। $\vec{\nabla}.\vec{V}=0$ হলে-

উত্তর: আগত ও নির্গত ফ্লাক্স সমান হয়, তরল অসংকোচনীয়, ভেক্টর ক্ষেত্রটি সলিনয়ডাল।

২১। একটি ভেক্টর $\vec{F}$ অঘূর্ণনশীল হয়, যদি- [RU-C: 23-24]

উত্তর: $\vec{\nabla}\times\vec{F}=0$

## টাইপ: থিওরি

❐ **মনে রাখবে:**

$\hat{i}\times\hat{i}=\hat{j}\times\hat{j}=\hat{k}\times\hat{k}=0$

$\hat{i}\times\hat{j}=\hat{k},\hat{j}\times\hat{k}=\hat{i},\hat{k}\times\hat{i}=\hat{j}$

$\hat{i}.\hat{i}=\hat{j}.\hat{j}=\hat{k}.\hat{k}=1$

$\hat{i}.\hat{j}=\hat{j}.\hat{k}=\hat{k}.\hat{i}=0$

$\vec{A}.\vec{B}=\vec{B}.\vec{A},\vec{A}\times\vec{B}=-\vec{B}\times\vec{A}$

$\hat{A}.\hat{A}=A.A\cos 0^0=A^2$

**পরস্পর লম্ব হওয়ার শর্ত:**

$\vec{A}.\vec{B}=0$

**পরস্পর সমান্তরালের শর্ত:**

$\vec{A}\times\vec{B}=0$

* $\hat{i}(\hat{j}+\hat{k})=0$

- দুটি ভেক্টর বিপরীত দিকে ক্রিয়ারত থাকলে লব্ধির মান হবে- সর্বনিম্ন।
- দুটি ভেক্টরের ডট গুণবে প্রাপ্ত গুণফল স্কেলার রাশি হয়।
- ভেক্টর অপারেটরের অপর নাম ডেল/ন্যাবলা ($\vec{\nabla}$)।
- সদৃশ (Like) ভেক্টরের জন্য- A >B, B>A।
- কোন ভেক্টর রাশি অঘূর্নায়মান ও সংরক্ষণশীল হবে যদি-কার্ল শূন্য হয়।
- কোনো ভেক্টর ক্ষেত্রের কার্ল- এর নতিমাত্রা শূন্য।
- ভেক্টর রাশির যোগ বীজগণিতীয় সূত্র মেনে চলে না কিন্তু স্কেলার রাশির যোগ বীজগণিতীয় সূত্র মেনে চলে।
- লন রোলারকে ঠেলা অপেক্ষা টানা সহজতর।
- দুটি ভেক্টরের ডট গুণনে প্রাপ্ত গুণফল স্কেলার রাশি হয়।
- ভেক্টর যোজনের দৃষ্টান্ত: নৌকার গতি, চলন্ত গাড়িতে পড়ন্ত বৃষ্টি, পাখির উড্ডয়ন।
- ভেক্টর বিভাজনের দৃষ্টান্ত: গুণ টানা নৌকা, লন রোলার এর গতি, সাইকেলের ক্রাংকের ক্রিয়া, সরল দোলক, পায়ে হাটা।
- দুটি ভেক্টর যখন একই দিকে ক্রিয়া করে তখন তাদের লব্ধির মান তাদের যোগফলের সমান, $R=P+Q$ যখন, $\alpha=0^0$
- দুটি ভেক্টর যখন বিপরীত দিকে ক্রিয়া করে তখন তাদের লব্ধির মান তাদের বিয়োগফলের সমান, $R=P\sim Q$ যখন, $\alpha=180^0$
- সর্বনিম্ন সময়ে নদী পার হতে হলে নদীর প্রস্থ বরাবর নৌকা চালাতে হয়।
- **অপারেটর, ডাইভারজেন্স এবং কার্লের ধারণা:**

| রাশি | বৈশিষ্ট্য ও তাৎপর্য |
|---|---|
| গ্রেডিয়েন্ট | ▪ গ্রেডিয়েন্ট = অক্ষ সাপেক্ষে কোনো স্কেলার ফাংশনের ঢাল।<br>▪ স্কেলার রাশির গ্রেডিয়েন্ট = স্কেলার রাশির সর্বাধিক পরিবর্তনের হার ও দিক নির্দেশক ভেক্টর ফিল্ড। |
| ডাইভারজেন্স (স্কেলার রাশি) | ▪ মান ধনাত্মক- প্রবাহীর আয়তন বৃদ্ধি<br>▪ মান ঋণাত্মক- আয়তন সংকোচন<br>▪ মান শূন্য- আয়তন ও ঘনত্ব একই থাকে। অর্থাৎ, $\vec{\nabla}.\vec{V}=0$। তখন ওই ভেক্টর ক্ষেত্রকে সলিনয়ডাল বলে।<br>▪ ডাইভারজেন্স ($\vec{\nabla}.\vec{V}$ বা div. $\vec{V}$) = অতিক্ষুদ্র আয়তনে কোনো বিন্দুতে Input flux (অন্তর্মূখী প্রবাহ)- Output flux (বহিঃমূখী প্রবাহ) |
| কার্ল (ভেক্টর রাশি) | ▪ $(\vec{\nabla}\times\vec{V})=2\vec{\omega}$<br>▪ কোনো ভেক্টর ক্ষেত্র কার্ল এর ডাইভারজেন্স শূন্য। অর্থাৎ, $\vec{\nabla}.(\vec{\nabla}\times\vec{V})=0$ $\therefore$ ভেক্টরের দিক ঐ ক্ষেত্রের অভিলম্ব বরাবর ক্রিয়া করে।<br>▪ কোন ভেক্টরের কার্ল শূন্য হলে $(\vec{\nabla}\times\vec{F}=0)$ ভেক্টরটি অঘূর্ণনশীল এবং সংরক্ষণশীল হয়। |

## এই টাইপ থেকে হুবহু আসার সম্ভাব্যনা

১। যদি দুটি সমান ভেক্টরের লব্ধি যে কোন একটির সমান হয়, তবে ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ কত হবে? [RU-C, Corundum-1: 2022-23]

উত্তর: $120^0$

২। একটি সমবাহু ত্রিভুজের তিন কোণায় তিনটি সমান ধনাত্মক চার্জ রাখা হলে ক্রিয়াশীল বলের ভেক্টর যোগফল কি হবে? [RU-Uranus-1, Set-1; 2021-22]
উত্তর: শূন্য।

৩। কোন ভেক্টর রাশির কার্ল (Curl) শূন্য হলে ভেক্টরটি কেমন হবে? [RU-C, Set-1. 19-20]
উত্তর: অঘূর্ণনশীল ও সংরক্ষণশীল।

৪। বিনিময় সূত্র মেনে চলে না- [RU. 15-16]
উত্তর: ভেক্টর রাশির ক্রস গুনন।

৫। কোনটি স্কেলার রাশি?
উত্তর: তড়িৎ বিভব।

৬। ভেক্টর রাশিকে ভেক্টর রাশি দ্বারা গুণ করলে গুণফল হয়- [RU. 09-10]
উত্তর: কখনো স্কেলার, কখনো ভেক্টর।

৭। কোন ভেক্টর রাশির কার্ল (Curl) শূন্য হলে ভেক্টরটি কেমন হবে?
উত্তর: অঘূর্ণনশীল ও সংরক্ষণশীল।

৮। অদিক রাশি? [SAU. 08-09, 2009-10]
উত্তর: প্রতিসরাংক।

৯। কোনটি ভেক্টর বিভাজনের উদাহরণ? [SAU. 08-09]
উত্তর: সরল দোলক।

১০। লনরোলার টানার সময় ওজনের কি পরিবর্তন হয়? [SAU. 04-05, 05-06]
উত্তর: হ্রাস পায়।

১১। দুটি ভেক্টরের ক্রসগুণফল শূন্য হলে, ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ- [SAU. 02-03]
উত্তর: $0^0$

১২। কোন সামন্তরিকের দুইটি সন্নিহিত বাহু যদি দুটি ভেক্টরের মান ও দিক নির্দেশ করে তা হলে ঐ সামন্তরিকের ক্ষেত্রফল হবে- [SylAU. 16-17]
উত্তর: ভেক্টর দুটির ক্রস গুণফলের মানের সমান।

১৩। কোনটি ভেক্টর রাশি নয়? [CVASAU. 2015-16]
উত্তর: শক্তি।

১৪। নিম্নের ভৌত রাশিগুলোর তালিকায় কোন ধারাটি ভেক্টর রাশির অর্ন্তগত? [CVASU: 2010-15; JGVC: 14-15]
উত্তর: বেগ, ত্বরণ, বল।

১৫। কোনটি স্কেলার রাশি? [CVASU. 08-09]
উত্তর: শূন্য।

১৬। কোনটি ভেক্টর রাশি? [PSTU. 2014-15]
উত্তর: তড়িৎ প্রাবল্য।

১৭। দুইটি সমান মানের ভেক্টরের লব্ধির মান কোন অবস্থায় ওদের প্রত্রেকের মানের সমান হতে পারে?
উত্তর: $120^0$।

১৮। দু'টি সমমানের ভেক্টর একটি বিন্দুতে ক্রিয়াশীল। তারা পরস্পর $240^0$ কোণে ক্রিয়া করে। উহাদের লব্ধির দিক-
উত্তর: $120^0$

১৯। কোন ভেক্টরের পাদবিন্দু ও শীর্ষবিন্দু একই? [RU-C: 17-18]
উত্তর: নাল ভেক্টর

২০। সমজাতীয় দুই বা ততোধিক ভেক্টর যদি একই দিকে ক্রিয়া করে, তবে তাদেরকে- ভেক্টর বলে। [JKKNIU: 19-20]
উত্তর: সদৃশ

২১। নিচের কোনটি ভেক্টর রাশির যোগসূত্র নয়? [RU-C: 15-16]
উত্তর: বর্গসূত্র

২২। একটি বিন্দুতে একই সময়ে ক্রিয়ারত তিনটি সমতলীয় ভেক্টর রাশিকে কোনো ত্রিভুজের তিটি বাহু দ্বারা একই ক্রমে নির্দেশ করলে এদের লব্ধি হবে- [JU: 21-22]
উত্তর: শূন্য

২৩। দুটি দিক রাশির লব্ধির সর্বোচ্চ মান 12 একক এবং সর্বনিম্ন মান 2 একক। রাশিদ্বয়ের মান নির্ণয় কর। [JU: 17-18]
উত্তর: 7 একক এবং 5 একক।

## টাইপ: ম্যাথ

১। $\vec{r} = 2t\hat{i} + 3t\hat{j}, t = 2\sec$ সময়ে বস্তুর ত্বরণ হবে - [BRUR: 13-14]
উত্তর: 36 একক

ব্যাখ্যা: সরণ $\vec{r} = 2t\hat{i} + 3t^3\hat{j}$, বেগ, $\vec{v} = \frac{dr}{dt} = 2\hat{i} + 9t^2\hat{j}$

ত্বরণ, $\vec{a} = \frac{d\vec{v}}{dt} = 18t\hat{j}, |a| = 18 \times 2 = 36$

২। দুটি ভেক্টর রাশির লব্ধির সর্বোচ্চ ও সর্বনিম্ন মান সমান হইলে, ভেক্টর দ্বয়ের মধ্যবর্তী কোন কত হবে? [BRUR: 12-13]
উত্তর: $90^0$

ব্যাখ্যা: $R_{max} = R_{min} \Rightarrow |\vec{A} + \vec{B}| = |\vec{A} - \vec{B}| \Rightarrow (\vec{A} + \vec{B})^2$

$= (\vec{A} - \vec{B})^2 \Rightarrow A^2 + B^2 + 2AB\cos\alpha = A^2 + B^2 - 2AB\cos\alpha$

$\Rightarrow \cos\alpha = 0 \Rightarrow \alpha = 90^0$

৩। ঘন্টায় 40km বেগে পূর্বদিকে চলমান একটি গাড়ীর চালক ঘন্টায় $40\sqrt{3}$km বেগে একটি ট্রাককে উত্তর দিকে চলতে দেখল। ট্রাকটি কোন দিকে চলছে? [JUST: 14-15]
উত্তর: $50^0$

ব্যাখ্যা: $\tan\theta = \frac{40}{40\sqrt{3}} = \frac{1}{3} \therefore \theta = 30^0$

৪। দুটি ভেক্টরের স্কেলার গুণফল 20 এবং ভেক্টর গুণফল $6\sqrt{2}$। ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ হবে- [MBSTU-A: 19-20]

ব্যাখ্যা: $\frac{|\vec{A} \times \vec{B}|}{\vec{A}.\vec{B}} = \frac{AB\sin\theta}{AB\cos\theta} = \frac{6\sqrt{2}}{20}$

$\Rightarrow \tan\theta = 0.42 \Rightarrow \theta = 22.59^0 \approx 23^0$

৫। অবস্থান ভেক্টর $\vec{r}$ হলে, এর ডাইভারজেন্স কত? [RU-C, Feldspar-1: 2022-23]
উত্তর: 3

ব্যাখ্যা: অবস্থান ভেক্টর, $\vec{r} = x\hat{i} + y\hat{j} + z\hat{k}$

$\therefore$ ডাইভারজেন্স, $\vec{\nabla}.\vec{r} = \left(\frac{d}{dx}\hat{i} + \frac{d}{dy}\hat{j} + \frac{d}{dz}\hat{k}\right).$

$\left(x\hat{i} + y\hat{j} + z\hat{k}\right) = 1 + 1 + 1 = 3$

৬। যদি $\vec{A} = 2\hat{i} + \alpha j + \hat{k}$ এবং $\vec{B} = -2\hat{i} + \hat{j} - 2\hat{k}$ পরস্পর লম্ব হয়, তবে $\alpha$ এর মান কত? [RU-C, Quartz-2: 2022-23]
উত্তর: 6

ব্যাখ্যা: $\vec{A}.\vec{B} = AB\cos 90^0 = 0 \Rightarrow -4 + \alpha - 2 = 0$

$\Rightarrow \alpha - 6 = 0 \Rightarrow \alpha = 6$

৭। দুইটি ভেক্টর $\vec{r_1} = 2\hat{i} + 4\hat{j} - 5\hat{k}$ এবং $\vec{r_2} = \hat{i} + 2\hat{j} + 3\hat{k}$, এর লব্ধি ভেক্টর এর সমান্তরাল একক ভেক্টর কোনটি? [RU-C, Quartz-2: 2022-23]

উত্তর: $\frac{3}{7}\hat{i} + \frac{6}{7}\hat{j} + \frac{2}{7}\hat{k}$

ব্যাখ্যা: $\vec{r_1}$ ও $\vec{r_2}$ এর লব্ধি = $\vec{r_1} + \vec{r_2}$

$= (2\hat{i}+4\hat{j}-5\hat{k})+(\hat{i}+2\hat{j}+3\hat{k}) = 3\hat{i}+6\hat{j}-2\hat{k}$

$\therefore \vec{R}$ এর মান $= |R| = \sqrt{3^2+6^2+(-2)^2} = \sqrt{9+36+4} = \sqrt{49} = 7$

$\therefore \vec{R}$ এর সমান্তরাল একক ভেক্টর: $\hat{r} = \frac{R}{R} = \frac{3}{7}\hat{i}+\frac{6}{7}\hat{j}-\frac{2}{7}\hat{k}$

৮। $\vec{A} = 3\hat{i}+\hat{j}-2\hat{k}$ ও $\vec{B} = \hat{i}+3\hat{j}+2\hat{k}$ হলে $|\overrightarrow{AB}|$ কত? **[RU-C, Topaz-3: 2022-23]**

উত্তর: $2\sqrt{6}$

ব্যাখ্যা: $\overrightarrow{AB} = \overrightarrow{OB}-\overrightarrow{OA} = -2\hat{i}+2\hat{j}+4\hat{k}$

$|\overrightarrow{AB}| = \sqrt{(-2)^2+2^2+(4)^2} = \sqrt{4+4+16} = \sqrt{24} = 2\sqrt{6}$

৯। যদি দুটি সমান ভেক্টরের লব্ধি যে কোন একটির সমান হয়, তবে ভেক্টরদ্বয়ের মধ্যবর্তী কোণ কত হবে? **[RU-C, Corundum-1: 2022-23]**

উত্তর: **$120^0$**

ব্যাখ্যা: **P = Q = R**

$R = \sqrt{P^2+Q^2+2PQ\cos\alpha}$

$\Rightarrow R^2 = R^2+R^2+2R^2\cos\alpha$

$\Rightarrow 2R^2\cos\alpha = -R^2 \Rightarrow \cos\alpha = \left(-\frac{1}{2}\right) = \cos 120^0$

$\therefore \alpha = 120^0$

১০। **B** এর সাপেক্ষে **A** কণার আপেক্ষিক বেগের সঠিক সূত্র কোনটি? **[RU-C, Netpune-2, Set-1, 2021-22]**

উত্তর: $\overrightarrow{V_R} = \overrightarrow{V_A} - \overrightarrow{V_B}$

ব্যাখ্যা: $\vec{B}$ এর সাপেক্ষে $\vec{A}$ এর আপেক্ষিক বেগ: $\overrightarrow{V_{AB}} = \overrightarrow{V_A} - \overrightarrow{V_B}$

১১। ঘন্টায় **40km** বেগে পূর্বদিকে চলমান একটি গাড়ির চালক ঘন্টায় $40\sqrt{3}$km বেগে একটি ট্রাককে উত্তর দিকে চলতে দেখল। ট্রাকটির প্রকৃত বেগ কত? **[RU-C, Netpune-2, Set-1, 2021-22]**

উত্তর: **80 kmh$^{-1}$**

ব্যাখ্যা:

$\overrightarrow{V_T} = \overrightarrow{V_{TC}} + \overrightarrow{V_C}$

$\therefore V_T = \sqrt{V_{TC}^2 + V_C^2}$

$= \sqrt{(40\sqrt{3})^2+(40)^2}$

$= \sqrt{40^2\times 4} = 2\times 40 = 80\text{kmh}^{-1}$




১২। একটি সামন্তরিকের কর্ণ দুইটি $\vec{A} = 3\hat{i}+\hat{j}-2\hat{k}$ এবং $\vec{B} = \hat{i}-3\hat{j}+4\hat{k}$ সামন্তরিকের ক্ষেত্রফল কত? [RU-Uranus-1, Set-1, 21-22]

উত্তর: $\frac{1}{2}\sqrt{300}$

ব্যাখ্যা: সামান্তরিকের কর্ণ দেওয়া থাকলে ক্ষেত্রফল = $\frac{1}{2}|\vec{A}\times\vec{B}|$

$$\therefore |\vec{A}\times\vec{B}| = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 3 & 1 & -2 \\ 1 & -3 & +4 \end{vmatrix}$$

$= \hat{i}(4-6)-\hat{j}(12+2)+\hat{k}(-9-1)$

$= -2\hat{i}-14\hat{j}-10\hat{k}$ $\therefore$ ক্ষেত্রফল,

$\frac{1}{2}|\vec{A}\times\vec{B}| = \frac{1}{2}\sqrt{4+196+100} = \frac{1}{2}\sqrt{300}$

১৩। যদি $\vec{A} = 18\hat{i}+2\hat{j}-12\hat{k}$ ও $\vec{B} = 4\hat{i}-6\hat{j}+5\hat{k}$ হয়, তবে $\vec{A}$ ও $\vec{B}$ এর মধ্যকার কোণ কত হবে? **[RU-Uranus-1, Set-1, 21-22]**

উত্তর: **$90^0$**

ব্যাখ্যা: $\vec{A}.\vec{B} = (18\hat{i}+2\hat{j}-12\hat{k}).(4\hat{i}-6\hat{j}+5\hat{k})$

$= 72-12-60 = 0$

যেহেতু,ম $\vec{A}.\vec{B} = 0$ সুতরাং, $\vec{A}\perp\vec{B}$ অর্থাৎ $\vec{A}$ ও $\vec{B}$ এর মধ্যবর্তী কোণ **$90^0$**।

১৪। যদি $2\hat{i}+3\hat{j}+\hat{k}$ ও $-4\hat{i}-6\hat{j}-\lambda\hat{k}$ দুটি ভেক্টর পরস্পর সমান্তরাল হয়, তাহলে $\lambda$-র মান কত হবে? **[RU. Astrazeneca, Set-1, 20-21]**

উত্তর: **2**

ব্যাখ্যা: ভেক্টর উপাংশ সমূহের অনুপাতের সূত্রানুসারে,

$\frac{2}{-4} = \frac{3}{-6} = \frac{1}{-\lambda} \Rightarrow = 2$

১৫। $\vec{r} = 2\hat{i}+\hat{j}+2\hat{k}$ হলে $\vec{\nabla}.\vec{r} =$ কত? [RU. Moderna, Set-2, 20-21]

উত্তর: 0

ব্যাখ্যা: $\vec{\nabla}.\vec{r} = \left(\frac{\partial}{\partial}\hat{i}+\frac{\partial}{\partial}\hat{j}+\frac{\partial}{\partial}\hat{k}\right).(2\hat{i}+\hat{j}+2\hat{k}) = 0$

১৬। দু'টি সমান্তরাল ভেক্টর $\vec{A} = 3\hat{i}-2\hat{j}+4\hat{k}$ এবং $\vec{B} = 12\hat{i}-m\hat{j}+16\hat{k}$ হলে **m= ? [RU-C, Set-3. 19-20]**

উত্তর: 8

ব্যাখ্যা: $\vec{A} = 3\hat{i}-2\hat{j}+4\hat{k}$ এবং $\vec{B} = 12\hat{i}-m\hat{j}+16\hat{k}$ পরস্পর সামন্তরাল।

$\therefore \frac{3}{12} = \frac{-2}{-m} = \frac{4}{16} \Rightarrow m = 8$

১৭। **xy** তলের সমান্তরাল এবং $2\hat{i}-2\hat{j}+6\hat{k}$ এর সাথে সমকোণে অবস্থিত একক ভেক্টর কোনটি? **[RU. 18-19]**

উত্তর: $\pm\frac{\hat{i}+\hat{j}}{\sqrt{2}}$

ব্যাখ্যা: ধরি, ভেক্টরটি $(a\hat{i}+b\hat{j})$, যা **xy** সমতলের সমান্তরাল।

আবার, $(a\hat{i}+b\hat{j}).(2\hat{i}-2\hat{j}+6\hat{k}) = 0$

$\Rightarrow 2a-2b = 0 \Rightarrow a = b$

$\therefore$ সমকোণে অবস্থিত একক ভেক্টর = $\pm\frac{a(\hat{i}+\hat{j})}{\sqrt{2}a} = \pm\frac{\hat{i}+\hat{j}}{\sqrt{2}}$

**১৮। 8 একক ও 4 একক মানের দুইটি সদিক রাশির মধ্যবর্তী কোণ $120^0$। রাশি দুইটির লব্ধি মান কত একক? [RU. 15-16]**

**উত্তর:** $4\sqrt{3}$

**ব্যাখ্যা: লব্ধির মান,** $R = \sqrt{P^2 + Q^2 + 2PQ\cos\alpha}$

$= \sqrt{8^2 + 4^2 + 2.8.4\cos 120^0} = 4\sqrt{3}$

## ⁂ গুরুত্বপূর্ণ তথ্য ⁂

⁂ $P = 2Q$ এবং লব্ধির সাথে লম্ব বরাবর ক্রিয়া করলে $\alpha = 120^0$

⁂ $P = Q = R$ হলে $\alpha = 120^0$ এবং $\theta = \frac{\alpha}{2}$

⁂ $P = Q$ হলে লব্ধি, $R = 2P\cos\frac{\alpha}{2}$ এবং লব্ধির দিক, $\theta = \frac{\alpha}{2}$

⁂ যদি নৌকার বেগ স্রোতের বেগের দ্বিগুণ হয় তাহলে সবসময় $\alpha = 120^0$

# নিউটনিয়ান বলবিদ্যা

## নিউটনিয়ান বলবিদ্যা যাবতীয় টাইপ

১। একক/মাত্রা
২। থিওরি
৩। সূত্র/সমীকরণ
৪। ম্যাথ

## টাইপ: একক/মাত্রা

➢ **যা আসতে পারে:**

| রাশি | একক | মাত্রা সমীকরণ | রাশি | একক | মাত্রা সমীকরণ |
|---|---|---|---|---|---|
| বল | N | $[MLT^{-2}]$ | ঘাত বল | N | $[MLT^{-2}]$ |
| ভরবেগ | $kgms^{-1}$ | $[MLT^{-1}]$ | বলের ঘাত | Ns | $[MLT^{-1}]$ |
| দ্বন্দ্ব বা কাপল/ টর্ক/ দ্বন্দ্বের ভ্রামক/ বলের ভ্রামক | N-m | $[ML^2T^{-2}]$ | জড়তার ভ্রামক | $kgm^2$ | $[ML^2]$ |
| | | | কৌণিক বেগ | $rads^{-1}$ | $[T^{-1}]$ |
| | | | কৌণিক ত্বরণ | $rads^{-1}$ | $[T^{-2}]$ |
| কৌণিক ভরবেগ | $kgm^2s^{-1}$ | $[ML^2T^{-1}]$ | | | |

## টাইপ: থিওরি

❒ মৌলিক বল ৪ প্রকার: (১) মহাকর্ষ বল, (২) তড়িৎ চুম্বকীয় বল, (৩) সবল নিউক্লিয় বল, (৪) দুর্বল নিউক্লিয় বল।

❒ চার প্রকার মৌলিক বলের তুলনা:

| বিষয় | মহাকর্ষ বল | দুর্বল নিউক্লিয়ার বল | তড়িৎ চুম্বকীয় বল | সবল নিউক্লিয়ার বল |
|---|---|---|---|---|
| কার্যকরণ/ বিনিময়করণ | গ্রাভিটন | বোসন | ফোটন | মেসন/ গ্লুওন |
| ধর্ম | আকর্ষণ ধর্মী | বিকর্ষণ ধর্মী | আকর্ষণ ধর্মী ও বিকর্ষণ ধর্মী | আকর্ষণ ধর্মী |
| পাল্লা | অসীম এ বলের মান কখনও শূন্য হয় না | $10^{-16}$m এর কম। তবে $10^{-15}$m এর বেশী দূরত্বে এ বল অনুভূত হয় না। | অসীম | $10^{-15}$m তবে $10^{-14}$m দূরত্বে এ বল উপেক্ষনীয় |
| আপেক্ষিক সবলতা | 1 | $10^{30}$ | $10^{39}$ (শা. তপন) $10^{40}$ (তফাজ্জল) | $10^{41}$ (শা. তপন) $10^{42}$ (তফাজ্জল) |
| | (সবল নিউক্লিয় বল 1 ধরে) $10^{-41}$ | $10^{-11}$ | $10^{-2}$ | 1 |
| প্রভাবিত কণা | সমস্ত পদার্থ | লেপটপ | আধান যুক্ত কনা | প্রোটন ও নিউট্রনকে আবদ্ধ করে নিউক্লিয়াস তৈরী |

❒ স্পর্শ বল: যে বল সৃষ্টির জন্য দুটি বস্তুর প্রত্যক্ষ সংস্পর্শ প্রয়োজন তাকে স্পর্শ বল বলে। স্পর্শ বলের উদাহরণ: ঘষেটির স্পর্শ

| ঘ | ষে | টি | র | স্পর্শ |
|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ঘর্ষণ বল | সান্দ্র বল, সংঘর্ষের ফলে সৃষ্ট বল | টানা বল | | স্পর্শ বল |

❒ নিউটনের গতিসূত্র: ফিলোসোফিয়া ন্যাচারালিস প্রিন্সিপিয়া ম্যাথম্যাটিকা।

❒ সূত্রের প্রয়োগ:

| সূত্র | প্রয়োগ | ধারণা পাওয়া যায় |
|---|---|---|
| **ভরবেগের সংরক্ষণ সূত্র** | * কামান থেকে গোলা ছোঁড়া<br>* আরোহীর নৌকা থেকে লাফ দেওয়া<br>* রকেটের গতি<br>* অ্যাথলেটের লং জ্যাম্প দেওয়া | |
| **নিউটনের গতির দ্বিতীয় সূত্র** | * নিউটনের গতির প্রথম সূত্র প্রতিপাদন করা যায়;<br>* Fa = ma প্রতিপাদন করা যায় | বলের অভিমুখ, পরিমাপ, ত্বরণের সঙ্গে বলের স্পর্শ, বলের একক বলের নিরপেক্ষ নীতি |
| **নিউটনের গতির তৃতীয় সূত্র** | উদাহরণ: টেবিলের উপর বই থাকা, ঘোড়ার গাড়ি টানা, পায়ে হাঁটা, রকেটের উড্ডয়ন, বন্দুকের গুলি ছোঁড়া, নৌকা চালানো | ১. ভরবেগের নিত্যতা সূত্র বা ভরবেগের সংরক্ষণ বিধি<br>২. বিভিন্ন প্রকার ক্রিয়া-প্রতিক্রিয়া: টান, পৃষ্ঠটান, ধাক্কা, আকর্ষণ-বিকর্ষণ, ঘর্ষণ বল |

## এই টাইপ থেকে হুবহু প্রশ্ন আসার সম্ভাবনা

১। **কোনো নির্দিষ্ট অক্ষের সাপেক্ষে ঘূর্ণায়মান বস্তুর উপর প্রযুক্ত বল ও বলের অভিমুখের সাথে অক্ষের লম্ব দূরত্বের গুণফলকে কি বলে? [RU-C, Quartz-2: 2022-23]**
**উত্তর:** দ্বন্দ্ব।

২। **জড়তার ভ্রামকের মাত্রা কোনটি? [RU-C, Quartz-2: 2022-23]**
**উত্তর:** $ML^2$।

৩। **বৃত্তীয় গতির ক্ষেত্রে কৌণিক ভরবেগের রাশি কোনটি? [RU-C, Shift-4, Set-1 (Venus-1): 2021-22; DU-Tec. 21-22]**
**উত্তর:** $r^2m\omega$।

৪। **নিচের বলগুলির মধ্যে কোনটি সবচেয়ে শক্তিশালী বল? [RU: 18-19]**
**উত্তর:** সবল নিউক্লিয় বল।

৫। **নিউক্লিয়াসের মধ্যে কোন কণার পারস্পরিক বিনিময়ের দ্বারা সবল নিউক্লিয় বলের উৎপত্তি হয়? [RU. 16-17]**
**উত্তর:** মেসন।

৬। **1 ডিগ্রী সমান কত রেডিয়ান? [RU. 16-17]**
**উত্তর:** 0.0175।

৭। **কোনটি মৌলিক বল নয়? [RU. 16-17]**
**উত্তর:** তড়িৎচালক বল।

৮। কোন বৃত্তের ব্যাসার্ধের সমান বৃত্তচাপ বৃত্তের কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে তাকে বলে- **[RU. 16-17]**
উত্তর: 1 রেডিয়ান।

৯। হাতঘড়ির ঘন্টার কাঁটার পর্যায়কাল কত? **[RU. 16-17]**
উত্তর: 12 ঘণ্টা।

১০। চাঁদের রৈখিক বেগ কোনটি? **[RU. 16-17]**
উত্তর: $1.022\ kms^{-1}$।

১১। মৌলিক বলের সংখ্যা কয়টি? **[RU. 15-16]**
উত্তর: 4।

১২। সাইকেল আরোহীকে বাঁকের কেন্দ্রের দিকে হেলতে হয় কেন? **[RU. 15-16]**
উত্তর: কেন্দ্রমুখী বলের জন্য।

১৩। কোন বস্তুর উপর প্রযুক্ত বল দ্বারা কৃত কাজ বস্তুটির গতিশক্তি পরিবর্তনের- **[RU. 13-14]**
উত্তর: সমান।

১৪। উপগ্রহ মহাশূন্যে কোন নীতি মেনে চলে? **[RU. 10-11]**
উত্তর: কেপলারের সূত্র।

১৫। ক্রিয়া এবং প্রতিক্রিয়া বল সব সময়ই- **[RU. 10-11]**
উত্তর: দুটি ভিন্ন বস্তুর উপর ক্রিয়া করে।

১৬। নিউটনের তৃতীয় সূত্রের প্রয়োগ নয় কোনটি? **[RU. 10-11]**
উত্তর: যাত্রীবাহী বাস।

১৭। রৈখিক গতির ক্ষেত্রে বলের যে ভূমিকা কৌণিক গতির ক্ষেত্রে কোনটির সেই ভূমিকা- **[RU. 10-11]**
উত্তর: টর্ক।

১৮। তুমি যদি ভূ-পৃষ্ঠ হতে উপরে যেতে থাক তবে তোমার-
উত্তর: ভর অপরিবর্তিত থাকবে ও ওজন কমবে।

১৯। ক্রিয়া প্রতিক্রিয়ার মধ্যে কোণ কত? **[C. AG. 21-22]**
উত্তর: $180^0$

২০। তড়িৎ চৌম্বক বল ও মহাকর্ষ বলের মধ্যে অনুপাত কত? **[BAU: 15-16]**
উত্তর: $10^{39}:1$

২১। জড়তার ভ্রামকের মাত্রা কোনটি? **[BAU: 14-15; PSTU 11-12]**
উত্তর: $ML^2$

২২। বর্ষাকালে চলন্ত গাড়ির চাকা হতে কাঁদা ছিটকিয়ে পড়ে কেন? **[BAU: 05-06]**
উত্তর: কেন্দ্রমুখী বল নেই বলে।

২৩। নিউক্লিয় সবল বলের তীব্রতা 1 ধরলে নিউক্লিয় সবল বল ও নিউক্লিয় দুর্বল বলের জন্য নীচের কোন অনুপাতটি সঠিক? **[BAU: 03-04]**
উত্তর: $1:10^{-12}$

২৪। কোনটির উপর বস্তুর জড়তার ভ্রামক নির্ভর করে না? **[SAU: 18-19, 17-18]**
উত্তর: মাত্রা।

২৫। নিউট্রন আবিষ্কার করেন কে? **[SAU: 06-07]**
উত্তর: চ্যাডউইক।

২৬। মৌলিক বলগুলোর মধ্যে কোনটির তীব্রতা বেশী? **[SAU: 05-06]**
উত্তর: নিউক্লিয় সবল বল

২৭। ঘূর্ণায়মান কোন কণার ব্যাসার্ধ ভেক্টর এবং কণার উপর প্রযুক্ত বলের ভেক্টর গুণফলকে বলা হয়- **[SylAU: 12-13, 13-14]**
উত্তর: টর্ক।

২৮। নিউটনের তৃতীয় গতিসূত্রের উদাহরণ- **[SylAU. 11-12]**
উত্তর: নৌকা চালানো, ভূমির উপর দাঁড়ানো, হাঁটা।

২৯। নিচের কোনটি মহাবিশ্বের মৌলিক বল নয়? **[SylAU: 07-08]**
উত্তর: বিকিরণজনিত বল

৩০। আনবিক গঠনের জন্য দায়ী বল কোনটি? **[CVASU: 18-19]**
উত্তর: তড়িৎ চৌম্বক বল।

৩১। কোনটি সবচেয়ে দুর্বল বল? **[CVASU: 17-18]**
উত্তর: মহাকর্ষ বল

৩২। কৌণিক বেগের একক- **[CVASU: 15-16]**
উত্তর: $rads^{-1}$

৩৩। কৌণিক ভর বেগের মাত্রা হল- **[CVASU. 11-12; 12-13; NSTU. 14-15]**
উত্তর: $[ML^2T^{-1}]$

৩৪। নিম্নের কোনটি ক্রিয়া ও প্রতিক্রিয়ার প্রকারভেদ নয়? **[CVASU: 06-07]**
উত্তর: টেনসন।

৩৫। কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ- **[KAU. 18-19; HSTU. 15-16]**
উত্তর: শূন্য

৩৬। বলবিদ্যার বিভিন্ন মৌলিক ভৌত রাশি সমূহ হলো- **[DU: 12-13]**
উত্তর: ভর, দৈর্ঘ্য ও সময়

৩৭। নিউটনীয় বা চিরায়িত বলবিদ্যার মৌলিক রাশি নয় কোনটি? **[CoU: 18-19]**
উত্তর: বেগ

৩৮। ভর হচ্ছে পদার্থের- **[JU-A: 22-23]**
উত্তর: জড়তার পরিমাপ ও বেগের পরিবর্তনের বাধার পরিমাপ।

৩৯। ক্রিয়া ও প্রতিক্রিয়ার মধ্যবর্তী কোণের মান কত? **[HSTU: 19-20]**
উত্তর: $180^0$

৪০। তড়িৎ চৌম্বক বলের ক্ষেত্রে বাহক কণা কোনটি? **[KU: 18-19]**
উত্তর: ফোটন

৪১। নিউক্লিয়াস গঠনের জন্য দায়ী বল কোনটি? **[BSMRSTU: 19-20]**
উত্তর: সবল নিউক্লিয় বল

৪২। কোন বলটির পাল্লা অসীম নয়? **[JU: 14-15]**
উত্তর: সবল নিউক্লীয় বল।

৪৩। তড়িৎ চুম্বকীয় বল কোন কণার পারস্পরিক বিনিময়ের ফলে কার্যকর হয়? **[JU: 21-22]**
উত্তর: ফোটন

৪৪। সবল নিউক্লীয় বলের পাল্লা কত? **[JU: 21-22]**
উত্তর: $10^{-15}m$

৪৫। বিটা ক্ষয় হয় কোন বলের কারণে? **[JU: 21-22]**
উত্তর: দুর্বল নিউক্লীয়

৪৬। বলের ঘাতের মাত্রা হল- **[JU-A: 22-23]**
উত্তর: $[MLT^{-1}]$

৪৭। সুষম বৃত্তাকার পথে সমদ্রুতিতে চলমান বস্তুর ত্বরণ- **[RU-C: 23-24]**
উত্তর: শূন্য।

৪৮। কৌণিক ভরবেগের মাত্রা সমীকরণ কোনটি? **[JU: 18-19; IU: 02-03; 06-07]**
উত্তর: $[ML^2T^{-1}]$

৪৯। দ্বন্দ্বের ভ্রামকের মাত্রা সমীকরণ হচ্ছে- **[JU: 17-18]**
অথবা, টর্কের মাত্রা সমীকরণ কোনটি? **[JKKNIU: 19-20; MBSTU: 19-20]**
অথবা, টর্কের মাত্রা সূত্র কোনটি? **[CU-A: 22-23; CU-A: 17-18]**
উত্তর: $[ML^2T^{-2}]$

৫০। কোনটি টর্কের সঠিক একক? **[DU: 09-10]**
উত্তর: Nm

৫১। জড়তার ভ্রামকের মাত্রা কোনটি? **[RU-C: 22-23]**
উত্তর: $[ML^2]$

## টাইপ: সূত্র/সমীকরণ

- **সূত্র:** একটি বস্তুকে 'a' ত্বরণে উর্ধ্বগামী করতে প্রকৃত ত্বরণ = g + a

  এক্ষেত্রে, h উচ্চতা থেকে বস্তু পড়ার সময়, $t = \sqrt{\frac{2h}{g+a}}$

- **সূত্র:** m ভরের বস্তুকে 'a' ত্বরণে উর্ধ্বগামী করতে প্রযুক্ত বল, F = m(g+a)
- **সূত্র:** একটি বস্তুকে 'a' ত্বরণে নিম্নগামী করতে প্রকৃত ত্বরণ = g-a

  এক্ষেত্রে, h উচ্চতা থেকে বস্তু পড়ার সময়, $t = \sqrt{\frac{2h}{g-a}}$

- **সূত্রঃ** m ভরের বস্তুকে 'a' ত্বরণে নিম্নগামী করতে প্রযুক্ত বল, F=m(g-a)
  m ভরের বস্তুকে সমবেগে উর্ধ্বগামী/নিম্নগামী করতে প্রযুক্ত বল, F = mg
- **সূত্রঃ** (i) $m_1$ ভরের একটি বস্তু $u_1$ বেগে চলছে। এর ভর পরিবর্তন হয়ে $m_2$ হলে, যদি নতুন বেগ $u_2$ হয় তবে, $m_1u_1=m_2u_2$
  (ii) m ভরের বস্তু ধাক্কার পর $m_1$, $m_2$, $m_3$ ভরের তিনটি টুকরায় পরিণত হয়ে, $u_1$, $u_2$, $u_3$ ভরের তিনটি টুকরায় পরিণত হয়ে $u_1$, $u_2$, $u_3$ বেগে চললে এদের প্রত্যেকের ভরবেগ সমান হবে। অর্থাৎ, $m_1u_1=m_2u_2=m_3u_3$
  (iii) $m_1$ ও $m_2$ ভরের দুটি বস্তু যথাক্রমে $u_1$ ও $u_2$ বেগে বিপরীত দিকে গতিশীল হলে মিলিত বস্তুর বেগ, $v=\frac{m_1u_1+m_2u_2}{m_1+m_2}$
  (iv) $m_1$ ও $m_2$ ভরের দুটি বস্তু যথাক্রমে $u_1$ ও $u_2$ বেগে বিপরীত দিকে চলছে। বস্তুদ্বয় মিলিত হওয়ার পর বেগ $v+\frac{m_1v_1\sim m_2u_2}{m_1+m_2}$
  (v) $m_1$ ভরের একটি বস্তু $u_1$ বেগে $m_2$ ভরের একটি স্থির বস্তুকে ধাক্কা দিলে, ধাক্কার পর মিলিত বস্তুদ্বয়ের বেগ $v=\frac{m_1u_1}{m_1+m_2}$
- বলের ঘাত $J = Ft = m\Delta v = \Delta p =$ ভরবেগের পরিবর্তন
  $F=\frac{dp}{dt}\Rightarrow P=\int F.dt$
  সংঘর্ষ/ধাক্কা/ঘাত/সংঘাত/অঘাত এর পূর্বে বেগ = u
  পরে বেগ = v

| রাশি | u এবং v এর দিক | |
|---|---|---|
| | একইক | বিপরীত দিকে |
| $F=\frac{\Delta P}{t}$ | $\frac{m(v-u)}{t}$ | $\frac{m.(v+u)}{t}$ |
| $J=\Delta P$ | $m(v-u)$ | m(v+u) |

- স্থিতি ঘর্ষণ গুণাঙ্ক, $\mu_s=\frac{F_s}{R}$ এবং $R=mg, \mu_s=\frac{F_{s(max)}}{F_N}$
- নিশ্চল কোণ, $\theta_f=\tan^{-1}(\mu_s)$
- গতীয় ঘর্ষণ গুণাংক, $\mu_k=\frac{F_k}{R}=\frac{F_k}{mg}=\frac{a}{g}$
- রাস্তার ব্যাংকিং, $\tan\theta=\frac{v^2}{rg}$
- রেল লাইনের ব্যাংকিং, $\tan\theta=\frac{v^2}{rg}=\frac{h}{x}$; [যখন $\theta$ খুবই ছোট] (h= ভিতরের পাত অপেক্ষা বাইরের পাতের উচ্চতাম, x= পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব)
- ঘর্ষণযুক্ত রাস্তায় বাঁকের ক্ষেত্রে, $\mu=\tan\theta=\frac{v^2}{rg}\Rightarrow v_{max}\le\sqrt{\mu_s rg}$
- আনুভূমিক তলে,
  * কেন্দ্রমুখী বল, $F=\frac{mv^2}{r}=m\omega^2r=m\frac{4\pi^2r}{T^2}$
  * কেন্দ্রমুখী ত্বরণ, $a=\frac{v^2}{r}=\omega^2r=\frac{4\pi^2r}{T^2}$
- উল্লম্ব তলে,
  * শীর্ষ বিন্দুতে টান $T_H=\frac{mv_H{}^2}{r}-mg$
  * বৃত্তের কেন্দ্রের সাথে এক লেভেলে টান $T_M=\frac{mv_M{}^2}{r}=m\omega^2r=m\frac{4\pi^2r}{T^2}$
  * বৃত্তের সর্বনিম্ন বিন্দুতে সুতার টান $T_L=\frac{mv_L{}^2}{r}+mg$
- $I=\sum mr^2$
- K চক্রগতির ব্যাসার্ধ হলে জড়তার ভ্রামক, $I = mK^2$
- বিভিন্ন বস্তুর ক্ষেত্রে জড়তার ভ্রামকের সূত্রঃ
  * সরু ও সুষম দণ্ডের মধ্যবিন্দু দিয়ে ও তার দৈর্ঘ্যের অভিলম্বভাবে অতিক্রান্ত অক্ষের সাপেক্ষে ঘূর্ণায়মান ঐ দন্ডের জড়তার ভ্রামক, $I=\frac{m}{12}l^2$
  * নিজ অক্ষের চতুর্দিকে ঘূর্ণায়মান একটি নিরেট চোঙের বা সিলিন্ডারে জড়তার ভ্রামক, $I=\frac{1}{2}mr^2$
  * ভারকেন্দ্রগামী ও প্রস্থের সমান্তরাল অক্ষ সাপেক্ষে আয়তাকার পাতের জড়তার ভ্রামক, $I=\frac{ml^2}{12}$
  * ভারকেন্দ্রগামী ও তলের লম্ব বরাবর অক্ষ সাপেক্ষে আয়তকার পাতের জড়তার ভ্রামক, $I=\frac{m}{12}(l^2+b^2)$ [$l$ দৈর্ঘ্য ও b প্রস্থ]
  * নিরেট গোলক বা পৃথিবীর ভরকেন্দ্রগামী অক্ষ সাপেক্ষে জড়তার ভ্রামক, I= $\frac{2}{5}mr^2$
  * স্পর্শকের সাপেক্ষে বৃত্তাকার চাকতির জড়তার ভ্রামক, $I=\frac{3}{2}mr^2$
  * ব্যাসের সাপেক্ষে বৃত্তাকার চাকতির জড়তার ভ্রমক, $I=\frac{1}{4}Mr^2$
- $E_k=\frac{1}{2}I\omega^2=\frac{L^2}{2I}, \omega=\frac{2\pi N}{t}=\frac{2\pi}{T}$
- $v=\omega.r$
- $\vec{\tau}=\vec{r}\times\vec{F}$
- $L=I\omega=m\omega r^2=mvr=rp$
- $s=r\theta$
- $\tau=I\alpha$
- $\vec{L}=\vec{r}\times\vec{P}=rp\sin\theta$
- $a=r\alpha$
- বালতি হতে পানি পড়বে না, বালতির রৈখিক বেগ $v=\sqrt{gr}\Rightarrow$ বালতির কৌণিক বেগ $\omega=\sqrt{\frac{g}{r}}$
- দন্ডের দৈর্ঘ্য L হলে, ভূমিতে আঘাত করার সময় কৌণিক বেগ $\omega=\frac{\sqrt{3g}}{L}$

❑ সেকেন্ডর কাটার জন্য $\omega=\frac{\pi}{30}rads^{-1}$; মিনিটের কাঁটার জন্য $\omega=\frac{\pi}{1800}rads^{-1}$; ঘণ্টার কাটার জন্য $\omega=\frac{\pi}{21600}rads^{-1}$

## এই টাইপ থেকে হুবহু প্রশ্ন আসার সম্ভাবনা

১। যদি **v** = দ্রুতি, **r**= ব্যাসার্ধ, **g** = অভিকর্ষজ ত্বরণ হয়, তাহলে নিম্নের কোন রাশিটি মাত্রাহীন? **[RU. 17-18]**
উত্তর: $\frac{v^2}{rg}$ ।

২। রৈখিক বেগ ও কৌণিক বেগের মধ্যে সম্পর্ক- **[C. AG. 23-24]**
উত্তর: $\vec{v}=\vec{\omega}\times\vec{r}$

৩। রৈখিক ত্বরণ ও কৌণিক ত্বরণের মধ্যে সম্পর্ক কোনটি? **[C. AG. 2021-22]**
উত্তর: $r=\frac{a}{\alpha}$

৪। একটি পাখা প্রতি মিনিটে **30** বার ঘুরছে। এর কৌণিক বেগ কত? **[C. AG. 21-22]**
উত্তর: $\pi rads^{-1}$

৫। একটি নিরেট সিলিন্ডারের ভর **M** এবং ব্যাসার্ধ **R**। জ্যামিতিক অক্ষের সাপেক্ষে এর জড়তার ভ্রামক কত? **[BAU: 13-14]**
উত্তর: $\frac{1}{2}MR^2$

৬। নিম্ন অক্ষের সাপেক্ষে একক ব্যাসার্ধ সম্পন্ন একটি নিরেট সিলিন্ডারের চক্রগতির ব্যাসার্ধ- **[SAU: 18-19]**
উত্তর: $\frac{1}{\sqrt{2}}$

৭। কোন কণার কৌণিক ভরবেগ **L**, জড়তার ভ্রামক **(I)** ও কৌণিক বেগ ω হলেএদের মধ্যে সম্পর্ক কোনটি? **[SAU: 12-13]**
উত্তর: **L = Iω**

৮। বলের পরম একক **1** নিউটন সমান- **[SAU: 08-09]**
উত্তর: $1kg\times1m/s^2$

৯। **'r'** ব্যাসার্ধের বৃত্তাকার পথে সমদ্রুতি **'v'** তে পরিভ্রমণরত কোন কণার কেন্দ্রমুখী ত্বরণ কত হবে? **[SAU 02-03]**
উত্তর: $v^2/r$

১০। রৈখিক বেগ ও কৌণিক বেগের সম্পর্ক কোনটি? **[SAU: 03-04; CVASU. 10-11]**
উত্তর: **v = ωr**

১১। নিজ অক্ষের সাপেক্ষে **l** দৈর্ঘ্য ও **r** ব্যাসার্ধ বিশিষ্ট একটি সিলিন্ডারের চক্রগতির ব্যাসার্ধের মান কত? **[CVASU: 11-12]**
উত্তর: $\frac{r}{\sqrt{2}}$

১২। একটি নিরেট গোলকের যে কোন স্পর্শকের সাপেটক্ষে এর জড়তার ভ্রামক কত?
উত্তর: $\frac{7}{5}mr^2$

১৩। নিচের কোন সম্পর্কটি ঠিক? **[CU-A: 20-21; JnU: 15-16; CU: 18-19]**
উত্তর: $\vec{L}=\vec{r}\times\vec{P}$

১৪। কৌনিক ভরবেগ ও কৌণিক বেগের মধ্যে সম্পর্ক কী? **[CU-A: 20-21; JnU: 15-16; CU: 18-19]**
উত্তর: **L = Iω**

১৫। কৌণিক ভরবেগ **L** এর মান কোনটি? **[CU-A: 15-16]**
উত্তর: **L = Iω**

১৬। বৃত্তীয় গতির ক্ষেত্রে কৌণিক ভরবেগের রাশি কোনটি? **[RU-C: 21-22; CU-A: 12 13]**
উত্তর: $r^2m\omega$

১৭। ঘূর্ণায়মান বস্তুর গতিশক্তি **(K.E)- [KU. 18-19]**
উত্তর: $\frac{1}{2}I\omega^2$

১৮। একটি নিরেট সিলিন্ডারের ভর **M** ও ব্যাসার্ধ **R**। জ্যামিতিক অক্ষ সাপেক্ষে-এর জড়তার ভ্রামক কত? **[JU: JnU: 17-18]**
উত্তর: $\frac{1}{2}MR^2$

১৯। কেন্দ্রীয় বল **F** এর প্রভাবে **r** ব্যাসার্ধের বৃত্তাকার পথে ঘূর্ণনরত একটি কণার উপর ক্রিয়াশীল টর্কের মান- **[GST-A: 21-22]**
উত্তর: **0**

২০। পাখির উড়া পর্যবেক্ষণ করে উড়োজাহাজের একটি মডেল তৈরি করেন কে? **[IU: 15-16]**
উত্তর: লিওনার্দো দা ভিঞ্চি

২১। ঘূর্ণন গতিশক্তি **E** জড়তার ভ্রামক **I** এবং কৌণিক বেগ ω-এর মধ্যবর্তী সম্পর্ক হচ্ছে- **[IU: 15-16]**
উত্তর: $E\frac{1}{2}I\omega^2$

২২। $\frac{d\vec{p}}{dt}\propto\vec{F}$ হলো-
উত্তর: নিউটনের গতির ২য় সূত্র

২৩। বস্তুর ভর **M**, চক্রগতির ব্যাসার্ধ **K** এবং জড়তার ভ্রামক **I** এর মধ্যে সম্পর্ক হলো- **[BU: 11-12]**
উত্তর: $K=\sqrt{\frac{I}{M}}$

২৪। কোনটি সঠিক? **[BRUR: 13-14]**
উত্তর: **F = m/d/dt(dx/dt)**

২৫। ঘূর্ণায়মান বস্তুর গতিশক্তি **k**, যদি ω = ১ হয় তবে বস্তুর জড়তার ভ্রামক হবে- **[JUST-B: 19-20]**
উত্তর: **2K**

২৬। কোনো বস্তুর রৈখিক গতির জন্য কোনটি সঠিক? **[JUST-C: 19-20]**
উত্তর: $\vec{F}=m\vec{a}$

২৭। **m** কিলোগ্রাম ভরের একটি গাড়ী **v** গতিতে **r** ব্যাসার্ধের সমতল বৃত্তাকার পথে চলছে? যদি গাড়ির চাকার সাথে রাস্তার ঘর্ষণসহগ $\mu_s$ হয় তাহলে গাড়িটি নিয়ন্ত্রণ না হারিয়ে সর্বোচ্চ কত দ্রুতিতে চলতে পারবে? **[JUST: 15-16]**
উত্তর: $(\mu_y rg)$
ব্যাখ্যা: $\frac{mv^2}{r}\leq\mu mg\Rightarrow v\leq\sqrt{\mu_s rg}$

২৮। দৃঢ় বস্তুর ক্ষেত্রে- **[MBSTU-A: 19-20]**
উত্তর: $L\propto\omega$

২৯। একটি জড়তার ভ্রামক সংক্রান্ত সমান্তরাল অক্ষ উপপাদ্য? **[MBSTU-A: 19-20]**
উত্তর: $I=I_g+Mh^2$

৩০। একটি নিরেট সিলিন্ডারের জড়তার ভ্রামক $\frac{1}{2}Mr^2$ হলে চক্রগতির ব্যাসার্ধ কত? (**M** সিলিন্ডারের ভর এবং **r** ব্যাসার্ধ) **[MBSTU-C: 19-20]**
উত্তর: $\frac{r}{\sqrt{2}}$

৩১। একটি দৃঢ় বস্তুর চক্রগতির ব্যাসার্ধ কোনটি? [MBSTU: 15-16]

উত্তর: $K=\sqrt{\dfrac{I}{M}}$

৩২। ব্যাসার্ধ ভেক্টর $(\vec{r})$ রৈখিক ভরবেগ $(\vec{p})$ ও কৌণিক ভরবেগ $(\vec{L})$ এর মধ্যে সম্পর্ক কোনটি? [MBSTU: 14-15]

উত্তর: $\vec{L}=\vec{r}\times\vec{p}$

## টাইপ: ম্যাথ

১। সমান্তরাল সমবায়ে যুক্ত চারটি তামার তারের সাহায্যে 6kg ভরের একটি বস্তুকে খাড়া উপরের দিকে $2ms^{-1}$ সমবেগে টানা হলে প্রতিটি তারে কত N টান পড়বে? [GST: 22-23]

উত্তর: 14.7

ব্যাখ্যা:

| | |
|---|---|
| মোট প্রযুক্ত টান বা বল = mg = 6×9.8 = 58.8N<br>$\therefore$ প্রতিটি তারে টান = $\dfrac{58.8}{4}=14.7N$ | এখানে,<br>ভর, m = 6kg<br>প্রতিটি তারে টান= ? |

২। 980N ওজনের একটি বস্তুকে $1ms^{-2}$ ত্বরণ দিতে কত বল প্রয়োগ করতে হবে? [JU: 19-20]

উত্তর: 100N

ব্যাখ্যা: আমরা জানি,

| | |
|---|---|
| W = mg<br>$\Rightarrow 980=m\times9.8$<br>$\therefore m=100kg$<br>এখন, F = ma = (100×1)N= 100N | এখানে,<br>ওজন, W = 980N<br>ত্বরণ, a = $1ms^{-2}$<br>বল, F = ? |

৩। একটি লিফঠ $1m/sec^2$ ত্বরণে নিচে নামছে। লিফটের মধ্যে দাঁড়ানো একজন ব্যক্তির ভর 65kg হলে, তিনি কত বল অনুভব করবেন?

উত্তর: 572N

ব্যাখ্যা: লিফট নিচে নামার সময় অনুভবকৃত বল,

| | |
|---|---|
| F = m(g-a)<br>= 65×(9.8-1)<br>= 65×8.8<br>= 572 | এখানে,<br>লিফটের ত্বরণ, a = $1m/sec^2$<br>ভর, m = 65 kg<br>ব্যক্তি কর্তৃক অনুভূত বল, F = ? |

৪। একটি 7.0kg ভরের বস্তু একটি লিফট এর মেঝের উপর স্থির অবস্থায় আছে। লিফট এর উর্ধ্বগামী ত্বরণ $2m/s^2$ হলে বস্তুর মেঝে কর্তৃক বল কত? [RU: 15-16]

উত্তর: 82.6N

ব্যাখ্যা: মেঝে কর্তৃক বল F হলে,

| | |
|---|---|
| F – mg = ma<br>বা, F = m(g+a)<br>= 7 (9.8+2)<br>= 82.6 N | এখানে,<br>বস্তুর ভর, m = 7kg<br>লিফটের ত্বরণ, a = 2 $ms^{-2}$<br>মেঝে কর্তৃক বল, F = ? |

৫। 50kg ভরের একটি স্থির বস্তুর ওপর 5sec ব্যাপী 10N বল প্রযুক্ত হলো। উক্ত বস্তুটির বেগের পরিবর্তন হবে- [RU-C: 20-21]

উত্তর: $1ms^{-1}$

ব্যাখ্যা: আমরা জানি,

| | |
|---|---|
| $F=m\dfrac{\Delta v}{\Delta t}$<br>বা, $\Delta v=\dfrac{F\Delta t}{m}$<br>$=\dfrac{10\times5}{50}$<br>$=\dfrac{50}{50}=1m/s$ | এখানে,<br>বস্তুর ভর, m = 50kg<br>সময়, $\Delta t=5s$<br>বল, F = 10N<br>বেগের পরিবর্তন, $\Delta v=?$ |

৬। $1.82\times10^{-19}$N বল একটি ইলেকট্রনের উপর $1.6\times10^{-9}$s ধরে ক্রিয়া করলে বেগের পরিবর্তন কত হবে ($ms^{-1}$ এককে)? [CU-A: 22-23]

উত্তর: 320

ব্যাখ্যা: আমরা জানি,

| |
|---|
| F= ma<br>$\Rightarrow F=m\dfrac{\Delta v}{t}\Rightarrow\Delta v=\dfrac{Ft}{m}=\dfrac{1.82\times10^{-19}\times1.6\times10^{-9}}{9.1\times10^{-31}}$<br>$=\dfrac{2.912\times10^{-28}}{9.1\times10^{-31}}$ = $320ms^{-1}$ |

৭। 900kg ভরের একটি ট্রাক ঘণ্টায় 60km বেগে চলছে। ব্রেক চেপে ট্রাকটি 50 মি. দূরে থামানো হলো। যদি মাটির ঘর্ষণ জনিত বল 200N হয় তবে ব্রেক জনিত বলের মান নির্ণয় কর। [DU: 09-10]

উত্তর: 2300N

ব্যাখ্যা:

| | |
|---|---|
| এখন, $v^2=u^2+2as$<br>বা, $2as=v^2-u^2$<br>বা, $a=\dfrac{v^2-u^2}{2s}$<br>$=\dfrac{(0)^2-(16.67)^2}{2\times50}$<br>= $-2.78ms^{-2}$ [মন্দন] | আমরা জানি,<br>মোট বল = ঘর্ষণ বল + ব্রেকজনিত বল<br>বা, $\sum F=F_f+F_B$<br>বা, ma = 200+$F_B$<br>বা, $F_B$ = ma -200<br>বা, $F_B$ = 900×2.78-200<br>$\therefore F_B$ = 2300N |

## Type-2: সংঘর্ষ, ভরবেগ ও ভরবেগের নিত্যতা

১। কোন বস্তুর উপর 15N বল 3s ধরে ক্রিয়া করলে বস্তুটির ভরবেগের পরিবর্তন কত $kgms^{-1}$? [GST: 21-22]

উত্তর: 45

ব্যাখ্যা: আমরা জানি,

ভরবেগের পরিবর্তন, ΔP = বলের ঘাত

= Ft = (15×3) = 45 $kgms^{-1}$

২। 30N বল 5 kg ভরের একটি বস্তুর উপর 10 sec ক্রিয়া করে। বস্তুটির ভরবেগের পরিবর্তন কত হবে? [JU: 17-18]

উত্তর: 300kg $ms^{-1}$

ব্যাখ্যা: আমরা জানি,

ভরবেগের পরিবর্তন, ΔP = বলের ঘাত

= Ft = (30×10) $kgms^{-1}$ = 300 $kgms^{-1}$

৩। 0.5kg ভরের একটি ক্রিকেট বল $30ms^{-1}$ বেগে গিয়ে লম্বভাবে একটি ব্যাটকে আঘাত করলো এবং বিপরীত দিকে $20ms^{-1}$ বেগে প্রতিক্ষিপ্ত হলো। বলের দ্বারা ব্যাটের উপর প্রযুক্ত বলের ঘাত- [JU: 19-20]

উত্তর: 25 Ns

ব্যাখ্যা: আমরা জানি,

বলের ঘাত = ভরবেগের পরিবর্তন

বা, J = m ($v-v_0$) = 0.5 {20-(-30)}= 0.5×50 = 25Ns

৪। অনুভূমিক দিকে গতিশীল 50g ভরের একটি বল 20cm/s বেগে একটি দেয়ালে লম্বভাবে ধাক্কা খেয়ে 10 cm/s বেগে বিপরীত দিকে ফিরে গেলে বলের ঘাত হবে-

উত্তর: 0.015kg-m/s

ব্যাখ্যাঃ আমরা জানি,

বলের ঘাত, $J = m(v-v_0)$

$= 50 \times 10^{-3} \{10-(-20)\}\times10^{-2}$

$= 0.015$ kgms$^{-1}$

৫। $30ms^{-1}$ বেগে আগত 250g ভরের একটি ক্রিকেট বলকে একজন খেলোয়াড় ক্যাচ ধরে 0.1s সময়ের মধ্যে থামিয়ে দিল। খেলোয়াড় কর্তৃক বলটির উপর প্রযুক্তি গড় বল কত? [DU: 10-11]

উত্তরঃ 75N

ব্যাখ্যাঃ আমরা জানি,

বলের ঘাত = ভরবেগের পরিবর্তন

বা, $Ft = mv-mv_0$

বা, $Ft = m(v-v_0)$

বা, $F = \frac{m(v-v_0)}{t} = \frac{250\times10^{-3}\times(0-30)}{0.1} = \frac{-7.5}{0.1}$

$= -75N$

৬। 6kg ভরের একটি বন্দুক হতে 0.01kg ভরের একটি গুলি 600 $ms^{-1}$ বেগে বের হয়ে গেল। বন্দুকে পশ্চাৎ বেগ কত? [CoU: 18-19]

উত্তরঃ $1ms^{-1}$

ব্যাখ্যাঃ

ভরবেগের নিত্যতা সূত্র অনুসারে গুলির ছোঁড়ার আগের ও পরের ভরবেগের সমষ্টি সমান।

$\therefore$ শেষ ভরবেগ = আদি ভরবেগ

$\Rightarrow MV + mv = 0 \Rightarrow V = \frac{-mv}{M}$

$= \frac{-0.01\times600}{6}\frac{m}{s} = \frac{-6}{6} = -1ms^{-1}$

৭। 5g ভর এর একটি বুলেট 6kg ভরের একটি বন্দুক থেকে $300ms^{-1}$ বেগে নিক্ষিপ্ত হলে বন্দুকের পশ্চাৎ বেগ- [JnU: 17-18]

উত্তরঃ $0.25ms^{-1}$

ব্যাখ্যাঃ

❒ সান্দ্রতা ক্রম: আলকাতরা > তেল > দুধ এবং মধু > পানি।

❒ সান্দ্রতা গুণাংকের একক: 1. $Nsm^{-2}$, 2. $kgms^{-1}$, $(1Nsm^{-2} = 10posie)$

❒ **সংকট তাপমাত্রা:** যে তাপমাত্রায় কোন একটি তরলের পৃষ্ঠ টান শূন্য হয়, তাকে সংকট তাপমাত্রা বলে।

❒ **সান্দ্রতা সহগ:** একক বেগ অবক্রমে একটি প্রবাহীর একক ক্ষেত্রফলের উপর যে পরিমাণ সান্দ্রতা বল ক্রিয়া করে, তাকে ঐ পরিবাহীর সান্দ্রতা গুণাংক বলে।

❒ **কৌশিকতা বা কৌশিকত্ব:** কৌশিক নলে তরলের উঠা নামাকে কৌশিকতা বলে। এর কারণ তরলের পৃষ্ঠটান।

❒ স্পর্শ কোণ সূক্ষ্ম কোণ হলে $(\theta < 90^0)$
* তরল ও কঠিনের মধ্যবর্তী আসঞ্জন বল > তরলের সংশক্তি বল।
* কৈশিক নলে তরলের আরোহণ হয়

❒ স্পর্শ কোণ স্থূল হয় $(\theta > 90^0)$
* কৈশিক নলে তরলের অবনমন ঘটে

❒ তরল কঠিনকে ভিজালে (পানি ও কাঁচ) স্পর্শকোণ সূক্ষ্মকোণ হয় অর্থাৎ $0^0 < \theta < 90^0$ এবং তরল কঠিনকে না ভিজালে (পারদ ও কাঁচ) স্পর্শ কোণ স্থূল কোণ হয় অর্থাৎ $90^0<\theta<180^0$

❒ **স্পর্শ কোণের মান:**
- স্পর্শ কোণের সর্বনিম্ন মান $0^0$ এবং সর্বোচ্চ মান $180^0$
- সাধারণ পানি ও কাঁচের ভেতরকার স্পর্শ কোণ $8^0$
- বিশুদ্ধ পানি ও পরিষ্কার কাঁচের স্পর্শ কোন প্রায় $0^0$
- পারদ ও কাঁচের ভেতরকার স্পর্শ কোণ $140^0$
- আসঞ্জন বল যত বেশী হবে স্পর্শ কোণ তত সূক্ষ্ম কোণ হবে।
- রূপা ও পানির ভেতরকার স্পর্শ কোণ $90^0$
- সংশক্তি বল যত বেশী হবে স্পর্শ কোণ তত বেশী হবে।

❒ পয়সনের অনুপাত = $\frac{\text{পার্শ্ব বিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}}$

❒ **পয়সনের অনুপাতের একক নাই:** এর মান $-1 < \sigma < 0.5$

❒ অধিকাংশ ধাতব পদার্থের ক্ষেত্রে পয়সনের অনুপাতের মান 0.3

❒ অসহ ভার/ওজন = পীড়ন × ক্ষেত্রফল = PA

❒ অসহ পীড়ন: অসহ বলের জন্য যে পীড়ন হয় তাই অসহ পীড়ন।

## এই টাইপ থেকে হুবহু প্রশ্ন আসার সম্ভাবনা

১। মাত্রাবিহীন রাশি- **[IU: 19-20]**
উত্তর: বিকৃতি

২। স্পর্শকোণ কত হলে কোন কৌশিক নল দিয়ে তরল পদার্থ উপরের দিকে উঠবে? **[IU: 16-17]**
উত্তর: $< 90^0$

৩। ভিন্নধর্মী আয়নের মধ্যে কুলম্ব আকর্ষণের ফলে বন্ধন সৃষ্টি হয়- **[IU: 15-16]**
উত্তর: আয়নিক বন্ধন

৪। একটি তার প্রসারণের ফলে একক আয়তনে কৃত কাজ- **[IU: 15-16]**
উত্তর: $\frac{1}{2}$ × পীড়ন×বিকৃতি

৫। অসহ পীড়ন- **[IU: 14-15]**
উত্তর: অসহবল ÷ ক্ষেত্রফল

৬। কৃন্তন পীড়ন ও কৃন্তন বিকৃতির অনুপাতকে বলা হয়- **[IU: 13-14]**
উত্তর: কৃন্তন গুণাঙ্ক

৭। সংকট তাপমাত্রায় তরলের পৃষ্ঠটানের পরিমাণ- **[IU: 13-14]**
উত্তর: **0**

৮। তৈলাক্ত পদার্থযুক্ত কাঁচ ও বিশুদ্ধ পানির মধ্যকার স্পর্শ কোন- **[IU: 12-13]**
উত্তর: প্রায় শূন্য

৯। লোহার স্থিতিস্থাপকতা রাবারের চেয়ে- **[IU: 12-13]**
উত্তর: বেশি

১০। পয়েজ কিসের একক? **[IU: 11-12]**
উত্তর: সান্দ্রতা

১১। স্থিতিস্থাপক ক্লান্তির আবিষ্কারক হলেন বিজ্ঞানী- **[IU: 10-11]**
উত্তর: কেলভিন

১২। একটি কাচ পৃষ্ঠের উপর পানি ঢাললে তা যতটা ছাড়ায় দুধ ততটা ছাড়ায় না কেন? **[BRUR: 19-20]**
উত্তর: সান্দ্রতা

১৩। পরিষ্কার কাঁচ ও বিশুদ্ধ পানির মধ্যকার স্পর্শ কোণ (প্রায়) কত? **[BRUR: 15-16]**
উত্তর: $0^0$

১৪। একটি সম্পূর্ণ দৃঢ় বস্তুর আয়তন গুণাঙ্ক- **[BRUR: 15-16]**
উত্তর: অসীম

১৫। কোনটি হুক-এর সূত্র- **[BRUR: 13-14]**
উত্তর: **Stress/Strain = Constant**

১৬। যদি স্পর্শ কোণ $90^0$ এর বেশি হয়, তবে তরলের পৃষ্ঠ হবে- **[MBSTU: 19-20]**
উত্তর: উত্তল

১৭। কাঁচ ও বিশুদ্ধ পারদের বেলায় স্পর্শ কোণে মান- **[MBSTU-A: 19-20; CoU: 09-10; IU: 11-12]**
উত্তর: প্রায় $139^0$

১৮। পানির অণুর মধ্যকার বন্ধনকে বলে- **[MBSTU: 14-15]**
উত্তর: দ্বিপোল-দ্বিপোল বন্ধন

১৯। পীড়নের একক কোনটি? **[MBSTU: 14-15]**
উত্তর: $Nm^{-2}$

২০। ইয়ং এর গুনাঙ্কের মাত্রা- **[MBSTU: 14-15]**
উত্তর: $ML^{-1}T^{-2}$

২১। কোন প্রবাহীর সর্বোচ্চ বেগ যা অতিক্রম করলে শান্ত প্রবাহ অশান্ত প্রবাহে পরিণত হয় সেই বেগকে বলা হয়- **[RU-C, Feldspar-1: 22-23]**
উত্তর: সংকট বেগ

২২। SI এককে গ্যাসের চাপ কোনটি? **[RU-C, Neptune-2, Set-1. 21-22]**
উত্তর: **Pa**

২৩। স্পর্শকোণ $120^0$ হলে কৈশিক নলে তরল- [RU. Sinovac, Set-1. 20-21]
উত্তর: নিচে নামবে

২৪। 'প্লাজমা' পদার্থের কোন ধরনের অবস্থা? [RU. 18-19]
উত্তর: আয়নিত

২৫। আয়নিক ও সমযোজী বন্ধনের তুলনায় ধাতব বন্ধন- [RU. 17-18]
উত্তর: দুর্বল

২৬। স্থিতিস্থাপক সীমা সবচেয়ে বেশি- [RU. 17-18]
উত্তর: ইস্পাতের।

২৭। আয়তন গুণাঙ্কের বিপরীত রাশিকে বলে- [RU. 17-18]
উত্তর: সংনম্যতা

২৮। দুইটি ভিন্ন প্রস্থচ্ছেদের তারের ইয়ং-এর স্থিতিস্থাপক গুণাংক একই। তার দুইটি- [RU. 17-18]
উত্তর: একই উপাদানের

২৯। প্রবাহীর সান্দ্রতার মান অনুসারে কোনটি সঠিক? [RU. 17-18]
উত্তর: আলকাতরা > তেল > দুধ

৩০। সান্দ্রতা কিসের সাথে তুলনীয়? [RU. 17-18]
উত্তর: ঘর্ষণ

৩১। সংকট তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান- [RU. 17-18]
উত্তর: শূন্য

৩২। কোন বন্ধনটি বেশী শক্তিশালী হয়? [RU. 16-17]
উত্তর: আয়নিক

৩৩। পৃষ্ঠটানের এস. আই একক হলো- [RU. 16-17, SUST. 06-07]
উত্তর: $Nm^{-1}$

৩৪। পারদ ও কাঁচের মধ্যকার স্পর্শ কোণ কত হবে? [RU. 16-17; CoU. 09-10]
উত্তর: $140^0$

৩৫। যদি স্পর্শ কোণ $90^0$ এর কম হয়, তবে কৈশিক নলে তরলের অবস্থা কেমন হবে? [RU. 16-17]
উত্তর: উপরে উঠবে

৩৬। কোন স্থিতিস্থাপক গুণাঙ্কটি তরলের জন্য প্রযোজ্য? [RU. 15-16]
উত্তর: আয়তন গুণাঙ্ক

৩৭। নিম্নের কোন রাশিটির কোন মাত্রা বা একক নাই? [RU. 14-15]
উত্তর: পয়সনের অনুপাত

৩৮। পারদ পূর্ণ পাত্রে কাঁচের কৈশিক নল ডুবালে নলের অভ্যন্তরে পারদ- [RU. 10-11]
উত্তর: স্থির থাকবে

৩৯। Bernoulli এর সূত্র হচ্ছে- [RU. 09-10]
উত্তর: পৃষ্ঠ টানের সূত্র

৪০। আয়তন বিকৃতির একক- [RU. 08-09]
উত্তর: নাই

৪১। বস্তুর প্রতি একক মাত্রায় যে পরিবর্তন হয় তাকে বলে- [RU. 06-07]
উত্তর: বিকৃতি

৪২। বল প্রয়েন্ট পেন কোন নীতিতে কাজ করে? [RU. 06-07; Ku. 09-10]
উত্তর: পৃষ্ঠটান

৪৩। কোন ধর্মের কারণে পানির ফোঁটা গোলাকৃতি হয়? [C. AG. 19-20]
উত্তর: পৃষ্ঠটান

৪৪। বৃষ্টি ফোঁটা গোলাকার ধারণ করে? [C.AG. 19-20; SAU. 04-05, HSTU. 14-15]
উত্তর: পৃষ্ঠটানের জন্য

৪৫। পদার্থের অণুগুলোর মধ্যকার আন্তঃআণবিক আকর্ষণ বলের পাল্লার মান কত? [BAU. 15-16]
উত্তর: প্রায় $10^{-9}$m

৪৬। পারদ ও কাঁচের মধ্যকার স্পর্শ কোণ কত হবে? [BAU. 14-15; SAU: 13-14; SylAU: 17-18]
উত্তর: $140^0$

৪৭। কোন তরলের মুক্ত তলে বা পৃষ্ঠে কিছু চর্বি জাতয় পদার্থ ভাসমান থাকলে তরলের পৃষ্ঠটান- [BAU. 06-07]
উত্তর: কমে

৪৮। তাপমাত্রা বৃদ্ধি পেলে গ্যাসের সান্দ্রতার কী পরিবর্তন হয়? [BAU. 05-06]
উত্তর: সান্দ্রতা বৃদ্ধি পায়

৪৯। সাধারণ পানি ও কাঁচের মধ্যকার স্পর্শ কোণ কত? [BAU. 04-05]
উত্তর: $8^0$

৫০। তরলের পৃষ্ঠটানের জন্য কোন বল দায়ী? [BAU. 04-05]
উত্তর: সংশক্তি বল

৫১। $ML^{-1}T^{-1}$ এটি কার মাত্রা সমীকরণ? [BAU. 04-05]
উত্তর: সান্দ্রতার

৫২। সংশক্তি বলের জন্য কোন তথ্যটি সঠিক? [BAU. 03-04]
উত্তর: গ্যাসের সাধারণ চাপ ও তামমাত্রায়-এ বল প্রায় শূন্য

৫৩। ইস্পাতের ইয়ং-এর গুণাংকের মান কত? [BAU. 03-04]
উত্তর: $2\times10^{11}Nm^{-2}$

৫৪। কোন পদার্থের ভাঙ্গনের বলসীমা অন্যগুলির তুলনায় বেশি? [BAU. 03-04]
উত্তর: লৌহ

৫৫। Poise কিসের একক? [BAU. 02-03]
উত্তর: সান্দ্রতার একক

৫৬। সংকট তাপমাত্রায় একটি তরলের পৃষ্ঠটান- [BAU. 02-03; SAUL 10-11]
উত্তর: শূন্য হবে

৫৭। গ্যাসের সান্দ্রতা তাপমাত্রার সাথে কী ভাবে পরিবর্তিত হয়? [SAU: 17-18; SylAU: 15-16; CVASU. 15-16]
উত্তর: $n \propto \sqrt{T}$

৫৮। কোন কঠিন পদার্থের পয়সনের অনুপাত- [SAU. 17-18]
উত্তর: -1 হতে +0.5 এর মধ্যে

৫৯। পৃষ্ঠটানের মাত্রা সমীকরণ কোনটি? [SAU. 17-18, CU. 15-16]
উত্তর: $MT^{-2}$

৬০। স্থিতিস্থাপকতার হুকের সূত্র কত সালে প্রকাশিত হয়? [SAU. 15-16]
উত্তর: 1678

৬১। স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর দৈর্ঘ্য পীড়ন ও দৈর্ঘ্য বিকৃতির ধ্রুব সংখ্যাকে বলে- [SAU. 2009-10]
উত্তর: ইয়ং গুণাংক

৬২। কোনটি সঠিক নয়? [SAU. 09-10; SylAU: 18-19]
উত্তর: সান্দ্রতাংক = $ML^{-1}T^{-2}$

৬৩। কোন পদার্থ গ্যাসয়ি অবস্থা হতে তরল অবস্থায় উন্নীত হলে- [SAU. 07-08]
উত্তর: পদার্থটি তাপ পরিত্যাগ করে

৬৪। কাঁচ ও পারদের মধ্যকার স্পর্শকোন কোনটি? [SAU. 07-08]
উত্তর: স্থূলকোন

৬৫। বস্তুর যে ধর্মের জন্য গ্লাসের গায়ে পানির ফোটা লেগে থাকে তা হলো- [SAU. 07-08]
উত্তর: আসঞ্জন

৬৬। ধাতব পদার্থের ক্ষেত্রে পয়সনের অনুপাত কত? [SAU. 07-08]
উত্তর: 0.3

৬৭। পেটা লোহার ইয়ং গুনাঙ্ক দৃঢ়তার গুণাঙ্কের- [SylAU: 13-14]
উত্তর: 2.5 গুণ

৬৮। যে কোন পদার্থের তরল অবস্থার তাপমাত্রা কঠিন অবস্থার চেয়ে- [SylAU: 11-12]
উত্তর: বেশী

৬৯। স্পর্শ কোণ $90^0$ এর কম হলে তরলের পৃষ্ঠ হবে- [SylAU. 10-11]
উত্তর: অবতল

৭০। পূর্ণ দৃঢ় বস্তু হিসাবে ধরা হয় কোনটিকে? [SylAU: 09-10]
উত্তর: ইস্পাত

৭১। নিচের কোন পদার্থকে তাপ দিলে তাপমাত্রা বৃদ্ধি পাবে না- **[SylAU. 07-08]**
উত্তর: পলিথিন

৭২। নিচের কোনটির ইয়ং এর গুণাংক সর্বাধিক- **[SylAU: 07-08]**
উত্তর: ইস্পাত

৭৩। পৃষ্টটান এর একক হল- **[CVASU: 10-11]**
উত্তর: **N/m**

৭৪। ইয়ং গুণাঙ্ক এর একক- **[CVASU: 10-11]**
উত্তর: $N/m^2$

৭৫। পানিতে ডিটারজেন্ট মেশানো হলে পানির পৃষ্ঠটান- **[PSTU: 18-19]**
উত্তর: হ্রাস পায়

৭৬। কাঁচ ও বিশুদ্ধ পারি বেলায় স্পর্শ কোণের মান কত? **[PSTU: 17-18]**
উত্তর: $0^0$

৭৭। যে সব বস্তু হতে প্রযুক্ত বল অপসারণ করলে এদের বিকৃত অবস্থার পরিবর্তন হয় না তাদের কি বস্তু বলে?
উত্তর: নমনীয় বস্তু।

৭৮। কৃন্তন বিকৃতি হলে, বস্তুর- **[RU: 17-18]**
উত্তর: দৈর্ঘ্য ও ক্ষেত্রফল একই থাকে

৭৯। স্থিতিস্থাপক সীমার মধ্যে আকার পড়ীন ও আকার বিকৃতির অনুপাত হচ্ছে- **[RU: 17-18]**
উত্তর: দৃঢ়তার গুণাঙ্ক

৮০। নিচের কোনটি চাপের মাত্রা? **[JU: 19-20]**
উত্তর: $[ML^{-1}T^{-2}]$

৮১। স্থিতিস্থাপক গুণাঙ্কের মাত্রা কী? **[DU: 20-21]**
অথবা, ইয়ং-এর গুণাঙ্ক এর মাত্রা হচ্ছে- **[CU-A: 16-17; NSTU: 18-19]**
উত্তর: $ML^{-1}T^{-2}$

৮২। স্থিতিস্থাপক সীমা সবচেয়ে বেশি- **[RU: 17-18]**
উত্তর: ইস্পাতের

৮৩। আয়তন গুণাঙ্কের বিপরীত রাশিকে বলে- **[RU: 17-18; CoU: 09-10]**
উত্তর: সংনম্যতা

৮৪। একটি তারের ব্যাসার্ধ দ্বিগুণ হলে এর ইয়ং-এর গুণাঙ্কের মান কত হবে?
উত্তর: অপরিবর্তিত থাকবে **[HSTU: 19-20]**

## টাইপ: সূত্র/সমীকরণ

❒ $\text{পীড়ন} = \frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}} = \frac{F}{A} = \frac{mg}{\pi r^2} = Y \times \frac{l}{L}$ [m ভরের বস্তুকে ঝুলিয়ে দিলে]

❒ $\text{অসহ পীড়ন} = \frac{\text{অসহ বল (অসহ ওজন)}}{\text{ক্ষেত্রফল}}$

❒ অসহ ভার = অসহ ভর × অভিকর্ষজ ত্বরণ

❒ $\text{বিকৃতি} = \frac{\text{পরিবতন}}{\text{আদি}} = \frac{\text{দৈঘ্য}}{\text{আদি}} = \frac{l}{L}$ [দৈর্ঘ্য বিকৃতি]

$= \frac{\text{ক্ষেত্রফল বৃদ্ধি}}{\text{আদি ক্ষেত্রফল}} = \frac{a}{A}$ [ক্ষেত্রফল বা কৃন্তন বিকৃতি]

$= \frac{\text{আয়তন বৃদ্ধি}}{\text{আদি আয়তন}} = \frac{v}{V}$ [আয়তন বিকৃতি]

❒ $Y = \frac{F/A}{\ell/L} = \frac{FL}{A\ell} = \frac{mgL}{\pi r^2 \ell}$; প্রযুক্ত বল $F = Y.A.\frac{l}{L}$;

দৃঢ়তার গুণাংক, $\eta = \frac{F}{A\theta}$; আয়তন গুণাংক, $k + \frac{FV}{Av}$;

সংনম্যতা, $B = \frac{1}{k}$

❒ পয়সনের অনুপাত; $\sigma = \frac{\text{পাশ বিকতি}}{\text{দৈঘ্য বিকতি}}$

$= \frac{r/R}{l/L} = \frac{d/D}{l/L}$, $(-1 < \sigma < \frac{1}{2})$,

ধাতব পদার্থের ক্ষেত্রে $0 < \sigma < \frac{1}{2}$

❒ একক আয়তনে সঞ্চিত শক্তি $= \frac{1}{2} \times \text{পীড়ন} \times \text{বিকৃতি} = \frac{(\text{পীড়ন})^2}{2Y}$

$= \frac{1}{2} \times Y \times (\text{বিকৃতি})^2$

❒ কৃতকাজ বা বিভব শক্তি $= \frac{1}{2} Fl = \frac{1}{2} \times \frac{YAl}{L} \times l = \frac{YAl^2}{2L}$

❒ $T = \frac{hr\rho g}{2\cos\theta}; h_1r_1 = h_2r_2$

* $0^0 \le \theta < 90^0 \rightarrow$ আরোহন; [আরোহন হলে h(+) ev]

* $\theta = 90^0$ হলে আরোহন হবে না, অবনমনও হবে না।

❒ $T = \frac{F}{2L}$ (পানির ক্ষেত্রে)

❒ $T = \frac{F}{4L}$ [সাবানের ক্ষেত্রে]

❒ $v = \frac{2r^2(\rho - \sigma)g}{9\eta}$; $F = 6\pi r\eta v, F = \eta A\frac{dv}{dx}$,

$W = \Delta AT = 4\pi(Nr^2 - R^2)T$

## এই টাইপ থেকে হুবহু প্রশ্ন আসার সম্ভাবনা

১। একক আয়তনে স্থিতিশক্তির সমীকরণ- **[BU: 14-15]**

উত্তর: $E = \frac{1}{2} \times$ পীড়ন × বিকৃতি

২। পয়তনের অনুপাত প্রকাশ করা হয়? **[BRUR: 12-13]**

উত্তর: $\delta = \frac{L\delta r}{r\Delta l}$

## টাইপ: ম্যাথ

১। $2\times10^{-4}m^2$ প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি ইস্পাতের তারে কত বল প্রয়োগ করলে এর দৈর্ঘ্য দ্বিগুণ হবে? $(Y = 2\times10^{11}Nm^{-2})$ **[JUST-C: 19-20]**
উত্তর: $4\times10^7N$

২। প্রতিটি $1\times10^{-4}m$ ব্যাসার্ধের 100000 টি ড্রপ মিলিত হয়ে একটি বড় ড্রপে পরিণত হলো। বড় ড্রপের ব্যাসার্ধ কোনটি? **[BRUR: 13-14]**
উত্তর: $1\times10^{-2}m$
ব্যাখ্যা: $R = \sqrt[3]{n}r = \sqrt[3]{10^6} \times 10^{-4} = 1\times10^{-2}$

৩। 50kg ভরের একজন বালক খালি পায়ে দাঁড়িয়ে আছে। তার পায়ের পাতার ক্ষেত্রফল $200cm^2$ হলে বালক কর্তৃক ভূমির উপর চাপ কত? **[JU: 19-20]**
উত্তর: **24.5 kPa**
ব্যাখ্যা: আমরা জানি,

| | |
|---|---|
| $P = \frac{F}{A} = \frac{mg}{A}$ | এখানে,<br>ভর, m = 50 kg<br>পায়ের পাতার ক্ষেত্রফল, |

| | |
|---|---|
| $= \frac{50\times9.8}{200\times10^{-4}}$ Pa <br> $= 24500$ Pa <br> $= 24.45$ kPa | **$A = 200\ cm^2 = 200\times10^{-4}m^2$** <br> ভূমির উপর চাপ, **P = ?** |

৪। একটি বস্তুর দৈর্ঘ্য বিকৃতি **$15\times10^{-5}$** এবং পীড়ন **$30\times10^{6}\ Nm^{-2}$**। বস্তুটির ইয়ং-এর গুণাঙ্ক- **[CU-A: 22-23]**

উত্তর: **$2\times10^{11}\ Nm^{-2}$**

ব্যাখ্যা: আমরা জানি,

| | |
|---|---|
| ইয়ং এর গুণাঙ্ক, $Y = \frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}}$ <br> $= \frac{30\times10^6}{15\times10^{-5}} Nm^{-2}$ <br> $= 2\times10^{11} Nm^{-2}$ | এখানে, <br> বিকৃতি **$= 15\times10^{-5}$** <br> পীড়ন **$= 30\times10^{6}\ Nm^{-2}$** <br> ইয়ং এর গুণাঙ্ক, **Y = ?** |

৫। একটি তারের উপাদানের ইয়ং এর গুণাঙ্ক **$2\times10^{11}\ Nm^{-2}$**। তারটির দৈর্ঘ্য **25%** বৃদ্ধি করতে প্রযুক্ত পীড়ন কত? **[CU-A: 10-11]**

উত্তর: **$5\times10^{10}\ Nm^{-2}$**

ব্যাখ্যা: আমরা জানি,

ইয়ং গুণাঙ্ক, $Y = \frac{FL}{Al}$

$\therefore$ পীড়ন, $\frac{F}{A} = \frac{Yl}{L} = \frac{2\times10^{11}\times0.25L}{100L} = 5\times10^{10} Nm^{-2}$

৬। একটি তারের উপাদানের ইয়ং এর গুণাঙ্ক **$2\times10^{11}Nm^{-2}$**। তারটির দৈর্ঘ্য **15%** বৃদ্ধি করতে প্রযুক্ত পীড়ন কত? **[MBSTU: 17-18; RU: 14-15]**

উত্তর: **$3\times10^{10}Nm^{-2}$**

ব্যাখ্যা: আমরা জানি,

| | |
|---|---|
| ইয়ং গুণাঙ্ক, $Y = \frac{FL}{Al}$ <br> $\therefore$ পীড়ন, $\frac{F}{A} = \frac{Yl}{L}$ <br> $= \frac{2\times10^{11}\times15L}{100L}$ <br> $= 3\times10^{10} Nm^{-2}$ | এখানে, <br> ইয়ং এর গুণাঙ্ক, **$Y = 2\times10^{11}Nm^{-2}$** <br> ধরি, আদি দৈর্ঘ্য, **L** <br> দৈর্ঘ্য বৃদ্ধি, **$l$ = L এর 15%** <br> $= \frac{15}{100}\times L$ |

৭। **$Y = 2.0\times10^{11}Nm^{-2}$** গুণাঙ্ক বিশিষ্ট পদার্থের একটি তারের দৈর্ঘ্য স্থিতিস্থাপক সীমার মধ্যে **5%** বাড়ালে সৃষ্ট পীড়ন- **[RU-C: 20-21]**

উত্তর: **$1.0\times10^{10}\ Nm^{-2}$**

ব্যাখ্যা: আমরা জানি,

| | |
|---|---|
| ইয়ং গুণাঙ্ক, $Y = \frac{FL}{Al}$ <br> $\therefore$ পীড়ন, $\frac{F}{A} = \frac{Yl}{L}$ <br> $= \frac{2\times10^{11}\times5L}{100L}$ <br> $= 1\times10^{10} Nm^{-2}$ | এখানে, <br> ইয়ং এর গুণাঙ্ক, **$Y = 2\times10^{11}Nm^{-2}$** <br> ধরি, আদি দৈর্ঘ্য, **L** <br> দৈর্ঘ্য বৃদ্ধি, **$l$ = L এর 15%** <br> $= \frac{5}{100}\times L$ <br> পীড়ন, $\frac{F}{A} = ?$ |

৮। **$1cm^2$** প্রস্থচ্ছেদ বিশিষ্ট তামার তারকে টেনে দ্বিগুণ লম্বা করতে কত বলের প্রয়োজন হবে? **[$Y = 2\times10^{11}N/m^2$]**

উত্তর: **$2\times10^{7}N$**

ব্যাখ্যা: আমরা জানি,

ইয়ং গুণাঙ্ক, $Y = \frac{FL}{Al}$

$\therefore F = \frac{YAl}{L} = \frac{2\times10^{11}\times1\times10^{-4}\times L}{L} = 2\times10^{7} N$

৯। **200cm** লম্বা ও **$1mm^2$** প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি ইস্পাত তারের দৈর্ঘ্য **1.0 mm** বৃদ্ধি করতে প্রয়োজনীয় কাজের পরিমাণ কত? [ইস্পাতের ইয়ং এর গুণাঙ্ক **$= 2\times10^{11}N/m^2$**] **[RU: 14-15; 16-17]**

উত্তর: **0.05J**

ব্যাখ্যা: আমরা জানি,

| | |
|---|---|
| $W = \frac{YAl^2}{2L}$ <br> $= \frac{2\times10^{11}\times1\times10^{-6}\times(1\times10^{-3})^2}{2\times2}$ <br> $= 0.05J$ | এখানে, <br> আদি দৈর্ঘ্য, **L = 200 cm = 2m** <br> প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল, <br> **$A = 1mm^2 = 1\times10^{-6}m^2$** <br> দৈর্ঘ্য বৃদ্ধি, **$l = 1mm = 1\times10^{-3}m$** <br> ইয়ং এর গুণাঙ্ক, **$Y = 2\times10^{11}N/m^2$** <br> কাজ, **W = ?** |

## টাইপ: অনুপাতের ম্যাথ

১। গ্যাসের ক্ষেত্রে সান্দ্রতা গুণাংক $\eta$ তাপমাত্রা **T** এর সাথে নিম্নরূপে বাড়ে- **[BU: 11-12]**

উত্তর: $\eta \alpha \sqrt{T}$

২। তরলের ক্ষেত্রে সান্দ্রতা সহগের সাথে তাপমাত্রার সম্পর্ক- **[BRUR: 19-20]**

উত্তর: $\eta \propto \frac{1}{T}$

# গুরুত্বপূর্ণ অংশ

## পদার্থের গাঠনিক ধর্ম

### টাইপ: পীড়ন, বিকৃতি ও পয়সনের অনুপাত

১। **$3\times10^{7}Nm^{-2}$** আয়তন পীড়নে একটি পদার্থের আয়তন বিকৃতি **$1.5\times10^{-4}$** হলে, পদার্থটির আয়তনের স্থিতিস্থাপক গুণাঙ্ক কত?

উত্তর: $K = \frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}} = \frac{3\times10^7}{1.5\times10^{-4}} = 2\times10^{11} Nm^{-2}$

### টাইপ: ইয়ং-এর গুণাঙ্ক

১। একটি তারের উপাদানের ইয়ং এর গুণাঙ্ক $2\times10^{11} Nm^{-2}$ এবং তারটির ব্যাস **0.4mm**। তারটির দৈর্ঘ্য **25%** বৃদ্ধি করতে কত বল প্রয়োজন?

উত্তর: $F = \frac{YAl}{L} = \frac{Y\pi r^2 l}{L}$

$= \frac{2\times10^{11}\times3.14\times(0.2\times10^{-3})^2\times0.25L}{L}$

$= 6283.2N = 62.8\times10^2 N$

### টাইপ: পৃষ্ঠটান

১। **30mm** ব্যাসের একটি গোলাকার সাবান বুদবুদ অভ্যন্তরীণ অতিরিক্ত চাপ নির্ণয় কর। সাবান পানির পৃষ্ঠটান **$25\times10^{-3}Nm^{1}$**

ব্যাখ্যা: $P = \frac{4T}{r} = \frac{4\times25\times10^{-3}}{\frac{3\times10^{-2}}{2}} = 6.67 Nm^{-2}$

## জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

**১। একই পদার্থের বিভিন্ন অণুর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলকে বলে– [NU-Science: 12-13]**
(ক) সংসক্তি বল (খ) অসঞ্জন বল
(গ) পৃষ্ঠটান (ঘ) কোনটিই নয় উত্তর: ক

**২। স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর ব্যবর্তন পীড়ন ও ব্যবর্তন বিকৃতির অনুপাত একটি ধ্রুব সংখ্যা। এই ধ্রুব সংখ্যাকে বলে বস্তুর উপাদানের- [NU-Science: 12-13]**
(ক) ইয়ং গুণাঙ্ক (খ) দৃঢ়তার গুণাঙ্ক
(গ) আয়তন গুণাঙ্ক (ঘ) পঁয়সনের গুণাঙ্ক উত্তর: খ

**৩। সান্দ্রতা সহগের মাত্রা কত? [NU-Science: 11-12]**
(ক) $[ML^{-2}T^{-2}]$ (খ) $[M^{-1}L^{-1}T^{1}]$
(গ) $[ML^{-1}T^{-2}]$ (ঘ) $[ML^{-1}T^{-1}]$ উত্তর: ঘ

**৪। তাপমাত্রা বাড়ালে তরলের পৃষ্ঠটান- [NU-Science: 08-09]**
(ক) বৃদ্ধি পায় (খ)হ্রাস পায়
(গ) অপরিবর্তিত থাকে (ঘ) শূন্য হয় উত্তর: খ

**৫। কাঁচ ও পারদের মধ্যকার স্পর্শ কোণ- [NU-Science: 06-07]**
(ক) $0^0$ (খ) সূক্ষ্মকোণ
(গ) স্থূলকোণ (ঘ) সমকোণ উত্তর: খ

**৬। তাপমাত্রা বৃদ্ধি পেলে গ্যাসের সান্দ্রতাঙ্ক- [NU-Science: 06-07]**
(ক) কমে যায় (খ) বেড়ে যায়
(গ) পরিবর্তনের ধরন বোঝা যায় না (ঘ) পরিবর্তন হয় না উত্তর: খ

**৭। পীড়নের মাত্রা সমীকরণ হল- [NU-Science: 05-06]**
(ক) $[ML^{-1}T^{-1}]$ (খ) $[ML^{-2}T^{-1}]$
(গ) $[ML^{2}T^{2}]$ (ঘ) $[ML^{-1}T^{-2}]$ উত্তর: খ

# পর্যাবৃত্তিক গতি

## টাইপ: মাত্রা/একক

➢ **পূর্ববর্তী প্রশ্নসমূহ: স্প্রিং ধ্রুবকের মাত্রা (C 22-23, B)**
➢ **যা আসতে পারে:**
- **কম্পাঙ্কের একক: Hz, Cycle $s^{-1}$**
- **কম্পাঙ্কের মাত্রা: $[T^{-1}]$**
- **স্প্রিং ধ্রুবকের মাত্রা: $[MT^{-2}]$**

## টাইপ: থিওরি

❒ পর্যাবৃত্তি ২ প্রকার। যথা-
(১) স্থানিক পর্যাবৃত্তি (২) কালিক পর্যাবৃত্তি

❒ **উদাহরণ:**
- ঘড়ির কাঁটার গতি
- সূর্যের চারদিকে গ্রহগুলোর গতি
- উল্লম্ব স্প্রিং এর গতি
- তরঙ্গের উপরিস্থ কোনো কণার গতি
- স্ফটিকের মাঝখানে পরমাণু পর্যাক্রম
- ধান ক্ষেতে ঢেউয়ের গতি
- ঋতু পরিবর্তন
- জোয়ার ভাটা
- হার্ট-বিট
- সরল দোলকের গতি
- শার্টের ডোরা
- ইলেকট্রিক পোল

❒ **স্পন্দন গতি বা দোলন গতি:** পর্যাবৃত্ত গতি সম্পন্ন কোনো বস্তু যদি পর্যায়কালের অর্ধেক সময় কোনো নির্দিষ্ট দিকে এবং বাকি অর্ধেক সময় একই পথে তার বিপরীত দিকে চলে, তবে তার গতিকে স্পন্দন গতি বা দোলণ গতি বলে।

❒ সরল ছন্দিত স্পন্দনের ক্ষেত্রে ত্বরণ a ও সরণ x- এর মধ্যে সম্পর্ক হলো, $a \propto x$
বা, $a = -k'x$
উদা:
- কম বিস্তারে $(\le 4°)$ সরল দোলকের গতি
- স্প্রিং-এর উলম্ব কম্পন- ঘড়ির ব্যালান্স চক্র
- কম্পমান সুর শলাকার গতি- গিটারের কম্পমান তারের গতি
- পানিতে সৃষ্ট তরঙ্গের ক্ষেত্রে পানি কণার গতি

❒ **সরল ছন্দিত স্পন্দনের বৈশিষ্ট্য:**
- এর গতি পর্যায় গতি।
- এটি একটি স্পন্দন গতি।
- নির্দিষ্ট সময় পরপর এর গতি বিপরীতমুখী হয়।
- সরলরৈখিক গতি।

❒ **সরল দোলকের সূত্রাবলী:**
➢ **২য় সূত্র:** দৈর্ঘ্যের সূত্র: বিস্তার $4°$-এর মধ্যে থাকলে কোনো নির্দিষ্ট স্থানে সরল দোলকের দোলনকাল তার কার্যকরী দৈর্ঘ্যের বর্গমূলের সমানুপাতিক, $T \propto \sqrt{L}$
➢ **৩য় সূত্র:** ত্বরণের সূত্র: বিস্তার $4°$-এর মধ্যে থাকলে নির্দিষ্ট দৈর্ঘ্য বিশিষ্ট কোনো সরল দোলকের দোলনকাল ঐ স্থানের অভিকর্ষজ ত্বরণের বর্গমূলের ব্যস্তানুপাতিক, $T \propto \frac{1}{\sqrt{g}}$

❒ **দোলকের ব্যবহার:**
➢ অভিকর্ষজ ত্বরণ g-এর মান নির্ণয়।
➢ পাহাড়ের উচ্চতা নির্ণয়।
➢ সময় নির্ণয়।

❒ **সময় নির্ণয়:**
➢ শীতকালে ঘড়ির দোলনকাল কমে যায় ও ঘড়ি দ্রুত চলে।
➢ গ্রীষ্মকালে ঘড়ির দোলনকাল বেড়ে যায় ও ঘড়ি ধীরে চলে।
➢ মেরুঅঞ্চলে ঘড়ি বিষুবীয় অঞ্চলের চেয়ে দ্রুত চলে।

❒ **সরল দোলকের দোলনকাল: দোলনকাল বাড়বে যেখানে g-এর মান কমবে-**
➢ দোলকটি খনিতে বা পাহাড়ের উপর নিলে।
➢ দোলক চন্দ্র পৃষ্ঠে নিলে।
➢ সমত্বরণে লিফট নিচে চললে (ক্রিয়াশীল ত্বরণ g-a)|
➢ দোলকটি পারদ দ্বারা অর্ধপূর্ণ কররে।
➢ গ্রীষ্মকালে।
➢ কার্যকরী দৈর্ঘ্য বাড়ালে।
➢ দোলক মেরু অঞ্চল থেকে বিষুব অঞ্চলে নিলে।
➢ তাপমাত্রা বৃদ্ধি পেলে (ধাতু দ্বারা নির্মিত গোলকের ক্ষেত্রে)

❒ **দোলনকাল কমবে:**
➢ শীতকালে বা তাপমাত্রা কমলে দোলকপিণ্ড ধাতু দ্বারা নির্মিত হলে)।
➢ কার্যকরী দৈর্ঘ্য কমালে।
➢ দোলক বিষুব অঞ্চল থেকে মেরু অঞ্চলে নিলে।
➢ সমত্বরণে লিফট উপরে উঠলে (ক্রিয়াশীল ত্বরণ g+a)।

❒ **দোলনকাল অসীম হবে:**
➢ দোলককে ঘূর্ণায়মান ক্রত্রিম উপগ্রহের মধ্যে নিলে।
➢ দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে।

❒ দোলনকাল অপরিবর্তিত থাকবে:
- ➢ দোলক সমবেগে চলন্ত লিফটে নিলে।
- ➢ দোলক ফাঁপা না হয়ে নিরেট হলে।
- ➢ ফাঁপ দোলকপিণ্ড পারদ দ্বারা পূর্ণ করলে।
- ➢ সীসার দোলকপিণ্ডের পরিবর্তে পিতলের দোলকপিণ্ড নিলে।

## এই টাইপ থেকে হুবহু প্রশ্ন আসার সম্ভাবনা

১। নিচের কোনটি স্প্রিং ধ্রুবকের একক? **[CU. Shift6-2. 22-23]**
উত্তর: **$[MT^{-2}]$**

২। একটি সরল দোলকে পৃথিবীর কেন্দ্রে নিয়ে গেলে দোলনকাল- **[RU-C, Juptuiar-1, Set-1, 2021-22; RU. 14-15]**
উত্তর: অসীম হবে।

৩। একটি সরলদোলকের দোলনের সময় কি ঘটে? **[RU. Uranus-1, Set-1. 21-22]**
উত্তর: স্থিতিশক্তি কমলে গতিশক্তি বাড়ে

৪। একটি স্প্রিং-ব্লক সিস্টেম সরল ছন্দিত গতিতে স্পন্দিত হয়। যদি ব্লকটির ভর ও বিস্তার দ্বিগুণ করা হয়, তবে এর সর্বোচ্চ গতি কতগুণ পরিবর্তিত হয়? **[RU-C, Shift-4, Set-1 (Venus-1), 21-22]**
উত্তর: $\sqrt{2}$

৫। কৌণিক বিস্তার $4^0$ এর বেশি না হলে এবং কার্যকর দৈর্ঘ্য অপরিবর্তিত থাকলে দোলনকাল দোলকের ববের আকার, উপাদান ও ভরের ওপর নির্ভর করে না এটা- **[RU. Moderna, Set-2. 20-21]**
উত্তর: কোনটিই নয়

৬। সরল দোলকের ক্ষেত্রে সাম্য অবস্থানে- **[RU-C, Set-1. 19-20]**
উত্তর: স্থিতিশক্তি শূন্য

৭। কম্পাঙ্ক (f) ও পর্যায়কাল (T) এর সম্পর্ক কোনটি? **[RU. 17-18]**
উত্তর: $f = \frac{1}{T}$

৮। একটি সরল দোলকের দোলকপিন্ডের সর্বোচ্চ ত্বরণ হয় কোন বিন্দুতে? **[RU. 17-18]**
উত্তর: সর্বোচ্চ বিস্তার বিন্দুতে

৯। কোন দোলক ঘড়িকে কোন খনিতে নিয়ে গেলে কি ঘটবে? **[RU. 16-17]**
উত্তর: সময় হারাবে

১০। সংকুচিত অবস্থায় স্প্রিং এর ভেতর কোন শক্তি সঞ্চিত থাকে? **[JU: 21-22]**
উত্তর: স্থিতিশক্তি

১১। সরল দোলক গতির ক্ষেত্রে বলের বৈশিষ্ট্য- **[RU. 15-16]**
উত্তর: বল সর্বদা একটি নির্দিষ্ট বিন্দু অভিমুখী

১২। একটি সরল দোলকে লিফটে সমত্বরণে উপরে উঠানো হলে দোলনকাল- **[RU. 09-10]**
উত্তর: হ্রাস পায়

১৩। সরল ছন্দিত গতির বৈশিষ্ট্য নয় কোনটি? **[RU. 09-10]**
উত্তর: কৌণিক গতি

১৪। কোনটিতে সরল দোলক ব্যবহৃত হয় না? **[RU. 06-07]**
উত্তর: শক্তি পরিমাপ

১৫। সরল ছন্দিত গতিতে স্পন্দনরত দুটি কণার সরণ- $x_1 = A\sin\omega t$ এবং $x_2 = A\cos\omega t$, যে কোন সময়ে এদের মধ্যে দশা পার্থক্য কত হবে?
উত্তর: $\pi/2$

১৬। সরল দোল গতি সম্পন্ন কোন বস্তুর সর্বোচ্চ গতিশক্তির সমীকরণ-
উত্তর: $(E_k)_{max} = \frac{1}{2}m\omega^2A^2$

১৭। সরল ছন্দিত গতিসম্পন্ন কণার গতিপথের সাম্যবস্থায়...
উত্তর: বেগ সর্বাধিক, সরণ সর্বনিম্ন

১৮। পৃথিবীর ব্যাস বরাবর সুড়ঙ্গের মধ্যে বস্তুর গতি- **[JU: 21-22]**
উত্তর: স্পন্দন, সরলরৈখিক, পর্যাবৃত্ত

১৯। কোনটি জটিল গতির উদাহরণ? **[JU: 14-15]**
উত্তর: পৃথিবীর গতি

২০। সরল ছন্দিত স্পন্দনে কোন কণার ত্বরণ সাম্যবস্থা থেকে এর সরণের: **[JU-A: 22-23]**
উত্তর: সমানুপাতিক

২১। সরল দোলন গতিসম্পন্ন কোন কণার ত্বরণ- **[CU-A: 14-15]**
উত্তর: $a = -\omega^2 x$

২২। প্রত্যয়নী বল ও সরণের লেখচিত্রটি একটি মূলবিন্দুগামী সরলরেখা যার নতি হল- **[JU: 21-22]**
উত্তর: $m\omega^2$

২৩। দশা পার্থক্য ও পথ পার্থক্যের সম্পর্ক কোনটি? **[CU-A: 20-21]**
উত্তর: $\delta = \frac{2\pi}{\lambda}x$

২৪। একটি স্প্রিংয়ের একক দৈর্ঘ্য পরিমাণ প্রসারণে স্প্রিং যে বল প্রয়োগ করে তাকে কী বলে?
উত্তর: স্প্রিং ধ্রুবক।

২৫। স্প্রিং ধ্রুবকের মাত্রা কোনটি? **[JU: 21-22]**
উত্তর: **$[MT^{-2}]$**

## টাইপ: সূত্র/সমীকরণ

❒ **সরল ছন্দিত স্পন্দন সম্পন্ন বস্তুকণার কয়েকটি রাশিমালা:**

* সরণ, $x = A\sin\omega t$  * বেগ, $v = \omega\sqrt{A^2 - x^2}$
* ত্বরণ, $a = -\omega^2 x$  * সর্বোচ্চ গতিশক্তি, $E_{k\,max} \propto a^2$
* মোট শক্তি, $E \propto a^2$




| | |
|---|---|
| a = maximum | a = O |
| x = maximum | x = O |
| v = O | v= maximum |
| $E_k$ = O | $E_k$= maximum |
| $E_p$ = maximum | $E_p$ = O |

❒ **সরল দোলন গতির ব্যবকলনীয় সমীকরণ:**

$$\frac{d^2x}{dt^2} + \omega^2 x = O$$

সরল দোলন গতির ব্যাবকলনীয় সমীকরণের সমাধান,
$x = A\sin(\omega t + \delta)$
স্প্রিং এর উলম্ব দিকে কম্পাঙ্ক,

✷ $T = 2\pi\sqrt{\frac{a}{g}}$; অনুভূমিক দিকে স্পন্দন

✷ $T = 2\pi\sqrt{\frac{m}{x}}$

* $X_{max} = A$  * $V_{max} = A\omega$  * $\theta_{max} = A\omega^2$

❐ **সরল দোলন গতি সংক্রান্ত কয়েকটি রাশি:**

১) পর্যায়কাল, $T = 2\pi\sqrt{\frac{m}{k}}$

২) কম্পাঙ্ক $f = \frac{1}{2\pi}\sqrt{\frac{k}{m}}$

৩) কৌনিক কম্পাঙ্ক, $\omega = \sqrt{\frac{k}{m}}$

৪) দশা: $\delta = 0°$ হলে, $x = A\sin\omega t$

৫) স্থিতিশক্তি: $P.E. = \frac{1}{2}m\omega^2A^2\sin^2(\omega t+\delta)$

৬) গতিশক্তি $E.K. = \frac{1}{2}m\omega^2(A^2-x^2) = \frac{1}{2}KA^2\cos^2(\omega t+\delta)$

৭) মোট যান্ত্রিক শক্তি, $E = \frac{1}{2}KA^2$

৮) $T = \frac{2\pi}{w}$ বা, $\omega = \frac{2\pi}{T} = 2\pi f$

❐ **পর্যায়বৃত্ত গতিসম্পন্ন কণার সমীকরণ:**

* $x = A\sin\omega t$, সরণের সমীকরণে sin আছে তাই সরণ-সময় sin সদৃশ।
* $v = A\omega\cos\omega t$, বেগের সমীকরণে cos আছে তাই বেগ-সময় cos সদৃশ।
* $a = -\omega^2A\sin\omega t$, ত্বরণের সমীকরণে $(-\sin)$ আছে তাই ত্বরণ-সময় ঋণাত্মক sin সদৃশ।

❐ **সমীকরণীক লেখচিত্র:**

| বিষয় | লেখচিত্রের ধরন |
|---|---|
| সরণ-সময় লেখচিত্র | sin সদৃশ |
| বেগ-সময় লেখচিত্র | cos সদৃশ |
| ত্বরণ-সময় লেখচিত্র | ঋণাত্মক sin সদৃশ |
| $L-T^2$ লেখচিত্র | মূলবিন্দুগামী একটি সরলরেখা |
| $g-T^2$ লেখচিত্র | আয়তাকার অধিবৃত্ত |
| $T^2 - \frac{1}{g}$ লেখচিত্র | মূলবিন্দুগামী একটি সরলরেখা |

## এই টাইপ থেকে হুবহু প্রশ্ন আসার সম্ভাবনা

১। **L কার্যকরী দৈর্ঘ্যের একটি সরল দোলকের দোলনকাল ও কৌণিক কম্পংক যথাক্রমে কোনটি? [GST-A: 2021-2022]**

**Ans: $2\pi\sqrt{L/g}, \sqrt{g/L}$**

ব্যাখ্যা: $mg = kL \Rightarrow \frac{k}{m} = \frac{g}{L} \therefore \omega = \sqrt{\frac{k}{m}} = \sqrt{\frac{g}{L}}$

আবার, $T = \frac{2\pi}{\omega} = 2\pi\sqrt{\frac{m}{k}} = 2\pi\sqrt{\frac{L}{g}}$

২। **একটি সেকেন্ড দোলকের কম্পাঙ্ক - [MBSTU-A: 2019-20]**

**Ans: 0.5 Hz**

ব্যাখ্যা: কম্পাঙ্ক, $f = \frac{1}{T} = \frac{1}{2} = 0.5\,Hz$

৩। **$x = A\sin(\omega t+\delta)$ সমীকরণ অনুসারে x এর কোন মানের জন্য ত্বরণের মান সর্বনিম্ন হবে? [MBSTU-B: 2019-20]**

**Ans: $x = 0$**

ব্যাখ্যা: $a = -\omega^2 x; x = 0$ হলে $a_{min} = 0$

৪। **সরল ছন্দিত সম্পন্ন কণার সর্বোচ্চ ত্বরণ কত? [MBSTU-C: 2019-20]**

**Ans: $a = \omega^2 x$**

ব্যাখ্যা: $a = \omega^2 x$; যখন সরণ সর্বোচ্চ হয় তখন ত্বরণ সর্বোচ্চ।

## টাইপ: ম্যাথ

১। $6\frac{d^2x}{dt^2} + 150x = 0$ **তরঙ্গের কৌণিক কম্পাঙ্ক কত? [DU: 21-22]**

**উত্তর: 5**

ব্যাখ্যা: x এর সহগ/$\frac{d^2x}{dt^2}$ সহগ।

২। $3\frac{d^2x}{dt^2} + 27x = 0$ **সমীকরণটি একটি সরল ছন্দিত স্পন্দন বর্ণনা করে। এই স্পন্দনের কৌণিক কম্পাঙ্ক কত? [DU: 15-16]**

**উত্তর: 3 rad/s**

৩। $3\frac{d^2x}{dt^2} + 48x = 0$ **সমীকরণ দ্বারা বর্ণিত সরল দোলন গতির কৌণিক কম্পাঙ্ক কত? [CoU: 19-20]**

৪। $4\frac{d^2x}{dt^2} + 16x = 0$ **সমীকরণটি একটি সরল ছন্দিত স্পন্দন বর্ণনা করে। এই স্পন্দনের কৌণিক কম্পাঙ্ক কত? [DU: 15-16; 13-14; RU-C: 20-21; CU: 19-20]**

**উত্তর: $2rads^{-1}$**

৫। $4\frac{d^2x}{dt^2} + 100x = 0$ **সমীকরণ দ্বরা নির্দেশিত গতির জন্য কৌণিক কম্পাঙ্ক কত $rads^{-1}$?**

**উত্তর: 5**

৬। **সরল ছন্দিত গতিসম্পন্ন একটি কণার গতির সমীকরণ $y = 5\sin(\omega t+\delta)$। আদি সরণ 25 cm হলে কণাটির আদি দশা কত? [RU-C: 21-22]**

**উত্তর: $30^0$**

৭। **সরলদোলন গতি সম্পন্ন একটি কণার বিস্তার 0.02m এবং কম্পাঙ্ক 2.5 Hz হলে, এর সর্বোচ্চ দ্রুতি কত হবে? [DU: 18-19]**

**উত্তর: $0.314ms^{-1}$**

ব্যাখ্যা: সর্বোচ্চ দ্রুতি, $V_{max} = \omega A$

$= 2\pi f\times A\ [\omega=2\pi f] = 2\pi\times 2.5\times 0.02 = 0.314ms^{-1}$

৮। **একটি সরল ছন্দিত গতি সম্পন্ন কণার পর্যায়কাল 12 sec এবং কণাটির বিস্তার 0.3m হলে কণার সর্বোচ্চ বেগ কত হবে? [JU: 21-22]**

**উত্তর: $0.156ms^{-1}$**

৯। **কোন সরল ছন্দিত স্পন্দন গতিসম্পন্ন কণার বিস্তার 3cm এবং সর্বোচ্চ বেগ $6.24cms^{-1}$ হলে, কণাটির পর্যায়কাল কত?**

**উত্তর: 3s**

১০। **15kg ভরের এক শিশু 4m দৈর্ঘ্যের একটি দোলনায় দুলছে। দোলনের বিস্তার 0.5m। দোলনকাল কত? [JU: 17-18]**

**উত্তর: 4s**

১১। **গরমের ফলে একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য বৃদ্ধি পেল। এর ফলে দোলকটি দিনে 200sec ধীরে চলে। পরিবর্তিত দোলনকাল কত? [GST: 23-24]**

**উত্তর: 2.004sec**

ব্যাখ্যা:

**(86400-200) টি অর্ধদোলন দেয় = 86400 সেকেন্ড এ**

$\therefore$ **1 টি অর্ধদোলন দেয়** $= \frac{86400}{(86400-200)}$ **সেকেন্ড এ**

$\therefore$ **2** টি অর্ধদোলন দেয় = $\frac{2\times 86400}{(86400-200)}$ সেকেন্ড এ

$\therefore$ পরিবর্তিত দোলনকাল, $T = 2.004\,sec$

১২। **'k'** স্প্রিং ধ্রুবকবিশিষ্ট কোনো স্প্রিং এর মুক্ত প্রান্তের **x** পরিমাণ সরণ ঘটালে সঞ্চিত বিভব শক্তি- **[NSTU: 19-20]**

উত্তর: $U = \frac{1}{2}kx^2$

## টাইপ: অনুপাতের ম্যাথ

১। একটি সল দোলকের দোলনকাল **T** দোলকটির দৈর্ঘ্য দ্বিগুণ করা হলে পরিবর্তীত দোলনকাল কত হবে? **[BRUR: 13-14; MBSTU: 14-15; JnU. 10-11]**

উত্তর: $\sqrt{2}T$

ব্যাখ্যা: $T = 2\pi\sqrt{\frac{L}{g}} \Rightarrow T \propto \sqrt{L} \Rightarrow \frac{T_2}{T_1} = \sqrt{\frac{L_2}{L_1}}$

$\Rightarrow T_2 = \sqrt{\frac{2L_1}{L_1}} = \sqrt{2}T_1$

২। **0.2m** দৈর্ঘ্য বিশিষ্ট একটি সরল দোলকের দোলনকার **0.9s** পাওয়া গেল। দোলনকাল **1.8s** করতে হলে দোলকটির দৈর্ঘ্য হবে- **[BU: 15-16]**

উত্তর: **0.8m**

ব্যাখ্যা: $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}} \Rightarrow \frac{0.9}{1.8} = \sqrt{\frac{0.2}{L_2}} \Rightarrow \frac{1}{2} = \sqrt{\frac{0.2}{L_2}} \therefore L_2 = 0.8m$

৪। একটি স্প্রিং এর একপ্রান্তে ঝোলানো একটি ভরকে দ্বিগুণ করা হলে কম্পাংক? **[MBSTU: 14-15]**

ব্যাখ্যা: $\frac{n_2}{n_1} = \sqrt{\frac{m_1}{m_2}}$ বা, $\frac{n_2}{n_1} = \sqrt{\frac{1}{2}}$ বা, $n_2 = \frac{n_1}{\sqrt{2}}$

বা $n_2 = 0.707n_1$

৫। দশা পার্থক্য ও পথ পার্থক্যের মধ্যে সম্পর্ক হচ্ছে- **[MBSTU: 14-15]**

উত্তর: দশা পার্থক্য = $\frac{2\pi}{\lambda}\times$ পথ পার্থক্য

৬। একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য চারগুণ বৃদ্ধি করা হলে, এর দোলন কাল হবে- **[MBSTU: 14-15]**

উত্তর: **4s**

ব্যাখ্যা: $T_2 = \sqrt{n}T = \sqrt{4}\times 2 = 4s$

# গুরুত্বপূর্ণ অংশ

## পর্যাবৃত্তিক গতি

### টাইপ: সরল ছন্দিত স্পদন

১। সরল ছন্দিত গতিতে চলমান একটি বস্তুর বিস্তার **0.01m** ও কম্পাঙ্ক **12Hz**। বস্তুটির **0.005m** সরণে বেগ কত?

উত্তর: $v = \omega A\sqrt{1-\frac{x^2}{A^2}}$

আবার, $\omega = 2\pi f = 2\times 3.1416\times 12 = 75.36 rads^{-1}$

$\therefore v = 75.36\times 0.01\times\sqrt{1-\frac{(0.005)^2}{(0.01)^2}} = 0.65ms^{-1}$

### টাইপ: স্প্রিং এর দোলন

১। একটি হালকা স্প্রিংয়ে $50\times 10^{-3}$ **kg** ঝুলানো হলে, $10\times 10^{-2}$**m** দৈর্ঘ্য বৃদ্ধি ঘটে। দোলনের পর্যায়কাল নির্ণয় কর?

উত্তর: $k = \frac{mg}{l} = \frac{50\times 10^{-3}\times 9.8}{10\times 10} = 4.9$

$\therefore T = 2\times 3.14\sqrt{\frac{50\times 10^{-3}}{4.9}} = 0.634 sec$

### টাইপ: সরল ছন্দিত স্পন্দনের শক্তি

১। সরল ছন্দিত স্পন্দনরত একটি বস্তুকণার গতিপথের কোথায় এর গতিশক্তি বিভব শক্তির তিনগুণ হবে?

ব্যাখ্যা: আমরা জানি, গতিশক্তি, $E_k = \frac{1}{2}k(A^2 - x^2)$

এবং বিভবশক্তি, $E_p = \frac{1}{2}kx^2$

প্রশ্নমতে, $\frac{1}{2}k(A^2-x^2) = \frac{1}{2}kx^2\times$

$\Rightarrow A^2 - x^2 = 3x^2$

$\Rightarrow 4x^2 = A^2 \therefore x = \pm\frac{A}{2}$

### টাইপ: সরল দোলক

১। কোনো ব্যক্তি একটি স্থির লিফটের ভিতরে একটি সরল দোলকের পর্যায়কাল পান **T.** যদি লিফটটি **g/3,** ত্বরণে উপরে উঠতে থাকে তাহলে পর্যায়কাল হবে?

উত্তর: $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{g_2}{g_1}}$

$\Rightarrow \frac{T_1}{T_2} = \sqrt{\frac{g+\frac{g}{3}}{g}} = \sqrt{\frac{\frac{3}{4}g}{g}} = \frac{3}{\sqrt{3}}$

$\therefore T_2 = \frac{\sqrt{3}}{2}T_1 \Rightarrow \frac{\sqrt{3}}{2}T$

## জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

১। একটি সরল দোলকের দৈর্ঘ্য **L,** ভর **M** এবং কম্পাঙ্ক **F**। এর কম্পাঙ্ক **2F** করতে হলে- **[NU-Science: 13-14]**

(ক) দৈর্ঘ্য বৃদ্ধি করে 4L করতে হবে (খ) দৈর্ঘ্য বৃদ্ধি করে 2L করতে হবে

(গ) দৈর্ঘ্য হ্রাস করে L/2 করতে হবে

(ঘ) দৈর্ঘ্য হ্রাস করে L/4 করতে হবে উত্তর: ঘ

২। একটি স্থিতিস্থাপক বস্তুকে দৈর্ঘ্য **'x'** পরিমাণ বৃদ্ধি করলে প্রযুক্ত বল নিম্নের কোনটির সমানুপাতিক? **[NU-Science: 13-14]**

(ক) x (খ) $\frac{1}{x}$

(গ) $\frac{1}{x^2}$ (ঘ) $x^2$ উত্তর: ক

৩। একটি সরল দোলকের দৈর্ঘ্য অপরটির দ্বিগুণ। দ্বিতীয় দোলকের দোলনকাল সেকেন্ড হলে, প্রথমটির দোলনকাল কত? **[NU-Science: 11-13]**

(ক) 5.25s (খ) 4.24s

(গ) 3.45s (ঘ) 6.20s উত্তর: খ

**৪। সরলছন্দিত স্পন্দনের স্পন্দনশীল কণার বেগ শূন্য হয়- [NU-Science: 11-12]**
(ক) যখন সরণ সর্বোচ্চ হয় (খ) যখন সরণ সর্বনিম্ন হয়
(গ) যখন ত্বরণ সর্বোচ্চ হয় (ঘ) কোনটিই নয় উত্তর: ক

**৫। নীচের কোনটি সরলছন্দিত গতির বৈশিষ্ট্য নয়- [NU-Science: 09-10]**
(ক) এর গতি পর্যায় গতি (খ) এর গতি সরলরৈখিক গতি
(গ) ত্বরণ বস্তুর সরণের ব্যস্তানুপাতিক
(ঘ) একটি নির্দিষ্ট সময় অন্তর এই গতি বিপরীতমুখী হয় উত্তর: গ

**৬। কোন সরল দোলকের দৈর্ঘ্য 4 গুণ বাড়লে দোলন কাল বাড়বে- [NU-Science: 03-04]**
(ক) চার গুণ (খ) ষোল গুণ
(গ) দ্বিগুণ (ঘ) আট গুণ উত্তর: গ

**৭। পৃথিবীর চেয়ে অন্য একটি গ্রহের ব্যাস ২ গুণ ও ভর ৩ গুণ হলে, পৃথিবীতে অন্য গ্রহে মুক্তি বেগের অনুপাত- [NU-Science: 03-04]**
(ক) $\frac{3}{2}$ (খ) $\sqrt{\frac{3}{2}}$
(গ) $\frac{2}{3}$ (ঘ) $\sqrt{\frac{2}{3}}$ উত্তর: ঘ

**৮। একটি সরল পেন্ডুলাম দুলছে। পেন্ডুলামের বব-এর আনুভূমিক ত্বরণের মান- [NU-Science: 02-03]**
(ক) সব সময় সমান (খ) ঠিক মাঝখানে অবস্থানকালে সর্বোচ্চ
(গ) দুই প্রান্তবিন্দুতে সর্বোচ্চ (ঘ) সব সময় শূন্য উত্তর: গ

**৯। একটি সরল দোলক পৃথিবীর কেন্দ্রে নিলে এর দোলন কাল কত হবে? [NU-Science: 01-02]**
(ক) শূন্য (খ) অসীম
(গ) ভূ-পৃষ্ঠের সমান (ঘ) ভূ-পৃষ্ঠ থেকে কম উত্তর: খ

# আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব

## টাইপ: মাত্রা/একক

- **পূর্ববর্তী প্রশ্নসমূহ:** আসে নাই।
- **যা আসতে পারে:**
  - সার্বজনীন গ্যাস ধ্রুবক R এর একক: $Jmol^{-1}K^{-1}$
  - বোল্‌জম্যান ধ্রুবক K এর একক: J/K

## টাইপ: থিওরি

- এক পারমাণবিক গ্যাস অণুর স্বাধীনতার মাত্রা- ৩
- রৈখিক গতির স্বাধীনতার মাত্রা-৩
- আদর্শ গ্যাসের প্রতিটি অণুর স্বাধীনতার মাত্রা-৩
- আবর্তনরত কণার স্বাধীনতার মাত্রা-৫
- দ্বি-পারমাণবিক গ্যাস ($O_2$, $N_2$, $H_2$) অণুর স্বাধীনতার মাত্রা- ৫ (৩টি রৈখিক গতির জন্য এবং দুটি ঘূর্ণন গতির জন্য)
- বিশেষ তথ্য: (ম্যাক্সওয়েল (১৮৫৯)
- প্রত্যেক অণুর গড় গতিশক্তি $= \frac{3}{2}KT$
- প্রত্যেক অণুর স্বাধীনতার মাত্রার মোট শক্তির পরিমাণ $= \frac{1}{2}KT$
- এক পরমাণুক গ্যাসের ক্ষেত্রে শক্তি $= \frac{3}{2}KT$
- দ্বি-পরমাণুক গ্যাসের ক্ষেত্রে শক্তি $= \frac{5}{2}KT$

| গ্যাস | স্বাধীনতার মাত্রা | $\gamma$ ($C_p$ ও $C_v$ এর অনুপাত) | গড়শক্তি সমীকরণ |
|---|---|---|---|
| এক-পরমাণুক গ্যাস | 3 | 1.67 | গড়শক্তি $= \frac{3}{2}KT$ |
| দ্বি-পরমাণুক গ্যাস | 5 | 1.40 | গড়শক্তি $= \frac{5}{2}KT$ |
| ত্রি-পরমাণুক গ্যাস | 6 | 1.33 | গড়শক্তি $= \frac{6}{2}KT$ |

✪ **বয়েলের সূত্র:**
কোন নির্দিষ্ট ভরের গ্যাসের তাপমাত্রা স্থির থাকলে তার আয়তন চাপের ব্যস্তানুপাতিক”
অর্থাৎ $V \propto \frac{1}{p} \Rightarrow PV =$ ধ্রুবক, K

- আবিষ্কারক: ১৬৬২ খ্রি. বিজ্ঞানী রবার্ট বয়েল।

- **চার্লসের সূত্র:**
স্থির চাপে নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন এর পরম বা কেলভিন তাপমাত্রার সমানুপাতিক।
$\therefore V \propto T$ যখন চাপ ও ভর স্থির থাকে।
- আবিষ্কারক: ১৭৮৭ খ্রি: ফরাসি বিজ্ঞানী চার্লস।
- রেনোর/চাপীয় সূত্র: ‘স্থির আয়তনে নির্দিষ্ট ভরের গ্যাসের চাপ এর পরম বা কেলভিন তাপমাত্রার সমানুপাতিক’
$\therefore P \propto T$ যখন আয়তন ও ভর স্থির থাকে।
- আবিষ্কারক: ১৮৪২ খ্রি. ফরাসি বিজ্ঞানী রেনো।

✪ **পরম শূন্য তাপমাত্রা:**
যে তাপমাত্রায় গ্যাসের আয়তন শূন্য হয় ও গ্যাসের গতিশক্তি সম্পূর্ণরূপে লোপ পায়, তাকে পরমশূন্য তাপমাত্রা বলে, এটি হল $273°C$ বা $-273.16°C$
- এটি একটি গাণিতিক হিসাব মাত্র, কোন থার্মোমিটারে এই তাপমাত্রা পাওয়া যায় নি। কারণ প্রত্যেক গ্যাস এই তাপমাত্রায় পৌছার পূর্বেই কঠিন বা তরলে পরিণত হয়। যেমন- বায়ু $184°C$ এবং হাইড্রোজেন $-269°C$ তাপমাত্রায় তরলে পরিণত হয়।

✪ **(চোখ বড় করে তাকায়)**
- সেলসিয়াস স্কেলে $= -273.16°C$
- কেলভিন স্কেলে $= 0$ k
- ফারেনহাইট স্কেলে $= 459.4°F$
- পরম স্কেল পাঠ = 273+ সেন্টিগ্রেড স্কেলের পাঠ।

✪ **একটু লক্ষ্য করি: (গুরুত্বপূর্ণ তথ্য)**
- ১ গ্রাম অণু বা এক মোল গ্যাসের সমীকরণ:
**PV = RT [R = সার্বজনীন ধ্রুবক]**
- n মোল গ্যাসের ক্ষেত্রে সমীকরণ:
$$PV = nRT = \frac{m}{M}RT$$
n = মোল সংখ্যা
M = গ্রাম আনবিক ভর

✪ **ইহাকে বয়েল বা চার্লসের সমন্বিত রূপ ও আদর্শ গ্যাসের সমীকরণ বলা হয়।**
- প্রমাণ বা স্বাভাবিক তাপমাত্রা $= 0°C$ বা $273.16K$
- সমুদ্রপৃষ্ঠে $45°$ অক্ষাংশে $0°C$ বা $273.16K$ তাপমাত্রায় উলম্বভাবে অবস্থিত 760 mm উচ্চতা বিশিষ্ট শুস্ক ও বিশুদ্ধ পারদ স্তম্ভ যে চাপ দেয় তাকে প্রমাণ বা স্বাভাবিক চাপ বলে।

➤ **প্রমাণ চাপ:**
- 760 mm পারদ স্তম্ভ চাপ।
- 76 cm Hg
- 76m Hg
- $1.013\times10^5\ Nm^{-2}$
- $1.013\times10^5 Pa$

➤ প্রমাণ তাপমাত্রা ও চাপে এক মোল গ্যাস 22.4 Litre বা $22.4\times10^{-3}m^3$ আয়তন দখল করে।

➤ সার্বজনীন গ্যাস ধ্রুবক, $R=\frac{PV}{nT}$

মান = $8.314\ JK^{-1}mol^{-1}$

✪ **লেখচিত্র সম্পর্কিত:**

➤ স্থির উষ্ণতায় নির্দিষ্ট ভরের গ্যাসের আয়তন ও চাপ এর লেখচিত্র একটি সমপরাবৃত্ত হয়। একে সমোষ্ণ রেখাও বলে।

➤ স্থির চাপে নির্দিষ্ট গ্যাসের ক্ষেত্রে $V-T$ লেখচিত্র মূল বিন্দুগামী সরলরেখা হয়।

➤ স্থির আয়তনে নির্দিষ্ট গ্যাসের ক্ষেত্রে $P-T$ লেখচিত্র মূল বিন্দুগামী সরলরেখা হয়।

- গতিতত্ত্বের গড়বেগের কোন ব্যবহার নেই।
- গ্যাসের অনুগুলোর মোট গতিশক্তি পরম তাপমাত্রার সমানুপাতিক।
- গ্যাসের RMS বেগ পরম তাপমাত্রার বর্গমূলের সমানুপাতিক।

✪ **বিশেস দ্রষ্টব্য:**

➤ গ্যাসের চাপ এর একক আয়তনের অণুগুলোর গতিশক্তির দুই তৃতীয়াংশ।

$$\therefore P=\frac{1}{3}\rho C^2=\frac{2}{3}\times\frac{1}{2}\rho C^2=\frac{2}{3}E$$

➤ গ্যাস অণুর গতিশক্তি ও তাপমাত্রার সাথে সম্পর্ক $\frac{1}{2}mc^2=\frac{3}{2}KT$ বা $C=\sqrt{\frac{3RT}{M}}$ গ্যাস অণুর গড় গতিশক্তি এর পরম তাপমাত্রার সমানুপাতিক

[একটি অণুর গতিশক্তি = $\frac{3}{2}\times$ বোলটজম্যান ধ্রুবক $\times$ পরম তাপমাত্রা।

➤ বোলজম্যন ধ্রুবক $K=1.381\times10^{-23}JK^{-1}$

➤ অ্যাভেগেড্রো সংখ্যা = $6.022\times10^{26}$ অণু/কিলোমোল

✪ **গড় মুক্ত পথের সমীকরণ:**

➤ ক্লসিয়াসের সমীকরণ, $\lambda=\frac{1}{\pi a^2 n}$

➤ ম্যাক্সওয়েলের সমীকরণ, $\lambda=\frac{1}{\sqrt{2}\pi a^2 n}$

➤ বোলজম্যানের সমীকরণ, $\lambda=\frac{3}{4\pi a^2 n}$

➤ এর মধ্যে ম্যাক্সওয়েলের সূত্রটি সাধারণত গড় মুক্ত পথের রাশিমালা নির্নয়ে ব্যবহার করা হয়। আণবিক বেগ বন্টন সূত্র অবলম্বনে এ রাশিমালা নির্ণয় করেন।

➤ $\lambda\propto\frac{T}{na^2\rho p}$

✪ **শক্তির সমবিভাজন নীতি:**

তাপীয় সাম্যবস্থায় আছে এমন গতীয় সিস্টেমের মোট শক্তি বিভিন্ন স্বাধীনতার মাত্রার ভিতরে সমভাবে বন্টিত হয় এবং প্রত্যেক স্বাধীনতার মাত্রাপিছু শক্তির পরিমাণ হয় $\frac{1}{2}KT$.

➤ প্রবর্তক: ম্যাক্সওয়েল (1859)।

➤ প্রত্যেক অণুর গড় গতিশক্তি = $\frac{3}{2}KT$.

➤ প্রত্যেক অণুর স্বাধীনতার মাত্রার মোট শক্তির পরিমাণ= $\frac{1}{2}KT$.

➤ f স্বাধীনতার মাত্রা সম্পন্ন কোন অণুর মোট জড় শক্তি = $\frac{f}{2}KT$

$\therefore$ এক পরমাণুক গ্যাসের ক্ষেত্রে জড় শক্তি = $\frac{3}{2}KT$.

দ্বি পরমাণুক গ্যাসের ক্ষেত্রে জড় শক্তি = $\frac{5}{2}KT$.

✪ **চিকন তথ্য:**

(১) কোন স্থানের আপেক্ষিক আর্দ্রতা 60% বলতে বোঝা যায়, বায়ুর তাপমাত্রায় ঐ স্থানকে সম্পৃক্ত করতে যে পরিমাণ জলীয় বাষ্পের প্রয়োজন তার 60 ভাগ জলীয় বাষ্পের ঐ স্থানে আছে।

(২) বায়ুর তাপমাত্রায় ঐ বায়ুতে উপস্থিত জলীয়বাষ্পের চাপ একই তাপমাত্রায় সম্পৃক্ত জলীয়বাষ্প চাপের 100 ভাগের 60 ভাগ।

➤ **হাইগ্রোমিটারের সাহায্যে আবহাওয়ার পূর্বাভাস নির্ণয়:**

| থার্মোমিটারদ্বয়ের পাঠ ব্যবধান | বায়ু আবহাওয়ার অবস্থা |
|---|---|
| বেশি হলে | শুষ্ক |
| কম হলে | আর্দ্র |
| ধীরে ধীরে কমলে | বৃষ্টির সম্ভাবনা আছে |
| হঠাৎ কমে গেলে | ঝড় হওয়ার সম্ভাবনা |

✪ **আর্দ্রতামিতিক সংক্রান্ত কয়েকটি বাস্তব ঘটনা:**

| ঘটনা | কারণ |
|---|---|
| মেঘাচ্ছন্ন রাত অপেক্ষা মেঘমুক্ত রাত শিশির জমার জন্য সহায়ক। | মেঘলা রাত্রিতে তাপমাত্রা বেশি থাকে। |
| বর্ষার দিন অপেক্ষা শীতকালে ভেজা কাপড় তাড়াতাড়ি শুকায়। | শীতকালে আপেক্ষিক আর্দ্রতা কম থাকে। |
| গরমের দিনে কুঁকুর জিহ্বা বের করে দৌড়ায় | লালার বাষ্পায়ণে শরীর থেকে তাপ বের হয়ে যায়। ফলে শরীর ঠাণ্ডা থাকে। |
| শীতকালে শরীরে গ্লিসারিন ব্যবহার করা হয়। | বায়ুর আপেক্ষিক আর্দ্রতা শীতাকালে কম থাকে। |
| একই তাপমাত্রায় ঢাকার চেয়ে চট্টগ্রাম বেশি অস্বস্তিকর। | চট্টগ্রাম সমুদ্র তীরবর্তী হওয়ায় আপেক্ষিক আর্দ্রতা বেশি ফলে ঘাম শুকায় না। |
| মরুভূমিতে তাপমাত্রা বেশি হলে শরীর ঘর্মাক্ত হয় না। | বায়ুর আপেক্ষিক আর্দ্রতা কম। |

➤ বিভিন্ন তাপমাত্রায় সম্পৃক্ত জলীয়বাষ্পের চাপ (রেনোর তালিকা)

| তাপমাত্রা ($0^{\circ}C$) | চাপ (mm Hgp) |
|---|---|
| 0 | 4.58 |
| 4 | 6.10 |
| 8 | 8.05 |
| 12 | 10.52 |
| 16 | 13.63 |
| 20 | 17.54 |

## এই টাইপ থেকে হুবহু প্রশ্ন আসার সম্ভাবনা

১। **ভ্যানডার ওয়ালসের সমীকরণে কোন রাশির সংশোধন বিদ্যমান? [RU-C, Topaz-3: 22-23]**
**উত্তর: P ও V**

২। **একক আয়তন তলের কোন আবদ্ধ গ্যাস পাত্রের দেয়ালে যে চাপ দেয়, তা তার গতি শক্তির- [RU-C, Corundum-1: 22-23]**
**উত্তর: দুই তৃতীয়াংশ**

৩। কোন স্থানের আপেক্ষিক আর্দ্রতা কিসের উপর নির্ভর করে? [RU-C, Corundum-1: 22-23]
উত্তর: সম্পৃক্ত জলীয়বাষ্প চাপ

৪। একই আয়তনের দুইটি বায়ুপূর্ণ বেলুনকে ভিন্ন তাপমাত্রায় রাখলে কি ঘটবে? [RU-Uranus-1, Set-1. 21-22]
উত্তর: গ্যাসদ্বয়ের চাপ তাদের পরম তাপমাত্রার সমানুপাতিক হবে

৫। বয়েলের সূত্রে কোন রাশিটি স্থির থাকে? [RU-C, Neptune-2, Set-1, 21-22]
উত্তর: T

৬। গ্যাসের অণুর গড় মুক্ত পথ ঘনত্বের- [RU-C, Shift-4, Set-1 (Venus-1): 21-22]
উত্তর: ব্যস্তানুপাতিক

৭। কোন স্থানের একক আয়তনের বায়ুতে উপস্থিত জলীয় বাষ্পের ভরকে কি বলা হয়? [RU-C, Neptune-2, Set-1. 21-22]
উত্তর: পরম আর্দ্রতা

৮। একক চাপে কোন গ্যাসের এক মোলের আয়তন ও গ্যাসটির পরম তাপমাত্রার অনুপাত নিচের কোনটি নির্দেশ করে? [RU. moderna, Set-2, 20-21]
উত্তর: সার্বজনীন গ্যাস ধ্রুবক

৯। ব্রাউনীয় গতিসূত্রের আবিষ্কারক কে? [RU-C: 22-23]
উত্তর: ক্লসিয়াস

১০। RMS বেগ- [RU. 17-18]
উত্তর: $\sqrt{\frac{3RT}{M}}$

১১। মোলার আয়তন গণনার সঠিক সমীকরণ কোনটি? [RU. 17-18]
উত্তর: $V=\frac{nRT}{P}$

১২। একটি আদর্শ গ্যাসের তাপমাত্রা T হতে বৃদ্ধি করে 2T করা হলে কোন রাশিটি দ্বিগুণ হবে? [RU. 17-18]
উত্তর: অণুগুলির গতিশক্তি

১৩। পরম স্কেলে চাপের সূত্র হলো- [RU. 16-17]
উত্তর: $P\propto T$

১৪। অ্যাভোগাড্রোর সংখ্যা-এর মান কত? [RU. 15-16]
উত্তর: $6.02\times10^{23}$

১৫। নিচের কোনটি গ্রিন হাউস গ্যাস নয়? [RU. 15-16]
উত্তর: $H_2O$

১৬। স্থির তাপমাত্রায় কোন গ্যাসের আয়তন বৃদ্ধি পেলে- [RU. 13-14]
উত্তর: চাপ কমে

১৭। কোন পাত্রে আবদ্ধ গ্যাসে অণুগুলির সর্বাধিক সংখ্যক গ্যাস অণুর বেগকে বলা হয়? [RU. 12-13]
উত্তর: সর্বাধিক সম্ভাব্য বেগ

১৮। আদর্শ গ্যাসের সম্প্রসারণ রেখা (V বনাম T, $^0C$ লেখচিত্র) কত ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় তাপমাত্রা অক্ষকে ছেদ করে? [RU. 11-12]
উত্তর: $-273^0C$

১৯। তাপমাত্রা হ্রাস পেলে কোন স্থানের জলীয় বাষ্প ধারণ ক্ষমতা- [RU. 09-10]
উত্তর: হ্রাস পায়

২০। তাপমাত্রা বৃদ্ধি পেলে অণুগুলোর গড় বর্গ বেগ- [RU. 09-10]
উত্তর: বৃদ্ধি পায়

২১। যে তাপমাত্রায় বায়ুমন্ডলের কোন নির্দিষ্ট আয়তনের বায়ু এর মধ্যে অবস্থিত জলীয় বাশ্প দ্বারা সম্পৃক্ত হয় তাকে বলে- [RU. 06-07]
উত্তর: শিশিরাঙ্ক

২২। SI এর এককে R এর মান কত?
উত্তর: $8.314\ Jmol^{-1}K^{-1}$

২৩। SI এককে গ্যাসের চাপ কোনটি? [RU-C: 21-22]
উত্তর: Pa

২৪। প্রমাণ তাপমাত্রা ও চাপে কোনো আদর্শ গ্যাসের এক মোলের আয়তন- [CU: 14-15; JU: 18-19]
উত্তর: $0.0224m^3$

২৫। প্রমাণ তাপমাত্রা ও চাপে $1m^3$ হিলিয়াম ও $1m^3$ অক্সিজেন গ্যাস আছে। কোন গ্যাসের অণুর সংখ্যা বেশি? [JU: 21-22]
উত্তর: উভয়েই সমান সংখ্যক

২৬। ভ্যানডার ওয়ালসের সমীখরণে কোন রাশির সংশোধন বিদ্যমান? [RU-C: 22-23]
উত্তর: P ও V

২৭। একক চাপে কোন গ্যাসের এক মোলের আয়তন ও গ্যাসটির পরম তাপমাত্রার অনুপাত নিচের কোনটি নির্দেশ করে? [RU-C: 20-21]
উত্তর: সার্বজনীন গ্যাস ধ্রুবক

২৮। $\frac{PV}{KT}$ রাশিটি বর্ণনা করে- [CU-A: 22-23]
উত্তর: গ্যামেসর মধ্যে অণুর সংখ্যা

২৯। স্থির তাপমাত্রায় কোনো গ্যাসের চাপ P ও আয়তন V এর মধ্যে সম্পর্ক কি? [CU: 11-12]
উত্তর: PV = স্থির

৩০। বয়েলের সূত্রে কোন রাশিটি স্থির থাকে? [RU-C: 21-22]
উত্তর: T

৩১। 'কোন একটি নির্দিষ্ট ভরের গ্যাসের তাপমাত্রা স্থির থাকলে উহার আয়তন চাপের ব্যস্তানুপাতে পরিবর্তিত হয়'-সূত্রটি কার? [CU-A: 11-12]
উত্তর: বয়েলের

৩২। চাপ স্থির রেখে গ্যাসে তাপ প্রয়োগ করা হলে, এর আয়তন- [JU-A: 22-23]
উত্তর: বৃদ্ধি পায়

৩৩। সকল গ্যাসের জন্য আয়তন প্রসারণ সহগের মান- [RU: 13-14]
উত্তর: $\frac{1}{273}\ ^0C^{-1}$

৩৪। সর্বপ্রথম কে গ্যাসের গতিতত্ত্বের ব্যাখ্য দেন? [JU: 21-22]
উত্তর: ক্লসিয়াস

৩৫। Beronoulli-র সূত্র হচ্ছে- [RU: 09-10]
উত্তর:

৩৬। স্বাভাবিক গ্যাসের গতিতত্ত্ব অনুসারে গ্যাস অণুগুলোর মধ্যে কোনো আন্তঃআণবিক বল নেই। সুতরাং অণুগুলোর- [JU: 19-20]
উত্তর: বিভব শক্তি নেই

৩৭। প্রত্যেক স্বাধীনতার মাত্রার গড় শক্তি হচ্ছে- [MBSTU: 18-19]
উত্তর: $\frac{1}{2}kT$

৩৮। T তাপমাত্রায় আদর্শ গ্যাসের ক্ষেত্রে অণুর গড় গতিশক্তি কত? [JU: 18-19; DU: 10-11; BU: 15-16; CU: 15-16; SAU: 09-10; JU: 13-14; BSMRSTU: 16-17; BRUR: 19-20; JU-A: 20-23]
উত্তর: $\frac{3}{2}kT$

৩৯। একটি দ্বি-পারমাণবিক গ্যাসের জন্য স্বাধীনতার মাত্রা ----। [CU-A: 16-17]
উত্তর: 5

৪০। দ্বি-পরমাণুক গ্যাসের গতিশক্তির পরিমাণ কত? [CU-A: 18-19]
উত্তর: $\frac{5}{2}kT$

৪১। গ্যাসের একটি অণুর স্বাধীনতার মাত্রা 6 হলে শক্তির সমবিভাজন নীতি অনুসারে প্রতি অণুর গড় শক্তি কত? [SUST: 18-19]
উত্তর: $\frac{1}{2}kT$

৪২। একক আয়তন তলের কোন আবদ্ধ গ্যাস পাত্রের দেয়ালে যে চাপ দেয়, তা তার গতি শক্তির- **[RU-C: 22-23; RU-C: 21-22]**
উত্তর: দুই তৃতীয়াংশ।

৪৩। বোল্টজম্যানের গড় মুক্ত পথের সমীকরণ কোনটি?
উত্তর: $\frac{3}{4n\pi\sigma^2}$

৪৪। গ্যাসের অণুর গড় মুক্তপথ ($\lambda$) ও ঘনত্ব ($\rho$) এর মধ্যে পার্থক- **[GST: 22-23; BU: 19-20; RU-C: 21-22]**
উত্তর: $\lambda \propto \frac{1}{\rho}$

৪৫। গ্যাসের গড় মুক্ত পথ ও তাপমাত্রার মধ্যে সম্পর্ক হলো- **[MBSTU: 19-20; CU-A: 20-21]**
উত্তর: $\lambda \propto T$

৪৬। শূন্য মাধ্যমে গড় মুক্ত পথ কত? **[JU: 21-22]**
উত্তর: অসীম

৪৭। নির্দিষ্ট তাপমাত্রায় সম্পৃক্ত এবং অসম্পৃক্ত বাষ্পচাপের মধ্যে কোনটি সর্বোচ্চ? **[JU: 14-15; SHUBD: 19-20]**
উত্তর: সম্পৃক্ত বাষ্পচাপ

৪৮। শিশিরাঙ্কে কোনো স্থানের সম্পৃক্ত জলীয়বাষ্পের চাপ, কোনো নির্দিষ্ট তাপমাত্রায় ঐ স্থানের অসম্পৃক্ত জলীয়বাষ্পের চাপের- **[BRUR: 19-20]**
উত্তর: সমান

৪৯। কোন স্থানের একক আয়তনের বায়ুতে উপস্থিত জলীয় বাষ্পের ভরকে কি বলা হয়? **[RU-C: 21-22]**
উত্তর: পরম আর্দ্রতা

৫০। কোন নির্দিষ্ট আয়তনের বায়ুতে উপস্থিত জলীয় বাষ্পের পরিমাণকে কি বুঝায়? **[CU-A: 09-10]**
উত্তর: আর্দ্রতা

৫১। শিশিরাঙ্ক বলতে আমরা কী বুঝি? **[CoU: 19-20]**
উত্তর: তাপমাত্রা

৫২। আপেক্ষিক আর্দ্রতা কত হলে শিশিরাঙ্ক বায়ুর তাপমাত্রার সমান হবে? **[RU: 17-18; PUST: 15-16]**
উত্তর: **100%**

## টাইপ: অনুপাতের ম্যাথ+সূত্র সমীকরণ

### এই বিষয়গুলো ভালো করে পড়তে হবে

❒ বুদবুদের আয়তনের গুণ দেওয়া থাকলে: জলাশয়ের গভীরতা $h = \frac{(n-1)P}{\rho g}$ [এখানে, $n =$ আয়তন যত গুণ]

❒ বুদবুদের ব্যাসের/ব্যাসার্ধের গুণ দেওয়া থাকলে: $h = \frac{(n^3-1)p}{\rho g}$ [এখানে, n = ব্যাস বা ব্যাসার্ধ বা পরিধির যত গুণ]
$\therefore h = (n^3-1)\times 10.2$

➪ গ্যাসের মূল গড় বর্গবেগ ও তাপমাত্রা সম্পর্ক: $C_{rms} = \sqrt{\frac{3RT}{M}}$;
$C_{rms} \propto \sqrt{T}$ $\therefore \frac{C_1}{C_2} = \sqrt{\frac{T_1}{T_2}}$

➪ গ্যাসের মূল গড় বর্গবেগ ও চাপের সম্পর্ক: $C_{rms} = \sqrt{\frac{3P}{\rho}}$;
$C_{rms} = \sqrt{\frac{3PV}{m}}$; $P =$ গ্যাসের চাপ; $\rho =$ গ্যাসের ঘনত্ব

(i) মূলগড় বর্গবেগ বৃদ্ধি, $\Delta C_{rms} = \sqrt{\frac{T_2}{T_1}} - 1$

(ii) $T_2 = n^2.T_1$ $[n = \frac{C_2}{C_1}]$

➪ n মোল গ্যাসের গতিশক্তি, $E_k = \frac{3}{2}nRT; n =$ মোল সংখ্যা

➪ গ্যাসের প্রতি অণুর গড় গতিশক্তি, $E_k = \frac{3}{2}KT; K =$ বোলজম্যান ধ্রুবক।

➪ **দ্বি পারমাণবিক গ্যাসের ক্ষেত্রে,**

* n মোল গ্যাসের গতিশক্তি, $E_k = \frac{5}{2}nRT$
* প্রতি অণুর গড় গতিশক্তি, $E_k = \frac{5}{2}KT$

## এই টপিকের গুরুত্বপূর্ণ যত প্রশ্নত্তোর

১। গ্যাসের অণুর গড় মুক্তপথ ($\lambda$) ও ঘনত্ব ($\rho$) এর মধ্যে সম্পর্ক- **[GST-A: 22-23]**
উত্তর: $\lambda \propto \frac{1}{\rho}$
ব্যাখ্যা: গড় মুক্ত পথ, $\lambda = \frac{1}{n\pi\sigma^2}$ এখানে, **n**= একক আয়তনে অণুসংখ্যা
সুতরাং, **n**, ঘনত্বকেই নির্দেশ করে। তাই, **n**= $\rho$ $\therefore \lambda \propto \frac{1}{\rho}$

২। **10** লিটার আয়তনের বন্ধ পাত্রে **300K** তাপমাত্রায় **16g** অক্সিজেন যে চাপ প্রদর্শন করে, একই পাত্রে একই তাপমাত্রায় কত গ্রাম নাইট্রোজেন রাখলে একই চাপ প্রদর্শন করবে? **[GST-A: 20-21]**
উত্তর: **14**
ব্যাখ্যা: $\frac{P_1V_1}{n_1T_1} = \frac{P_2V_2}{n_2T_2} = n_1 = n_2 \Rightarrow \frac{m_1}{M_1} = \frac{m_2}{M_2}$
$\Rightarrow \frac{16}{32} = \frac{m_2}{28} \Rightarrow m_2 = 14$ **[$P_1=P_2$, $V_1=V_2$, $T_1=T_2$]**

৩। **T** তাপমাত্রায় আদর্শ গ্যাসের ক্ষেত্রে একটি অণুর গড় গতিশক্তি- **[BRUR: 19-20]**
উত্তর: $\frac{3}{2}KT$

৪। আপেক্ষিক আর্দ্রতা হলো- **[BRUR: 13-14]**
উত্তর: **R=f/F×100%**

৫। **$30^0$C** তাপমাত্রায় হিলিয়াম এবং জেনন গ্যাসের বর্গমূল গড় বর্গবেগ এর অনুপাত কত? **[JUST-B: 19-20]**
উত্তর: **0.17**
ব্যাখ্যা: $\frac{C_{Xe}}{C_{He}} = \sqrt{\frac{M_{He}}{M_{Xe}}} = \sqrt{\frac{4}{131}} = 0.17$

৬। বায়ুকে রুদ্ধতাপে প্রসারিত করে এর আয়তন **5** গুণ করা হলো। যদি প্রাথমিক চাপ **1** বায়ুমন্ডলী চাপ হয় তাহলে চূড়ান্ত চাপ কত **$Nm^{-2}$** হবে? ($\gamma = 1.4$)
উত্তর: $1.06\times10^4$
ব্যাখ্যা: $P_1V_1^{\lambda} = P_2V_2^{\gamma}$
$\Rightarrow P_2 = \left(\frac{V_1}{V_2}\right)^{\gamma} \times P_1 = \left(\frac{1}{2}\right)^{1.4} \times 1.013\times10^5 = 1.06\times10^4 Nm^{-2}$

## গুরুত্বপূর্ণ অংশ

## আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব

### টাইপ:হ্রদ ও বুদবুদ

১। **50m গভীর হ্রদের তলদেশ থেকে V আয়তনের একটি বায়ুর বুদবুদ উপরিতলে বাতাসে উঠে এলে, তার আয়তনের কি পরিবর্তন হবে? [যখন $10^5 N/m^2$]**

উত্তর: $V\times(10^5+h\rho g)=V_2\times 10^5$

$\Rightarrow \frac{10^5+(50\times1000\times9.8)}{10^5}=\frac{V_2}{V}\Rightarrow V_2=5.9V$

### টাইপ: গ্যাসের গতিতত্ত্ব

১। $k=1.38\times10^{-13}J/K$ হলে, কত তাপমাত্রায় একটি পাত্রে হিলিয়াম গ্যাসের অণুর গড়শক্তি $6.21\times10^{-21}J$ হবে?

উত্তর: $E=\frac{3}{2}kT\Rightarrow 6.21\times10^{-21}=\frac{3}{2}\times1.38\times10^{-23}\times T$

$\Rightarrow T=300K$

২। **S.T.P তে 2 mole আদর্শ গ্যাসের গতিশক্তি কত হবে? [R=8.31 $JK^{-1}$ $mole^{-1}$]**

ব্যাখ্যা: $K.E=\frac{3}{2}nRT=\frac{3}{2}\times2\times8.31\times273$

$6805.89J\approx6806J$

### টাইপ: গড় মুক্তপথ

১। কোনো গ্যাস অণুর ব্যাস $2.5\times10^{-10}m$ এবং প্রতি ঘনমিটার গ্যাস অণুর সংখ্যা $6.02\times10^{25}$ । গ্যাসটির গড় মুক্তপথ কত হবে?

উত্তর: $\lambda=\frac{1}{\pi\sigma^2n}=\frac{1}{3.1416\times(2.5\times10^{-10})^2\times6.02\times10^{25}}$

$=8.46\times10^{-8}m$

## জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

১। **T তাপমাত্রার আদর্শ গ্যাসের ক্ষেত্রে অণুর গড় চলন শক্তি হল- [NU-Science: 13-14]**

(ক) $\frac{2}{3}KT$ (খ) $\frac{3}{2}KT^2$
(গ) $\frac{3}{2}KT^4$ (ঘ) $\frac{3}{2}KT$ উত্তর: ঘ

২। **সার্বজনীন গ্যাস ধ্রুবক R = [NU-Science: 11-12]**

(ক) $\frac{PV}{nT}$ (খ) $\frac{PV}{nT^2}$
(গ) $\frac{PT}{nV}$ (ঘ) $\frac{Pn}{TV}$ উত্তর: ক

৩। পানি, বরফ ও জলীয় বাষ্প যে তাপমাত্রায় এক সঙ্গে অবস্থান করতে পারে- **[NU-Science: 10-11]**

(ক) $0^0C$ (খ) 273.16K
(গ) $100^0C$ (ঘ) $4^0C$ উত্তর: খ

৪। স্থির তাপমাত্রায় কোন গ্যাসের **P** বনাম $\frac{1}{V}$ এর লেখচিত্রটি হবে- **[NU-Science: 10-11]**

(ক) বৃত্ত (খ) সরলরেখা
(গ) পরাবৃত্ত (ঘ) অধিবৃত্ত উত্তর: খ

৫। কোন তাপমাত্রায় ফারেনহাইট স্কেল সেলসিয়াস স্কেলের ২ গুণ হবে? **[NU-Science: 02-03]**

(ক) $200^0$ (খ) $220^0$
(গ) $160^0$ (ঘ) $100^0$ উত্তর: গ

৬। একটি শক্ত কাঁচের গোলকে কিছু বাতাস আবদ্ধ আছে। **$0^0C$** তাপমাত্রায় আবদ্ধ বাতাসের চাপ **$10^5$ $Nm^{-2}$** হলে, **$273^0C$** তাপমাত্রায় আবদ্ধ বাতাসের চাপ হবে- **[NU-Science: 01-02]**

(ক) $1.5\times10^5Nm^{-2}$ (খ) $2\times10^5Nm^{-2}$
(গ) $2.73\times10^5Nm^{-2}$ (ঘ) $273\times10^5Nm^{-2}$ উত্তর: খ

# দ্বিতীয় পত্র

## ১ম অধ্যায়: তাপ গতিবিদ্যা

## তাপ গতিবিদ্যার যাবতীয় টাইপ

১। মাত্রা/ একক
২। সূত্র+ সমীকরণ
৩। অনুপাত ম্যাথ
৪। ম্যাথ
৫। থিওরি
৬। সংখ্যাগত মান
৭। Extra Information

### টাইপ: মাত্রা/একক

| রাশি | মাত্রা | একক |
|---|---|---|
| তাপমাত্রা | $\theta$ | K(SI), $^0C$, $^0F$ |
| তাপ | $ML^2T^{-2}$ | Jule (SI), Cal |
| মোলার আপেক্ষিক তাপ/ মোলার তাপ ধারণ ক্ষমতা | $L^2T^{-2}N^{-1}\theta^{-1}$ | $Jmole^{-1}k^{-1}$ |
| আপেক্ষিক তাপ | $L^2T^{-2}\theta^{-1}$ | $Jkg^{-1}k^{-1}$ |
| কাজ | $MLT^{-2}$ | Jule(SI), N-m, ev (ক্ষুদ্রশক্তি, আণবিক পারমাণবিক), Cal, $kgm^2s^{-2}$, W-h, erg (C.G.S) |
| এনট্রপি | $ML^2T^{-2}\theta^{-1}$ | J/K |
| মাত্রাহীন রাশি- কার্যকৃত সহগ, দক্ষতা, গ্যাসীয় রাশির আপেক্ষিক অনুপাত | | |

### টাইপ: সূত্র/সমীকরণ+ম্যাথ

❐ $\frac{C}{5}=\frac{K-273.16}{5}=\frac{F-32}{9}$

১। একটি কক্ষের তাপমাত্রা **$30^0C$**, ফারেনহাইট স্কেলে এর মান কত? **[JU-A, Set-N: 22-23]**

(ক) $86^0F$ (খ) $80^0F$ (গ) $73^0F$ (ঘ) $68^0F$ ক

ব্যাখ্যাঃ সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলের মধ্যে সম্পর্কঃ $\frac{C}{5}=\frac{F-32}{9} \Rightarrow F-32=\frac{9C}{5}$

$\Rightarrow F=\frac{9C}{5}+32=\frac{9\times30}{5}+32=54+32=86^0F$

২। $0^0C$ ও $100^0C$ তাপমাত্রায় একটি রোধ থার্মোমিটারের রোধ যথাক্রমে $11\Omega$ ও $16\Omega$। থার্মোমিটারটি একটি চুলায় তরলের স্ফুটনাঙ্কে রাখলে রোধ পাওয়া যায় $36\Omega$। তরলের স্ফুনাঙ্ক নির্ণয় কর। [JU-H, Set-A. 20-21]
(ক) $20^0C$ (খ) $500^0C$ (গ) $250^0C$ (ঘ) $10^0C$ খ
ব্যাখ্যাঃ $\theta=\frac{R_\theta-R_0}{R_{100}-R_0}\times100=\frac{36-11}{16-11}\times100=500^0C$

৩। কেলভিন স্কেলে এমন একটি তাপমাত্রা বের কর যা সেলসিয়াস স্কেলে ফারেনহাইট স্কেলের 5 গুণ। [RU-C, মেঘনা-৩: 23-24]
(ক) 240K (খ) 245K (গ) 253K (ঘ) 255K গ
ব্যাখ্যাঃ $F=x, C=5x$

$\because \frac{C}{5}=\frac{F-32}{9} \Rightarrow \frac{5x}{5}=\frac{x-32}{9}$

$\Rightarrow 9x=x-32 \Rightarrow 8x=-32$

$\therefore x=-4 \therefore F=-4^0F \therefore C=5\times-4=-20^0C$

$\therefore$ কেলভিন স্কেলঃ = (273-20)K = 253K

৪। সূর্যের পৃষ্ঠের তাপমাত্রা 6000K হলে, ফারেনহাইট স্কেলে এর মান কত? [RU-C, Quartz-2: 22-23]
(ক) $10340.6^0F$ (খ) $10000.6^0F$
(গ) $10500.8^0F$ (ঘ) $10600.6^0F$ ক
ব্যাখ্যাঃ $\frac{F-32}{9}=\frac{K-273}{5} \Rightarrow 5F-160=9kl-2457$

$\Rightarrow 5F=9\times6000-2457+160=54000-2297$

$\Rightarrow 51703 \Rightarrow F=\frac{51703}{5}=10340.6^0F$

৫। একটি ত্রুটিপূর্ণ থার্মোমিটার সাধারণ বায়ু চাপে গলিত বরফে $4^0C$ এবং শুষ্ক বাষ্পে $98^0C$ পাঠ দেয়। থার্মোমিটারটি $51^0C$ পাঠ দিলে প্রকৃত পাঠ কত? [MBSTU: 15-16]
(ক) $51^0C$ (খ) $50^0C$ (গ) $52^0C$ (ঘ) $49^0C$ খ
ব্যাখ্যাঃ $\frac{\text{পাঠ-নিম্ন স্থিরাংক}}{\text{উর্ধ্ব স্থিরাংক-নিম্নস্থিরাংক}}=\frac{C-0}{100-0}$

$\Rightarrow \frac{51-4}{98-4}=\frac{C}{100} \Rightarrow \frac{47}{92}=\frac{C}{100} \therefore C=50$

❒ দ্বিস্থির নীতির সূত্রঃ $\frac{\theta-\theta_{ice}}{\theta_{steam}-\theta_{ice}}=\frac{x_\theta-x_{ice}}{x_{steam}-x_{ice}}$

❒ তাপগতিবিদ্যার ১ম সূত্রঃ $dQ=dU+dW$

১। কোনো ব্যবস্থা ধ্রুব আয়তনে 500J তাপ বর্জন করে। ব্যবস্থাটির অন্তস্থ শক্তির পরিবর্তন নির্ণয় কর।
ব্যাখ্যাঃ $dQ=dU+dW=du+PdV$
বা, $du=dQ-PdV \therefore du=-500J+0$ [$\because dQ=-500J$ এবং $dV=0$] $=-500J$ [অন্তঃস্থ শক্তি ঋণাত্মক হওয়ার অর্থ সিস্টেমের অন্তঃস্থ শক্তি হ্রাস পায়]

২। সম-আয়ত প্রক্রিয়ায় সিস্টেম কর্তৃক গৃহীত তাপ Q হলে অন্তঃস্থ শক্তির বৃদ্ধির পরিমাণ হবে- [GST: 22-23]
(ক) –Q (খ) 0 (গ) Q (ঘ) 2Q গ
ব্যাখ্যাঃ তাপগতিবিদ্যার ১ম সূত্র,

$\Delta Q=\Delta U+\Delta W$ | সম আয়তন প্রক্রিয়ায়, $\Delta V=0$

$\therefore \Delta Q=\Delta U$ | $\therefore \Delta W=P.\Delta V=0$

$\therefore$ অন্তঃস্থ শক্তি বৃদ্ধি, গৃহীত তাপের সমান।

৩। তাপগতিবিদ্যার প্রথম ও দ্বিতীয় সূত্রের সমন্বিত সমীকরণ কোনটি? [GST-Science. 21-22]
(ক) TdS = dU-VdP (খ) TdS = dU+PdV
(গ) TdS = dU + VdP (ঘ) TdS = dU+PdV ঘ
ব্যাখ্যাঃ ১ম সূত্রঃ dQ = dU+PdV এবং dQ = TdS
$\therefore$ TdS = dU+PdV

❒ ঝরনা থেকে পতিত পানির ম্যাথঃ $Q=ms\Delta\theta$ ; $mgh=ms\Delta\theta$

১। 0.20 কেজি রান্নার তেলের তাপমাত্রা $50^0C$ বাড়াতে কত শক্তি প্রয়োজন, যদি এই তেলের আপেক্ষিক তাপ $1800J/(kg^0C)$? [JU-A, Set-G: 22-23]
(ক) $0.2\times50\times1800$ (খ) $\frac{0.2}{50\times1800}$
(গ) $\frac{1800}{0.2\times50}$ (ঘ) $\frac{1800}{0.2\times50}$ ক
ব্যাখ্যাঃ

$Q=mS\Delta\theta=0.20\times1800\times50$
$=\frac{20}{100}\times1800\times50=1000\times18=1800J$

m = 0.20kg
$\Delta\theta=50^0C=50k$
$S=1800J/(kg.^0C)$
Q = ?

২। 4200m উঁচু একটি জলপ্রপাতের তলদেশ ও শীর্ষদেশের মধ্যে তাপমাত্রার ব্যবধান কত হবে যদি পতনশীল পানির সমস্ত শক্তিই তাপমাত্রা বৃদ্ধিতে ব্যয় হয়। [JU: 15-16]
(ক) $20^0C$ (খ) $9.8^0C$
(গ) $15.6^0C$ (ঘ) কোনটিই নয় খ
ব্যাখ্যাঃ স্থিতি শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হলে, $mgh=ms\Delta\theta$

$\therefore \Delta\theta=\frac{gh}{s}=\frac{9.8\times4200}{4200}=9.8K=9.8^0C$

৩। একখণ্ড বরফ উপর থেকে ভূমিতে পতিত হলো। এতে পতন শক্তির 50% তাপে রূপান্তরিত হওয়ায় বরফ খন্ডটির এক-চতুথাংশ গলে গেল। খণ্ডটি কত km উচ্চতা হতে পতিত হয়েছিল? [KU. 18-19]
(ক) 1.714 (খ) 8.57 (গ) 17.14 (ঘ) 34.28 গ
ব্যাখ্যাঃ $0.5\times mgh=\frac{1}{4}\times mL_f$

$\Rightarrow 0.5\times9.8\times h=\frac{1}{4}\times336000 \therefore h=17.14km$

৪। $200ms^{-1}$ বেগে প্রাপ্ত একটি সীসার বুলেট কোথাও থামিয়ে দেয়ার ফলে সমস্ত গতিশক্তি তাপে রূপান্তরিত হল। বুলেটের তাপমাত্রা কত বৃদ্ধি পাবে? (সীসার আপেক্ষিক তাপ $126Jkg^{-1}k^{-1}$)
(ক) 158.73K (খ) 158.73J/kg
(গ) 108.73J/kg (ঘ) 108.73K ক
ব্যাখ্যাঃ $\frac{1}{2}mv^2=ms\Delta\theta$ বা, $\Delta\theta=\frac{v^2}{2s}=\frac{(200)^2}{2\times126}=158.73K$

❒ রুদ্ধতাপীয় পরিবর্তনে:

(a) $P_1V_1^\gamma = P_2V_2^\gamma$ (b) $T_1V_1^\gamma = T_2V_2^{\gamma-1}$

(c) $T_1P_1^{\frac{1-\gamma}{\gamma}} = T_2P_2^{\frac{1-\gamma}{\gamma}}$ (d) $W = \frac{nR}{\gamma-1}$ [$T_1$-$T_2$]

১। বায়ুতে রুদ্ধতাপে প্রসারিত করে এর আয়তন **5** গুণ করা হল। যদি প্রাথমিক চাপ **1** বায়ুমণ্ডলীয় চাপ হয় তাহলে চূড়ান্ত চাপ কত $N/m^2$ হবে? **($\gamma$ = 1.14) [SUST: 16-17; JUST-C: 19-20]**

(ক) $1.06\times10^4$ (খ) $3.36\times10^4$

(গ) $4.13\times10^4$ (ঘ) $5.36\times10^4$ ক

ব্যাখ্যা: $P_1V_1^\gamma = P_2V_2^\gamma$

$\therefore$ চূড়ান্ত চাপ, $P_2 = \left(\frac{V_1}{V_2}\right)^\gamma \times P_1 = \left(\frac{1}{2}\right)^{1.4} \times 1\times10^5$

$= 1.06\times10^4 N/m^2$

২। রুদ্ধতাপে **1** বায়ু মন্ডলীয় চাপে রাখা গ্যাসকে প্রসারিত করে দ্বিগুণ করা হলে যে চূড়ান্ত চাপ হয়, সমোষ্ণ প্রক্রিয়ায় সেই একই চাপ পেতে হলে গ্যাসকে কত গুণ প্রসারিত করতে হবে। **[SUST: 08-09; চ.বো. ২১; ম.বো. ২১]**

(ক) 1.4 (খ) 2.63 (গ) 5.2 (ঘ) 7.8 খ

ব্যাখ্যা: $P_2 = \left(\frac{V_1}{V_2}\right)^\gamma = P_1 = \left(\frac{1}{2}\right)^{1.4} \times 1 = 0.378$

$V_2 = \left(\frac{P_1}{P_2}\right) \times V_1 = \frac{1}{0.378} \times V_1 = 2.63V_1$

❒ সমোষ্ণ প্রক্রিয়ায় কাজ: $W = \theta = nRT\ln\left(\frac{v_2}{V_1}\right) = nRT\ln\left(\frac{P_1}{P_2}\right)$

❒ মোলার আপেক্ষিক তাপ: $C = \frac{\Delta\theta}{n\Delta T}$; $C_p = C_v + R$

❒ কর্মদক্ষতা, $\eta = \left(1 - \frac{Q_2}{Q_1}\right) \times 100\%$

$= \frac{T_1 - T_2}{T_1} \times 100\% = 1 - \frac{T_2}{T_1} \times 100\%$

১। একটি কার্নো ইঞ্জিন $227^0C$ এবং $127^0C$ তাপমাত্রার মধ্যে কাজ করে। যদি ইঞ্জিন কর্তৃক কৃত কাজের পরিমাণ **500J** হয়, তবে তাপ গ্রাহকে প্রত্যাখ্যাত তাপের পরিমাণ কত হবে? **[DU-A: 22-23]**

(ক) 2000J (খ) 1500J (গ) 500J (ঘ) 1000J ক

ব্যাখ্যা: $\eta = 1 - \frac{T_2}{T_1} = 1 - \frac{400}{500} = \frac{1}{5}$;

$\eta = \frac{W}{Q_1} \Rightarrow Q_1 = \frac{W}{\eta} = \frac{500}{\frac{1}{5}} = 2500J$

আবর, $W = Q_1 - Q_2$

$\Rightarrow Q_2 = Q_1 - W = 2500 - 500 = 2000J$

২। একটি প্রত্যাগামী ইঞ্জিন $27^0C$ তাপমাত্রায় **900J** তাপ গ্রহণ করে এবং সিঙ্কে **540J** তাপ বর্জন করে। ইঞ্জিনের দক্ষতা- **[IU-D: 19-20]**

(ক) 40% (খ) 50% (গ) 60% (ঘ) 70% ক

ব্যাখ্যা: ইঞ্জিনের দক্ষতা, $\eta = \left(\frac{Q_1 - Q_2}{Q_1}\right) \times 100\%$

$= \frac{900 - 540}{900} \times 100\% = 40\%$

৩। ইঞ্জিন **A** কাজ করছে **500K** ও **450K** তাপমাত্রায় এবং ইঞ্জিন **B** কাজ করছে **450K** ও **400K** তাপমাত্রায়। ইঞ্জিন **B** এর দক্ষতা ইঞ্জিন **A** থেকে কতটুকু বেশি? **[SUST: 12-13]**

(ক) 0% (খ) 1.0% (গ) 1.5% (ঘ) 1.75% খ

ব্যাখ্যা: $\frac{\eta_B}{\eta_A} = \frac{500}{450} = 1.110 = 1\%$

❒ কার্নো চক্রের: $\frac{Q_1}{Q_2} = \frac{T_1}{T_2}$

১। একটি বিপরতীমুখী কার্নো উৎসের তাপমাত্রা **200K**। উৎস থেকে **2520J** তাপ গ্রহণ করে **3780J** তাপ ছেড়ে দেয়। গ্রাহকের তাপমাত্রা কত হতে পারে? **[JU.A. Set-1. 21-22]**

(ক) 133.33K (খ) 300K (গ) 0.0075K (ঘ) 1K খ

ব্যাখ্যা: কার্নো ইঞ্জিনের ক্ষেত্রে, $\frac{Q_1}{Q_2} = \frac{T_1}{T_2}$

$\therefore T_2 = \frac{Q_2}{Q_1} \times T_1 = \frac{3780}{2520} \times 200 = 300K$

২। একটি কার্নো ইঞ্জিনের তাপ উৎস ও তাপ গ্রাহকের তাপমাত্রা যথাক্রমে $327^0C$ ও $127^0C$। ইঞ্জিনটি তাপ উৎস থেকে **4500J** তাপ গ্রহণ করে কিছু তাপ কাজে রূপান্তরিত করে এবং অবশিষ্ট তাপ গ্রাপকে বর্জন করে। বর্জিত তাপের পরিমাণ কত জুল **(J)**। **[GST-A. 20-21]**

(ক) 1500 (খ) 2000 (গ) 2500 (ঘ) 3000 ঘ

ব্যাখ্যা: $Q_2 = \frac{T_2}{T_1} \times Q_1 = \frac{400}{600} \times 4500 = 3000J$

❒ কার্যকৃত সহগ: $K = \frac{Q}{W}$; $W = Q_2 - Q_1$

১। একটি রেফ্রিজারেটরের কর্মসম্পাদন সহগ **2.5**। এটি শীতল তাপধার হতে প্রতি চক্রে **300J** তাপ গ্রহণ করে। রেফ্রিজারেটর চালানোর জন্য প্রতি চক্রে বাইরে থেকে কী পরিমাণ কাজ সম্পাদন করতে হবে? **[JU.A. Set-F. 21-22]**

(ক) 120J (খ) 240J

(গ) $\frac{2.5}{300}$J (ঘ) কোনোটিই নয় ক

ব্যাখ্যা: রেফ্রিজারেটর কর্মসম্পাদন সহগ,

$K = \frac{Q_1}{Q_2 - Q_1} = \frac{Q_1}{W}$ [$Q_1$ = অপসারিত তাপ = গৃহীত তাপ, $Q_2$ = বর্জিত তাপ]

$\Rightarrow 2.5 = \frac{300}{W}$ $\therefore W = \frac{300}{2.5}J = 120J$

❒ এনট্রপি: $ds = \frac{dQ}{T}$

(a) গলনের সুপ্ত তাপের ক্ষেত্রে, $ds = \frac{mL_f}{T}$

(b) বাষ্পীয়ভবনের সুপ্ত তাপের ক্ষত্রে, $ds = \frac{mL_v}{T}$

১। **$100^0C$ তাপমাত্রার 373kg পানিতে $100^0C$ তাপমাত্রার বাষ্পে পরিণত করা হলে এনট্রপির পরিবর্তন হবে- [পানির বাষ্পীভবনের সুপ্ততাপ = $2.26\times10^6$J/kg]**

(ক) $2.26\times10^6$J/K (খ) $842.98\times10^6$J/K
(গ) $165.04\times10^6$J/K (ঘ) $847.01\times10^6$J/K ক

ব্যাখ্যা: $dS=\frac{dQ}{T}=\frac{mL_v}{T}=\frac{373\times2.26\times10^6}{373}$
$=2.26\times10^6 J/K$

২। **$0^0C$ তাপমাত্রার 273kg বরফকে $0^0C$ তাপমাত্রার পানিতে রূপান্তর করা হলে এনট্রপির পরিবর্তন কত হবে? বরফ গলনের আপেক্ষিক সুপ্ততাপ হলো $3.36\times10^5 J/kg$ [DU. 16-17]**

(ক) $9.17.28\times10^5$J/K (খ) $3.36\times10^5$J/K
(গ) $273\times10^5$J/K (ঘ) 0J/K খ

ব্যাখ্যা: $dS=\frac{dQ}{T}=\frac{mL_f}{T}=\frac{273\times3.36\times10^5}{273}$
$=3.36\times10^5 J/K$

## টাইপ: অনুপাত/ম্যাথ

(a) $\frac{C}{5}=\frac{F-32}{9}=\frac{K-273}{5}=100\%$

⇨ ফারেনহাইট ও কেলভিন স্কেলে একই পাঠ→ $574.25^0$F Or 574.25K
⇨ সেন্টিগ্রেড ও ফারেনহাইট স্কেলে একই পাঠ→ $-40^0C$ Or $-40^0F$
⇨ সেন্টিগ্রেড ও কেলভিন স্কেল→ কখনই সমান হবে না।

(b) $dQ=dU+dW$

(c) $P_1V_1=P_2V_2; \frac{P_1}{T_1}=\frac{P_2}{T_2}; \frac{V_1}{T_1}=\frac{V_2}{T_2}$

১। **যদি $30^0C$ তাপমাত্রা ও $6\times10^5$Pa চাপের একটি গ্যাসকে সমোষ্ণ প্রক্রিয়ায় তিনগুণ আয়তনে প্রসারিত করা হয়, তবে গ্যাসটির চূড়ান্ত চাপ কত Pa? [GST: 22-23]**

(ক) $2\times10^5$ (খ) $2.5\times10^5$ (গ) $3\times10^5$ (ঘ) $4.5\times10^5$ ক

ব্যাখ্যা: সমোষ্ণ প্রক্রিয়া বয়েলের সূত্র মেনে চলে,

$P_1V_1=P_2V_2$

$\therefore P_2=\frac{P_1V_1}{3V_1}=\frac{6\times10^5\times V_1}{3V_1}=2\times10^5 Pa$

এখানে, $V_2=3V_1$

(d) $\frac{Q_1}{Q_2}=\frac{T_1}{T_2}$

## টাইপ: সংখ্যাগত মান

১। এক পারমাণবিক গ্যাসের ক্ষেত্রে, $\gamma=1.67$
দ্বি পারমাণবিক গ্যাসের ক্ষেত্রে, $\gamma=1.41$
ত্রি পারমাণবিক গ্যাসের ক্ষেত্রে, $\gamma=1.33$

২। বাষ্পী ভবনের সুপ্ত তাপ, $l_v=2.26\times10^6 JKg^{-1}$
বরফ গলনের সুপ্ত তাপ, $l_f=3.36\times10^5 JKg^{-1}$

৩। পানির আপেক্ষিক তাপ = 4200 $Jkg^{-1}k^{-1}$
বরফের আপেক্ষিক তাপ = 2100 $JKg^{-1}k^{-1}$

## টাইপ: থিওরি

১। **শূন্যতম সূত্র:** তাপগতিবিদ্যার শূন্যতম সূত্রের মূল বক্তব্য হলো- প্রকৃতিতে তাপমাত্রা নামক একটি প্রয়োজনীয় তাপগতীয় চল রাশি রয়েছে। তাপগতিবিদ্যার শূন্যতম সূত্রের সাহায্যে থার্মোমিটার তৈরি করা হয়েছে।

২। **প্রথম সূত্র:** যখন কোনো ব্যবস্থায় (System) তাপ সরবরাহ করা হয় বা ব্যবস্থা কর্তৃক তাপ গৃহীত হয়, তখন এর কিছু অংশ অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি করতে অর্থাৎ তাপমাত্রা বৃদ্ধি করতে এবং অবশিষ্ট অংশ বাহ্যিক কাজ সম্পাদনে ব্যয় হয়। অর্থাৎ, প্রদত্ত তাপ = অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি + বাহ্যিক কাজ ($dQ = dU + dW$)। তাপগতিবিদ্যার প্রথম সূত্রকে বিজ্ঞানি ক্লসিয়াস বিবৃত করেন।
তাপগতিবিদ্যার প্রথম সূত্র শক্তির নিত্যতা সূত্রের একটি বিশেষরূপ।
তাপগতিবিদ্যার প্রথম সূত্রের মূল বক্তব্য হলো- প্রকৃতিতে অভ্যন্তরীণ শক্তি নামক একটি প্রয়োজনীয় তাপগতীয় চল রাশি রয়েছে।

⇨ **তাপগতিবিদ্যার প্রথম সূত্রের তাৎপর্য:**
(১) এটি তাপ ও কাজের মধ্যে সম্পর্ক স্থাপন করে।
(২) কাজ ও তাপ একে অপরের সমতুল্য।
➔ সিস্টেম তাপ গ্রহণ করলে dQ(+) ও সিস্টেম তাপ বর্জন করলে dQ(-)
➔ তাপমাত্রা বাড়লে dU(+) ও তাপমাত্রা কমলে dU(-)
➔ সিস্টেম নিজে কাজ করলে dW(+) ও সিস্টেমের উপরে কাজ করলে dW(-)

⇨ **তাপগতিবিদ্যার প্রথম সূত্রের ব্যবহার:**
(১) সমোষ্ণ প্রক্রিয়ার ক্ষেত্রে: সমোষ্ণ প্রক্রিয়ায় সিস্টেম বা ব্যবস্থা কর্তৃক সম্পাদিত কাজ সিস্টেমে সরবরাহকৃত বা গৃহীত তাপশক্তির সমান।
(২) রুদ্ধতাপীয় প্রক্রিয়ার ক্ষেত্রে: যে প্রক্রিয়ায় কোনো সিস্টেমের তাপ ধ্রুব থাকে; কিন্তু চাপ ও আয়তন পরিবর্তিত হয় তাকে রুদ্ধতাপীয় প্রক্রিয়া বলে।
(৩) দ্রুব আয়তন প্রক্রিয়ার ক্ষেত্রে: যে প্রক্রিয়ায় কোনো সিস্টেমের আয়তন ধ্রুব থাকে তাকে ধ্রুব আয়তন প্রক্রিয়া বলে।
(৪) সমচাপ প্রক্রিয়ার ক্ষেত্রে: যে প্রক্রিয়ায় কোনো সিস্টেমের চাপ ধ্রুব থাকে তাকে ধ্রুব চাপ প্রক্রিয়া বলে।

**N.B:** (i) সমচাপ প্রক্রিয়ায় কৃত কাজ চাপ এবং আয়তনের পরিবর্তনের সমান।
(ii) সমআয়তন প্রক্রিয়ায় কৃত কাজ শূন্য।
(iii) সমোষ্ণ প্রক্রিয়ায় কৃত কাজ সরবরাহকৃত তাপশক্তির সমান্
(iv) রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় dW = -dU। অর্থাৎ কৃত কাজ অভ্যন্তরীণ শক্তি হ্রাস বা বৃদ্ধির সমান।

⇨ **তাপগতিবিদ্যার প্রথম সূত্রের সীমাবদ্ধতা:**
(১) উষ্ণ বস্তু হতে তাপ শীতল বস্তুতে প্রবাহিত হলেও শীতল বস্তু হতে তাপ কখনই উষ্ণ বস্তুতে যেতে পারে না। যদিও শীতল বস্তু হতে উষ্ণ বস্তুতে তাপ যাওয়ার বিষয়টি তাপগতিবিদ্যার প্রথম সূত্র বা শক্তির সংরক্ষণ সূত্র মেনে চলে। কিন্তু বাস্তবে এই ঘটনা কখনই ঘটে না।
(২) কোনো সিস্টেমে প্রযুক্ত তাপের কিছু অংশ কাজে পরিণত হয়; কিন্তু পুরোটাই কাজে পরিণত হবে কিনা বা হতে পারে কিনা তা প্রথম সূত্র থেকে জানা যায় না।

৩। **তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র:** বিখ্যাত প্রকৌশলী সাদি কার্নো (Sadi Carnot) এই সিদ্ধান্তে উপনীত হন যে, তাপশক্তিকে কখনই সম্পূর্ণরূপে কাজে পরিণত করা যায় না। এই বক্তব্যই তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রের ভিত্তি।
তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রের মূল বক্ত্য হলো- প্রকৃতিতে এনট্রপি নামে একটি প্রয়োজনীয় তাপগতীয় চল রাশি রয়েছে। dQ = TdS এটিই তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রের গাণিতিক সংজ্ঞা।

৪। **ত্রৈধ বিন্দু/ হিমাঙ্ক/ বরফ বিন্দু:**
➔ পানির ত্রৈধ বিন্তুর তাপমাত্রা $T_{tr}$ = 273.16K
➔ পানির ত্রৈধ বিন্দুর তাপমাত্রা চাপ = 4.58mm (Hg)
➔ পানির হিমাঙ্ক $0^0C$ বা $32^0F$।
➔ পরম শূন্য তাপমাত্রা = 0K = $-273^0c$, $-459.4^0F$

৫। **তাপীয় সিস্টেম: তাপীয় সিস্টেম তিন ধরনের। যথা:**
**(১) উন্মুক্ত সিস্টেম:** উন্মুক্ত সিস্টেম পরিবেশের সাথে ভর ও শক্তি উভয়ই বিনিময় করতে পারে।

**(২) বদ্ধ সিস্টেম:** বদ্ধ সিস্টেম পরিবেশের সাথে শুধু শক্তি বিনিময় করতে পারে কিন্তু ভর বিনিময় করতে পারে না।

**(৩) বিচ্ছিন্ন সিস্টেম:** বিচ্ছিন্ন সিস্টেম পরিবেশ দ্বারা মোটেও প্রভাবিত হয় না। অর্থাৎ এক্ষেত্রে ভর ও শক্তি কিছুই বিনিময় করে না।

⇨ **তাপীয় সিস্টেমে চার প্রকার তাপগতীয় পরিবর্তন দেখা যায়। যথা:**
**(১) সমোষ্ণ পরিবর্তন; (২) রুদ্ধতাপীয় পরিবর্তন; (৩) সমআয়তন পরিবর্তন; (৪) সমচার পরিবর্তন।**

৬। **সমোষ্ণ পরিবর্তন:** যে পরিবর্তনে কোনো গ্যাসের চাপের ও আয়তনের পরিবর্তন হয়, কিন্তু তাপমাত্রা স্থির থাকে সেই পরিবর্তনকে সমোষ্ণ পরিবর্তন বলে এবং যে পদ্ধতিতে এই পরিবর্তন সংঘটিত হয় তাকে সমোষ্ণ প্রক্রিয়া বলে।
সমোষ্ণ প্রক্রিয়ায় গ্যাসের চাপ ও আয়তনের সম্পর্ক বয়েলের সূত্র মেনে চলে। অর্থাৎ, $P \propto \frac{1}{V}$। সমোষ্ণ পরিবর্তনের ক্ষেত্রে P-V লেখচিত্র আয়তাকার পরাবৃত্ত হবে।

⇨ **সমোষ্ণ পরিবর্তনের শর্তসমূহ:**
(১) গ্যাসকে একটি সুপরিবাহী পাত্রে রাখতে হবে।
(২) পাত্রের চতুষ্পার্শ্বস্থ মাধ্যমের তাপগ্রাহিতা বা তাপধারণ ক্ষমতা উচ্চ হতে হবে।
(৩) চাপের পরিবর্তন ধীরে ধীরে সংঘটিত করতে হবে।
(৪) প্রয়োজনীয় তাপ গ্রহণ বা বর্জনের দ্বারা তাপমাত্রা স্থির থাকবে।

⇨ **সমোষ্ণ পরিবর্তনের বৈশিষ্ট্য:**
(১) তাপমাত্রা স্থির রেখে কোনো গ্যাসের চাপ ও আয়তনের পরিবর্তনকে সমোষ্ণ পরিবর্তন বলে।
(২) এই পরিবর্তনের প্রয়োজনমতো তাপ সরবরাহ অথবা গ্রহণ করতে হয়।
(৩) এটি একটি ধীর প্রক্রিয়া।
(৪) এই পরিবর্তিনে পাত্রটি তাপের সুপরিবাহী হওয়া প্রয়োজন।
(৫) এই পরিবর্তনে পাত্রের চতুষ্পার্শ্বস্থ মাধ্যমের তাপগ্রাহিতা উচ্চ হতে হয়।
(৬) সমোষ্ণ পরিবর্তন বয়েল-এর সূত্র মেনে চলে অর্থাৎ, $PV =$ ধ্রুবক।
(৭) সমোষ্ণ লেখ অপেক্ষাকৃত কম খাড়া।

৭। **রুদ্ধতাপীয় পরিবর্তন:** যে প্রক্রিয়ায় সিস্টেম তাপ গ্রহণ করে না কিংবা তাপ বর্জন করে না তাকে রুদ্ধতাপীয় প্রক্রিয়া বলে। গ্যাসের রুদ্ধতাপীয় পরিবর্তনের ক্ষেত্রে বয়েলের সূত্র প্রযোজ্য নয়।

⇨ **রুদ্ধতাপীয় পরিবর্তনের শর্তসমূহ:**
(ক) গ্যাসকে একটি কুপরিবাহী পাত্রে রাখতে হবে।
(খ) পাত্রের চতুষ্পার্শস্থ মাধ্যমের তাপগ্রাহিতা কম হতে হবে।
(গ) চাপ পরিবর্তন খুব দ্রুত সংঘটিত করতে হবে যাতে বাইরের সাথে তাপ আদান-প্রদানের কোনো সুযোগ না থাকে।

⇨ **রুদ্ধতাপীয় পরিবর্তনের বৈশিষ্ট্য:**
(১) মোট তাপের পরিমাণ স্থির রেখে কোনো গ্যাসের চাপ ও আয়তনের পরিবর্তনকে রুদ্ধতাপীয় পরিবর্তন বলে।
(২) এই পরিবর্তনে তাপমাত্রার পরিবর্তন ঘটে।
(৩) এটি একটি অতি দ্রুত প্রক্রিয়া।
(৪) এই পরিবর্তনে পাত্রটি তাপ কুপরিবাহী হওয়া প্রয়োজন।
(৫) এই পরিবর্তনে পাত্রের চতুষ্পার্শস্থ মাধ্যমের তাপগ্রাহিতা নিম্ন হতে হয়।
(৬) আদর্শ গ্যাসের রুদ্ধতাপীয় পরিবর্তনের সমীকরণ হলো, $PV^{\gamma} =$ ধ্রুবক।
(৭) রুদ্ধতাপীয় লেখ সমোষ্ণ লেখ হতে $\gamma$ গুণ অধিক খাড়া।

⇨ রুদ্ধতাপীয় প্রসারেণে সময় সিস্টেম কর্তৃক সম্পাদিত কাজ সিস্টেমের অন্তস্থ শক্তি দ্বারা সম্পাদিত হয় বলে সিস্টেমের অন্তস্থ শক্তি হ্রাস পায়। অর্থাৎ সিস্টেম শীতল হয়। পক্ষান্তরে রুদ্ধতাপীয় সংকোচনের সময় বাইরে থেকে শক্তি সরবরাহ করে সিস্টেমের ওপর কাজ সম্পাদিত হয় বলে সিস্টেমের অন্তস্থ শক্তি বৃদ্ধি পায়, ফলে সিস্টেমের তাপমাত্রাও বৃদ্ধি পায়।

৮। **মোলার আপেক্ষিক তাপ:** 1 মোল গ্যাসের তাপমাত্রা 1 ডিগ্রি বাড়াতে যে পরিমাণ তাপের প্রয়োজন হয় তাকে ওই গ্যাসের মোলার তাপধারণ ক্ষমতা বা মোলার আপেক্ষিক তাপ বলে।
$C_p - C_v = R$; অর্থাৎ, গ্যাসের দুই আপেক্ষিক তাপের পার্থক্য বা অন্তরফল গ্যাস ধ্রুবক R-এর সমান।

৯। **প্রত্যাবর্থী ও অপ্রত্যাবর্তী:**

⇨ **প্রত্যাবর্তী:** যে প্রক্রিয়া বিপরীতমুখী হয়ে প্রত্যাবর্তন করে এবং সম্মুখবর্তী ও বিপরীতমুখী প্রক্রিয়ার প্রতি স্তরে তাপ ও কাজের ফলাফল সমান ও বিপরীত হয় সেই প্রক্রিয়াকে প্রত্যাবর্তী প্রক্রিয়া বলে। একে প্রত্যাগামী প্রক্রিয়াও বলা হয়।

⇨ **প্রত্যাবর্তী প্রক্রিয়ার শর্ত:**
(ক) প্রক্রিয়াটি অবশ্যই খুব ধীরে সংঘটিত হতে হবে।
(খ) কোনো প্রক্রিয়া প্রত্যাবর্তী হবে যদি প্রক্রিয়াটি চলাকালীন কোনো অপচয়ী শক্তি সৃষ্টি না হয়।

⇨ **অপ্রত্যাবর্তী:** যে প্রক্রিয়ায় সম্ভাব্য সব প্রাকৃতিক উপায় সত্ত্বেও সমগ্র সংস্থাকে পুরোপুরি প্রাথমিক অবস্থায় ফিরিয়ে আনা যা য়না বা যে প্রক্রিয়া বিপরীতমুখী হয়ে প্রত্যাবর্তন করতে পারে না তাকে অপ্রত্যাবর্থী প্রক্রিয়া বলে।

⇨ **প্রত্যাবর্তী প্রক্রিয়ার বৈশিষ্ট্য:**
(১) অপ্রত্যাবর্তী প্রক্রিয়া হঠাৎ এবং স্বতঃস্ফূর্তভাবে সংঘটিত হয়।
(২) প্রকৃতিতে সব প্রক্রিয়া স্বতঃস্ফূর্তভাবে ঘটে থাকে। সুতরাং প্রাকৃতিক প্রক্রিয়া মাত্রাই অপ্রত্যাবর্তী।
(৩) এই প্রক্রিয়ায় সংস্থা কখনই তার প্রাথমিক অস্থায় ফিরে যাবার প্রবণতা দেখায় না।
(৪) এটি একটি দ্রুত প্রক্রিয়া এবং এটি তাপগতীয় সাম্যাবস্থা বজায় রাখে না।

⇨ **প্রত্যাবর্তী ও অপ্রত্যাবর্তী প্রক্রিয়ার মধ্যে তুলনা:**
(১) প্রত্যাবর্তী প্রক্রিয়া একটি অতি ধীর প্রক্রিয়া। অপরদিকে অপ্রত্যাবর্তী প্রক্রিয়া একটি দ্রুত প্রক্রিয়া।
(২) প্রত্যাবর্তী প্রক্রিয়া স্বতঃস্ফূর্ত প্রক্রিয়া না। পক্ষান্তরে অপ্রত্যাবর্তী প্রক্রিয় একটি স্বতঃস্ফূর্ত ও একমুখী প্রক্রিয়া।
(৩) প্রত্যাবর্তী প্রক্রিয়ায় কার্যনির্বাহক বস্তু প্রাথমিক অবস্থায় ফিরে আসে। পক্ষান্তরে অপ্রত্যাবর্তী প্রক্রিয়ায় কার্যনির্বাহক বস্তু প্রাথমিক অবস্থায় ফিরে আসে না।
(৪) প্রত্যাবর্তী প্রক্রিয়ায় সিস্টেমের তাপগতীয় সাম্যাবস্থা বজায় থাকে। পক্ষান্তরে অপ্রত্যাবর্তী প্রক্রিয়ায় সিস্টেমের তাপগতীয় অবস্থা বজায় থাকে না।

১০। **কার্নো চক্র + তাপ ইঞ্জিন:**

⇨ **কার্নো চক্র:** ফরাসি বিজ্ঞানী সাদি কার্নো (১৮৩২) সকল দোষ-ত্রুটি মুক্ত একটি ইঞ্জিনের পরিকল্পনা করেন। এটি একটি আদর্শ ইঞ্জিন যার কর্মদক্ষতা 100%।

⇨ **কার্নো চক্রের ধাপসমূহ:**
(ক) প্রথম ধাপ: সমোষ্ণ প্রসারণ
(খ) দ্বিতীয় ধাপ: রুদ্ধতাপীয় প্রসারণ
(গ) তৃতীয় ধাপ: সমোষ্ণ সংকোচন
(ঘ) চতুর্থ দাপ: রুদ্ধতাপীয় সংকোচন

⁂ **কার্নো চক্র একটি প্রত্যাগামী চক্র।**

⇨ **তাপ ইঞ্জিন:** যে ইঞ্জিন দ্বারা তাপশক্তিকে যান্ত্রিক শক্তিতে রুপান্তর করা যায় তাকে তাপ ইঞ্জিন বলে।

⇨ **তাপ ইঞ্জিনের দক্ষতা:** কোনো তাপ ইঞ্জিন দ্বারা কাজের রূপান্তরিত তাপশক্তির পরিমাণ ইঞ্জিন দ্বারা শোষিত তাপশক্তির পরিমাণের অনুপাতকে ইঞ্জিনের দক্ষতা বা কর্মদক্ষতা বলে।
(ক) ইঞ্জিনের দক্ষতার হিসাব থেকে লক্ষ করা যায় যে, ইহা কেবল তাপ উৎস ও তাপগ্রাহকের তাপমাত্রা $T_1$, $T_2$ এর ওপর নির্ভর করে- কার্যনির্বাহক বস্তুর প্রকৃতির ওপর নির্ভর করে না।
(খ) যে কোনো দুটি নির্দিষ্ট তাপমাত্রার মধ্যে কার্যরত সকল প্রত্যাগামী ইঞ্জিনের কর্মদক্ষতা সমান হয়।
(গ) যেহেতু $T_1 > (T_1 - T_2)$, কাজেই ইঞ্জিনের দক্ষতা কখনোই 100% হতে পারে না।
(ঘ) তাপ উৎস ও তাপগ্রাহকের মধ্যবর্তী তাপমাত্রার মধ্যে পার্থক্য যত বেশি হবে ইঞ্জিনের দক্ষতাও তত বেশি হবে।

১১। **রেফ্রিজারেটর:**
কার্যকৃত সহগ: রেফ্রিজারেটর হতে অপসারিত তাপ ও কম্প্রেসর কর্তৃক সরবরাহকৃত যান্ত্রিক কাজের অনুপাতকে কার্যকৃত সহগ বলে। একে K দ্বারা প্রকাশ করা হয়। K-এর মান 2 থেকে 6 এর মধ্যে হয়।

➪ **তাপ ইঞ্জিন ও রেফিজ্রারেটরের মূলনীতির মধ্যে পার্থক্য:**
(ক) তাপ ইঞ্জিন উচ্চ তাপমাত্রার উৎস হতে তাপ গ্রহণ করে কার্য সম্পাদন করে এবং অব্যবহৃত তাপ নিম্ন তাপ-মাত্রার তাপগ্রাহকে বর্জন করে।
(খ) পক্ষান্তরে রেফ্রিজারেটর নিম্ন তাপমাত্রার উৎস থেকে তাপ গ্রহণ বা অপসারণ করে ও উচ্চ তাপমাত্রার আধারে বর্জন করে। এর জন্য বাইরে থেকে শক্তি সরবরাহ করতে হয়।

১২। **এনট্রপি:** কোনো সিস্টেমের বিশৃঙ্খলার সূচক পরিমাপকে এনট্রপি বলে। এই প্রক্রিয়ায় তাপ স্থির থাকে।

➪ **এনট্রপির তাপৎপর্য:**
(১) এনট্রপি একটি প্রাকৃতিক রাশি যার মান তাপ ও পরম তাপমাত্রার অনুপাতের সমান।
(২) এটি বস্তুর একটি তাপীয় ধর্ম যা তাপ সঞ্চালনের দিক নির্দেশ করে।
(৩) এটি বস্তুর তাপগতীয় অবস্থা নির্ধারণে সহায়তা করে।
(৪) এটি তাপমাত্রা, চাপ, আয়তন, অন্তর্নিহিত শক্তি, চুম্বকীয় অবস্থার ন্যায় কোনো বস্তুর অবস্থা প্রকাশ করে।
(৫) এনট্রপি বৃদ্ধি পেলে বস্তু শৃঙ্খল অবস্থা হতে বিশৃঙ্খল অবস্থায় পরিণত হয়।
(৬) তাপমাত্রা ও চাপের ন্যায় একে অনুভব করা যায় না।

⁂ **প্রত্যাগামী বা প্রত্যাবর্তী চক্রে এনট্রপি স্থির থাকে।**

## এই টাইপ থেকে হুবহু প্রশ্ন আসার সম্ভাবনা

১। **প্রকৃতিতে 'তাপমাত্রা' নামক তাপগতীয় চলরাশির পরিচয় পাওয়া যায় কোন সূত্র থেকে?**
**উত্তর:** তাপগতিবিদ্যার শূন্যতম সূত্র

২। **তাপ গতিবিদ্যার কোন সূত্রকে ভিত্তি করে থার্মোমিটার তৈরি করা হয়?**
**উত্তর:** শূন্যতম সূত্র।

৩। **এনট্রপির S.I. একক কোনটি?**
**উত্তর:** $JK^{-1}$

৪। **তাপ পরিবহন প্রক্রিয়ায় যেখানে কণার প্রকৃত স্থানান্তরের সাথে তাপ স্থানান্তরিত হয়, তা কী নামে পরিচিত?**
**উত্তর:** পরিচলন

৫। **রুদ্ধতাপীয় সংকোচনের সময় গ্যাসের অভ্যন্তরীণ শক্তি-**
**উত্তর:** বৃদ্ধি পায়

৬। **গ্যাসের মতো কঠিন পদার্থে দুইটি আপেক্ষিক তাপ দরকার নেই, কারণ-**
**উত্তর:** তাপমাত্রার পরিবর্তনে কঠিন পদার্থের আয়তন বা চাপের নগণ্য পরিবর্তন ঘটে

৭। **প্রত্যাবর্তী রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় যে ভৌত রাশি স্থির থাকে তাকে কি বলে?**
**উত্তর:** এন্ট্রপি

৮। **পরমশূন্য তাপমাত্রার মান ফারেনহাইট স্কেলে কত?**
**উত্তর:** $0K, -273^0C, -459.4^0F$

৯। **চাপ বৃদ্ধি পেলে স্ফুটনাংক-**
**উত্তর:** বাড়ে

১০। **শক্তির নিত্যতা সূত্রটি তাপগতিবিদ্যার কোন সূত্রের সাহায্যে ব্যাখ্যা করা যায়?**
**উত্তর:** প্রথম সূত্র

১১। **রুদ্ধতাপীয় পরিবর্তনের ক্ষেত্রে সত্য নয়-**
**উত্তর:** গ্যাসের অন্তর্নিহিত শক্তি স্থির থাকে

১২। **কোনো গ্যাসের আপেক্ষিক তাপদ্বয়ের অনুপাত $\gamma = 1.4$ হলে, গ্যাসটির অণু-**
**উত্তর:** দ্বি-পারমাণবিক

১৩। **এনট্রপির ক্ষেত্রে কোনটি সঠিক নয়?**
**উত্তর:** তাপ ও চাপের ন্যায় অনুভব করা যায়

১৪। **যে বস্তু তার উপর আপতিত সকল বিকিরণ শোষণ করে নেয় তাকে কী বলে?**
**উত্তর:** আদর্শ কৃষ্ণ বস্তু

১৫। **যে যন্ত্রের সাহায্যে তাপ পরিমাপ করা হয়?**
**উত্তর:** ক্যালোরিমিটার

১৬। **গ্যাসের অভ্যন্তরীণ শক্তি নির্ভর করে কোন রাশির ওপর।**
**উত্তর:** তাপমাত্রা

১৭। **তাপগতিবিদ্যার প্রথম সূত্র প্রকৃতপক্ষে-**
**উত্তর:** শক্তির নিত্যতার সূত্র

১৮। **তাপগতিবিদ্যার প্রথম সূত্র নীচের কোন দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করে?**
**উত্তর:** তাপ ও কাজ

১৯। **তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র হতে পাওয়া যায়-**
**উত্তর:** এনট্রপির ধারণা

২০। **যে তাপমাত্রায় বরফ পানি ও জলীয় বাষ্প সহাবস্থানে থাকে তাকে বলে-**
**উত্তর:** ত্রৈধ বিন্দু

২১। **রুদ্ধতাপীয় পরিবর্তনের বৈশিষ্ট্য হলো-**
**উত্তর:** এটি একটি অতি দ্রুত প্রক্রিয়া, এই পরিবর্তনে পাত্রটি তাপ কুপরিবাহী হওয়া দরকার।

২২। **শক্তির অপচয়ের ধারণা দেয় কে?**
**উত্তর:** লর্ড কেলভিন

২৩। **পানির স্ফুটনাংক সবচেয়ে বেশি হবে-**
**উত্তর:** নীচু সমতলভূমিতে

২৪। **কার্নো চক্রে এনট্রপির পরিবর্তন-**
**উত্তর:** শূন্য

২৫। **একটি গাড়ী চলতে থাকলে তার টায়ারের ভিতর কিছু তাপগতীয় প্রক্রিয়া চলে। এই প্রক্রিয়াটি হল-**
**উত্তর:** ধ্রুব-আয়তন প্রক্রিয়া

২৬। **এক ক্যালরী তাপ উৎপন্ন করতে কত জুল কাজ করতে হয়?**
**উত্তর:** 4.2J

২৭। **কোন কঠিন বস্তু গলে তরলে পরিণত হলে আয়তন হ্রাস পাবে-**
**উত্তর:** মোম

২৮। **লোহা ও তামা দ্বারা তাপ যুগল তৈরী করলে লোহা তাপ যুগলের নিরপেক্ষ তাপমাত্রা কত?**
**উত্তর:** $270^0C$

২৯। **কত ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় পারদের রোধ শূন্য?**
**উত্তর:** $-269^0C$

৩০। **ত্রি-পরমাণুক গ্যাসের ক্ষেত্র ধ্রুবক $\gamma$-এর মান কত?**
**উত্তর:** 1.33

৩১। **তাপমাত্রার কোন স্কেলটি বস্তুর ভৌত গুণাবলীল ওপর নির্ভরশীল নয়?**
**উত্তর:** র‍্যাঙ্কিন স্কেল

৩২। **যখন কোন বাষ্প ঘনীভূত হয়ে তরলে পরিণত হয় তখন কী ঘটে**
**উত্তর:** তাপ নির্গত হয়

৩৩। **মানব দেহের তাপমাত্রা মাপার জন্য ফারেনহাইট স্কেলকে নিম্নলিখিত কোন তাপমাত্রার মধ্যেও দাগাঙ্কিত করা থাকে?**
**উত্তর:** $95^0F-110^0F$

৩৪। **কোনটি তাপমাত্রার একক?**
**উত্তর:** কেলভিন

৩৫। **রুদ্ধতাপীয় পরিবর্তনে বস্তুর কোন তাপীয় ধর্ম স্থির থাকে?**
**উত্তর:** এনট্রপি

৩৬। **খুব নিখুঁতভাবে দ্রুত পরিবর্তনশীল তাপমাত্রা পরিমাপের জন্য কোন যন্ত্রটি ব্যবহৃত হয়?**
**উত্তর:** থার্মোমিটার

৩৭। **যখন একটি গ্যাসকে রুদ্ধতাপীভাবে সংকোচন করা হয় তখন গ্যাসের উপর কাজের পরিমান-**
**উত্তর:** অভ্যন্তরীন শক্তির পরিবর্তন সমান

৩৮। **থার্মোমিটারের উর্ধ্ব স্থিরাংক যে যন্ত্রের সাহায্যে নিয়ন্ত্রণ করা হয় তার নাম-**
**উত্তর:** হিপসোমিটার

৩৯। **তাপ গতিবিদ্যার প্রথম সূত্র কোন দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করে?**
**উত্তর:** তাপ ও কাজ

৪০। **থার্মিষ্টর এর ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?**
**উত্তর:** তাপমাত্রা বৃদ্ধির সাথে বৈদ্যুতিক রোধ সূচকীয় ভাবে হ্রাস পায়

৪১। পানির ত্রৈধ বিন্দুর চাপের মান কোনটি?
উত্তর: 4.58mm Hg

৪২। সুপ্ত তাপে বস্তুর কি পরিবর্তন ঘটে?
উত্তর: অবস্থার

৪৩। জগতে এনট্রপি সর্বোচ্চ অবস্থায় পৌছালে সব কিছুর উষ্ণতা-
উত্তর: এক হয়ে যাবে

৪৪। কার্নো চক্রের তৃতীয় পর্যায়ের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
উত্তর: তাপ গ্রাহকে তাপ বর্জিত হয়

৪৫। কোন গ্যাসকে রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় সংকোচিত করলে নিচের কোনটি ঘটে?
উত্তর: অভ্যন্তরীণ শক্তি ও তাপমাত্রা উভয়ই বৃদ্ধি পায়

৪৬। যে থার্মোমিটারের সাহায্যে **$250^0$C** পর্যন্ত তাপমাত্রা মাপা যায় তাকে বলে-
উত্তর: থার্মিস্টার

৪৭। যে কোন পদার্থের তরল অবস্থার তাপমাত্রা কঠিন অবস্থার চেয়ে-
উত্তর: বেশী

৪৮। প্রত্যাগামী প্রক্রিয়ায় এনট্রপি-
উত্তর: স্থির থাকে

৪৯। একজন সুস্থ ব্যক্তির শরীরের তাপমাত্রা-
উত্তর: 309K

৫০। সেলসিয়াস স্কেলে মানব শরীরের স্বাভাবিক তাপমাত্রা-
উত্তর: $36.5^0$

৫১। সমোষ্ণ রেখার ঢাল রুদ্ধতাপীয় রেখার ঢাল অপেক্ষা কতগুণ খাড়া?
উত্তর: $+\frac{1}{\gamma}$

৫২। তাপগতিবিদ্যাল প্রথম সূত্র কোনটি? **[CU-A: 20-21; CU-A: 21-22; MBSTU: 17-18]**
উত্তর: $dQ = dU + dW$

৫৩। শক্তির নিত্যতা সূত্রটি তাপগতিবিদ্যার কোন সূত্রের সাহায্যে ব্যাখ্যা করা যায়? **[RU-C: 20-21; RU-C: 17-18]**
উত্তর: প্রথম সূত্র

৫৪। তাপগতিবিদ্যার প্রথম সূত্র কিসের মধ্যে সম্পর্ক তৈরি করে?
উত্তর: তাপশক্তি ও কাজ

৫৫। তাপগতিবিদ্যার প্রথম সূত্র অনুযায়ী- **[BSFMSTU: 19-20]**
উত্তর: $W = JH$

# গুরুত্বপূর্ণ অংশ

## তাপ গতিবিদ্যা

### টাইপ: তাপ ও তাপমাত্রা

১। **$0^0$C** তাপমাত্রা **1g** বরফে প্রতি সেকেন্ডে **10J** তাপ প্রদান করা হলে কতক্ষণ পর-সম্পূর্ণ বরফ বাষ্পীভূত হবে?

উত্তর: 1kg বরফ বাষ্পীভূত হতে প্রয়োজনীয় তাপশক্তি,

$$Q = ml_f + ms\Delta\theta + ml_v$$

$$= \{1\times336000+1\times4200\times(100-0)+1\times226800\}J$$

$$= 3.024\times10^6 J$$

$$\therefore \text{প্রয়োজনীয় সময়} = \frac{3.024\times10^6}{10}\text{sec} = 3.024\times10^5\text{ sec}$$

### টাইপ: তাপমাত্রা বিভিন্ন স্কেল

১। **9sec**-এ পানির তাপমাত্রা **$40^0$C** থেকে বৃদ্ধি পেয়ে **$75^0$C** হলে, ফারেনহাইট স্কেলে এই তাপমাত্রা বৃদ্ধির অনুপাত কত?

উত্তর: যখন, $C = 40^0$ তখন, $\frac{F-32}{9} = \frac{40}{5}$

$$\Rightarrow F = 32+9\times\frac{40}{5} = 140^0F$$

আবার, $C = 75^0$ হলে, $F = 32+9\times\frac{75}{5} = 167^0F$

$$\therefore \text{ফারেনহাইট স্কেলে বৃদ্ধির হার} = \frac{167-104}{9} = 7^0F$$

### টাইপ: তাপগতিবিদ্যার প্রথম সূত্র

১। পিষ্টনযুক্ত একটি সিলিন্ডারে কিছু গ্যাস আবদ্ধ আছে। গ্যাসের চাপ **600Pa** এ স্থির রেখে ধীরে ধীরে **500J** তাপশক্তি সরবরাহ করায় কাজ **100J** সম্পাদিত হল। গ্যাসের আয়তন ও অন্তস্থ শক্তির পরিবর্তন নির্ণয় কর?

উত্তর: আমরা জানি, $dV = \frac{dW}{P} = \frac{1000}{600} = 1.67m^3$

আবার, $dU = dQ\text{-}dW = 500\text{-}1000 = \text{-}500J$

### টাইপ: মোলার তাপধারণ ক্ষমতা

১। অক্সিজেনের ধ্রুব আয়তনে মোলার আপেক্ষি তাপ **($C_v$)** ও ধ্রুব চাপে মোলার আপেক্ষিক তাপ **($C_P$)** নির্ণয় কর। স্বাভাবিক তাপমাত্রা ও চাপে অক্সিজেনের ঘনত্ব **$1.43kg/m^3$; স্বাভাবিক চাপ = $1.01\times10^5N/m^2$** এবং $\gamma = 1.40$.

উত্তর: $C_v = 20.8J\ mole^{-1}K^{-1}$; $C_p = 29.1J\ mole^{-1}K^{-1}$

### টাইপ: তাপীয় ইঞ্জিন

১। একটি প্রত্যাগামী ইঞ্জিন **$27^0$C** তাপমাত্রায় **900J** তাপ গ্রহণ করে এবং সিংকে **540J** তাপ বর্জন করে। ইঞ্জিনের দক্ষতা কত?

উত্তর: $\frac{Q_2}{Q_1} = \frac{T_2}{T_1} \Rightarrow \frac{540}{900} = \frac{T_2}{300} \Rightarrow \frac{T_2}{300} = 0.6 \Rightarrow T_2 = 180K$

$$\therefore \eta = \left(1-\frac{T_2}{T_1}\right)\times100\% = \left(1-\frac{180}{300}\right)\times100\% = 40\%$$

### টাইপ: এনট্রপি

১। **0.01kg** পানিকে **$0^0$C** হতে **$10^0$C** তাপমাত্রায় উত্তপ্ত করা হল। এনট্রপির পরিবর্তন নির্ণয় কর।

উত্তর: $dS = ms\ln\frac{T_2}{T_1} = 0.01\times4200\times\ln\left(\frac{283}{273}\right) = 1.5JK^{-1}$

## জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

১। একটি কার্নো ইঞ্জিন **$300^0$C** এবং **$100^0$C** তাপমাত্রার মধ্যে কাজ করে। ইঞ্জিনটির দক্ষতা বের কর। **[NU-Scicnce: 14-15]**

(ক) 50% (খ) 34.9%
(গ) 70.8% (ঘ) 90% উত্তর: খ

২। **-$10^0$C** তাপমাত্রায় **1kg** বরফকে **$0^0$C** তাপমাত্রার পানিতে পরিণত করতে প্রয়োজনীয় তাপের পরিমাণ হবে- **[NU-Science: 14-15]**

(ক) 336000J (খ) 70560000J
(গ) 21000J (ঘ) 357000J উত্তর: ঘ

৩। এমন একটি তাপমাত্রা বের কর যার মান সেন্টিগ্রেড এবং ফারেনহাইট স্কেলে এক হয়। **[NU-Science: 11-12]**

(ক) $40^0$C এবং -$40^0$F (খ) -$40^0$C এবং -$40^0$F
(গ) $40^0$C এবং $40^0$F (ঘ) -$40^0$C এবং -$40^0$F উত্তর: খ

৪। ফারেনহাইট স্কেলে কোন বস্তুর তাপমাত্রা $50^0$F হলে, কেলভিন স্কেলে উক্ত বস্তুর তাপমাত্রা কত? **[NU-Science: 09-10]**
(ক) 276K (খ) 283K
(গ) 293K (ঘ) 298K উত্তর: খ

৫। সেলসিয়াস স্কেলে $1^0$ তাপমাত্রা বৃদ্ধি পেলে ফারেনহাইট স্কেলে তা কত ডিগ্রী বৃদ্ধি পায়? **[NU-Science: 08-09]**
(ক) $0^0$ (খ) $1^0$
(গ) $1.8^0$ (ঘ) $5/9^0$ উত্তর: গ

৬। একটি কার্নো ইঞ্জিন $150^0$C এবং $50^0$C এর মধ্যে কাজ করে। এর দক্ষতা হবে- **[NU-Science: 07-08]**
(ক) 20.32% (খ) 23.64%
(গ) 28.0% (ঘ) 40.0% উত্তর: খ

৭। এক ছাত্র ল্যাবরেটরিতে থার্মোমিটার দিয়ে তার শরীরের তাপমাত্রা $37^0$C দেখল। ডাক্তারি থার্মোমিটারে তার শরীরের তাপমাত্রা কত? **[NU-Science: 06-07]**
(ক) $98.4^0$F (খ) $98.6^0$F
(গ) $69^0$F (ঘ) $98^0$F উত্তর: খ

৮। একটি তাপ ইঞ্জিন $227^0$C ও $102^0$C এর মধ্যে ক্রিয়া করে। এর কর্মদক্ষতা কত? **[NU-Science: 05-06]**
(ক) 55% (খ) 33%
(গ) 46% (ঘ) 25% উত্তর: ঘ

# চল তড়িৎ

## চল তড়িৎ-এর যাবতীয় টাইপ

i) মাত্রা/একক
ii) সূত্র/ সমীকরণ
iii) অনুপাত ম্যাথ
iv) ম্যাথ
v) থিওরি
vi) সংখ্যাগত মান
vii) Extra Intromation

## টাইপ: মাত্রা/একক

| রাশি | মাত্রা | একক |
|---|---|---|
| তড়িৎ প্রবাহ | [I] | A(SI), $CS^{-1}$ |
| রোধ | $ML^2T^{-3}T^{-2}$ | ওহম Ω (SI) |
| বিভব | $ML^2T^{-3}I^{-2}$ | V(SI) |
| তাপ | $ML^2T^{-2}$ | Jule |
| প্রবাহ ঘনত্ব | $ITL^{-2}$ | $Cm^{-2}$ |
| তাড়ন বেগ | $LT^{-1}$ | $ms^{-1}$ |
| আপেক্ষিক রোধ | $ML^3T^{-3}I^{-2}$ | Ω – m(SI) |
| তড়িৎ পরিবাহিতা | $M^1L^{-3}T^3I^2$ | S |
| বিদ্যুৎ শক্তি | $ML^2T^{-3}$ | Watt, $JS^{-1}$, VA |
| তড়িচ্চালক(EMF) | $ML^2T^{-3}I^{-1}$ | V, $JC^{-1}$ |
| তাপমাত্রা গুনাঙ্ক | $\theta^{-1}$ | $°C^{-1}$,K-1 |

মাত্রাহীন রাশি⟶ শক্তি গুনাঙ্ক, ভোল্টেজ বিভাজন অনুপাত তড়িৎ প্রবাহের দক্ষতা।
KW-h কাজের একক।

## টাইপ: সূত্র/সমীকরণ + ম্যাথ

❒ $\alpha = \frac{R_t - R_0}{R_0 t}$

❒ H = VQ = Vit; H = mSΔθ, $H = i^2Rt = \frac{V^2}{R}t$

১। **100 Ω** রোধ বিশিষ্ট কোন পরিবাহীর মধ্য দিয়ে **5.25** সেকেন্ড ধরে **2A** তড়িৎ প্রবাহ প্রেরণ করলে উৎপন্ন তাপের পরিমাণ কত?
উত্তর: 500 cal
ব্যাখ্যা: $H = I^2 Rt = 2^2 \times 100 \times 5.25$
$= 2100J = 0.24 \times 2100$ cal = 500 cal

২। **50 Ω** রোধের ভিতর দিয়ে **2A** প্রবাহ **100s** চালনা করলে **0°C** তাপমাত্রায় কতটুকু পানির তাপমাত্রা **100°C** এ পৌছাবে?
উত্তর: 0.0476 kg
ব্যাখ্যা: $W = H \Rightarrow ms\Delta\theta = I^2Rt$
$\Rightarrow m \frac{I^2Rt}{S\Delta\theta} = \frac{2^2\times50\times100}{4200\times100}$
$= \frac{1}{21} = 0.0176\ kg$

R = 50Ω, I = 2A,
t = 100s
$\Delta\theta$ = 100 – 0 = 100K

❒ J $\frac{W}{H}$; $J = \frac{Vit}{H}$

❒ $P = VI = \frac{v^2}{R} = I^2R$

১। একটি বৈদ্যুতিক হিটার **220V** সরবরাহ লাইনে থেকে **0.25A** বিদ্যুৎ গ্রহণ করে। হিটারটি **500** ঘণ্টা ব্যবহার করলে শক্তি ব্যয় হবে?
উত্তর: 24.5KWh
ব্যাখ্যা: $E = \frac{VIt}{1000} = \frac{200\times0.25\times500}{1000} = 27.5KWh$

২। **100w** এর **200v** লিখিত একটি বৈদ্যুতিক বাল্ব প্রতিদিন **10** ঘণ্টা জ্বলে। **1kwh** এর মূল্য **3.00** টাকা হলে এর জন্য জুলাই মাসে বৈদ্যুতিক বিল কত আসবে?
উত্তর: 93 Tk
ব্যাখ্যা: জুলাই মাসের বৈদ্যুতিক বিল
$= \frac{31\times PNTb}{1000}$ ৲ $= \frac{31\times1\times10\times3}{1000}$ = 93 Tk

❒ E = V + Ir ; V = iR

১। একটি সার্কিটে কত কারেন্ট প্রবাহিত হবে যদি **10 ohm** এর রোধ **3.0V** এর উৎসের প্রান্ত জুড়ে প্রয়োগ করা হয়?
উত্তর: 0.20A
ব্যাখ্যা: $V = IR \Rightarrow I\frac{V}{R} = \frac{3V}{15\Omega} = 0.2A$

২। একটি তড়িৎ কোষের তড়িচ্চালক বল **2.0V**। এর সাথে **10 Ω** একটি রোধক মুক্ত করলে কোষের পাত দুইটির মধ্যে বিভব পার্থক্য দাঁড়ায় **1.6V**। কোষটির অভ্যন্তরিন রোধ কত?
উত্তর: 2.5Ω
ব্যাখ্যা: বর্তনীর প্রবাহ, $I = \frac{E}{R+r} \Rightarrow E = IR + Ir$
$\Rightarrow r = \frac{E-V}{I} = \frac{(E-V)\times R}{v} = \frac{(2-1.6)\times10}{1.6} = \frac{0.4\times10}{1.6}$
∴ অভ্যন্তরীণ রোধ, r = 2.5 Ω

❒ $\rho = \frac{RA}{L}$; $R_s = R_1 + R_2 + R_3 + \ldots\ldots$
$\frac{1}{R_p} = \frac{1}{R_1} + \frac{1}{R_2} + \frac{1}{R_3} + \ldots\ldots$

❒ $I = \frac{nE}{R+nr} = \frac{nE}{nR+r}$

❒ $\frac{P}{Q} = \frac{R}{S}$

১। **একটি হুইস্টো ব্রীজের চার বাহুতে যথাক্রমে $100\Omega, 300\Omega, 24\Omega$ এবং $60\Omega$ রোধ আছে । প্রথম বাহুতে রোধ কীভাবে যুক্ত করলে ব্রীজটি ভারসাম্য অবস্থা থাকবে?**

**উত্তর:** $20\Omega$

**ব্যাখ্যা:** সাম্যবস্থায় ১ম বাহুর রোধ P

$\therefore \frac{P}{Q} = \frac{R}{S} \Rightarrow \frac{P}{300} = \frac{24}{60} \Rightarrow P = 120$

$\Rightarrow P >$ প্রদত্ত রোধ ($100\Omega$)

$\therefore 120 = x + 100$ বা, $x=20\Omega$ রোধ শ্রেণি সমবায়ে যুক্ত করতে হবে।

২। **একটি হুইস্টো ব্রীজের চার বাহুতে যথাক্রমে $8\Omega, 12\Omega, 16\Omega$ এবং $48\Omega$ রোধ আছে । চতুর্থ বাহুতে রোধ কীভাবে যুক্ত করলে ব্রীজটি ভারসাম্য অবস্থা থাকবে?**

**উত্তর:** $48\Omega$ parallel

**ব্যাখ্যা:** সাম্যবস্থায় ৪র্থ বাহুর রোধ S

$\therefore \frac{P}{Q} = \frac{R}{S} \Rightarrow \frac{8}{12} = \frac{16}{S} \Rightarrow S = 24$

$\Rightarrow S >$ প্রদত্ত রোধ ($48\Omega$)

$\therefore \frac{1}{24} = \frac{1}{48} + \frac{1}{x}$ বা, $x = 48\Omega$ রোধ সমান্তরাল সমবায়ে যুক্ত করতে হবে।

❐ $I_s = \frac{G}{G+S} \times I$; $I_g = \frac{S}{G+S} \times I$

১। **$20\Omega$ রোধের একটি গ্যালভানোমিটারের সাথে কত রোধের একটি সান্ট যুক্ত করলে মোট তড়িৎ প্রবহমাত্রার $1\%$ গ্যালভানোমিটারের মধ্য দিয়ে যাবে?**

উত্তর: $0.20\Omega$

ব্যাখ্যা: $I_g = \frac{S}{S+G} I; \frac{I_g}{I} = \frac{S}{S+G}$

$\Rightarrow \frac{1}{100} = \frac{S}{S+G} \Rightarrow S + G = 100S$

$\Rightarrow S = \frac{S}{99} = \frac{20}{99} = 0.202\,\Omega$

❐ $V = \frac{I}{nAe}; J = \frac{I}{A}$

১। **একটি তামার তারে মুক্ত ইলেক্ট্রন ঘনত্ব $3\times10^{29}m^{-3}$ এবং প্রবাহ ঘনত্ব $1.65\times10^{6}A/m^2$। তারটিতে ইলেকট্রন তাড়ন বেগ কত?**

**উত্তর:** $3.437 \times 10^{-5}$ ms$^{-1}$ D

**ব্যাখ্যা:** $I = nAvq$; তাড়নবেগ, $v = \frac{I}{nAq} = \frac{\sigma}{nq}$

$= \frac{1.65\times10^6}{3\times10^{29}\times1.6\times106^{-19}}$

$= 3.437 \times 10^{-5}$ ms$^{-1}$

এখানে,
প্রবাহ ঘনত্ব $\sigma = \frac{I}{A}$
n = ইলেকট্রন ঘনত্ব

## টাইপ: অনুপাত ম্যাথ

(i) $P = VI = \frac{v^2}{R} = I^2R$

(ii) $H = I^2RT = \frac{v^2}{R}t$

১। **একটি তারের উপাদান ও ভর সমান কিন্তু একটির দৈর্ঘ্য অন্যটির ছয়গুণ। প্রতিটি তারের দুই প্রান্তের বিভব পার্থক্য সমান হলে দুই তাওে উৎপন্ন তাপের অনুপাত হবে-**

**উত্তর:** 6:1

**ব্যাখ্যা:** $H \propto l \therefore \frac{H_1}{H_2} = \frac{l_1}{l_2} = \frac{6}{1} = 6:1$ (iii) $R = \rho\frac{L}{A} = \frac{\rho L}{\pi r^2}$

২। **$2\Omega$ রোধবিশিষ্ট একটি তারের দৈর্ঘ্য ও ব্যাস দ্বিগুণ করলে তারটির রোধ কত হবে?**

**উত্তর:** $1\Omega$

**ব্যাখ্যা:** $\mathbf{R} = \rho.\frac{L}{A} = \rho.\frac{L}{\pi r^2} = \rho.\frac{L}{\pi\left(\frac{d}{2}\right)^2}$

এখানে, $R \propto \frac{L}{d^2}$ | $\acute{L} = 2L$

$\therefore \frac{\acute{R}}{R} = \frac{\acute{L}}{L} \times \left(\frac{d}{\acute{d}}\right)^2$ | $\acute{d} = 2d$

$\therefore \frac{\acute{R}}{R} = \frac{\acute{L}}{L} \times \left(\frac{d}{\acute{d}}\right) = \frac{2L}{L} \times \left(\frac{d}{2d}\right)^2$

$\therefore \acute{R} = \frac{1}{2} \times R = \frac{1}{2} \times 2 = 1\Omega$

৩। **$6\Omega$ রোধের একটি তারকে টেনে তিনগুণ করলে রোধ বৃদ্ধি-**

**উত্তর:** $48\Omega$

**ব্যাখ্যা:** টেনে 3 গুণ করলে পরিবর্তিত রোধ,

$R_3 = n^2 R_1$ $3^2 \times 6 = 54\Omega$

$\therefore$ রোধ বৃদ্ধি করলে $\Delta R = R_3 - R_1 = 54 - 6 = 48\Omega$

## টাইপ: থিওরি

### রোধ ও আপেক্ষিক রোধ + রোধ সমবায়

➪ **রোধ:** যে ধর্মের জন্য কোনো পরিবাহী ওর মধ্য দিয়ে তড়িৎ প্রবাহকে বাধা দেয় তাকে ঐ পরিবহীর রোধ বলে।

তাপমাত্রা বৃদ্ধি পেলে পরিবাহীর রোধ বৃদ্ধি পায় এবং তাপমাত্রা হ্রাস পেলে পরিবাহীর রোধ হ্রাস পায়। তবে অর্ধপরিবাহীর ক্ষেত্রে তাপমাত্রা বৃদ্ধি পেলে রোধ হ্রাস পায়। পরিবাহীতে রোধ তাপমাত্রার সমানুপাতিক হয়।

▶ **রোধের দুটি সূত্র রয়েছে। যথা:**

১. দৈর্ঘ্যের সূত্র: ($R\propto l$)

২. প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলের সূত্র: ($R \propto \frac{1}{A}$)

▶ **রোধের নির্ভরশীলতা-**

১. পরিবাহীর দৈর্ঘ্য

২. পরিবাহীর প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল।

৩. পরিবাহীর উপাদান।

৪. পরিবাহীর তাপমাত্রা।

❐ **আপেক্ষিক রোধ:** কোনো পরিবাহীর আপেক্ষিক রোধ এর উপাদান এবং তাপমাত্রার উপর নির্ভর করে।

❐ **রোধের সমবায়:** দুই ধরনের হয়। যথা:

১. **শ্রেণি সমবায়:** শ্রেণি সমবায়ে যুক্ত রোধের শ্রেণি সমবায়ের তুল্য রোধ = রোধ সমূহের সমষ্টি।

❐ **শ্রেণি সমবায়ের বৈশিষ্ট্য:**

ক. প্রতিটি রোধের মধ্য দিয়ে প্রবাহ মাত্রা সমান।

খ. সমবায়ের তুল্য রোধ সমবায়ের যেকোনো রোধের চেয়ে বড়।

গ. সমবায়ে যুক্ত রোধগুলোর অবস্থান পরিবর্তন করলেও প্রবাহ মাত্রা বা তুল্য রোধের কোনো পরিবর্তন হয় না।

ঘ. সমবায়ের প্রান্তীয় বিভব পার্থক্য = রোধগুলোর প্রান্তীয় বিভব পার্থক্যের সমষ্টি।

২. **সমান্তরাল সমবায়:** সমান্তরাল সমবায়ের অন্তর্গত রোধগুলো বিপরীত মানের সমষ্টির তুল্য রোধের বিপরীত মানের সমান।

### তাপমাত্রা গুণাঙ্ক

$0°C$ তাপমাত্রার একক রোধের কোনো পরিবাহীর তাপমাত্রা প্রতি একক বৃদ্ধিতে তার রোধের যে বৃদ্ধি ঘটে তাকে ঐ পরিবাহীর উপদানের রোধের উষ্ণতা সহগ বা তাপমাত্রা গুণাঙ্ক বলে।

অ্যালুমিনিয়ামের রোধের তাপমাত্রা গুণাঙ্ক $3.9 \times 10^{-3}°C^{-1}$

### জুলের তাপীয় সূত্র + ওমের সূত্র

❐ **জুলের তাপীয় সূত্র:** ১৮৪১ সালে বিজ্ঞানী জে.পি. জুল তিনটি সূত্র দেন।

**ক. বিদ্যুৎ প্রবাহ মাত্রার সূত্র:** $H\propto I^2$; R এবং T স্থির থাকে।

**খ. রোধের সূত্র:** $H\propto R$; যদি I এবং T স্থির থাকে।

**গ. সময়ের সূত্র:** $H \propto T$ যদি I এবং R স্থির থাকে।

- তাপমাত্রা বৃদ্ধি পেলে পরিবাহীর রোধ বাড়ে কিন্তু পরিবাহকত্ব হ্রাস পায়।
- **ওমের সূত্র:** তাপমাত্রা স্থির থাকলে কোনো নির্দিষ্ট পরিবাহীর মধ্য দিয়ে যে তড়িৎ প্রবাহ চলে তা পরিবাহীর দুই প্রান্তের বিভব পার্থক্যের সমানুপাতিক।

## প্রবাহ ঘনত্ব ও তাড়ন বেগ

- **প্রবাহ ঘনত্ব:** কোনো পরিবাহীর প্রস্থচ্ছেদের একক ক্ষেত্রফল দিয়ে প্রবাহিত বিদ্যুৎ প্রবাহকে প্রবাহ ঘনত্ব বলে। এটি ভেক্টর রাশি।
- **তাড়ন বেগ:** মুক্ত ইলেকট্রন সমূহ ধাতব তারের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহের সময় যে বেগে চলে তাকে মুক্ত ইলেকট্রনের তাড়ন বেগ বলে।

## বিদ্যুৎ শক্তি + ক্ষমতা

- **বিদ্যুৎ শক্তি:** কোনো বৈদ্যুতিক যন্ত্র বা উৎসের কাজ করার সামর্থ্যকে এর বিদ্যুৎ শক্তি বলে।
- **ক্ষমতা:** কোনো উৎস বা যন্ত্রেও কাজ করার হারকে ক্ষমতা বলে। এবং একক সময়ের কৃতকাজ দ্বারা ক্ষমতা পরিমাপ করা হয়। বহিবর্তনীর রোধ যদি ব্যাটারির অভ্যন্তরীণ রোধের সমান হয় তবেই বহিবর্তনীতে সর্বোচ্চ ক্ষমতা পাওয়া যায়।

## বৈদ্যুতিক ফিউজ + শান্ট + গ্যালভানোমিটার

- **বৈদ্যুতিক ফিউজ:** বিপদ প্রতিরোধ করার জন্য বর্তনীতে শ্রেণি সমবায়ে কম গলণাঙ্কের পরিবাহী তার যুক্ত করা হয়। একেই ফিউজ বলে।
  ফিউজ তারের উপাদান হিসেবে অপেক্ষাকৃত কম গলনাঙ্ক বিশিষ্ট সংকর ধাতু ব্যবহার করা হয়। সাধারণত তিন ভাগ শিশা ও এক ভাগ টিনের মিশ্রণের সংকর ধাতু ফিউজ তার হিসেবে ব্যবহার করা হয়।
- **শান্ট:** গ্যালভানোমিটার বা সূক্ষ্ম ও সুবেদি বৈদ্যুতিক যন্ত্রের মধ্য দিয়ে যাতে উচ্চমাত্রার বিদ্যুৎ প্রবাহিত হতে না পারে তার জন্য যন্ত্রের সাথে সমান্তরালে স্বল্প মানের যে রোধ যুক্ত করা হয় তাকে শান্ট বলে।
  শান্টের ব্যবহারিক প্রয়োগ দেখা যায় প্রবাহ পরিমাপক যন্ত্র অ্যামিটারে।
  $\frac{G+S}{S}$ কে শান্টের ক্ষমতা গুণক বা গুণণ ক্ষমতা বলে।
- **গ্যালভানোমিটার:** শান্টের রোধ শূন্য হলে সকল বিদ্যুৎ প্রবাহ শান্টের মধ্য দিয়ে যাবে। আবার শান্টের রোধ অসীম হলে সকল বিদ্যুৎ প্রবাহ গ্যালভানোমিটারের মধ্য দিয়ে যাবে।

## তড়িৎ কোষ + emf

- **তড়িৎ কোষ:** যে যন্ত্রের সাহায্যে রসায়নিক শক্তি বা অন্য শক্তি হতে তড়িৎ শক্তি উৎপাদন করে তড়িৎ প্রবাহ বজায় রাখা হয় তাকে তড়িৎ কোষ বলে।
- তড়িৎ কোষ মূলত দুই প্রকার। যথা:
  **১. প্রাথমিক কোষ বা মৌলিক কোষ:** ভোল্টার কোষ, লেকল্যান্স কোষ, শুষ্ক কোষ।
  **২. গৌণ কোষ বা সঞ্চয়ী কোষ:** লেড এসিড সঞ্চয়ী কোষ, অ্যালকেলি সঞ্চয়ী কোষ।
- **emf:** যখন বহিঃবর্তনীতে কোনো প্রবাহ থাকে না অর্থাৎ খোলা থাকে তখন কোষের দুই প্রান্তের বিভব পার্থক্য emf এর সমান হয়।

## তড়িৎ কোষের সমবায়

- তড়িৎ কোষের সমবায় তিন প্রকার। যথা:

**১. শ্রেণি:**

(ক) যখন $R >> nr$ তখন $I = \frac{nE}{R}$ অর্থাৎ বর্তনীতে যে প্রবাহমাত্রা হবে উহা একটি কোষ প্রদত্ত প্রবাহমাত্রার n গুণ। $\frac{E}{R}$ হলো একটি কোষের প্রবাহ মাত্রা।

(খ) যখন $nr >> R$ তখন $I = \frac{nE}{nr} = \frac{E}{R}$ অর্থাৎ বর্তনীতে যে প্রবাহমাত্রা হবে উহা একটি কোষ প্রদত্ত প্রবাহমাত্রার সমান।

**২. সমান্তরাল:**

(ক) যখন $nR >> r$ তখন $I = \frac{nE}{nr} = \frac{E}{R}$ অর্থাৎ বর্তনীতে যে প্রবাহমাত্রা হবে উহা একটি কোষ প্রদত্ত প্রবাহমাত্রার সমান।

(খ) যখন $r >> nR$ তখন $I = \frac{nE}{r}$ অর্থাৎ বর্তনীতে যে প্রবাহমাত্রা হবে উহা একটি কোষ প্রদত্ত প্রবাহমাত্রার n গুণ।

## কির্শফের সূত্র + হুইটস্টোন ব্রিজ

- **কির্শফের সূত্র:** ওমের সূত্রের সাহায্যে সরল বর্তনীর বিদ্যুৎ প্রবহামাত্রা ও রোধ নির্ণয় করা যায়। কিন্তু জটিল বর্তনী থেকে ওমের সূত্র যথেষ্ট নয়। জটিল বর্তনীর ক্ষেত্রে রোধ ও প্রবাহমাত্রা নির্ণয়ের জন্য কির্শফের দুটি সূত্র রয়েছে।
- **প্রথম সূত্র:** বিদ্যুৎ বর্তনীর কোনো সংযোগ বিন্দুতে মিলিত প্রবাহমাত্রাগুলোর বীজগাণিতিক যোগফল শূন্য হয়।
- **দ্বিতীয় সূত্র:** কোনো বদ্ধ বর্তনীর অন্তর্গত মোট বিদ্যুৎ চালক শক্তি ঐ বর্তনীর বিভিন্ন শাখাগুলোর রোধ এবং তাদের মধ্য দিয়ে প্রবাহীত সংশ্লিষ্ট বিদ্যুৎ প্রবাহমাত্রার গুণফলের বীজগাণিতিক যোগফলের সমান। কির্শফের ভোল্টেজ সূত্র নামে এটি পরিচিত।
- **হুইটস্টোন ব্রিজ:** হুইটস্টোন ব্রিজের সাম্যাবস্থায় চারটির রোধের যেকোনো তিনটি জানা থাকলে চতুর্থ রোধটি নির্ণয় করা যাবে। একে রোধ পরিমাপের হুইটস্টোন ব্রিজের নীতি বলে।

## টাইপ: Extra Information

১. একটি বৈদ্যুতিক বাতির দুই প্রান্তের বিভব পার্থক্য 2% কমে গেলে বাতির ক্ষমতা 4% কমবে।
২. পোস্ট অফিস বক্স ব্যবহার কওে অজানা রোধ নির্ণয় করা যায়।
৩. মিটার ব্রিজের সাহায্যে আপেক্ষিক রোধ নির্ণয় করা হয়।
৪. পোটেনশিওমিটারের সাহায্যে পরিমাপ করা যায়-
ক. তড়িচ্চালক বল
খ. বিদ্যুৎ প্রবাহমাত্রা
গ. রোধ
৫. তড়িৎ প্রবাহের দিক ইলেকট্রন প্রবাহের দিকের বিপরীত দিক।

## গুরুত্বপূর্ণ অংশ

## চল তড়িৎ

### টপিক: ও'হমের সূত্র

**১। একটি মোটরগাড়ীর হেড লাইটের ফিলামেন্ট 5A তড়িৎ প্রবাহ বহন করে। প্রান্তদ্বয়ের বিভব পার্থক্য 6V হলে ফিলামেন্টের রোধ কত?**

**উত্তর:** $R = \frac{V}{1} = \frac{6}{5}\Omega = 1.2\Omega$

### টপিক: জুলের তাপীয় ক্রিয়া

**১। 100 ওহম রোধের একটি নিমজ্জক উত্তাপককে $25^0C$ এর 200 কেজি পানির মধ্যে ডুবিয়ে 5 অ্যাম্পিয়ার বিদ্যুৎ প্রবাহ চালনা করা হলো। কত সময় পর পানি $100^0C$ তাপমাত্রায় ফুটতে থাকবে?**

**উত্তর:** $H = I^2Rt = 5^2 \times 100 \times t$........(i)

আবার, $H = ms\Delta\theta = 200 \times 4200 \times (100-25)$...........(ii)

এখন, $25\times100\times t = 200\times4200\times75$

$\therefore U = 25,200sce = 7hr$

## টপিক: তড়িৎ মিটার

১। **একটি গাড়ির বৈদ্যুতিক মিটারে "10 A-220 V" লিখা আছে। কতগুলো 60W এর বাতি নিরাপদে লাগানো যাবে?**

**উত্তর:** $n = \frac{VI}{P} = \frac{220\times10}{60} \approx 36$ টি বাতি

## টপিক: বৈদ্যুতিক বিল

১। **100Watt এর 5টি বাতি প্রতিদিন 6 ঘন্টা করে চালানো হয়। প্রতি নিউনিট বিদ্যুৎ খরচ 2.50 টাকা হলে মাসে বিদ্যুৎ বিল কত টাকা হবে?**

**উত্তর:** $Tk = \frac{NPt}{1000}\times2.5 = \frac{5\times100\times6\times30}{100}\times2.5 = 225Tk$

## টপিক: হুইটস্টোন ব্রীজ

১। **একটি হুইটস্টোন ব্রীজের চার বাহুতে যথাক্রমে 5, 10, 15 এবং 60 ওহমের (Ω) রোধ যুক্ত আছে। চতুর্থ বাহুতে কত মানের একটি রোধ যুক্ত করলে ব্রীজটি সাম্যাবস্থায় আসবে?**

**উত্তর:** $\frac{P}{Q} = \frac{R}{S} \Rightarrow S = \frac{10\times15}{5} = 30\Omega$

এখন, $\frac{1}{30} = \frac{1}{60} + \frac{1}{x} \Rightarrow x = \left(\frac{1}{30} - \frac{1}{60}\right)^{-1} = 60\Omega$

## টপিক: গ্যালভানোমিটার

১। **20Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে কত রোধের শান্ট জুড়ে দিলে মোট তড়িৎ প্রবাহের 10% অংশ গ্যালভানোমিটারের মধ্য দিয়ে প্রবাহিত হবে?**

**উত্তর:** $\frac{I_g}{I} = 10\% = \frac{10}{100} = \frac{1}{10}$

$\therefore \frac{I_g}{I} = \frac{S}{G+S} \Rightarrow \frac{1}{10} = \frac{S}{20+S} \Rightarrow S = 2.22\Omega$

## জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

১। **একটি বৈদ্যুতিক ইস্তিতে 220V এবং 1000W লেখা আছে। যদি প্রতি ইউনিট বিদ্যুৎ শক্তির মূল্য 4.0 টাকা হয়, ইস্ত্রিটি সকাল 10টা থেকে বিকাল 5 টা পর্যন্ত চালালে কত খরচ পড়বে? [NU-Science: 14-15]**

(ক) 30 টাকা (খ) 28 টাকা
(গ) 25 টাকা (ঘ) 22.5 টাকা উত্তর: খ

২। **10Ω এবং 20Ω মানের দুইটি রোধের শ্রেণি সংযোগে 20V বিভব পার্থক্য প্রয়োগ করা হলে 10Ω রোধের মধ্যে প্রবাহমাত্রা কত? [NU-Science: 13-14]**

(ক) 0.5A (খ) 1A
(গ) 2A (ঘ) 0.67A উত্তর: ঘ

৩। **তারের বৈদ্যুতিক রোধ কখন বৃদ্ধি পায়? [NU-Science: 12-13]**

(ক) যদি তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বৃদ্ধি পায়
(খ) যদি তারের দৈর্ঘ্য কম হয়
(গ) যদি তারের আয়তন বৃদ্ধি পায়
(ঘ) যদি তারের উষ্ণতা বৃদ্ধি পায় উত্তর: ঘ

৪। **100 ওয়াট এর একটি বাতি দৈনিক 10 ঘন্টা জ্বলে। এক ইউনিট বিদ্যুতের দাম 3 টাকা হলে, মাসে কত টাকা খরচ হবে? [NU-Science: 12-13]**

(ক) TA.200.00 (খ) TA.90.00
(গ) TA.25.00 (ঘ) None উত্তর: খ

৫। **একটি বৈদ্যুতিক বাতি 0.4amp বিদ্যুত টানে। যদি এর দু প্রান্তের বিভব পার্থক্য 200V হয়, তবে বাতির রোধ কত? [NU-Science: 11-12]**

(ক) 400Ω (খ) 500Ω
(গ) 600Ω (ঘ) 450Ω উত্তর: খ

৬। **একটি বৈদ্যুতিক বাতির গায়ে "220 V-100W" লেখা থাকলে ঐ বাতিটির রোধ কত? [NU-Science: 10-11]**

(ক) 448Ω (খ) 484Ω
(গ) 844Ω (ঘ) 408Ω উত্তর: খ

৭। **কোন পরিবাহীতে বিদ্যুৎ প্রবাহের ফলে উৎপন্ন তাপ নীচের কোনটির উপর নির্ভর করে না- [NU-Science: 09-10]**

(ক) পরিবাহীর রোধ (খ) বিদ্যুৎপ্রবাহ মাত্রা
(গ) প্রবাহকাল (ঘ) পরিবাহীর দৈর্ঘ্য উত্তর: ঘ

৮। **একটি বৈদ্যুতিক বাল্বের পায়ে "40 W-200 V" লিখে চিহ্নিত করা আছে। বাল্বটির মধ্যদিয়ে তড়িৎ প্রবাহের মান- [NU-Science: 09-10]**

(ক) 0.2A (খ) 2A
(গ) 0.2C (ঘ) 5A উত্তর: ক

৯। **টাংস্টেন ওহমের সূত্র মান্য করে, কারণ-[NU-Seience: 07-06]**

(ক) যখন বিদ্যুৎ প্রবাহিত হয় তখন এটি গরম হয়
(খ) ইলেকট্রন বিদ্যুৎ প্রবাহিত করে
(গ) এর রোধ তাপমাত্রার সমানুপাতিক
(ঘ) ধ্রুব তাপমাত্রায় বিদ্যুৎ বিভব পার্থক্যের সমানুপাতিক উত্তর: ক

# ভৌত আলোক বিজ্ঞান

## ভৌত আলোক বিজ্ঞানের যাবতীয় টাইপ

i) মাত্রা/একক
ii) সূত্র/ সমীকরণ
iii) অনুপাত ম্যাথ
iv) ম্যাথ
v) থিওরি
vi) সংখ্যাগত মান
vii) Extra Intromation

## টাইপ: মাত্রা/একক

| রাশি | মাত্রা | একক |
|---|---|---|
| শূন্য মাধ্যমের ভেদাঙ্ক যোগ্যতা | $M^{-1}L^{-3}T^{4}A^{2}$ | $C^{2}N^{-1}M^{-2}$ |
| পয়েন্টিং ভেক্টর | $MT^{-3}$ | $Wm^{-2}, Js^{-1}m^{-2}$ |
| আলোর বেগের বিপরতি রাশি | $L^{-1}T$ | $M^{-1}S$ |
| চুম্বকত্ব | $MT^{-2}I^{-1}$ | T(Tesla) |
| ফ্রিকোয়েন্সি | $T^{-1}$ | $S^{-1}$, Hz |
| তীব্রতা | $ML^{2}T^{-3}I^{-1}$ | W |

## সূত্র/সমীকরণ + ম্যাথ

(i) ${}_a\mu_b = \frac{c_a}{c_b}$ ; ${}_a\mu_g = \frac{\lambda_a}{\lambda_g}$ [ যেটা আগে থাকবে সেটা উপরে যাবে]

১। **বায়ুতে আলোর বেগ $3.0\times10^{8}$ m/s। বায়ু সাপেক্ষে কাঁচের প্রতিসারঙ্ক 1.5 হলে কাঁচে আলোর বেগ হবে-**

**উত্তর:** $2.0\times10^{8}m/s$

**ব্যাখ্যা:** ${}_a\mu_g = \frac{c_a}{c_g} \Longrightarrow \frac{\mu_g}{\mu_a} = \frac{c_a}{c_g}$

∴ কাঁচে আলোর বেগ $c_g = \frac{\mu_a}{\mu_g}\times c_a = \left(\frac{1}{1.5}\right)\times3\times10^{8}$

$= 2\times10^{8}ms^{-1}$

২। কাঁচের প্রতিসরাংক 1.5 হলে কাঁচ নির্মিত ফাইবার অপটিক ক্যাবলে বেগ কত?
A. $3.0 \times 10^5$km/s B. $2.25\times 10^5$km/s
C. $2\times 10^5$km/s D. $1.39\times 10^5$km/s

ব্যাখ্যা: ${}_a\mu_g = \frac{c_a}{c_g}$ বা, $1.5 = \frac{3\times10^8}{c_g}$

বা, $c_g = \frac{3\times10^8}{1.5} = 2\times\frac{10^8 m}{s} = 2\times\frac{10^5 km}{s}$

(ii) দশা পার্থক্য $= \frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য

১। দুটি সুসঙ্গত উৎস থেকে $\lambda$ দৈর্ঘ্যের দুটি তরঙ্গ সমদশায় বের হয়। একটি বিন্দুতে যেখানে তরঙ্গ দুটি মিলিত হয় সেখানে তারেদ তরঙ্গ দশা পার্থক্য 90°। তরঙ্গ দুটির অতিক্রান্ত পথ পার্থক্য তখন কত?

উত্তর: $\frac{\lambda}{4}$

ব্যাখ্যা: দশা পার্থক্য $= \frac{2\pi}{\lambda} \times$পথ পার্থক্য

∴ পথ পার্থক্য$= \frac{\lambda}{2\pi}\times\frac{\pi}{2} = \frac{\lambda}{4}$ [∵90°$\frac{\pi}{2}$]

(iii) $C = \frac{1}{\sqrt{\epsilon_0\mu_0}}$; $C = \frac{E}{B}$

১। একটি তাড়িতচৌম্বক তরঙ্গ 25MHz কম্পাঙ্কসহ শূন্যস্থানে z-অক্ষ বরাবর সঞ্চালিত হয়। কোনো নির্দিষ্ট বিন্দুতে এই তড়িৎ ক্ষেত্র $\vec{E} = 5\,\hat{i}Vm^{-1}$ হলে ঐ বিন্দুতে $\vec{B}$ এর মান-

উত্তর: $\frac{5}{3\times10^8}T$

ব্যাখ্যা: $E = 5Vm^{-1}$

$C = 3\times10^8\ ms^{-1}$

$B = \frac{E}{c} = \frac{5}{3\times10^8}T$

(iv) $\Delta x = \lambda\frac{d}{a}$; $\beta = \frac{D}{2a}\lambda$

১। ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষায় চিড়-দ্বয়ের মধ্যবর্তী দূরত্ব দ্বিগুণ করা হলো। পর্দার প্রতি একক দৈর্ঘ্য উজ্জ্বল ডোরার সংখ্যা স্থির রাখতে হলে চিড় থেকে পর্দার দূরত্ব D কিভাবে পরিবর্তন করতে হবে?

উত্তর: 2D

ব্যাখ্যা: $x_1 = x_2 \Longrightarrow \frac{\lambda D_1}{a_1} = \frac{\lambda D_2}{2a_1} \Longrightarrow D_2 = 2D_1 = 2D$

২। ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষায় আলোর তরঙ্গ দৈর্ঘ্য 5000Å, চিড়ের ব্যবধান 0.4mm, চিড় হতে পর্দার দূরত্ব 1m হলে, ব্যাতিচার ডোরার প্রস্থ কত?

উত্তর: 0.625mm

ব্যাখ্যা: ডোরাপ্রস্থ, $\Delta X = \frac{\lambda}{2a}$

$= \frac{5000\times10^{-10}\times1}{2\times0.4\times10^{-3}} = \frac{5\times10^{-7}}{8\times10^{-4}} = 0.625\times10^{-3}m = 0.625mm$

(v) $a\sin\theta = n\lambda$; $a\sin\theta = (2n+1)\frac{\lambda}{2}$

১। কোন চিড়ের প্রস্থ $3\times10^{-4}$cm। যে আলো দিয়ে তাকে আলোকিত করা হচ্ছে তার তরঙ্গদৈর্ঘ্য 6000Å। কেন্দ্রীয় চরমের উভয় পাশে প্রথমক্রম অবমগুলোর মধ্যবর্তী কৌণিক দূরত্ব কত?

উত্তর: $2\sin^{-1}0.2$

ব্যাখ্যা: $\theta_n = \sin^{-1}\left(\frac{n\lambda}{a}\right)$

$= \sin^{-1}\left(\frac{1\times6000\times10^{-10}}{3\times10^{-6}}\right) = \sin^{-1}(0.2)$

∴ উভয়পাশে কৌণিক ব্যবধান $= 2\theta_n = 2\sin^{-1}(0.2)$

## সংখ্যাগত মান

(i) 1 আলোকবর্ষ $= 9.46\times10^{15}m = 9.46\times10^{12}km$

(ii) শূন্যমাধ্যমে ভেদনযোগ্যতা $\epsilon_0 = 8.85\times10^{-12}C^2/N^{-1}m^{-1}$

(iii) শূন্যমাধ্যমে প্রবেশ্যতার ধ্রুবক $= \mu_0 = 4\pi\times10^{-7}NA^{-2}$

# টাইপ: থিওরি

## আলোর তরঙ্গ তত্ত্ব

➪ নিউটনের সমসাময়িক ডাচ বিজ্ঞানী হাইগেনস প্রথম ১৬৭৮ সালে আলোর তরঙ্গ তত্ত্ব উপস্থাপন করেন।

➪ মাইকেলসন মর্লির পরীক্ষয় প্রতিষ্ঠিত হয় যে, প্রকৃতিতে ইথার নামক কোনো বস্তুর অস্তিত্ব নেই।

## তড়িৎ চুম্বকীয় তরঙ্গ, বৈশিষ্ট্য + ব্যবহার

➪ **তড়িৎ চুম্বকীয় তরঙ্গ:** ১৮৪৫ সালে ফ্যারাডে আবিষ্কার করেন যে একটি প্রবল চৌম্বক ক্ষেত্রের প্রভাবে সমবর্তন তল ঘুরে যায়। এ ঘটনা ফ্যারাডে ক্রিয়া নামে পরিচিত।

| তত্ত্ব | ব্যাখ্যা করা যায় | ব্যাখ্যা করা যায় না |
|---|---|---|
| নিউটনের কণিকা তত্ত্ব | প্রতিফলন প্রতিসরণ আলোক তড়িৎ ক্রিয়া | অতিচার, সমাবর্তন, অপবর্তন, বিচ্ছুরন |
| হাইগেনের তরঙ্গ তত্ত্ব | প্রতিফলন, প্রতিসরণ, ব্যতিচার, অপবর্তন | সমবর্তন |
| ম্যাক্সওয়েনের তড়িৎ চুম্বকীয় তত্ত্ব | সমবর্তন | ফটো তড়িৎ ক্রিয়া |
| আইনস্টাইনের কোয়ান্টম তত্ত্ব | কৃষ্ণ বস্তুর বিকিরণ, ফটো তড়িৎ ক্রিয়া | ব্যতিচার, অপবর্তন, সমবর্তন |

## তড়িৎ চুম্বকীয় বৈশিষ্ট্য

১। তড়িৎ চুম্বকীয় তরঙ্গ তড়িৎ ক্ষেত্রে $\vec{E}$ও চৌম্বক ক্ষেত্রের$\vec{B}$ পর্যায়বৃত্ত পরিবর্তনের ফলে উৎপন্ন হয়।

২। তরঙ্গ সঞ্চালনের অভিমুখ $\vec{E}$ ও $\vec{B}$ উভয় এর উপর লম্ব। তাই তড়িৎ চৌম্বকীয় তরঙ্গ আড় তরঙ্গ।

৩। তড়িৎ চৌম্বকীয় তরঙ্গের সঞ্চালনের জন্য কোনো মাধ্যমের প্রয়োজন হয় না।

৪। তড়িৎ চৌম্বকীয় বিকিরণের তীব্রতা দূরত্বের বর্গের ব্যাস্তানুপাতিক হারেহ্রাস হয়। $\vec{E} \propto \frac{1}{r^2}$

৫। তড়িৎ চৌম্বকীয় সকল বিকিরণের জন্য তরঙ্গের বেগ তরঙ্গের বেগ, তরঙ্গ দৈর্ঘ্য ও কম্পাঙ্কের মধ্যে সম্পর্ক $c = \nu\lambda$

❒ **ব্যবহার:**

| তরঙ্গ পট্টি | কাজ |
|---|---|
| বেতার তরঙ্গ | দূরবর্তী স্থানে স্পন্দিত ছবি প্রেরণ |
| মাইক্রোওয়েভ | রাডার যন্ত্রে, নৌ ও বিমান চালনায়, রেডিও যোগাযোগ ব্যবস্থায়, খাবার গরম ও রান্নায় |
| অবলোহিত রশ্মি | অন্ধকারে ছবি তোলা ও নাইট গগলস এবং মাংসপেশির চিকিৎসায় |
| অতিবেগুনী রশ্মি | Vitamin-D তৈরি, জাল টাকা ও পাসপোর্ট শনাক্তকরণ |
| এক্স-রে | নিরাপত্তার কাজে ও চোরাচালান নিরোধ |
| গামা-রশ্মি | ক্যান্সার আক্রান্ত কোষ ধ্বংস করে |

## পয়েন্টিং ভেক্টর + তরঙ্গ মুখ

➪ **পয়েন্টিং ভেক্টর:** কোনো তড়িৎ চৌম্বক তরঙ্গের গতি পথে লম্বভাবে স্থাপিত কোনো একক ক্ষেত্রফলের মধ্য দিয়ে যে পরিমাণ শক্তি অতিক্রম করে তাকে পয়েন্টিং ভেক্টর বলে।

➪ **তরঙ্গ মুখ:** কোনো তরঙ্গের উপর অবস্থিত সমদশাসম্পন্ন কণাগুরোর গতিপথকে তরঙ্গমুখ বলে।

## ব্যতিচার

➪ **টমাস ইয়ং ব্যতিচার আবিষ্কার করেন। এটি দুই ধরনের। যথা:**

১। **গঠন মূলক ব্যতিচার:** গঠন মূলক ব্যতিচার বা উজ্জ্বল বিন্দুর শর্ত: পথ পার্থক্য $\frac{\lambda}{2}$ এর যুগ্ম গুণিতক হবে। অর্থাৎ $x = 2n\frac{\lambda}{2}$

২। **ধ্বংসাত্মক ব্যতিচার:** ধ্বংসাত্মক ব্যতিচার বা অন্ধকার বিন্দুর শর্ত হলো পথ পার্থক্য $\frac{\lambda}{2}$ এর অযুগ্ম গুণিতক হতে বলে।

❒ **ব্যতিচারের শর্ত:**

১। আলোক উৎস দুটি সুসঙ্গত হতে হবে।

২। উৎস দুটি ক্ষুদ্র ও সূক্ষ্ম হতে হবে।

৩। উৎস দুটি পরস্পরের খুব নিকটে হতে হবে।

৪। তরঙ্গ দুটির বিস্তার সমান বা প্রায় সমনা হতে হবে।

৫। পর্যায়ক্রমিক উজ্জ্বল ও অন্ধকার বিন্দুর জন্য পথ-পার্থক্য যথাক্রমে অর্ধ-তরঙ্গ দৈর্ঘ্যের $\left(\frac{\lambda}{2}\right)$ যুগ্ম ও অযুগ্ম গুণিতক হতে হবে।

❒ **ব্যতিচারের বৈশিষ্ট্য:**

১। দুটি সুসঙ্গত উৎস হতে একই মাধ্যমের কোনো বিন্দুতে আলোক তরঙ্গমালার উপরিপাতনের ফলে ব্যতিচার সৃষ্টি হয়।

২। ব্যতিচার ঝালরে সাধারণত পট্টিগুলোর বেধ সমান হয়।

৩। ব্যতিচার উজ্জ্বল পট্টি ও অন্ধকার পট্টিগুলো অন্তবর্তী দূরত্বগুলো সমান থাকে।

৪। ব্যতিচারের অন্ধকার পট্টিতে কোনো আলো থাকে না। এরা সম্পূর্ণ অন্ধকার থাকে।

৫। ব্যতিচারের সব উজ্জ্বল ট্রিগুলোর আলোক প্রাবল্য সমান থাকে।

## অপবর্তন

⇨ **আলোকের অপবর্তন দুই প্রকার। যথা:**

১। **ফ্রেনেল শ্রেণি অপবর্তন:** খাড়া ধারে, শরু তারে এবং অল্প পরিসর ছিদ্রে এ ধরনের অপবর্তন ঘটে । এক্ষেত্রে আপাতিত তরঙ্গমুখ গোলীয় বা সিলিন্ডার আকৃতির হয়।

২। **ফ্রনহফারের শ্রেণি অপবর্তন:** একক রেখা ছিদ্র বা চিড়ের, যুগ্ম রেখা ছিদ্র এবং গ্রেটিং বা ঝাঝড়ি দ্বারা এ অপবর্তন সৃষ্টি করা হয়।

* আলোর অপবর্তন দ্বারা আলোর তীর্যরূপ ধর্মটি প্রমাণ করা যায়।

⇨ **অপবর্তন গ্রেটিং দুই প্রকার। যথা:**

১। **নিঃস্বরণ বা নির্গমন গ্রেটিং:** এতে প্রতি সেন্টিমিটারে প্রায় ১০ হাজার দাগ কাটা থাকে। এককেটি চিড়ের প্রস্থ $10^{-4}$cm

২। **প্রতিফলন গ্রেটিং।**

⇨ **গ্রেটিং এর ব্যবহার:**

১। আলোকের তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় করা যায়।

২। একই তরঙ্গদৈর্ঘ্যের দুটি বর্ণালি রেখা পৃথক করা যায়।

৩। তরঙ্গদৈর্ঘ্যের সাপেক্ষে অপবর্তন কোণের পরিবর্তনের হার নির্ণয় করা যায়।

## আলোকের সমবর্তন

⇨ যে প্রক্রিয়ায় বিভিন্ন তলে কম্পমান আলোক তরঙ্গকে একটি নির্দিষ্ট তল বরাবর কম্পণক্ষম করা যায় তাকে আলোকের সমাবর্তন বা পোলারায়ন বলে।

⇨ ১৮০৮ সালে বিজ্ঞানী ম্যালাস প্রতিফলনের দ্বারা সমতল সমবর্তিত আলো উৎপন্ন করেন।

⇨ **ম্যালাসের সূত্র:** সমবর্তিত আলোক বিশ্লেষকের মধ্য দিয়ে যাওয়ার ফলে এর তীব্রতা সমবর্তক ও বিশ্লেষকের সমবর্তন অক্ষদ্বয়ের মধ্যবর্তী কোণের cosine এর বর্গের সমানুপাতিক। $I \propto cos\theta^2$

⇨ **ব্রুস্টারের সূত্র:** সমবর্তন কোণের ট্যানজেন প্রতিফলক মাধ্যমের প্রতিসরাঙ্কের সমান।

* কোয়ার্টজ ও ক্যালসাইট দ্বৈত পরিসারক ক্যালাস।

# গুরুত্বপূর্ণ অংশ

## ভৌত আলোকবিজ্ঞান

### টপিক: আলোর বেগ

১। **পানি ও হীরকের প্রতিসরাঙ্ক যথাক্রমে 1.33 এবং 2.4 হলে, হীরকে আলোর বেগ কত? [পানিতে আলোর বেগ $2.28\times10^8ms^{-1}$]**

**উত্তর:**

$$\frac{\mu_w}{\mu_d} = \frac{c_d}{c_w} \Rightarrow c_d = \frac{1.33}{2.4}\times2.28\times10^8 = 1.26\times10^8 ms^{-1}$$

### টপিক: আলোক বছর

১। **বায়ুর সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক 1.5। যদি বায়ুতে আলোর বেগ $3\times10^8ms^{-1}$ হয় তবে কাঁচে আলোর বেগ কত? বায়ুতে এক আলোক বছর $9.4\times10^{12}$km হয় কাঁচে এক আলোক বছরের মান বের কর।**

**উত্তর:** আমরা জানি, $\mu_g = \frac{\text{বায়ুতে আলোর বেগ}}{\text{কাঁচে আলোর বেগ}}$

$\therefore$ কাঁচে আলোর বেগ $= \frac{3.8\times10^8}{1.5} = 2.5\times10^8 ms^{-1}$

আবার, $_a\mu_g = \frac{\text{বায়ুতে আলোক বছর}}{\text{কাঁচে আলোক বছর}}$

$\therefore$ কাঁচের আলোর বছর $= \frac{9.4\times10^{12}}{1.5} = 6.27\times10^{12}km$

### টপিক: ইয়ং-এর দ্বি-চিড় পরীক্ষা

১। **ইয়ং-এর দ্বি-চিড় পরীক্ষার চিড় দুটির মধ্যবর্তী দূরত্ব d =2mm। চিড় থেকে থেকে পর্দার দূরত্ব $D=10^4$mm ও ডোরার প্রস্থ x = 0.3mm। ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য কত?**

**উত্তর:** $\lambda = \frac{\Delta x 2d}{D} = \frac{0.3\times2\times2}{10^4} = 1.2\times10^{-7}m$

## জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

১। **সমবর্তন (polarization) পরীক্ষণের মাধ্যমে প্রমাণিত হয় যে, আলো- [NU-Science: 13-14]**

(ক) একটি আড় তরঙ্গ (খ) একটি লম্বিক তরঙ্গ

(গ) এক ধরনের তরঙ্গ (ঘ) বস্তু তরঙ্গ উত্তর: ক

২। **লাল রং এর তরঙ্গ দৈর্ঘ্য-**

(ক) $5900\mathring{A}-6400\mathring{A}$ (খ) $5000\mathring{A}-5500\mathring{A}$

(গ) $6400\mathring{A}-7800\mathring{A}$ (ঘ) কোনটিই নয় উত্তর: গ

৩। **একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যে পথ পার্থক্য $\frac{\lambda}{4}$। বিন্দুদ্বয়ের মধ্যে দশা পার্থক্য কত? [NU-Science: 10-11]**

(ক) $\frac{\pi}{3}$ (খ) $\frac{\pi}{6}$

(গ) $\frac{\pi}{2}$ (ঘ) $\frac{\pi}{5}$ উত্তর: গ

৪। **একটি তরঙ্গের দুইটি বিন্দুর মধ্যে দশা পার্থক্য $\pi$ হলে, বিন্দুদ্বয়ের মধ্যে পথ পার্থক্য কত? [NU-Science: 09-10]**

(ক) $\frac{\lambda}{2}$ (খ) $\frac{\lambda}{4}$

(গ) $\frac{\lambda}{8}$ (ঘ) $\lambda$ উত্তর: ক

৫। কোনটি সঠিক নয়? **[NU-Science: 07-08]**
(ক) মাইক্রোওয়েভ দীঘল তরঙ্গ (খ) মাইক্রোওয়েভ আড়-তরঙ্গ
(গ) মাইক্রোওয়েভ তড়িৎ চুম্বকীয় তরঙ্গ
(ঘ) মাইক্রোওয়েভের গতি $3\times10^8 ms^{-1}$ উত্তর: ক

৬। **একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যে দশা পার্থক্য π হলে, বিন্দু দুটির মধ্যে পথ পার্থক্য হবে- [NU-Science: 06-07]**
(ক) $\lambda$ (খ) $\frac{\lambda}{4}$
(গ) $\frac{\lambda}{2}$ (ঘ) $2\lambda$ উত্তর: গ

৭। আলোক তরঙ্গ হচ্ছে- **[NU-Science: 06-07]**
(ক) আড় তরঙ্গ (খ) লম্বিক তরঙ্গ
(গ) চলমান তরঙ্গ (ঘ) স্থির তরঙ্গ উত্তর: ক

৮। ক্ষুদ্রতম তরঙ্গ-দৈর্ঘ্য কার? **[NU-Science: 02-03]**
(ক) গামা-রশ্মির (খ) অতিবেগুনি রশ্মির
(গ) আলোর (ঘ) এক্স-রশ্মির উত্তর: ক

# আধুনিক পদার্থ বিজ্ঞানের সূচনা

## আধুনিক পদার্থ বিজ্ঞানের সূচনার যাবতীয় টাইপ

i) মাত্রা/একক ii) সূত্র/ সমীকরণ
iii) অনুপাত ম্যাথ iv) ম্যাথ
v) থিওরি vi) সংখ্যাগত মান vii) Extra Intromation

## টাইপ: মাত্রা/একক

**পূর্বের অধ্যায় ভালোভাবে পড়লেই হবে।**

## টাইপ: সূত্র/সমীকরণ + ম্যাথ

(i) $E = h\nu$; $E = \frac{hc}{\lambda}$

১। **একটি ইলেকট্রনের গতিশক্তির কত শতাংশ বৃদ্ধি বা হ্রাস হলে ইলেকট্রনটির ডি-ব্রগলি তরঙ্গদৈর্ঘ্য অর্ধেক হয়ে যাব?**
**উত্তর:** 300% বৃদ্ধি
**ব্যাখ্যা:** $P = \frac{h}{\lambda}$
$E_k = \frac{P^2}{2m} \Rightarrow E_k = \frac{h^2}{2m\lambda^2} \therefore E_k \propto \frac{1}{\lambda^2} \Rightarrow \lambda \propto \frac{1}{\sqrt{E_k}}$
তরঙ্গদৈর্ঘ্য অর্ধেক হয়ে যখন গতিশক্তি 4 গুণ অর্থাৎ 400% হবে। তাই গতিশক্তি 300% বৃদ্ধি করতে হবে।

২। **1.75eV শক্তি সম্পন্ন আলোর তরঙ্গদৈর্ঘ্য কত nm?**
**উত্তর:** 710.4
**ব্যাখ্যা:** শক্তি $E = \frac{hc}{\lambda} = 1.75 \times 1.6 \times 10^{-19}$
$\therefore \lambda = \frac{6.63\times10^{-34}\times3\times10^8}{1.75\times1.6\times10^{-19}} m = 7.104 \times 10^{-7}m$
$= 710.4 \times 10^{-9}m = 710.4nm$

(ii) $eV = \frac{1}{2}mv^2_{max}$

১। **একটি ইলেকট্রনকে V বিভব পার্থক্যের মধ্যে রাখলে, ইলেকট্রনের বেগ $\upsilon$ এবং প্রযুক্ত বিভব পার্থক্যের মধ্যে সম্পর্ক কোনটি?**
**উত্তর:** $\upsilon = \sqrt{\frac{2eV}{m}}$
**ব্যাখ্যা:** $E = \frac{1}{2}m\upsilon^2$; $w = VQ = eV$
$eV = \frac{1}{2}m\upsilon^2 \Rightarrow v = \sqrt{\frac{2eV}{m}}$

২। **কোন ধাতুর উপর 200Å তরঙ্গ দৈর্ঘ্যের অতিবেগুনী রশ্মি ফেলা হলো। ধাতুর কার্যপেক্ষক 23eV হলে নিঃসৃত ফটো ইলেকট্রনের সর্বোচ্চ বেগ কত?**
A. $968.42 kms^{-1}$ B. $367.5 kms^{-1}$
C. $283.63 kms^{-1}$ D. $991.2 kms^{-1}$
ব্যাখ্যা: $\frac{1}{2}m_{max} = \frac{hc}{\lambda} - W_0$
$= \frac{6.63\times10^{-34}\times10^8}{200\times10^{-10}} - 23 \times 1.6 \times 10^{-19}$
$= 6.265 \times 10^{-18}$
$\therefore V_{max} = \sqrt{\frac{2\times6.265\times10^{-18}}{9.1\times10^{-10}}} = 3710.69 kms^{-1}$

(iii) $L = L_0\sqrt{q - \frac{v^2}{c^2}}$

১। **একটি ট্রেনের স্থির অবস্থায় দৈর্ঘ্য হলো 100m। এটি অতি উচ্চ বেগে 80m দৈর্ঘ্যের একটি সুড়ঙ্গের মধ্য দিয়ে যায়। সুড়ঙ্গের দুই প্রান্তে অবস্থিত পর্যবেক্ষকরা এর একেকে ট্রেন এর বেগ কত?**
**উত্তর:** 0.6c D
**ব্যাখ্যা:** $L_0 = 100m$; $L = 80m$
$v = \sqrt{1-\left(\frac{L}{L_0}\right)} \times c = \sqrt{1-\left(\frac{80}{100}\right)^2} \times c$
$= \sqrt{1-\left(\frac{64}{100}\right)} \times c \therefore 0.6c$

২। **কত বেগে চললে একটি রকেটের গতিশীল দৈর্ঘ্য এর নিশ্চল দৈর্ঘ্যের অর্ধেক হবে?**
**উত্তর:** $\frac{\sqrt{3}}{2}C$
**ব্যাখ্যা:** যদি $L = \frac{L_0}{2}$ হয় তবে $v = \frac{\sqrt{3}}{2}C$
$C = 2.59 \times 10^8 ms^{-1}$

৩। **চলন্ত অবস্থায় একটি রকেটের দৈর্ঘ্য এর স্থির অবস্থার দৈর্ঘ্যের অর্ধেক হলে এটি আলোর বেগের কত শতাংশ যায়?**
**উত্তর:** 87%
**ব্যাখ্যা:** দ্রুতি, $v = \sqrt{1-\left(\frac{L}{L_0}\right)^2} \times c$
$\Rightarrow \frac{v}{c} = \sqrt{1-\left(\frac{1}{2}\right)^2} \times 100\% = 0.872 \times 100\% = 87\%$

(iv) $m = \frac{m_0}{\sqrt{1-\frac{v^2}{c^2}}}$

১। **একটি ইলেকট্রন 0.99C দ্রুতিতে গতিশীল হলে এর চলমান ভর কত?**
**উত্তর:** $6.45 \times 10^{-30}$ kg
**ব্যাখ্যা:** চলমান ভর, m এবং নিশ্চল/স্থির ভর $m_0$ হলে,
$m = \frac{m_0}{\sqrt{1-\frac{v^2}{c^2}}} = \frac{9.1\times10^{-31}}{\sqrt{1-\left(\frac{.99c}{c}\right)^2}} = 6.45 \times 10^{-30}$ kg

২। **একটি কণা v বেগে চলে যাতে তার ভর স্থির ভরের দ্বিগুণ হয়। যাদ c আলোর বেগ হয়, তবে কোনটি সঠিক?**
**উত্তর:** $v = \frac{\sqrt{3}}{2}c$
**ব্যাখ্যা:** $m = 2m_0 \Rightarrow m = \frac{m_0}{\sqrt{1-\frac{v^2}{c^2}}} \Rightarrow 1 - \frac{v^2}{c^2} = \frac{1}{4}$
$\Rightarrow \frac{v^2}{c^2} = \frac{4}{3} \Rightarrow v = \frac{\sqrt{3}}{2}c$

(v) $t = \frac{t_0}{1-\frac{v^2}{c^2}}$

১। **একটি মহাশূন্যচারী 30 বছর বয়সে $2.4 \times 10^8 ms^{-1}$ বেগে গতিশীল মহাশূন্যযানে চড়ে ছায়াপথ অনুসন্ধানে গেলেন। পৃথিবীর ক্যালেন্ডার অনুযায়ী 50 বছর পর ঐ গতিতে পৃথিবীতে ফিরে এলে তার বয়স-**

**উত্তর:** 50 বছরের বেশি হবে

**ব্যাখ্যা:** $t = \frac{t_0}{\sqrt{1-\left(\frac{v}{c}\right)^2}} \Rightarrow t_0 = t\sqrt{1-\left(\frac{v}{c}\right)^2}$

$= 50 \times 0.6 \Rightarrow t = 30$ year

∴ মহাশূন্যচারীর বয়স = 30 + 30 = 60 বছর।

২। **একটি সেকেন্ড দোলক 0.7c বেগে গতিশীল অবস্থায় রাখা আছে। পৃথিবীতে অবস্থিত পর্যবেক্ষকের নিকট ঐ দোলকের দোলনকাল কত সেকেন্ড?**

**উত্তর:** 2.8s

**ব্যাখ্যা:** $t = \frac{t_0}{\sqrt{1-\frac{v^2}{c^2}}} = \frac{2}{\sqrt{1-\frac{(0.7c)^2}{c^2}}} = 2.8sec$

(vi) $E_k = (m - m_0) C^2$

১। **$1.8 \times 10^8$eV গতিশক্তি সম্পন্ন প্রোটনের ভর কত? (স্থির অবস্থায় প্রোটনের ভর $1.673 \times 10^{-27}$kg)**

**উত্তর:** $1.993 \times 10^{-27}$

**ব্যাখ্যা:** গতিশক্তি $E_k = (m - m_0)c^2$

$\therefore \frac{E_k}{c^2} + m_0 = m$

$\therefore m = \frac{1.8\times10^8\times1.6\times10^{-19}}{(3\times10^8)^2} + 1.673 \times 10^{-27}$

$= 1.993 \times 10^{-27}$kg

## টাইপ: সংখ্যাগত মান

(i) প্লাঙ্কের ধ্রুবক = $6.626 \times 10^{-34}$JS
(ii) ইলেকট্রনের ভর = $9.11 \times 10^{-31}$kg
(iii) ইলেকট্রনের চার্জ = $-1.6 \times 10^{-19}$ C
(iv) 1অ্যাংস্ট্রোম = $10^{-10}$m
(v) 1amu ভরের সমতুল্য শক্তি = 933MeV

## টাইপ: অনুপাত ম্যাথ

এই অধ্যায়ে অনুপাত ম্যাথের প্রয়োজন নেই। শুধু ম্যাথ করলেই হবে।

## টাইপ: থিওরি

### প্রসঙ্গ কাঠামো

➪ **প্রসঙ্গ কাঠামো দুই প্রকার।**

১। **জড় প্রসঙ্গ কাঠামো:** এই কাঠামোতে জড়তার সূত্র এবং নিউটনের গতি সূত্র প্রযোজ্য। পরস্পরের সাপেক্ষে ধ্রুব বেগে গতিশীল কাঠামোতে প্রযোজ্য।

২। **অজড় প্রসঙ্গ কাঠামো:** এই কাঠামোতে জড়তার সূত্র এবং নিউটনের গতি সূত্র প্রযোজ্য নয়। পরস্পরের সাপেক্ষে ধ্রুব বেগে গতিশীল কাঠামোতে প্রযোজ্য নয়। ঘূর্ণায়মান এবং অসমবেগে চলমান প্রসঙ্গ কাঠামোই অজড় প্রসঙ্গ কাঠামো।

### মাইকেলসন মর্লির পরীক্ষা + আইনস্টাইনের আপেক্ষিকতা তত্ত্ব

➪ **মাইকেলসন মর্লির পরীক্ষা:** এটি একটি না ধর্মি পরীক্ষা।

➪ **এই পরীক্ষার সিদ্ধান্ত:**

ক. ইথার বলতে এই মহাবিশ্বে কিছু নেই।
খ. গ্যালিলিও রূপান্তর সঠিক নয়।
গ. আলোর বেগ একটি ধ্রুব রাশি, এটি উৎস অথবা মাধ্যমের গতির উপর নির্ভর করে না।

➪ **আইনস্টাইনের আপেক্ষিকতা তত্ত্ব:** এটি দুভাগে বিভক্ত।

**ক. আপেক্ষিকতার সাধারণ বা সার্বিক তত্ত্ব:** এই তত্ত্ব পরস্পরের তুলনায় উর্ধ্ব বা নিম্ন গতিশীল বস্তুসমূহের ক্ষেত্রে প্রযোজ্য।

**খ. আপেক্ষিকতার বিশেষ তত্ত্ব:** এই তত্ত্ব পরস্পরের তুলনায় সম গতিতে গতিশীল বস্তুসমূহের ক্ষেত্রে প্রযোজ্য।

➪ **আপেক্ষিকতার মৌলিক স্বীকার্য:**

**প্রথম স্বীকার্য:** জড় কাঠামোতে বা গ্যালিলিও কাঠামোতে পদার্থ বিজ্ঞানের সূত্রসমূহ অভিন্ন থাকে।

**দ্বিতীয় স্বীকার্য:** শূন্য স্থানে সকল পর্যবেক্ষকের নিকট আলোকের বেগ সর্বদায় একই থাকে। এই বেগ প্রবাহের উৎস এবং পর্যবেক্ষকের আপেক্ষিক বেগের উপর নির্ভর করে না।

### গ্যালিলিও + লরেঞ্জ রূপান্তর

➪ **গ্যালিলিও রূপান্তর:** যদি দুটি কাঠামোই অভ্যন্তরীণ কাঠামো হয়, তবে রূপান্তরকেও গ্যালিলিও রূপান্তর বলে।

➪ **লরেঞ্জ রূপান্তর:** যে রূপান্তর সূত্র প্রয়োগে বিদ্যুৎ চৌম্বকীয় সমীকরণ এক জড় কাঠামো থেকে অন্য কাঠামোতে নিলে অভিন্ন রূপে প্রকাশিত হয়।

* যখন বস্তুর দ্রুতি আলোর দ্রুতির কাছাকাছি হয়, তখন লরেঞ্জের রূপান্তর প্রয়োগ করা হয়।

### দৈর্ঘ্য সংকোচন, কাল দীর্ঘায়ণ + ভর বৃদ্ধি

➪ **দৈর্ঘ্য সংকোচন:** স্থির কাঠামোর দৈর্ঘ্য > গতিশীল কাঠামোর দৈর্ঘ্য। অর্থাৎ কোনো দণ্ডের গতিশীল দৈর্ঘ্য দণ্ডটির নিশ্চল অবস্থার দৈর্ঘ্যের চেয়ে ছোট হবে।

➪ **কাল দীর্ঘায়ণ:** স্থির কাঠামোর সময় < গতিশীল কাঠামোর সময়। অর্থাৎ গতিশীল কাঠামোতে সময় দীর্ঘ হয়।

➪ **ভর বৃদ্ধি:** স্থির কাঠামোর ভর < গতিশীল কাঠামোর ভর। কোনো গতিশীল বস্তুর ভর ঐ বস্তুর নিশ্চল ভরের চেয়ে বেশি। বেগের সাথে বস্তুর ভর বৃদ্ধি ঘটে। একটি বস্তু আলোর বেগে ধাবিত হলে তার ভর অসীম হয়।

### মৌলিক বল + বলের একীভূতকরণ

➪ **মৌলিক বল:**

| বল | পাল্লা | আ. সবলতা | কার্যকৃত কণা | কাজ |
|---|---|---|---|---|
| মহকর্ষ | অসীম | 1 | গ্রাভিটন | মহাবিশ্বর যেকোনো দুটি বস্তুর মধ্যকার পারস্পরিক আকর্ষণ বল |
| তড়িৎ চচ্চুকীয় | অসীম | $10^{39}$ | ফোটন | স্থিতিস্থাপক বল, আণবিক গঠণ, রাসায়নিক বিক্রিয়া এসব এই বলের প্রকাশ |
| সবল নিউক্লীয় | $10^{-15}$ | $10^{41}$ | মেশন | নিউক্লিয়াসকে ধরে রাখে |
| দুর্বল নিউক্লীয় | $10^{-16}$ | $10^{30}$ | বোসন | নিউক্লিয়াসের ভাঙন প্রক্রিয়া সংঘঠিত হয় ও নিউক্লিয়াস হতে বিটা ক্ষয় হয় |

➪ সালাম, ওয়াইনবার্গ এবং গ্লাসো দুর্বল নিউক্লিয় বল এবং তড়িৎচুম্বকীয় বলের মধ্যে সম্পর্ক স্থাপন করে।

### প্লাঙ্কের কোয়ান্টম তত্ত্ব

প্লাঙ্কের প্রতিষ্ঠিত তত্ত্বকে কোয়ান্টম তত্ত্ব বা তেজকণাবাদ বলে।

### ফোটন + এক্স রে

➪ **ফোটনের ধর্মাবলী:**

১। প্রতিটি ফোটন কণা আলোর বেগে চলে। এই বেগের কোনো হ্রাস-বৃদ্ধি নেই।
২। একটি ফোটন কণার শক্তি $E = h\nu$
৩। ফোটন কণার স্থির ভর শূন্য।
৪। ফোটন কণা চার্জহীন।
৫। এদের আয়নীত করা যায় না।
৬। ফোটনের ভরবেগ $p = \frac{hf}{c}$

➪ **এক্স-রে:** দুই প্রকার যথা:

১। **কোমল এক্স-রে:** চিকিৎসা বিজ্ঞানে ব্যবহৃত হয়। এর তরঙ্গ দৈর্ঘ্য বেশি কিন্তু ভেদন ক্ষমতা অত্যন্ত কম।

২। **কঠিন এক্স-রে:** পদার্থের গঠন প্রকৃতি নির্ণয়ে এবং বিভিন্ন গবেষণা কাজে ব্যবহৃত হয়। এর তরঙ্গ দৈর্ঘ্য কম কিন্তু ভেদন ক্ষমতা অত্যন্ত বেশি।

➪ **এক্স-রে উৎপাদনের জন্য তিনটি পদ্ধতি রয়েছে:**

১। গ্যাসনল পদ্ধতি।
২। কুলিজনল পদ্ধতি।
৩। বিটট্রন পদ্ধতি

➪ **এক্সরের ধর্ম:**

১। সরলরেখায় গমণ করে।
২। বিদ্যুৎ চৌম্বকীয় আড় তরঙ্গ।
৩। ভেদন ক্ষমতা অত্যধিক।
৪। ফটোগ্রাফি প্লেটের উপর প্রতিক্রিয়া সৃষ্টি করে।
৫। প্রতিপ্রভা সৃষ্টি করে।
৬। এর তীব্রতা ব্যস্তানুপাতিক সূত্র মেনে চলে।

➪ **এক্স- রে এর ব্যবহার:**

১। চিকিৎসা ক্ষেত্রে।
২। গোয়েন্দা বিভাগে।
৩। শিল্প ক্ষেত্রে
৪। ব্যবসায়ে
৫। পরীক্ষাগারে

## ফটো তড়িৎ ক্রিয়া

➪ Na, K, Cs, Li, Rb, এসব ক্ষার ধর্মী পদার্থের উপর দৃশ্যমান আলো আপতিত হলে অধিক পরিমাণে ফটো ইলেকট্রন নির্গত হয়। ক্ষার ধর্মী পদার্থের আলোক তড়িৎ সংবেদনশীলতা বেশি।

## তড়িৎ কোষ + ব্রগলির বস্তু তরঙ্গ

➪ **তড়িৎ কোষের ব্যবহার:**

১। শপিং মলে।
২। স্টেডিয়ামে।
৩। অডিটোরিয়ামে কতজন লোক ঢুকছে বা বের হচ্ছে তা গণনার জন্য।

➪ **ব্রগলির বস্তু তরঙ্গ:** বিকিরণ বা শক্তির দ্বৈত ধর্ম আছে একটি কণা ধর্ম অপরটি তরঙ্গ ধর্ম।

(i) $\lambda \propto \frac{1}{m}$ কণার ভর যত বেশি তরঙ্গদৈর্ঘ্য তত ক্ষুদ্রতর।

(ii) $\lambda \propto \frac{1}{p}$ কণার ভরবেগ যত বেশি তরঙ্গদৈর্ঘ্য তত ক্ষুদ্রতর।

(iii) $\lambda \propto \frac{1}{v}$ কণার বেগ যত বেশি তরঙ্গদৈর্ঘ্য তত ক্ষুদ্রতর।

(iv) কোনো কণার সাথের সংশ্লিষ্ট তরঙ্গদৈর্ঘ্য কণাটির আধান নিরপেক্ষ।

## কম্পটন ক্রিয়া + হাইজেনবার্গ এর অনিশ্চয়তা নীতি

➪ **কম্পটন ক্রিয়া:** উচ্চ শক্তি সম্পন্ন ফোটন যখন কোনো লক্ষ বস্তুর সাথে সংঘর্ষে লিপ্ত হয়ে বিক্ষিপ্ত হয় তখন বিক্ষিপ্ত ফোটনের তরঙ্গদৈর্ঘ্য আপতিত ফোটনের তরঙ্গদৈর্ঘ্য থেকে বেশি।

➪ **হাইজেনবার্গ এর অনিশ্চয়তা নীতি:** কোনো কণার অবস্থান এবং ভরবেগ যুগপৎ সঠিকভাবে পরিমাপ করা যায় না।

$$\Delta x . \Delta p \geq \frac{h}{2}$$

অবস্থানের অনিশ্চয়তা শূন্য হলে ভরবেগের অনিশ্চয়তা সর্বাধিক বা অসীম হবে।

# পরমাণুর মডেল

## পরমাণুর মডেল এর যাবতীয় টাইপ

i) মাত্রা/একক
ii) সূত্র/ সমীকরণ
iii) অনুপাত ম্যাথ
iv) ম্যাথ
v) থিওরি
vi) সংখ্যাগত মান
vii) Extra Intromation

## টাইপ: মাত্রা/একক

**পূর্বের অধ্যায় ভালোভাবে পড়লেই হবে।**

## টাইপ: সূত্র/সমীকরণ + ম্যাথ

(i) $L = mvr = \frac{nh}{2\pi}$

১। **হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রনের সর্বনিম্ন কক্ষীয় কৌণিক ভরবেগ কোনটি?**

**উত্তর:** $h/2\pi$

**ব্যাখ্যা:** কৌণিক ভরবেগ, $mvr = \frac{nh}{2\pi}$, $n = 1$ হলে $mvr = \frac{h}{2\pi}$

(ii) $F_c = \frac{mv^2}{r}$

(iii) $T_{\frac{1}{2}} = \frac{0.693}{\lambda}$

১। **কোনো তেজস্ক্রিয় মৌলের ক্ষয় ধ্রুবকের মান 0.01/s। এর অর্ধায়ু-**

উত্তর: 693s

ব্যাখ্যা: অর্ধায়ু $T_{\frac{1}{2}} = \frac{0.693}{\lambda} = \frac{0.693}{0.01} = 69.3s$

২। **একটি তেজস্ক্রিয় পদার্থের অর্ধায়ু 693 দিন। এর গড় আয়ু কত দিন?**

**উত্তর:** 1000 দিনC

**ব্যাখ্যা:** $\tau = \frac{T_{\frac{1}{2}}}{0.693} = \frac{693}{0}.693 = 1000$ দিন

(iv) $E_n = \frac{E_1}{n^2}$; $V_n = \frac{v_1}{n}$; $r_n = r_1 n^2$

১। **হাইড্রোজেন পরমাণুর প্রথম বোর কক্ষে ইলেকট্রনের মোট শক্তি -13.6eV। এর তৃতীয় বোর কক্ষে মোট শক্তি কত?**

**উত্তর:** $-1.5$ eV

**ব্যাখ্যা:** হাইড্রোজেন পরমাণুর n-তম কক্ষপথের শক্তি$= \frac{E}{n^2} = \frac{13.6}{n^2} eV$

$\therefore$ তৃতীয় কক্ষপথের শক্তি $= -\frac{13.6}{3^2} eV = -1.5eV$

## টাইপ: অনুপাত ম্যাথ

এই অধ্যায়ে অনুপাত ম্যাথের প্রয়োজন নেই। শুধু ম্যাথ করলেই হবে।

## টাইপ: থিওরি

### থমসন + রাদারফোর্ড মডেল

➪ **থমসন মডেল:** পরমাণু একটি ধনাত্মক তড়িতাহিত গোলক এবং ইলেকট্রন গুলো এর মধ্যে সবর্ত ছড়ানো রয়েছে।
এটিকে কিসমিস মডেলও বলে। থমসন ইলেকট্রন আবিষ্কার করেন।

➪ **রাদাফোর্ড মডেল:** মূলকথা- পরমাণুর সমস্ত ধনাত্মক আধান এবং ভর এর কেন্দ্রে অতি স্বল্প পরিসর স্থানে রয়েছে। এর নাম নিউক্লিয়াস। নিউক্লিয়াস হলো পরমাণুর শক্তির উৎস।

## বোরের পরমাণু মডেল

➪ **প্রথম স্বীকার্য (কৌণিক ভরবেগ সংক্রান্ত):** কোনো স্থায়ী কক্ষপথের আবর্তন কালে ইলেকট্রনের মোট কৌণিক ভরবেগ $\frac{h}{2\pi}$ এর পূর্ণ সংখ্যার গুণিতক হবে।

➪ **দ্বিতীয় স্বীকার্য (শক্তিস্তর সংক্রান্ত):**

➪ **তৃতীয় স্বীকার্য (কম্পাঙ্ক সংক্রান্ত):**

* - 13.6 eV ভূমি অবস্থায় শক্তি নির্দেশ করে হাইড্রোজেন পরমাণুর।

* হাইড্রোজেন পরমাণুর ব্যসার্ধ $0.53 \times 10^{-10}$m

## নিউক্লিয়াস + নিউক্লিয় বল

➪ **নিউক্লিয়াস:** ব্যাস: $10^{-12}$cm

নিউট্রিনো চার্জ নিরপেক্ষ ভরহীন কণা

➪ **নিউক্লিয় বল: বৈশিষ্ট্য:**

১। এই বল অত্যন্ত তীব্র। অন্য সকল ধরনের বলের চেয়ে এর তীব্রতা অনেক বেশি।

২। এই বল আধান নিরপেক্ষ।

৩। এটি শুধু আকর্ষণ করে।

৪। এটি খুব স্বল্প পাল্লার বল।

## তেজস্ক্রিয়তা

➪ তেজস্ক্রিয় মৌল থেকে স্বতস্ফূর্তভাবে তেজস্ক্রিয় রশ্মি নির্গমনের ঘটনাকে তেজস্ক্রিয়তা বলে।

➪ পিয়ারে কুরি, মাদাম কুরি থোরিয়ামের মধ্যে এই গুণ আবিষ্কার করেন।

➪ তেজস্ক্রিয়তা আবিষ্কার করেন- বেকেরেল।

➪ তেজস্ক্রিয়তা একটি অবিরাম প্রক্রিয়া।

➪ তেজস্ক্রিয়তার একক বেকেরেল (SI), কুরি

➪ এক সেকেন্ডে $3.7 \times 10^{10}$ সংখ্যাক পরমাণুর ভাঙনকে এক কুরি বলে।

➪ এক সেকেন্ডে একটি পরমাণুর ভাঙনকে এক বেকরেল বলে।

## তেজস্ক্রিয় রশ্মির ধর্ম + সক্রিয়তা

➪ **তেজস্ক্রিয়তা দুই প্রকার:**

১। প্রাকৃতি তেজস্ক্রিয়তা:

২। কৃত্রিম তেজস্ক্রিয়তা:

➪ যেসব মৌলে পারমাণবিক সংখ্যা ৮৩ এর বেশি সেসব বপদার্থ তেজস্ক্রিয় ধর্ম দেখায়।

➪ **তেজস্ক্রিয় রশ্মি তিন প্রকার:**

১। আল্‌ফা রশ্মি

২। বিটা রশ্মি

৩। গামা রশ্মি

* ভেদন ক্ষমতার ক্রম: আল্‌ফা রশ্মি < বিটা রশ্মি < গামা রশ্মি এদের অনুপাত: 1:100:1000

* আয়নিত করার ক্রম: আল্‌ফা রশ্মি > বিটা রশ্মি > গামা রশ্মি এদের অনুপাত: 1000:100:1

➪ **সক্রিয়তা:** সময়ের সাপেক্ষে কোনো তেজস্ক্রিয় নমুনার ভাঙনের হার।

## ক্ষয় + অর্ধায়ু + গড় আয়ু

➪ **ক্ষয়:** $N = N_0 e^{-\lambda t}$ এটা তেজস্ক্রিয় ক্ষয়ের রূপান্তর সূত্র।

➪ **আল্‌ফা বিঘটনের সূত্র:** মৌলের আল্‌ফা বিঘটন হলে নতুন মৌলের ভর চার কমে যায় এবং পারমাণবিক সংখ্যা দুই কমে যায়।

➪ **বিটা বিঘটনের সূত্র:** মৌলের বিটা বিঘটন হলে নতুন মৌলের পারমাণবিক সংখ্যা এক বেড়ে যায়।

➪ **গামা বিঘটনের সূত্র:**

➪ **অর্ধায়ু:** কোনো তেজস্ক্রিয় পদার্থের উপস্থিত অক্ষত পরমাণুগুলো অর্ধেক পরিমাণ ক্ষয় হতে যে সময় লাগে।

➪ তেজস্ক্রিয় পদার্থের অর্ধায়ু এর ক্ষয় ধ্রুবকের ব্যাস্তানুপাতিক

* ইউরোনিয়াসের অর্ধায়া 450 কোটি বছর।

➪ **গড় আয়ু:** গড় আয়া অর্ধায়ুর সমানুপাতিক।

## কিছু রশ্মি

১। **আইসোবার:** যাদের ভর সংখ্যা সমান কিন্তু পারমাণবিক সংখ্যা ভিন্ন।

২। **আইসোটোপ:** যাদের ভর সংখ্যা ভিন্ন কিন্তু পারমাণবিক সংখ্যা একই।

৩। **আইসোমার:** যাদের ভর সংখ্যা সমান এবং পারমাণবিক সংখ্যা সমান কিন্তু অভ্যন্তরীন গঠন ভিন্ন।

৪। **আইসোটোন:** যাদের ভর সংখ্যা সমান কিন্তু নিউটন সংখ্যা ভিন্ন।

## নিউক্লিয় বিক্রিয়া + চুল্লি

➪ **নিউক্লিয় বিক্রিয়া:**

১। **নিউক্লিয় ফিউশন:** একে সংযোজন বিক্রিয়া বলে কারণ ছোট ছোট নিউক্লিয়াস একত্রিত হয়ে বড় নিউক্লিয়াসে পরিণত হয়।

সূর্য ও নক্ষত্রসমূহের অভ্যন্তরে এই প্রক্রিয়ায় শক্তি উৎপন্ন হয় + হাত বোমা বা হাইড্রোজেন বোমা এই প্রক্রিয়ায় তৈরি হয়।

২। **নিউক্লিয় ফিশন:** একে বিয়োজন বিক্রিয়া বলে কারণ বড় নিউক্লিয়াস ভেঙ্গে ছোট নিউক্লিয়াসে পরিণত হয়।

এই প্রক্রিয়ায় পারমাণবিক বোমা তৈরি করা হয়।

ভর সংখ্যা→A X চার্জ সংখ্যা

পারমাণবিক সংখ্যা→Z X পরমাণু সংখ্যা

# গুরুত্বপূর্ণ অংশ

## পরমাণুর মডেল ও নিউক্লিয়ার পদার্থবিজ্ঞান

### টপিক: তেজস্ক্রিয় নিউক্লিয়াস

১। **একটি তেজস্ক্রিয় পদার্থের পরমাণু সংখ্যা 10 বৎসর হ্রাস পেয়ে অর্ধেক হয়। 20 বৎসর পর পরমাণুর সংখ্যা কত হবে?**

**উত্তর:** আমরা জানি, $\lambda = \frac{0.693}{T_{\frac{1}{2}}} = \frac{0.693}{10} = 0.0693$ /বৎসর

আবার, আমরা জানি, $\frac{N}{N_0} = e^{-\lambda t}$

অতএব 20 বৎসর পর পরমাণুর সংখ্যা হবে,

$$N = N_0 e^{-\lambda t} = N_0 \times e^{-0.0693 \times 20} \Rightarrow N = N_0 \times \frac{1}{4}$$

অর্থাৎ, 20 বৎসর পরে পরমাণুর সংখ্যা প্রাথমিক পরমাণুর সংখ্যার চার ভাগের এক ভাগ হবে।

### টপিক: ক্ষয় ধ্রুবক, অর্ধায়ু ও গড় আয়ু

১। **দু'ঘণ্টা পর কোন তেজস্ক্রিয় বস্তুর প্রাথমিক পরিমাণের আইসোটোপের $\frac{1}{16}$th অক্ষত থাকে। উক্ত আইসোটোপের অর্ধায়ু হল?**

**উত্তর:** $\ln\left(\frac{1}{16}\right) = -\left(\frac{0.693}{T_{1/2}}\right) \times 2 \Rightarrow T_{1/2} = 0.5\text{hr} = 30\,\text{min}$

## টপিক: ভর ত্রুটি ও বন্ধন শক্তি

১। এক কেজি ইউরেনিয়াম থেকে নির্গত শক্তির পরিমাণ কত k-Wh?

**উত্তর:** প্রতি kg ইউরেনিয়ামে পরমাণুর সংখ্যা = $\frac{6.023\times10^{23}}{235\times10^{-3}}$

প্রতি ফিশনে নির্গত শক্তির পরিমাণ = 200MeV

$\therefore E=\frac{6.023\times10^{23}}{235\times10^{-3}}\times200\times10^{6}\times1.6\times10^{-19}J$

$=\frac{8.2\times10^{13}}{3.6\times10^{6}}k-W=2.29\times10^{7}k-Wh$

## জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

১। রেডিয়ামের গড় আয়ু 2341 বছর। এর অবক্ষয় ধ্রুবকের মান কত? [NU-Science: 14-15]

(ক) $4.27\times10^{-4}y^{-1}$ (খ) $4.20\times10^{-3}y^{-1}$
(গ) $6.1\times10^{-4}y^{-1}$ (ঘ) $8.2\times10^{-6}y^{-1}$ উত্তর: ক

২। যদি 2 ঘন্টা পরে একটি তেজস্ক্রিয় পদার্থের $\frac{1}{16}$ পরিমাণ অবশিষ্ট থাকে তাহলে ঐ তেজস্ক্রিয় পদার্থটির অর্ধায়ু হবে- [NU-Science: 13-14]

(ক) 15 min (খ) 30 min
(গ) 45 min (ঘ) 60 min উত্তর: খ

৩। গড় আয়ু $\tau=?$ [NU-Science: 11-12]

(ক) $\frac{T_{\frac{1}{2}}}{0.707}$ (খ) $\frac{T_{\frac{1}{2}}}{0.693}$
(গ) $\frac{T_{\frac{1}{2}}}{0.141}$ (ঘ) $\frac{T_{\frac{1}{2}}}{0.732}$ উত্তর: খ

৪। সবচেয়ে কম ভরের কণিকা- [NU-Science: 09-10]

(ক) ইলেকট্রন (খ) প্রোটন
(গ) আলফা (ঘ) নিউট্রন উত্তর: ক

৫। সর্বপ্রথম হাইড্রোজেন পরমাণুর কক্ষে ইলেক্ট্রন শক্তিস্তরের ধারণা দেন- [NU-Science: 09-10]

(ক) আইনস্টাইন (খ) ডিরাক
(গ) রাবারফোর্ড (ঘ) নিলস বোর উত্তর: ঘ

৬। হাইড্রোজেন পরমাণুর প্রথম বোর কক্ষে মোট শক্তি -13.6eV হলে, তৃতীয় বোর কক্ষে মোট শক্তি- [NU-Science: 08-09]

(ক) -40.8eV (খ) -4.5eV
(গ) -3.0eV (ঘ) -1.5eV উত্তর: ঘ

৭। একটি ক্যালসিয়াম নিউক্লিয়াসের সংকেত $_{20}^{40}Ca$ হলে এর নিউট্রনের সংখ্যা- [NU-Science: 08-09]

(ক) 20 (খ) 23
(গ) 24 (ঘ) 28 উত্তর: ক

৮। কোন বিজ্ঞানী সর্বপ্রথম হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রন স্তরের ধারণা দেন? [NU-Science: 08-09]

(ক) আইনস্টাইন (খ) ডিরাক
(গ) রাদারফোর্ডে (ঘ) নিলস বোর উত্তর: ঘ

# সেমিকন্ডাক্টর ও ইলেকট্রনিক্স

## সেমিকন্ডাক্টর ও ইলেকট্রনিক্স এর যাবতীয় টাইপ

i) মাত্রা/একক
ii) সূত্র/ সমীকরণ
iii) অনুপাত ম্যাথ
iv) ম্যাথ
v) থিওরি
vi) সংখ্যাগত মান
vii) Extra Intromation

## টাইপ: মাত্রা/একক

পূর্বের অধ্যায় ভালোভাবে পড়লেই হবে।

## টাইপ: সূত্র/সমীকরণ + ম্যাথ

(i) $I_E=I_B+I_C$

১। 22mA নিঃসরক প্রবাহের ফলে একটি ট্রানজিস্টারের 19mA সংগ্রাহক প্রবাহ পাওয়া গেল, ট্রানজিস্টারের ভূমি প্রবাহরে মান কত?

**উত্তর:** 3 mA

**ব্যাখ্যা:** $I_E=I_B+I_C$ বা, $I_B=I_E-I_C=22-19=3mA$

(ii) গতীয় রোধ→ $R=\frac{\Delta v}{\Delta I}$

১। একটি জাংশনে সম্মুখ বায়াসের বিভব পার্থক্য 2.2V থেকে বাড়িয়ে 2.38V হলে, বিদ্যুৎ প্রবাহ 350mA বৃদ্ধি পেল। জাংশনের গতীয় রোধ কত?

**উত্তর:** 0.514Ω

**ব্যাখ্যা:** $\Delta V=2.38-2.2=0.18\,V$

$\Delta I=350mA=350\times10^{-3}A$

$\therefore \Delta R=\frac{\Delta V}{\Delta I}=\frac{0.18}{350\times10^{-3}}=0.514\Omega$

(iii) প্রবাহ বিবর্ধন গুণক→ $\alpha=\frac{I_C}{I_E}$

১। একটি ট্রানজিস্টারের $\Delta I_B=0.02mA$ এবং $\Delta I_C=1mA$ হলে তড়িৎ প্রবাহের গেইন $\beta$ এর মান কত?

**উত্তর:** 50

**ব্যাখ্যা:** তড়িৎ প্রাবাহের গেইন, $\beta=\frac{\Delta I_C}{\Delta I_B}=\frac{1}{0.02}=50$

২। ট্রানজিস্টার এর সাধারণ পীঠ সংযোগ রয়েছে। এর নিঃসরক প্রবাহ 0.86mA এবং পীঠ প্রবাহ 0.05mA । প্রবাহ বিবর্ধন গুণক $\alpha$ বের কর।

**উত্তর:** 0.94

**ব্যাখ্যা:** বিবর্ধন গুণক,

$\alpha=\frac{I_C}{I_E}=\frac{I_E-I_B}{I_E}=\frac{0.86-0.05}{0.86}=0.94$

(iv) প্রবাহ লাভ $\beta=\frac{\alpha}{1-\alpha}$

১। একটি কমন এমিটার ট্রানজিস্টরের $\beta$= 100 এবং $I_B=50\mu A$ হলে $\alpha$ কত?

**উত্তর:** 0.99

**ব্যাখ্যা:** $\beta=\frac{\alpha}{1-\alpha}$ বা, $100=\frac{\alpha}{1-\alpha}$

বা, $\alpha=\frac{100}{101}=0.99$

## টাইপ: অনুপাত ম্যাথ

এই অধ্যায়ে অনুপাত ম্যাথের প্রয়োজন নেই। শুধু ম্যাথ করলেই হবে।

## টাইপ: থিওরি

### পরিবাহী, অপরিবাহী ও অর্ধপরিবাহী

- **পরিবাহী:** উদাহরণ: সোনা, তামা, রূপা, অ্যালুমিনিয়াম।
  তাপমাত্রা বাড়লে পরিবাহীর রোধ বাড়ে ফলে বিদ্যুৎ প্রবাহ কমে।
- **পরিবাহীর আপেক্ষিক রোধ:** $10^{-8}$
- **অপরিবাহী:** উদাহরণ: রাবার, সিরামিক, কাচ।
- **আপেক্ষিক রোধ:** $10^{12}$
- **অর্ধপরিবাহী:** উদাহরণ: জার্মেনিয়াম, সিলিকন, ক্যাডমিয়াম সালফাইড, গ্যালিয়াম আর্সেনাইড। তাপমাত্রা বাড়লে রোধ কমে ফলে বিদ্যুৎ প্রবাহ বাড়ে।
- **আপেক্ষিক রোধ:** $10^{-5}$ থেকে $10^{8}$

### ব্যান্ড তত্ত্ব

- **শক্তি ব্যান্ড:** কক্ষ পথে অবস্থিত ইলেকট্রনের শক্তির সর্বোচ্চ ও সর্বনিম্ন মানের মধ্যবর্তী পাল্লাকে শক্তি ব্যান্ড বলে।
- **যোজন ব্যান্ড:** যোজন ইলেকট্রনগুলোর শক্তি যে বিস্তৃত পাল্লার মধ্যে থাকে তাকে যোজন পাল্লা বা যোজন ব্যান্ড বলে।
- **পরিবহণ ব্যান্ড:** মুক্ত যোজন ইলেকট্রনগুলোর শক্তির পাল্লাকে পরিবহণ ব্যান্ড বলে।
- **নিষিদ্ধ শক্তি ব্যান্ড:** যোজন ব্যান্ড এবং পরিবহণ ব্যান্ডের মধ্যবর্তী শক্তির পাল্লাই হলো নিষিদ্ধ শক্তি ব্যান্ড।
- **পরিবাহী:** পরিবহন ব্যান্ড ও যোজন ব্যান্ডের মধ্যে কোনো শক্তি পার্থক্য থাকে না।
- **অপরিবাহী:** যোজন ব্যান্ড আংশিক পূর্ণ এবং পরিবহন ব্যান্ড সম্পূর্ণ খালি থাকে। পরিবহন ব্যান্ড ও যোজন ব্যান্ডের মধ্যে শক্তি পার্থক্য 6eV থেকে 15eV।
- **অর্ধপরিবাহী:** পরিবহন ব্যান্ড এবং যোজন ব্যান্ডের মধ্যে শক্তি পার্থক্য 1eV এর আশেপাশে।
- জার্মেনিয়ামের শক্তি পার্থক্য- 0.7 eV
- সিলিকনের শক্তি পার্থক্য- 1.1 eV

### ইনট্রিনসিক ও এক্সট্রিনসিক

- **ইনট্রিনসিক(বিশুদ্ধ অর্ধ-পরিবাহী):** এখানে অপদ্রব্য মিশ্রিত থাকে না।
- **এক্সট্রিনসিক(অবিশুদ্ধ অর্ধ-পরিবাহী):** এখানে অপদ্রব্য মিশ্রিত থাকে। এক্সট্রিনসিক দুই প্রকার। যথা:

১। **p-টাইপ:** ত্রি-যোজী মৌল মেশানো হয়। যেমন: অ্যারোমিনিয়াম, ইন্ডিয়াম। হোল এ ক্ষেত্রে সংখ্যাগুরু বাহক আর ইলেকট্রন সংখ্যালঘু বাহক।

২। **n-টাইপ:** এখানে পঞ্চযোজী মৌল মেশানো হয়। যেমন: আর্সেনিক, এন্টিমনি। হোল এ ক্ষেত্রে সংখ্যালঘু বাহক আর ইলেকট্রন সংখ্যাগুরু বাহক।

### জাংশন ডায়োড

- **সম্মুখবর্তী বায়াস:** বৈশিষ্ট্য-
  ১। এখানে কয়েক মিলি অ্যাম্পিয়ার তড়িৎ প্রবাহ পাওয়া যায়।
  ২। বিভব পার্থক্য বৃদ্ধি করলে প্রবাহ মাত্রা বৃদ্ধি পায়।
  ৩। ডায়োযের নিঃশেষিত অঞ্চলের বেধ ক্রমশ হ্রাস পায়।
- **বিপরীত বায়াস:** বৈশিষ্ট্য-
  ১। এখানে কয়েক মাইক্রো অ্যাম্পিয়ার তড়িৎ প্রবাহ পাওয়া যায়।
  ২। বিভব পার্থক্য বৃদ্ধি করলে প্রবাহ মাত্রা বৃদ্ধি পায় না।
  ৩। ডায়োযের নিঃশেষিত অঞ্চলের বেধ ক্রমশ বৃদ্ধি পায়।

* অ্যামিটারকে সবসময় বর্তনীতে শ্রেণি সংযোগ দিতে হয়।
* ভোল্ট মিটারকে সবসময় বর্তনীতে সমান্তরাল সংযোগ দিতে হয়।

### একমুখীকরণ

- যে পদ্ধতিতে পরিবর্তী প্রবাহ(AC) কে একমুখী প্রবাহে (DC) পরিবর্তন করা হয় তাকে একমুখীকরণ বা রেক্টিফিকেশন বলে। আর এই কাজ যে করে সে একমুখীকারক বা রেক্টিফায়ার।

### ট্রানজিস্টর

- ট্রানজিস্টর হচ্ছে তিন প্রান্ত বিশিষ্ট একটি অর্ধ-পরিবাহী ডিভাইস যার অন্তর্মুখী প্রবাহকে নিয়ন্ত্রণ করে বহিঃমুখী প্রবাহ, বিভব পার্থক্য এবং ক্ষমতা নিয়ন্ত্রণ করা হয়।
- **ট্রানজিস্টর এর সুবিধা:**
  ১। আকার খুব ছোট।
  ২। সামান্য বিভবে কাজ করে।
  ৩। এর ক্রিয়া তাৎক্ষণিক।
  ৪। এটি দীর্ঘস্থায়ী।
  ৫। এটি খুব সস্তা।
- **ট্রানজিস্টরের অসুবিধা:**
  ১। এটি উষ্ণতায় খুব সুগ্রাহী।
  ২। এটি খুব কম উৎপাদনের শক্তি দেয়।
- **ব্যবহার:**
  ক. সুইচ হিসেবে-
  ১। আলোকচালিত সুইচ
  ২। শব্দচালিত সুইচ
  ৩। তাপচালিত সুইচ
  খ. ইন্টারকমে ব্যবহার করা হয়।
  গ. এলার্ম সার্কিটে ব্যবহার করা হয়।
  ঘ. রেডিওতে ব্যবহার করা হয়।
  ঙ. মাইকে ব্যবহার করা হয়।

### সংখ্যা পদ্ধতি

১। দশমিক বা 10 ভিত্তিক সংখ্যা পদ্ধতি।
২। অক্টাল বা 8 ভিত্তিক সংখ্যা পদ্ধতি।
৩। হেক্সা-ডেসিমাল বা 16 ভিত্তিক সংখ্যা পদ্ধতি।
২। বাইনারি বা 2 ভিত্তিক সংখ্যা পদ্ধতি- এটি কম্পিউটরের জন্য প্রযোজ্য।

### লজিক গেইট

- লজিক গেইট দুই প্রকার:

১। **মৌলিক গেইট: তিন প্রকার যথা:**
ক. OR-gate (যোগ)
খ. AND-gate (গুণ)
গ. NOT-gate- এই গেটের একটি ইনপুট এবং একটি আউটপুট

২। **যৌগিক গেইট: চারটি: যথা:** ক. NOR-gate
খ. NAND-gate: car interior লাইটিং ডিজাইনে ব্যবহৃত হয়। যখন দুটি দরজা বন্ধ করা হয় তখন লাইটের সুইচ বন্ধ করার কাজে NAND-gate ব্যবহৃত হয়।
গ. X-OR-gate
গ. X-NOR-gate

### মর্গান উপপাদ্য

১। $\overline{A+B} = \bar{A}.\bar{B}$
২। $\overline{A.B} = \bar{A} + \bar{B}$

## টাইপ: Extra Information

১। গেইটে শূন্যমানে (0) = off, low, no, false,
গেইটে ওয়ান মানে (1)= on, high, yes, true
২। **প্রবাহ লাভ:** $\beta$ দ্বারা প্রকাশ করা হয়।
৩। **প্রবাহ বিবর্ধন গুণক:** একে $\alpha$ দ্বারা প্রকাশ করা হয়।
৪। $\alpha$- এর মান কখনো 1 এর বেশি হবে না।
৫। বাইনারি to ডেসিমাল, ডেসিমাল to বাইনারি এসব রূপান্তর ক্লাসে দেখে নিও।

### সংখ্যাগত মান

8 bit = 1 byte
1024 byte = 1 kilobyte (kB)
1024 kilobyte = 1 megabyte (MB)
1024 megabyte = 1 gigabyte (GB)

# স্থির তড়িৎ

## স্থির তড়িৎ এর যাবতীয় টাইপ

১. মাত্রা/একক
২. সূত্র/সমীকরণ
৩. অনুপাত(MATH)
৪. ম্যাথ
৫. থিওরি
৬. সংখ্যাগত মান
৭. Extra Information

## টাইপ: একক/মাত্রা

| রাশি | মাত্রা | একক |
|---|---|---|
| চার্জ | AT | কুলম্ব (C) |
| শূন্য মাধ্যমে তড়িৎ ভেদ্যতা ($\varepsilon_0$) | $M^{-1}L^{-3}T^4A^2$ | $Fm^{-1}$ (Farad per meter ) = SI, $C^2N^{-1}m^{-2}$ |
| তড়িৎ বল | $MLT^{-2}$ | N |
| তড়িৎ ক্ষেত্র | $MLT^{-3}A^{-1}$ | $NC^{-1}$(SI), $Vm^{-1}$ |
| তড়িৎ প্রাবল্য | $MLT^{-2}A^{-1}$ | $NC^{-1}$(SI), $Vm^{-1}$ |
| আধান ঘনত্ব | $L^{-2}TA$ | $Cm^{-2}$ |
| তড়িৎ বিভব | $ML^2T^{-2}A^{-1}$ | V(SI), $JC^{-1}$, (N-m)/C |
| ধারকত্ব | $M^{-1}L^{-2}T^4A^2$ | F(SI), $CV^{-1}$ |
| চৌম্বক ক্ষেত্র | $MT^{-2}A^{-1}$ | Tesla (SI), $Wm^{-2}$ (SI) ,gauss |
| কুলম্ব ধ্রুবক | $ML^3T^{-4}A^{-2}$ | $Nm^2C^{-2}$ |
| তড়িৎ ফ্লাক্স | $MLT^{-3}A^{-1}$ | $NC^{-1}m^2$ |
| মাত্রাহীন রাশি - আপেক্ষিক তড়িৎ ভেদ্যতা | | |

## টাইপ: সূত্র/সমীকরণ

(i) $F = \frac{1}{4\pi\varepsilon_0}\frac{q_1q_2}{r^2}$

(ii) $E = \frac{\omega}{q} = \frac{v}{r} = -\frac{dv}{dr}$

১। **একটি বিদ্যুৎ তড়িৎ বিভব,** $v = -5x + 3y + \sqrt{15z}$ **হলে ঐ বিন্দুতে তড়িৎ প্রাবল্য কত?**
A. 4একক B. 5একক C. 6 একক D. 7একক

**ব্যাখ্যা:**

$$E = -\frac{dv}{dr}; E_x = -\frac{dv_x}{dx} = 5, E_y = -\frac{dv_y}{dy} = -3$$

$$E_z = -\frac{dv}{dz} = -\sqrt{15}; E = -\hat{i}E_x - \hat{j}E_y - \hat{k}E_z$$

$$= 5\hat{i} + 3\hat{j} + \sqrt{15}\hat{k}$$

$$|E| = \sqrt{5^2 + 3^2 + 15}$$

= 7 একক।

২। **তড়িৎ বিভব** $V = 5x^0 + 10x - 9$ **এখানে x`দূরত্ব নির্দেশ করে। x=1m হলে তড়িৎ ক্ষেত্রের মান কত?**
A. -20v/m B. -10v/m C. -15v/m D. 1 v/m E. 2v/m

**ব্যাখ্যা:**

$$v = 5x^0 + 10x - 9$$

$$\Rightarrow E = -\frac{dv}{dx} = -\frac{d}{dx} = -\frac{d}{dx}(10x) = -10Vm^{-1}$$

(iii) F=Eq:

১. **তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য কত হলে চাঁদে অবস্থিত একটি প্রোটন তার ওজনের সমান বল অনুভব করবে?**
A. $1.7\times10^{-8}$ N/C B. $1.7\times10^{-7}$ N/C
C. $1.7\times10^{8}$ N/C D. None

**ব্যাখ্যা:** বৈদ্যুতিক প্রাবল্যের মান, $E = \frac{F}{q} = \frac{mg}{q}$

$$= \frac{1.6\times10^{-27}\times(9.8/6)}{1.6\times10^{-19}} = 1.63\times10^{-8} N/C \; [\because g_m = \frac{g_e}{6}]$$

২. $(3\hat{i} + 4\hat{j})NC^{-1}$ **বৈদ্যুতিক ক্ষেত্রে একটি** $\alpha$ **কণার ত্বরণের মান কত** $ms^{-2}$**?**
A. $2.2\times10^6$ B. $1.2\times10^8$ C. $2.4\times10^6$
D. $2.4\times10^8$ E. $1.2\times10^6$

**ব্যাখ্যা:** $\vec{E} = (3\hat{i} + 4\hat{j}); E = \sqrt{3^2 + 4^2} = 5NC^{-1}$

$$\therefore a = \frac{F}{m} = \frac{qE}{m} = \frac{2\times1.6\times10^{-19}\times5}{6.6\times10^{-27}}$$

$= 2.4\times10^8 ms^{-2}$

৩. **কোনো স্থানে ভূ-পৃষ্ঠের নিকটে উর্ধ্বমুখি তড়িৎ প্রাবলের মান** $4.9\times10^5 NC^{-1}$ **। ঐ স্থানে 1g ভরের একটি বস্তুকে শূন্যে স্থির রাখতে হলে এর আধান কত C হতে হবে?**
A. $2\times10^{-7}$ B. $2\times10^{-6}$ C. $2\times10^{-8}$
D. $4\times10^{-7}$ E. $6\times10^{-10}$

**ব্যাখ্যা:** F = qE=mg $\therefore qE = mg$

$$\therefore q = \frac{mg}{E} = \frac{1\times10^{-3}\times9.8}{4.9\times10^5} = 2\times10^{-8}C$$

৪. $40\times10^{-20}C$ চার্জযুক্ত একটি বস্তু $4.9\times10^{4}V.m^{-1}$ মানের সুষম বৈদ্যুতিক ক্ষেত্রে ঝুলন্ত অবস্থায় আছে। বস্তুটির ভর কত **kg?**

A. $20\times10^{-16}$ B. $30\times10^{16}$
C. $40\times10^{-16}$ D. $60\times10^{-16}$

ব্যাখ্যা: তড়িৎ বল = ওজন

বা, F =qE=mg

$$\therefore m=\frac{qE}{g}=\frac{40\times10^{-20}\times4.9\times10^{4}}{9.8}=20\times10^{-16}kg$$

৫. **$10^4$V/m** তড়িৎ ক্ষেত্রে একটি ইলেক্ট্রনের ত্বরণ কত **$m/s^2$?**

A. $1.76\times10^{16}$ B. $1.76\times10^{15}$ C. $1.76\times10^{14}$
D. $1.76\times10^{-15}$ E. $1.76\times10^{-16}$

ব্যাখ্যা:

$$F=ma\Rightarrow QE=ma$$

$$\Rightarrow a=\frac{QE}{m}=\frac{1.6\times10^{-19}\times10^{4}}{9.1\times10^{-31}}=1.76\times10^{15}$$

(iv) $V=\frac{1}{4\pi\varepsilon_0}\frac{q}{r}$ ঃ

১. শূন্য মাধ্যমে **q** মানের দুইটি ধনাত্মক বিন্দু আধানকে **r** দূরত্বে রাখা হলো। তাদের সংযোগ রেখার মধ্যবিন্দুতে তড়িৎ প্রাবল্য ও তড়িৎ বিভব যথাক্রমে-

A. $\frac{2q}{\pi\varepsilon_0 r^2},\frac{q}{\pi\varepsilon_0 r}$ B. $0,\frac{2q}{\pi\varepsilon_0 r}$

C. $\frac{q}{\pi\varepsilon_0 r^2},0$ D. $\frac{2q}{\pi\varepsilon_0 r^2},0$ E. $0,\frac{q}{\pi\varepsilon_0 r}$

ব্যাখ্যা: তড়িৎ বিভব, $V=\frac{1}{4\pi\varepsilon_0}\frac{2q}{\frac{r}{2}}=\frac{q}{\pi\varepsilon_0 r}$

এবং, তড়িৎ প্রাবল্য, $E=\frac{1}{4\pi\varepsilon_0\left(\frac{r}{2}\right)^2}(q-q)=0V$

২. কোন নিঃসঙ্গ চার্জ হতে **10 cm** দূরে **100 V** বিভব সৃষ্টি হলে এ চার্জটির পরিমাণ কত?

A. $0.11\times10^{-10}C$ B. $1.1\times10^{-10}C$
C. $0.11\times10^{-9}C$ D. $1.1\times10^{-9}C$

ব্যাখ্যা: তড়িৎ বিভব, $V=9\times10^{9}\frac{Q}{r}$

$$\Rightarrow100=9\times10^{9}\times\frac{Q}{0.1}$$

$$\Rightarrow Q=\frac{100\times0.1}{9\times10^{9}}=\frac{10}{9\times10^{9}}=1.11\times10^{-9}C$$

৩. **0.5 m** বাহুবিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজের তিন শীর্ষবিন্দুতে তিনটি আধান $q_1=+2\times10^{-8}C, q_2=-3\times10^{-8}C$ & $q_3=+4\times10^{8}C$ স্থাপন করলে ত্রিভুজের কেন্দ্রে বিভব কত V হবে?

A. 835.3 B. 55.3 C. 935.3
D. 965.3 E. 980.3

ব্যাখ্যা: সমবাহু ত্রিভুজে,

$$\frac{a}{\sin A}=2R$$

$$\Rightarrow\frac{0.5}{\sin60^0}=2R$$

$$\Rightarrow R=0.29m$$

$$\therefore V=\frac{9\times10^{9}}{R}\left(2\times10^{-8}-3\times10^{-8}+4\times10^{-8}\right)$$

$$\Rightarrow V=\frac{9\times10^{9}}{0.29}\left(2\times10^{-8}-3\times10^{-8}+4\times10^{-8}\right)$$

$$=9.34$$

(v) $E=\frac{1}{4\pi\varepsilon_0}\frac{q}{r^2};E=\frac{V}{d}$

(vi) $C=\frac{Q}{V};C_p=c_1+c_2+c_3+....;\frac{1}{c_s}=\frac{1}{c_1}+\frac{1}{c_2}.....$

সমান্তরাল পাত ধারকত্ব $C=\frac{\in_0 A}{d}$;

বৃত্তাকার পাত ধারক $C=4\pi\in_0 Kr$

১। **$C_1$, $C_2$ এবং $C_3$** তিনটি ধারককে শ্রেণিতে সংযুক্ত করলে তুল্য ধারকত্ব হয় $1\mu F$ দ্বিতীয় ও তৃতীয় ধারকের মান যথাক্রমে **2** এবং $3\mu F$ হলে প্রথমটির মান কত?

উত্তর: $6\mu F$

ব্যাখ্যা: $\frac{1}{c_s}=\frac{1}{c_1}+\frac{1}{c_2}+\frac{1}{c_3}$ বা, $\frac{1}{1}=\frac{1}{2}+\frac{1}{3}+\frac{1}{c_1}$

বা, $c_1$= $6\mu F$

২। দুটি ধারককে সমান্তরাল ও শ্রেণিতে যুক্ত করলে তুল্য ধারকত্ব যথাক্রমে $9\mu F$ ও $2\mu F$ হয় ধারক দুটির ধারকত্ব কত?

উত্তর: $6\mu F$ ও $3\mu F$

ব্যাখ্যা: $C_p$ = ধারকদ্বয়ের যোগফল = 19

$C_s=\frac{\text{ধারকদ্বয়ের গুণফল}}{\text{ধারকদ্বয়ের যোগফল}}=2$

$\therefore C_p=6+3=9\mu F$ ; $C_s\ \frac{6\times3}{6+3}=2\mu F$

৩। তিনটি ধারকের ধারকত্ব যথাক্রমে **1, 2** ও $3\mu F$ এদেরকে প্রথমে শ্রেণিতে ও পরে সমান্তরাল সমবায়ে যুক্ত করা হলে, এ দুক্ষেত্রের তুল্য ধারকত্বের অনুপাত কত?

উত্তর: 1 : 11

ব্যাখ্যা: $C_s=\left(\frac{1}{1}+\frac{1}{2}+\frac{1}{3}\right)^{-1}=\left(\frac{6+3+2}{6}\right)^{-1}$

$$=\frac{6}{11};C_p=6\mu F$$

(vii) $p=q\times2l$

(viii) $U=\frac{1}{2}cv^2=\frac{1}{2}QV=\frac{1}{2}\frac{Q^2}{C}$

(ix) $Q=it$

## টাইপ: অনুপাত ম্যাথ

(i) $F = 9 \times 10^9 \frac{q_1 q_2}{d^2}$

১। দুইটি চার্জ $q_1$ এবং $q_2$ পরস্পর থেকে r দূরত্বে থাকলে ক্রিয়াশীল বল যদি F হয় তাহলে উভয় চার্জকে দ্বিগুণ এবং দূরত্বকে অর্ধেক করলে ক্রিয়াশীল বলের মান হবে-

**উত্তর:** 16F

**ব্যাখ্যা:** $F = 9\times10^9 \frac{Q_1Q_2}{d^2} \therefore F_2 \frac{2\times2}{\left(\frac{1}{2}\right)^2}\times F_1 = 16F_1$

(ii) $E = 9 \times 10^9 \frac{q}{d^2}$

২। একটি বিন্দু চার্জ হতে 2m দূরত্বে তড়িৎক্ষেত্রের প্রাবল্যের মান E হলে 1m দূরত্বে তড়িৎক্ষেত্রের প্রাবল্যের মান কত?

**উত্তর:** 4E

**ব্যাখ্যা:** $E \propto \frac{1}{r^2} \therefore \frac{E_2}{E_1} = \left(\frac{r_1}{r_2}\right) = \left(\frac{2}{1}\right)^2$

বা, $E_2 = 4E$

(iii) $U = \frac{1}{2}cv^2 = \frac{1}{2}QV$

৩। একটি সমান্তরাল পাত ধারককে চার্জিত করার পর ব্যাটারি খুলে ফেলা হলো। এ অবস্থায় ধারকটিতে সঞ্চিত শক্তির পরিমাণ $U_0$ । পাত দুটির দূরত্ব যদি দ্বিগুণ করা হয়, তবে ধারকে সঞ্চিত শক্তি কত গুণ হবে?

**উত্তর:** $2U_0$

**ব্যাখ্যা:** $U = \frac{Q^2}{2C}$

$\Rightarrow U \propto \frac{1}{C}$ [চার্জের পরিমাণ Q ধ্রুবক হলে]

$C = \frac{\epsilon_0 A}{d}$

$\Rightarrow U \propto \frac{1}{d}$ [পাতের ক্ষেত্রফল A একই থাকলে]

$\therefore U \propto d$

$\Rightarrow \frac{U_2}{U_1} = \frac{d_2}{d_1} = \frac{2d_1}{d_1} = 2$

$\Rightarrow U_2 = 2U_1 = 2U_0$

২। একটি বিচ্ছিন্ন সমান্তরাল পাত ধারকের পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্বের কী পরিমাণ পরিবর্তন করলে ধারকে সঞ্চিত শক্তি পূর্বের শক্তির দ্বিগুণ হয়?

**উত্তর:** অর্ধেক

**ব্যাখ্যা:** $U = \frac{1}{2}CV^2; U \propto C; C = \frac{\epsilon_0 A}{d}$

$C \propto \frac{1}{d} \therefore U \propto \frac{1}{d}$ দূরত্বের পরিমাণ অর্ধেক করলে সঞ্চিত শক্তি পূর্বের 2 গুণ হবে।

(iv) $C_p$ n ও $C_s$ এর মধ্যে $C = \frac{Q}{V}$

১। পাত-দূরত্ব d এবং ধারকত্ব C এমন একটি সমান্তরাল পাত-ধারকের পাত দুটির মাঝখানে $\frac{d}{2}$ পুরুত্ববিশিষ্ট একটি ধাতব পাত স্থাপন করা হলো। নতুন ধারকত্ব কত হবে?

**উত্তর:** 2C

**ব্যাখ্যা:** $C = \frac{\epsilon_0 AK}{d'} = \frac{\epsilon_0 A}{\frac{d}{2}} = 2.\frac{\epsilon_0 A}{d} = 2C$

২। a দৈর্ঘ্য বিশিষ্ট দুটি বর্গাকার পাত দিয়ে গঠিত ধারক যার পাত দুটির মধ্যবর্তী দূরত্ব d এবং d>>a। ধারকের সমস্ত রৈখিক মাত্রা তিনগুণ করা হলে ধারকত্ব কতগুণ পরিবর্তন হবে?

**উত্তর:** 9

**ব্যাখ্যা:** বর্গাকৃতি ধারকের রৈখিক মাত্রা 3 গুণ

$\therefore$ ক্ষেত্রফল $A \propto x^2 \propto 3^2 \propto 9$ গুণ

$\therefore$ ধারকত্ব, $C = \frac{\in A}{d}[d << a]$

$\therefore C \propto A \propto 9$ সুতরাং ধারকত্ব 9 গুণ হবে।

(v) $E = \frac{1}{4\pi \in_0}\frac{p}{r^3}$

(vi) $C = \frac{q \in_0 A}{d}$

### সংখ্যাগত মান

(i) $k = \frac{1}{4\pi\varepsilon_0} = 9\times10^9 Nm^2c^{-2}$

(ii) $\varepsilon_0 = 8.854\times10^{-12} c^2N^{-1}m^{-2}$

(iii) $1F = 10^6 \mu F = 10^{12} \rho F$

(iv) $1 Tesla = 10^4 gauss$

(v) $1 emu = 10A$

## টাইপ: থিওরি

➪ **সূত্র:** দুটি চার্জের মধ্যকার এই আকর্ষণ বা বিকর্ষণ বলের মান তিনটি শর্তের ওপর নির্ভর করে: যথা-

i. চার্জ দুটির পরিমাণ

ii. চার্জ দুটির মধ্যবর্তী দূরত্ব এবং

iii. চার্জ দুটির মধ্যবর্তী মাধ্যম।

* F এর নির্ণীত মান যদি ঋণ রাশি হয়, তবে বল হবে আকর্ষণমুলক। এবং F এর নির্ণীত মান ধন রাশি হলে বল বিকর্ষণমূলক হবে।

* কুলম্ব সূত্রের সীমাবদ্ধতা:

১. কুলম্বের সূত্র কেবলমাত্র বিন্দু চার্জের ক্ষেত্রে প্রযোজ্য অনিয়মিত আকৃতির চার্জিত বস্তুর ক্ষেত্রে এ সূত্র প্রয়োগ করা যায় না। কেননা ওই সমস্ত বস্তুর কেন্দ্র সঠিকভাবে নির্ণয় করা যায় না।

২. চার্জযুক্ত বস্তু যাদের আকৃতি এদের মধ্যকার দূরত্বের চেয়ে অনেক ছোট, সেই সমস্ত চার্জিত বস্তুর ক্ষেত্রে কুলম্বের সূত্র প্রযোজ্য । চার্জিত বস্তু বড় হলে তড়িৎ বলের ওপর মহাকর্ষ বলের প্রভাব পড়বে।

৩. কুলম্বের সূত্র স্থির চার্জ বা চার্জ বিন্যাসের জন্য প্রযোজ্য। গতিশীল চার্জের ক্ষেত্রে সঠিকভাবে প্রয়োগ করা যায় না।

৪. যখন চার্জিত কণাসমূহের বেগ আলোর বেগের কাছাকাছি হয়, তখন ওই কণাসমূহের মধ্যে বিদ্যমান পারস্পরিক তড়িৎ চুম্বকীয় মিথস্ক্রিয়া কুলম্বের সূত্র দ্বারা ব্যাখ্যা করা সম্ভব নয়।

৫. সদৃশ চার্জ (যেমন গোলাকার চার্জ) বিন্যাসের ক্ষেত্রে কুলম্বের সূত্র প্রয়োগ করা দুরুহ।

⇨ **ক্ষেত্র তত্ত্ব:**
দুটি চার্জিত বস্তু এরুপ পারস্পারিক ক্রিয়া ব্যাখ্যা করার জন্য ফ্যারাডে তড়িৎ ক্ষেত্রের ধারণা উপস্থাপন করেন একে ক্ষেত্র তত্ত্ব বলে ।
কোনো চার্জিত বস্তুর স্থির তড়িৎ ক্ষেত্র অসীম পর্যন্ত বিস্তৃত। যদিও কয়েক মিটার পর এর মান এত ক্ষুদ্র হয় যে তা পরিমাপ করা সম্ভব হয় না।

## চার্জের কোয়ান্টান

⇨ সকল চার্জিত বস্তুর মধ্যে বিদ্যমান চার্জই এই ক্ষুদ্রতম চার্জের গুণিতক মাত্রা। অর্থাৎ ইলেকট্রন চার্জের ই গুণিতক হবে। একে চার্জের কোয়ান্টান বলে।

⇨ কোনো বস্তুর মোট চার্জ $q=ne$ এখানে, $n$ হলো ধনাত্মক বা ঋণাত্মক পূর্ণ সংখ্যা। প্রকৃতিতে $e$ মানের ভগ্নাংশে কোনো চার্জের অস্তিত্ব নেই। যেমন, $2.5e$, বা $-3.7e$ পরিমাণ চার্জ পাওয়া সম্ভব নয়।

## বলের উপরিপাতন

⇨ প্রত্যেকটি চার্জের জন্য নির্ণেয় বলের ভেক্টর যোগফলই হবে উক্ত চার্জের ক্রিয়াশীল নিট বল। বলের এ স্বাতন্ত্র নীতি-ই উপরিপাতন নীতি।

১. দুটি আধানের মধ্যে ক্রিয়ারত স্থির তড়িৎ বল অন্য কোনো আধানের উপস্থিতির উপর নির্ভর করে না।

২. স্থির তড়িৎ বল সংরক্ষণশীল বল।

৩. তত্ত্বীয় ভাবে স্থির তড়িৎ বলের সীমা অসীম।

## তড়িৎ ক্ষেত্র + তড়িৎ প্রাবল্য

⇨ তড়িৎ ক্ষেত্র আবিষ্কার করেন মাইকেল ফ্যারাডে।

⇨ অত্যন্ত ক্ষুদ্র মানের কাল্পনিক চার্জ যা অন্য কোনো চার্জের ওপর বল প্রয়োগ করে না। অর্থাৎ আশেপাশের চার্জকে প্রভাবিত করে না তাকে পরখ চার্জ বলে ।

⇨ **প্রাবল্য:** তড়িৎ আধান দুটির মধ্যবর্তী কোনো বিন্দুতে তড়িৎ প্রাবল্যের মান শূন্য হলে এই সিদ্ধান্তে আসা যায় যে আধান দুটির প্রকৃতি একই। তা না হলে আধান দুটির মধ্যবর্তী কোনো বিন্দুতে তড়িৎ প্রাবল্য একই অভিমুখী হবে। ফলে তাদের লব্ধি কখনও শূন্য হবে না।

## তড়িৎ বলরেখার ধর্ম

১. তড়িৎ বলরেখা খোলা বক্র রেখা।

২. বলরেখাগুলো পরস্পরের উপর আড়াআড়িভাবে পাশ্ব চাপ দেয়।

৩. দুটি বলরেখা কখনও পরস্পরকে ছেদ করে না।

৪. বলরেখাগুলো ধনাত্মকভাবে চার্জিত পৃষ্ঠ হতে বের হয়ে ঋণাত্মক পৃষ্ঠে শেষ হয়।

৫. বলরেখাগুলো স্থিতিস্থাপক সুতার মধ্যে দৈর্ঘ্য বরারব সংকোচিত হওয়ার চেষ্টা করে।

৬. তড়িৎ ক্ষেত্রে বলরেখাগুলি ঘন সন্নিবিষ্ট হলে সেখানে তড়িৎ প্রাবল্য বৃদ্ধি পায় এবং বলরেখাগুলির ঘনত্ব কম হলে তড়িৎ প্রাবল্য হ্রাস পায়।

৭. একই পরিবাহীতে কোনো তড়িৎ বলরেখায় শুরু ও শেষ হয় না।

## তলমাত্রিক ঘনত্ব

⇨ পরিবাহির পৃষ্টের কোনো বিন্দুর চারদিকে প্রতি একক ক্ষেত্রফলের উপরিস্থিত চার্জের বা আধানের পরিমাণ কে ঐ বিন্দুর আধান ঘনত্ব বলে। একে তলমাত্রিক ঘনত্বও বলে।

## তড়িৎ বিভব + সমবিভব তল

⇨ **তড়িৎ বিভব:** দুটি চার্জিত বস্তুর মধ্যে চার্জের আদান প্রদান যে তড়িৎ অবস্থার দ্বারা নির্ধারিত হয় তাকে তড়িৎ বিভব বলে।

১. গোলকের ভিতরে যে কোনো স্থানে বিভব নির্ণয় করতে হলে গোলকের ব্যাসার্ধ নির্ণয় করতে হয়।

২. গোলকের ভিতর প্রাবল্য শূন্য ।পৃষ্ঠে প্রাবল্য থাকে।

* পৃথিবীর বিভব চার্জহীন বস্তুর মত শূন্য হয়।

* $\frac{dV}{dt}$ একে বিভব নতিমাত্রা বলে।

## সমবিভব তল

⇨ সমবিভব তলের এক বিন্দু থেকে অন্য বিন্দুতে একটি একক ধনাত্মকচার্জ সরালে বিভব পার্থক্য শূন্য হওয়ায় কৃতকাজের পরিমাণ শূন্য হবে।

⇨ **সমবিভব তলের বৈশিষ্ট্য:**

১. তড়িৎ আহিত পরিবাহির তল সর্বদা সমবিভব তল। এই তলের উপর তড়িৎ আধানগুলি স্থির থাকে।

২. তড়িৎ বলরেখা সমবিভব তলকে সমকোণে ছেদ করে।

৩. সমবিভব তলের উপর কোনো তড়িৎ আধানকে এক বিন্দু হতে অপর বিন্দুতে স্থানান্তরিত করতে কোনো কাজ হয় না।

৪. কোনো বস্তুর তল বা আয়তন সমবিভব সম্পন্ন হতে পারে। আবার শূন্য দেশস্ত কোনো তল বা আয়তনও সমবিভব সম্পন্ন হতে পারে।

## তড়িৎ দ্বিমেরু এবং টর্ক

⇨ **তড়িৎ দ্বিমেরু:** তড়িৎ দ্বিমেরুর লম্বদিখন্ডক রেখারর যেকোনো বিন্দুতে বিভব শূন্য হওয়ায় এই রেখা বরাবর ধনাত্মক চার্জকে সরাতে সম্পাদিত কাজের পরিমাণ শূন্য হয়।

* **স্থায়ী দ্বিমেরু:** পানি, ক্লোরোফরম($CHCl_3$), অ্যামোনিয়া ($NH_3$)।

* **টর্ক:** $\tau = qE \times 2l\sin\theta = pE\sin\theta$

১. যখন $\theta = 90^0$ অর্থাৎ $\tau = pE\sin 90^0 = pE$ তখন টর্কের মান সর্বোচ্চ হয়।
অতএব $\tau_{max} = pE$

২. যখন $\theta = 0^0$ অর্থাৎ $\tau = pE\sin 0^0 = 0$ তখন টর্কের মান $0$ হয়।
অতএব, $\tau_{min} = 0$

* দ্বিমেরুটিকে $\alpha = 90^0$ কোণে ঘুরাতে কৃতকাজ,
$W = pE(1-\cos 90^0) = pE$

* দ্বিমেরুটিকে $\alpha = 180^0$ কোণে ঘুরাতে কৃতকাজ
$W = pE(1-\cos 180^0) = pE(1+1) = 2pE$

⇨ **তড়িৎ দ্বিমেরুর জন্য বিভরের রাশিমালা:**

i) যদি $\theta = 0^\circ$ অর্থাৎ p বিন্দু তড়িৎ দ্বিমেরুর অক্ষ বরাবর স্থাপিত হয় তবে,

$$v_p = \frac{1}{4\pi \in_0} \times \frac{p}{r^2}$$

ii) যদি $\theta = 90°$ অর্থাৎ p বিন্দু তড়িৎ দ্বিমেরুর অক্ষের উপর লম্ব হয়। vp = 0 অর্থাৎ দ্বিমেরু দৈর্ঘ্যের লম্ব সমদ্বিখণ্ডকের উপর যেকোনো বিন্দুতে তড়িৎ বিভব শূন্য। প্রাবল্য দূরত্বের ঘনফলের ব্যাস্তানুপাতিক আর বিভব দূরত্বের বর্গের ব্যাস্তানুপাতিক।

## পরাবৈদ্যুতিক পদার্থ

⇨ **উদাহরণ:** মিথেন, পানি, মাইকা প্লাস্টিক, অভ্র।
পরাবৈদ্যুতিক পদার্থকে দুই ভাগে ভাগ করা যায়। যথা:

**১। অমেরুবর্তী পদার্থ:** $CH_4$, $H_2O_2$, $N_2$, $CO_2$, $Cl_2$

**২। মেরুবর্তী পদার্থ:** $NH_3H_2O$,HF, CO, HCl
পানির ডাইইলেকট্রিক ধ্রুবক-২০

## টাইপ: Extra Information

i) 1C এ ইলেকট্রন থাকে $6.242 \times 10^{18}$ টি

ii) ইলেকট্রন আপসক্তি যার বেশি e সে নিবে। পলিথিন রডকে কাপড় দিয়ে ঘষলে ইলেকট্রন পলিথিন রডে যায়। কাঁচ দণ্ডকে পশম দিয়ে ঘষলে ইলেকট্রন পশমে যায়।

iii) আহিত বস্তুর সবচেয়ে বেশি আধান থাকে উত্তল তলে (GST)

(iv) ১টি বল নলে $\frac{1}{\in}$ সংখ্যক বলরেখা থাকে।

(v) স্থির চার্জে চৌম্বক বল শূন্য।

(vi) ইলেকট্রনের গতিশক্তি অনুযায়ী E = ev

(vii) পারদের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহিত হলে তরলের পরিবর্তন হয় না।

(viii) বিদ্যুতের ক্ষেত্রে ধনচার্জ ও ঋণচার্জ নামকরণ করেন বেঞ্জামিন ফ্রাঙ্কলিন।

⇨ বিদ্যুৎ বিক্ষণ যন্ত্রের সাহায্যে জানা যায়- চার্জের পরিমাপ, চার্জের প্রকৃতি, চার্জের প্রবেশ্যা।

## গুরুত্বপূর্ণ অংশ

## স্থির তড়িৎ

### টপিক: কুলম্ব বল ও চার্জ

**১। দুটি চার্জের মধ্যবর্তী দূরত্ব 0.06m হলে, এরা পরস্পরকে $16\times10^{-5}$N বলে বিকর্ষণ করে। এদের মধ্যবর্তী দূরত্ব 0.08m হলে, এরা কত বলে বিকর্ষণ করবে।**

**উত্তর:** $9\times10^{-5}$N

### টপিক: তড়িৎক্ষেত্র, প্রাবল্য ও বিভব

**১। 20cm ব্যাসার্ধের একটি গোলকীয় খোলককে 20μC চার্জে চার্জিত করা হল। খোলকের কেন্দ্র হতে 40cm দূরে তড়িৎক্ষেত্র প্রাবল্য কত?**

**উত্তর:** খোলকের বাইরের কোনো বিন্দুতে ক্ষেত্র প্রাবল্য

$$E = \frac{1}{4\pi \in_0} \times \frac{q}{r^2} = 9 \times 10^9 \times \frac{20 \times 10^{-6}}{(0.4)^2} NC^{-1} = 1.125 \times 10^6 NC^{-1}$$

### টপিক: ধারক ও তুল্য ধারকত্ব

**১। একটি গোলাকার ধাতব পরিবাহী ব্যাসার্ধ 18cm হলে, 1.2 তড়িৎ মাধ্যমাঙ্ক বিশিষ্ট মাধ্যমে এর ধারকত্ব কত?**

**উত্তর:** $C = 4\pi \in_0 kr = \frac{1}{9 \times 10^9} \times 1.2 \times 0.12 = 24 \times 10^{-12} F$

## জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত প্রশ্নোত্তর

**১। দুটি বিন্দুচার্জ $q_1$ এবং $q_2$ এর মধ্যবর্তী দূরত্ব d। $q_1/q_2$ =4 হলে, $q_1$ হতে কত দূরত্বে তড়িৎক্ষেত্র শূন্য হবে? [NU-Science: 13-14]**

(ক) $\frac{d}{2}$ (খ) $\frac{4}{5}d$
(গ) $\frac{2}{3}d$ (ঘ) $\frac{3}{2}d$ উত্তর: গ

**২। সমান ধারকত্ব C বিশিষ্ট দুইটি ধারকের সমান্তরাল (parallel) সংযোগের সাথে একই রকম আরেকটি ধারক শ্রেণিতে (series) সংযোগ করা হলো। এই সমন্বয়ের তুল্য ধারকত্ব হলো- [NU-Science: 13-14]**

(ক) 2C/3 (খ) 3C/2
(গ) 2C (ঘ) 3C উত্তর: ক

**৩। 3μF মানের 3টি ক্যাপাসিটর সিরিজ সংযোগ করলে তাদের তুল্য ক্যাপাসিটর কত হবে? [NU-Science: 12-13]**

(ক) 9μF (খ) 27μF
(গ) 1μF (ঘ) None উত্তর: গ

**৪। এক কুলম্বের ২টি চার্জ 1km দূরত্বে রাখা হলে, তাদের মধ্যে বল কত?**

(ক) $9\times10^3$N (খ) $8\times10^4$N
(গ) $9.5\times10^3$N (ঘ) None উত্তর: ক

**৫। $\frac{1}{4\pi \in_0}$ এর মান হচ্ছে- [NU-Science: 11-12]**

(ক) $9\times10^{11}$N-m²/C² (খ) $9\times10^{10}$N-m²/C²
(গ) $9\times10^9$N-m²/C² (ঘ) $9\times10^2$N-m²/C² উত্তর: গ

**৬। দু'টি চার্জের মধ্যবর্তী দূরত্ব দ্বিগুণ করা হলে, এদের মধ্যবর্তী বল হবে- [NU-Science: 07-08]**

(ক) দ্বিগুণ (খ) চারগুণ
(গ) অর্ধেক (ঘ) এক-চতুর্থাংশ উত্তর: ঘ

### মনে রাখবে

কোনো সফল ব্যক্তি এক দিনে সফলতা পায়নি। যদিও তারা সফল হওয়ার জন্য দিন-রাত পরিশ্রম করেছে। আমরা শুধু পরিশ্রমই করতে পারি। সফলতা তো ঠিক করে দিবেন ওপর ওয়ালা। তাই কোনো দিকে না তাকিয়ে আরো একটা বার নতুন করে শুরু করো। ইনশাআল্লাহ্ দেখা হবে একদিন বিজয়ের মঞ্চে।

- প্রান্ত ভাইয়া